বাংলাপিডিএফ

৬১-৬২ দুই খণ্ড একত্রে



ফাংহায় দস্যু বনহুর
অশরীরী আত্মা

রোমেনা আফাজ

রনি

দস্যু বনহুর সিরিজ

দুই খণ্ড একত্রে

ফাংহায় দস্যু বনহুর-৬১
অশরীরী আত্মা-৬২

রোমেনা আফাজ

সালমা বুক ডিপো

৩৮/২ বাংলাবাজার, ঢাকা-১১০০

❑

নাসিমাকে বাম হাতে জাপটে ধরে ডান হাতে একটি বড় পাথর তুলে নিলো বনহুর। সে বুঝতে পেরেছে ওটা টর্চ লাইটের আলো নয়, কোনো একটা জন্তু।

জন্তুটা ধীরে ধীরে বেরিয়ে আসছে ফাটলের মধ্য থেকে। চোখ দুটো অদ্ভুত ভাবে জ্বলজ্বল করে জ্বলছে।

বনহুর চিনতে পারলো ওটা এক ধরনের জীব, ওর নাম সিউলাকিং। অতি ভয়ঙ্কর এবং শক্তিশালী জীব ওটা, কিন্তু ওর চলৎশক্তি অতি ধীরে। সিউলাকিং বড় বড় পাহাড়-পর্বতের ফাটলে বা গুহায় বাস করে। ওদের খাদ্য হলো জীবজন্তু। এমন কি এক একটা ঘোড়াকেও ওরা অনায়াসে খেয়ে ফেলে।

বনহুর বললো—মিস নাসিমা আপনি শীঘ্র ওদিকে সরে যান, আমি ওটাকে কাহিল করার চেষ্টা করি। কথাগুলো বলে বনহুর বিরাট পাথরখন্ডটা জীবটার মাথা লক্ষ্য করে ছুড়ে মারলো।

সঙ্গে সঙ্গে জীবটা একটা বিকট শব্দ করে মাথাটা ফিরিয়ে নিলো। পুনরায় সে হেলেদুলে এগুতে লাগলো।

নাসিমা দু'হাতে মুখ ঢেকে ভীতভাবে তীব্র আর্তনাদ করে উঠলো।

বনহুর তখন আবার একটি পাথর তুলে নিয়ে জীবটার মাথা লক্ষ্য করে আঘাত করলো। এবার জীবটার মাথায় ভীষণ জোরে লেগেছে, জীবটা মাথাটাকে বারবার মাটিতে ঘষতে লাগলো।

গুহাটা অন্ধকার থাকায় জীবটার দেহ স্পষ্ট দেখা না গেলেও বোঝা যাচ্ছে, জীবটা ভয়ঙ্কর এবং বিরাটদেহী। চোখ দুটো জ্বলজ্বল করে জ্বলছে বলেই বনহুর ওর ঠিক মাথা লক্ষ্য করে পাথর ছুড়তে সক্ষম হচ্ছে; না হলে দেখতেই পাওয়া যেতো না জীবটাকে, কারণ জীবটার দেহ গুহার অন্ধকারে মিশে গেছে যেন।

বনহুর একমুহূর্ত সময় নষ্ট না করে একটির পর একটি পাথর তুলে আঘাতের পর আঘাত করে চললো। ভাগ্যিস গুহাটার মধ্যে অনেক ছোট-বড় পাথর ছড়িয়ে ছিলো তাই রক্ষা।

বনহুর মরিয়া হয়ে জন্তুটার সঙ্গে যুদ্ধ করে চললো। কিছুক্ষণের মধ্যেই জন্তুটা বিকট চীৎকার করে মুখ থুবড়ে পড়ে গেলো। একটা সো সো শব্দ করতে লাগলো জন্তুটা।

বনহুর নাসিমাকে টেনে নিলো কাছে, সান্ত্বনা দিয়ে বললো —আর কোনো ভয় নেই মিস নাসিমা, জন্তুটা আর আমাদের আক্রমণ করতে পারবে না।

নাসিমা ভীষণ ভয় পেয়ে গিয়েছিলো, সে তো জীবনে এমন জন্তু দেখেনি বা শোনেওনি। এতোক্ষণ তার মন থেকে ভীতিভাব দূর হলো।

কিছু সময় পূর্বে তারা পেট পুরে খেয়েছিলো, তাই ক্ষুধা ছিলো না তাদের। বনহুর বললো—মিস নাসিমা, আপনি ঘুমান আমি জেগে থাকি।

নাসিমা বললো—আপনি অত্যন্ত ক্লান্ত, কাজেই আপনি ঘুমান আমি আপনার পাশে বসে থাকছি।

তা হয় না মিস নাসিমা, আপনি ঘুমান।

নাসিমা বনহুরের কথা ফেলতে পারে না, ওপাশে জড়ো সড়ো হয়ে শুয়ে পড়ে।

ওদিকে বিরাট জন্তুটা পড়ে আছে, হয়তো বা মরেছে না মরেনি কে জানে।

নাসিমার চোখে ঘুম আসছে না। ভয়ভীতি আর দুশ্চিন্তা তার মনকে আচ্ছন্ন করে ফেলেছে। বিশেষ করে জন্তুটার জন্য তার মনে একটা আতঙ্ক রয়েছে।

বনহুর একটা পাথরে ঠেশ দিয়ে বসে রইলো। ক্রমেই রাত বাড়ছে, জন্তুটা সম্পূর্ণ নীরব হয়ে গেছে, কাজেই বনহুরও নিশ্চিন্ত।

কখন যে ঘুমিয়ে পড়েছে বনহুর, খেয়াল নেই।

হঠাৎ একটা কোমল স্পর্শ ললাটে অনুভব করলো বনহুর। ধীরে ধীরে চোখ মেললো সে কিন্তু কিছুই দেখতে পেলো না, জমাট অন্ধকারে চারদিক আচ্ছন্ন।

বনহুর নিশ্চুপ রইলো, বুঝতে পারলো নাসিমা তার ললাটে হাত বুলিয়ে দিচ্ছে। বড় ইচ্ছা হলো ওর হাতের ওপর হাত রাখে কিন্তু নিজকে সংযত করে নিলো বনহুর।

ভোরে ঘুম ভাঙতেই নাসিমা ব্যস্তকণ্ঠে বললো—এ গুহায় আমি আর এক মূহূর্ত থাকতে পারবো না। জীবটা মরে পড়ে আছে, তবু আমার ভয় পাচ্ছে।

নাসিমার কথায় বললো বনহুর এখানে থাকা আর সম্ভবও নয় মিস নাসিমা। কারণ এ জীবটা যখন পঁচতে শুরু করবে তখন ভয়ঙ্কর দুর্গন্ধ ছুটবে। আসুন আমরা এ গুহা থেকে বেরিয়ে পড়ি।

নাসিমা তাকালো উপরের দিকে, তারপর বললো—আমি কি করে অতো উপরে উঠবো?

আমি আপনাকে সাহায্য করবো মিস নাসিমা।

তবু কি সম্ভব?

নিশ্চয়ই সম্ভব। কিন্তু.....

বলুন কিন্তু কি?

এখান থেকে বের হয়েও আমাদের দু'জনকে এই পর্বতেরই কোনো গুহায় লুকিয়ে থাকতে হবে, কারণ একটা কঠিন কাজের সঙ্গে আমি জড়িয়ে পড়েছি। মিস নাসিমা, আমার জন্য হয়তো আপনাকেও বেশ কিছুদিন কষ্ট করতে হবে।

আপনি আমার উদ্ধারকর্তা। আপনার জন্য আমি জীবন দিতেও কষ্ট বোধ করবো না।

তবে আমি যতদূর পারি আপনাকে.....

কষ্টে রাখতে চান না, এই তো?

হা নাসিমা।

বলুন, আর একবার বলুন, নাসিমা বলে ডাকেন আমাকে।

বেশ, যদি তাই ভাল লাগে, নাসিমা বলেই ডাকবো। তবে হ্যাঁ, আপনিও আমাকে শুধু হাসান বলে ডাকবেন।

তবে আর আপনি কেন তুমি বলুন?

আচ্ছা, তুমিই বলবো। বয়সের দিক দিয়েও তুমি আমার চেয়ে অনেক ছোট, কাজেই কোনো অসুবিধা হবে না। এবার চলো কিভাবে এ গুহা থেকে বেরুনো যায়।

বনহুর নাসিমাকে তুলে ধরলো—উপরের পাথরখন্ডটা ধরে ফেলো।

নাসিমা পাথরখন্ডটা হাত বাড়িয়ে ধরলো।

বনহুর দ্বিতীয় পাথরখন্ড বেয়ে আরও কিছু উপরে উঠে গেলো। তারপর হাত বাড়ালো নাসিমার দিকে, বললো—আমার হাত ধরে ফেলো নাসিমা।

নাসিমা বনহুরের হাত ধরলো।

বনহুর ওকে টেনে তুলে নিলো আরও কিছু উপরে।

অনেক কষ্টে বনহুর নাসিমা সহ পর্বতের গুহা থেকে উঠে এলো উপরে। ক'দিন পর নাসিমা পৃথিবীর মুক্ত বাতাসে প্রাণভরে নিঃশ্বাস নিলো।

বনহুর বললো—নাসিমা, চলো এমন একটা জায়গা আমরা খুঁজে বের করি যেখানে পৃথিবীর আলো-বাতাস পাবো অথচ আমাদের কেউ দেখতে পাবে না।

চলুন।

বনহুর চলতে শুরু করলো।

নাসিমা তাকে অনুসরণ করলো।

পর্বতের গা বেয়ে পাথরখন্ড ডিঙ্গিয়ে অতি সাবধানে এগুচ্ছে ওরা।

যেমন করে হোক একটা গোপন স্থান তাদের খুঁজে বের করতেই হবে। নাসিমাকে লুকিয়ে রেখে সে কাজ করবে। যে দৃশ্য সে কাল নিজের চোখে দেখেছে তা অতি করুণ, হৃদয় বিদারক।

অনেকক্ষণ খোঁজাখুজির পর হঠাৎ একটা গুহা নজরে পড়লো বনহুরের। দুটি পর্বতের ঠিক মাঝামাঝি কতগুলো পাহাড় রয়েছে, তারই আড়ালে সুন্দর একটি গুহা।

গুহাটি বেশি বড় না হলেও বেশ পরিস্কার। মেঝেটা সমতল, সুন্দর পরিচ্ছন্ন। নাসিমা অনেক হেঁটেছে, কাজেই সে অত্যন্ত ক্লান্তি বোধ করছিলো, গুহার মধ্যে বসে পড়লো সে।

গুহাটার মধ্যে বাইরের আলো প্রবেশে কোনো বাধা ছিলো না। তবে খুব আলোও নয়, ঝাপসা আলো ছিলো।

বনহুর নিজেও একটা পাথরখন্ডে ঠেশ দিয়ে বসলো।

অল্পক্ষণ বিশ্রাম করার পর বললো বনহুর—তুমি এখানে থাকো, আমি এবার চলি। দেখি আজ কিছু জোগাড় করতে পারি কিনা।

নাসিমা বললো—শিগ্‌গির ফিরবেন।

হাঁ, শিগ্‌গিরই ফিরে আসবো। তুমি খুব সাবধানে থাকবে, কোনোক্রমেই যেন গুহার বাইরে যাবে না।

আপনি নিজেও সাবধানে কাজ করবেন, যেন কোনো বিপদে না পড়েন।

আমার জন্য কিচ্ছু ভেবো না নাসিমা। আচ্ছা চলি। বনহুর গুহা থেকে বের হয়ে গেলো।

নাসিমা দাঁড়িয়ে রইলো গুহার মুখে।

যতক্ষণ বনহুরকে দেখা যাচ্ছিলো ততক্ষণ নির্নিমেষ নয়নে তাকিয়ে রইলো নাসিমা। বনহুর যখন দৃষ্টির আড়ালে চলে গেলো তখন ফিরে

গেলো সে গুহার মধ্যে। একটা ছোট্ট পাথরখন্ডে মাথা রেখে শুয়ে পড়লো নাসিমা।

ওদিকে বনহুর তখন পর্বতের গা বেয়ে পথ ধরে নীচে নেমে চলেছে। উচুঁ-নীচু আঁকাবাঁকা পথ—বনহুর ক্লান্তিহীনভাবে এগিয়ে যাচ্ছে। তার গন্তব্যস্থান হলো গত দিনের সেই পাথর কাটার স্থানটা যেখানে শ্রমিকদের উপর মালিকদের চলেছে নির্মম অত্যাচার-অবিচার।

বনহুরকে একজন শ্রমিক ছাড়া কিছু মনে হচ্ছে না। এলোমেলো চুল, ছেঁড়া জামা, প্যান্টটা হাঁটু অবধি গুটানো, পায়ে ধূলোবালি মাখানো।

বেশ কিছুক্ষণ দ্রুত চলার পর বনহুর পৌছে গেলো তার গন্তব্যস্থানে।

বনহুর মাইনে করা শ্রমিক নয়, তাই অসময়ে এসে পৌছাতেও তাকে পাহারাদারগণ গালমন্দ দেয় না বা চাবুক চালায় না। বনহুর যতক্ষণ কাজ করবে তারই মূল্য পাবে, তার বেশি সে একটি পয়সাও পাবে না।

বনহুর পৌছতেই তাকে কাজের নির্দেশ দিলো ওরা। কাজ শুরু করলো সে। একটা পাথরকাটা কুঠার নিয়ে পাথর কাটতে আরম্ভ করলো বনহুর।

কাজ করে চলেছে সে।

পয়সা তার চাই।

মাথার উপরে প্রখর সূর্যের তাপ অগ্নি বর্ষণ করছে । পায়ের নীচে পাথরগুলো যেন গরম সীসার মত গনগন করছে।

বনহুর পাথরের উপর কুঠার দিয়ে আঘাতের পর আঘাত করে চলেছে। মাঝে মাঝে মাথার ঘাম আংগুল দিয়ে মুছে ফেলছে।

তাকিয়ে দেখছে বনহুর প্রতিটি শ্রমিকের অবস্থার দিকে, হাড় জিরজিরে কঙ্কালসার, লোকগুলো কিভাবে পাথরের উপর লোহার শাবল চালাচ্ছে।

হঠাৎ একটা আর্তনাদে ফিরে তাকায় বনহুর পিছনে। সঙ্গে সঙ্গে মুখমন্ডল তার কঠিন হয়ে উঠে। দেখতে পায় একটি বৃদ্ধ শ্রমিক পানির পাত্র হাতে পানি পান করতে যাচ্ছিলো, ঠিক ঐ সময় একটি পাষন্ড নরপশু পাহারাদার তার উপর ভীষণ আঘাত করে।

বৃদ্ধের হাত থেকে পানির পাত্রটা পড়ে গিয়ে ভেঙ্গে গেছে। বৃদ্ধ মুখ থুবড়ে পড়ে আছে পাথরের উপর। কপাল কেটে রক্ত ঝরছে তবু আঘাতের পর আঘাত করে চলেছে ঐ শয়তান।

বৃদ্ধ কাতর কণ্ঠে বলছে—আমাকে মাফ করে দাও, আর আমি পানি পান করতে যাবো না।

তবু পাষাণ হৃদয় শয়তানটা থামছে না।

বনহুর অল্পক্ষণ তাকিয়ে দেখে নিলো, তারপর পিছন থেকে এসে পাহারাদারের হাতসহ চাবুকখানা ধরে ফেললো।

মুহূর্ত বিলম্ব না করে ঘুরে দাঁড়ালো পাহারাদারটি, রক্ত চক্ষু মেলে বনহুরের দিকে চেয়ে বললো—কোন্ সাহসে তুমি আমার কাজে বাধা দিতে এসেছো?

বনহুর বললো—মনের সাহসে। তুমি একে মারছো কেন?

দেখছো না কাজে ফাঁকি দিচ্ছিলো?

কি করে ও কাজে ফাঁকি দিলো?

সময় নেই অসময় নেই পানি পান করা.....

পানি পান করতে দেবে না তোমরা?

দেবো কিন্তু ছুটি হলে, কাজের সময় নয়। যাও তুমি নিজের চরকায় তেল দাওগে।

বনহুর আজ ওকে ক্ষমা করে দিলো। ওর চাবুকসহ হাতখানা ছেড়ে দিয়ে ফিরে গেলো নিজের কাজে। কাজ করছে কিন্তু দৃষ্টি তার রয়েছে অন্যান্য দিকে। পাষন্ড নরপশুর দল কি করে শ্রমিকদের উপর অত্যাচার চালাচ্ছে, সেই দৃশ্য সে লক্ষ্য করছে।

একসময় বেলা শেষ হয়ে গেলো।

যার যার মজুরি দিলো ওরা।

বনহুরও অন্যান্যের সঙ্গে হাত পেতে মজুরি নিলো। হঠাৎ চমকে উঠলো বনহুর, যে লোকটা মজুরি দিচ্ছে, সেই পুলিশ অফিসারই তাকে সেদিন গ্রেপ্তার করতে গিয়েছিলো এবং তাকে যখন গ্রেপ্তার করে পুলিশ ভ্যানে চাপিয়ে নিয়ে আসছিলো তখন সে সঙ্গে ছিলো। বনহুরকে সে এই মুহূর্তে মোটেই চিনতে পারে না। কিছুক্ষণের দেখা মাত্র, তাছাড়া সেদিন তার দেহে ছিলো মূল্যবান পোশাক-পরিচ্ছদ আর আজ একটি ছেঁড়া জামা গায়ে, ধূলোবালি মাখা শরীর—চেনা সহজ কথা নয়।

লোকটা বনহুরের হাতে তার প্রাপ্য দিয়ে বললো—কাল আবার আসবে।

বনহুর জবাব দিলো—নিশ্চয়ই আসবো।

পয়সা দিয়ে কিছু ফল আর রুটি-মাংস কিনে নিলো বনহুর, আর একটি ল্যাম্পও কিনে নিলো সে।

বনহুর যখন ফিরে এলো, তখন নাসিমা আনন্দে উচ্ছ্বল হয়ে উঠে, কারণ সে এতোক্ষণ ভীষণ দুশ্চিন্তায় ছিলো।

বনহুর ল্যাম্পটা জ্বালিয়ে দিলো, একটা পাথরের আড়ালে রাখলো ল্যাম্পটাকে, যেন আলো গুহার বাইরে না যায়।

একটা গামছাও কিনে নিয়েছিলো বনহুর, তাতেই খাবারগুলো বেঁধে নিয়ে এসেছিলো। গামছা খুলে খাবারগুলো মেলে ধরে সে নাসিমার সামনে—নাও এগুলো খাও।

নাসিমা বললো—আপনিও খেয়ে নিন। সত্যি, আমি এতোক্ষণ কি যে দুশ্চিন্তায় ছিলাম আপনাকে বুঝিয়ে বলতে পারবো না।

বনহুর ফল তুলে মুখে দিতে দিতে বললো—মেয়েরা এতো বেশি ভাবে যার কোনো মানে হয় না। বলো তো কেন এতো দুশ্চিন্তা করছিলে?

এসব দেশে প্রতি মুহূর্তে বিপদের আশঙ্কা রয়েছে। তাছাড়া.....

বলো, থামলে কেন?

বিপদ দেখলে মানুষ সরে পড়ে আর আপনি বিপদ দেখলে সেখানে এগিয়ে যান।

এটা আমার স্বভাব নাসিমা, ছোটবেলা থেকেই বিপদকে.....

বনহুরের মুখের কথা কেড়ে নিয়ে বললো নাসিমা—সাদর সম্ভাষণ জানানোই আপনার অভ্যাস, তাই না?

হাঁ।

আশ্চর্য মানুষ আপনি।

হাঁ, আশ্চর্য বটে। কই, তুমি তো কিছু খাচ্ছোনা? আমি তো কথার ফাঁকে ফাঁকে অনেক খেয়ে ফেলেছি; এবার তুমি খাও, কেমন?

না, আরও খেতে হবে আপনাকে।

তুমি আগে খাও।

উহুঁ, আপনি আরও খান।

বনহুর হেসে বললো—মেয়েদের খুব একটি খারাপ অভ্যাস আছে যা আমি পছন্দ করি না।

নাসিমার মুখ কালো হয়ে উঠলো, বললো—কি এমন খারাপ অভ্যাস আছে মেয়েদের যা আপনি পছন্দ করেন না?

ল্যাম্পের আলোতে নাসিমা তীক্ষ্ণ দৃষ্টি ফেললো বনহুরের মুখের দিকে।

বনহুর একটু হেসে বললো—নিজে না খেয়ে পুরুষকে খাওয়ানো।

এবার নাসিমার মুখখানা লজ্জায় রাঙা হলো, বললো—ও এই কথা।

হাঁ, বলো সত্যি বলিনি?

হাঁ, সত্যি বলেছেন, তবে পুরুষরাও কম নয়।

মোটেই না; পুরুষরা নিজের পেট না ভরা পর্যন্ত কোনো দিকে ভাববার সময় থাকে না তাদের। দেখোনা আমি কেমন গোগ্রাসে খেয়ে ফেললাম।

কিন্তু পুরুষরাই তো যুগিয়ে আনে, তবেই তো মেয়েরা পরিবেশ করে খাওয়ায়।

এক যুগে ছিলো পুরুষরা শুধু যুগিয়ে আনতো, মেয়েরা শুধু পরিবেশন করে সুখী হতো। আজ সে যুগ নেই, মেয়েরাও পুরুষের সঙ্গে তাল মিলিয়ে চলতে শিখেছে।

তবু আমি মানি না, কারণ পুরুষরা যা পারবে মেয়েরা তা সর্বতোভাবে পারবে না।

এ কথা মিথ্যা নাসিমা।

না, মিথ্যা নয়।

তুমি মেয়ে হয়ে মেয়েদের পক্ষ নিয়ে কথা বলছো না কেন নাসিমা?

যা সত্য আমি তাই বলবো, কারণ তার প্রমাণ আপনি।

আমি?

হাঁ, বলুন আপনি যা পারবেন আমি তা পারবো? শিক্ষায় আমি উচ্চ ডিগ্রী লাভ করেছি, বুদ্ধিতে আমি কোনো পুরুষের চেয়ে কম আছি মনে করি না, শক্তিও আছে আমার দেহে প্রচুর তবু পারলাম আমি নিজকে রক্ষা করতে.....

নাসিমা!

হাঁ, মনে আছে একবার নয়, দু'বার নয়, বারবার আপনি আমাকে রক্ষা করেছেন। শুধু মৃত্যুর কবল থেকেই নয়, নারীর যে মহামূল্য সম্পদ ইজ্জত, সে ইজ্জত আপনি রক্ষা করেছেন।

বনহুর নীরবে শুনে যাচ্ছে ওর কথাগুলো।

নাসিমা বলে চলে—পারতাম...পারতাম আমি নিজকে রক্ষা করতে? কখনোই না। তবে বলুন , মেয়েরা কি করে একেবারে পুরুষদের সমান হতে পারে?

শক্তি দিক দিয়ে বিচার করলে সে আলাদা কথা। কিন্তু অন্যান্য দিক দিয়ে নারী পুরুষের চেয়ে কম নয়।

সত্যি আপনি কত মহৎ! আজ আমি কত খুশী হয়েছি, ভাষায় বুঝিয়ে বলতে পারবো না। পুরুষরা সব সময় মেয়েদের দাবিয়ে রাখতে চেষ্টা করে কিন্তু আপনি মেয়েদের কত সুনজরে দেখেন। আপনিই দেখছি অন্যান্যের ব্যতিক্রম।

থাক ও সব কথা, এবার খেয়ে নাও, দেখি।

এই তো খাচ্ছি। নাসিমা খেতে শুরু করে।

বনহুর একটা পাথরে ঠেশ দিয়ে অর্ধশায়িত অবস্থায় সিগারেট পান করতে করতে ভাবতে থাকে তার কাজের কথা।

নাসিমা খাওয়া শেষ করে নেয়।

বনহুর হঠাৎ বলে উঠলো—কিছুদিন কষ্ট করতে হবে, পারবে তো নাসিমা? নাহলে বলো তোমাকে বাংলাদেশে পৌঁছে দিয়ে ফিরে এসে কাজ করবো।

আমি সব কষ্ট সহ্য করতে পারবো।

তবু তুমি আমাকে একা রেখে যাবে না, এই তো?

হাঁ, আপনি আমার জন্য এতো করেছেন আর আমি পারবো না একটু কষ্ট সহ্য করতে?

কাল থেকে ফাংহায় আমার নতুন সংগ্রাম শুরু হবে। দোয়া করো নাসিমা, যেন সফলকাম হতে পারি।

উদ্দেশ্য যার মহৎ খোদা তার সহায়।

নাসিমা!

বলুন?

আজ তুমি পাশে আছো বলে আমি নিজকে অনেকটা সুস্থ মনে করছি, না হলে হয়তো ভেংগে পড়তাম। এমন নির্জন গুহায় একা একা বড় অসহ্য লাগতো।

আপনি অত্যন্ত ক্লান্ত, এবার ঘুমান।

হাঁ ঘুমাবো।

আমি আপনার মাথায় হাত বুলিয়ে দিই?

তোমার কষ্ট হবে না নাসিমা?

কষ্ট! সেবাই যে মেয়েদের ধর্ম।

বেশ, যদি তোমার কষ্ট না হয় দাও।

নাসিমার দু'চোখ উজ্জ্বল দীপ্ত হয়ে উঠে। সেদিন চোরের মত চুপি চুপি সে ওর মাথায় হাত বুলিয়ে দিতে গিয়েছিলো, লজ্জা-সংকোচ এসে বাধা দিয়েছিলো। তবু সে গিয়েছিলো ওর পাশে। আজ প্রকাশ্যে ওর চুলে-কপালে হাত বুলাতে পারবে নাসিমা...হৃদয়ে এক অনাবিল আনন্দ উচ্ছ্বাস ঝরে পড়ে তার।

নাসিমা এসে বসে ওর পাশে, হাত রাখে ওর কপালে।

বনহুর দু'চোখ বন্ধ করে থাকে।

নাসিমা ল্যাম্পের আলোতে একদৃষ্টিতে তাকিয়ে থাকে ওর মুখের দিকে। পৌরুষদীপ্ত সুন্দর মুখমন্ডলে অপরূপ এক সৌন্দর্য, সহসা দৃষ্টি ফিরিয়ে নিতে পারে না নাসিমা।

হঠাৎ চোখ মেলে বনহুর।

সঙ্গে সঙ্গে দৃষ্টি বিনিময় হয় বনহুর আর নাসিমার। একটু হেসে পাশ ফিরে শোয় বনহুর। তারপর কখন যে ঘুমিয়ে পড়ে খেয়াল নেই।

ভোরে ঘুম ভাঙলো, চোখ মেলে তাকাতেই দেখলো, নাসিমা তার শিয়রে একটা পাথরে হেলান দিয়ে অঘোরে ঘুমাচ্ছে। ভোরের আলোতে স্পষ্ট দেখা যাচ্ছে সব।

বড় সুন্দর লাগছে নাসিমাকে।

মুগ্ধ দৃষ্টি মেলে তাকিয়ে থাকে বনহুর ওর মুখের দিকে। ধীরে ধীরে মাথাটা ঝুঁকে এলো ওর গোলাপী ঠোঁট দু'খানার উপর, ছোট্ট একটা চুমু দেবার জন্য ব্যাকুল হলো সে।

কিন্তু সঙ্গে সঙ্গে নিজকে সংযত করে নিলো বনহুর। নাসিমার পবিত্রতা রক্ষার দায়িত্বভার তার উপর, আর সেই কিনা.....না না, তা হয় না।

বনহুর বেরিয়ে এলো গুহা থেকে বাইরে কিন্তু মনের স্বচ্ছতা সহজে ফিরে এলো না। নিজকে তার বড় অপরাধী বলে মনে হতে লাগলো—কেন সে নিজকে সংযত করতে পারছে না। কেন সে নাসিমাকে স্পর্শ করতে যাচ্ছিলো! নাসিমার বাবার সেই কথাগুলো স্পষ্ট হয়ে কানে বাজতে লাগলো....তুমি কথা দাও, আমার মা নাসিমাকে উদ্ধার করে আনবে...তার ইজ্জত রক্ষা করবে বাবা...কথা দাও...কথা দাও আমাকে...

বনহুর তার হাত ধরে কথা দিয়েছিলো...বলেছিলো নাসিমাকে উদ্ধার করবো...তার ইজ্জত রক্ষা করবো...

হঠাৎ বনহুরের চিন্তাজাল বিচ্ছিন্ন হয়ে যায়। নাসিমা এসে দাঁড়ায় পাশে। কোমল কণ্ঠে বলে—কি ভাবছেন এখানে দাঁড়িয়ে?

বনহুর কিছুক্ষণ স্থির দৃষ্টি মেলে তাকিয়ে থাকে নাসিমার মুখে।

নাসিমা অবাক কণ্ঠে বলে—কি দেখছেন?

তোমাকে।

আমাকে?

হাঁ।

কেন বলুন তো?

বড় সুন্দর লাগছে তোমাকে!

লজ্জায় রাঙা হয়ে উঠে নাসিমার মুখ। নিজকে সংযত করে নিয়ে তাকায় বনহুরের মুখের দিকে।

বনহুর বলে—ভোরের স্নিগ্ধ আলোর মতই সুন্দর তুমি নাসিমা, তাই ভোরের আলোর মতই যেন পবিত্র থাকো তুমি।

নাসিমা!

বলুন?

এই নির্জন জনপ্রাণীহীন গুহায় শুধু আমি আর তুমি। এতো কাছে অথচ তুমি আমি কেউ কারো আপনজন নই, তবু আমরা অতি নিকটতম জন, কারণ আমরা উভয়ে উভয়ের মঙ্গলাকাঙ্ক্ষী।

হাঁ।

নাসিমা, আমি তোমাকে বোনের মতই ভালবাসি। বোনের পবিত্রতা রক্ষার দায়িত্ব ভাইয়ের কাছে। আজ থেকে তুমি আমাকে হাসান ভাই বলে ডাকবে।

বিস্ময়ভরা চোখ দুটো মেলে তাকায় নাসিমা বনহুরের দিকে, দীপ্ত সুন্দর হাস্যোজ্জ্বল মুখখানায় এতোটুকু অপবিত্রতার ছোঁয়া নেই। নাসিমা অস্ফুট কণ্ঠে বলে—আমাকে যদি বোনের আসনে প্রতিষ্ঠিত করেন তাহলে আমি নিজকে ধন্য মনে করবো।

নাসিমা, বোন আমার!

হাসান ভাই, সত্যি আপনি অদ্ভুত জোর্তিময় এক মহাপুরুষ। আপনার সঙ্গে এ যুগের কারো তুলনা হয় না। কথাগুলো বলে ফিরে আসে নাসিমা গুহার মধ্যে। অনাবিল এক আনন্দে মন তার ভরে উঠেছে।

প্রতিদিনের মত আজও বনহুর কাজে যোগ দেয়। কাজ করে চলেছে সে, কিন্তু লক্ষ্য তার সবদিকে। কাজ যখন শেষ হলো তখন সে গুহার পথে পা না বাড়িয়ে শ্রমিকবস্তির দিকে এগিয়ে গেলো।

ক'দিনেই শ্রমিকদের সঙ্গে বনহুর বেশ ভাব জমিয়ে নিয়েছে। সবাই বনহুরকে খাতির-যত্ন করে বসালো। চা-মুড়ি খেতে দিলো ওরা। কারণ বনহুরের ব্যবহারে তারা অত্যন্ত খুশী হয়েছে। বনহুরের আচরণে মুগ্ধ তারা।

বনহুর বললো—তোমরা পরিশ্রম করে টাকা উপার্জন করো, কারো কাছে ভিক্ষা মেগে নাওনা, অথচ তোমরা মালিকদের কাছে এমন নির্যাতন, অনাচার, অত্যাচার সহ্য করো কেন?

আমরা নিরূপায়, তাই মালিকদের এই নির্মম অত্যাচার নীরবে সহ্য করে যাই।

কেন তোমরা প্রতিবাদ করো না?

তাহলে কাজ পাবো না, না খেয়ে মরতে হবে।

তোমরা সবাই কাজ বন্ধ করে দাও।

তাহলে পয়সা পাবো কোথায়? খাবো কি?

সে ব্যবস্থা আমি তোমাদের করে দেবো।

তুমি, তুমি আমাদের ব্যবস্থা করবে!

হাঁ করবো, আজ থেকে তোমরা কেউ কাজে যাবে না।

বেশ, তাই হবে।

বনহুর শ্রমিকদের কাছ থেকে ফিরে আসে গুহায়।

নাসিমা অবাক হয়ে বলে—হাসান ভাই, আপনি এতো তাড়াতাড়ি ফিরে এলেন যে।

তোমার কাছে ভিক্ষা চাইতে।

এ আপনি কি বলছেন হাসান ভাই?

হাঁ, সত্য নাসিমা। বোন, তোমার গলার ঐ মালাছড়া আমাকে ভিক্ষা দাও।

নাসিমা হাসিভরা মুখে মালাছড়া খুলে নিয়ে বনহুরের হাতে দিয়ে বলে—ভিক্ষা নয় হাসান ভাই, এটা আপনার দাবী।

না না, দাবী নয় ভিক্ষা। নাসিমা, আজ আমি এ মালা বিক্রি করে শ্রমিকদের মুখে আহার তুলে দেবো, কারণ আজ কাউকে আমি কাজে যেতে

দেইনি। ওরা কাজ বন্ধ করে দিয়েছে, আজ খাবার নেই ওদের ঘরে। নাসিমা, কিছু মনে করো না বোনটি আমার।

নাসিমা কিছু বলার আগেই বেরিয়ে যায় বনহুর।

নাসিমা বিস্ময়ভরা দৃষ্টিতে তাকিয়ে থাকে ওর চলে যাওয়া পথের দিকে।

বনহুর সোজা চলে আসে ফাংহা শহরে।

একটা স্বর্ণ ব্যবসায়ীর দোকানে উঠে সে দ্রুত।

স্বর্ণ ব্যবসায়ী ছেঁড়া কাপড় পরা একটি শ্রমিককে তার দোকানে প্রবেশ করতে দেখে অবাক হয়, কারণ তার দোকানে কোনো গরীব লোক বা মধ্যবিত্ত ব্যক্তির আনোগোনা ছিলো না, ধনবান বড় লোকদের আনাগোনাই বেশি।

বনহুর যখন একটি মূল্যবান মালা বের করে স্বর্ণকার মহাজনের সম্মুখে রাখলো তখন মহাজনের দু'চোখে শর্ষে ফুল ফুটলো, বললো—এ মালা তুমি কোথায় পেলে?

বনহুর তার প্রশ্নের জবাব না দিয়ে বললো—দেখুন এর মূল্য কত হবে? আমার টাকা চাই।

ভ্রূকুঞ্চিত করে বনহুরের ছেঁড়া জামা, প্যান্টের দিকে তাকিয়ে মহাজন বললো—কার মালা তুমি চুরি করে এনেছো আগে তার জবাব দাও?

মালা আমার। বললো বনহুর।

মহাজন মুখ ভেংচে বললো—মালা তোমার হতেই পারে না, এ মালা তুমি চুরি করে এনেছো।

কথা শেষ হয় না মহাজনের, বনহুর বজ্রমুষ্ঠিতে চেপে ধরে তার গলার কাছে জামাটা, তারপর প্রচন্ড এক ঘুষি বসিয়ে দেয় তার নাকে।

ঝরঝর করে রক্ত ঝরে পড়ে মহাজনের নাক থেকে, চিৎ হয়ে পড়ে সে গদির উপর।

বনহুর মুহূর্ত বিলম্ব না করে সম্মুখের চাবিটা তুলে নিয়ে সিন্দুক খুলে ফেলে। থরে থরে সাজানো টাকার বান্ডিলগুলো প্যান্টের দু'পকেটে ভরে মালাটা তুলে নিয়েই দোকান থেকে বেরিয়ে পড়ে।

এতো দ্রুত সে কাজ করে যার জন্য দোকানের অন্যান্য কর্মচারী কেউ কিছু করে উঠতে পারে না। এক্ষণে সবাই কেউ রাইফেল খোঁজে, কেউ রিভলভার বের করে, কেউ পুলিশ অফিসে ফোন করে।

বনহুর দোকান থেকে বের হয়েই সম্মুখে দাঁড়ানো একটা মোটর সাইকেলে চেপে বসলো, তারপর অগণিত যানবাহনের মধ্যে মিশে গেলো।

বেশ কিছুদূর চলার পর বনহুর এক জায়গায় গাড়িখানা রেখে নেমে পড়লো। পিছনে জীপ নিয়ে ছুটে আসছে কয়েকজন পুলিশসহ সেই স্বর্ণকার মহাজন। সে নিজে পথ চিনিয়ে নিয়ে চলেছে পুলিশগণকে। চারদিকে তাকিয়ে তাকিয়ে দেখছে, ঐ মোটর সাইকেলখানাই তাদের লক্ষ্য।

বনহুর ওদিকে একখানা ঠেলাগাড়ী দাঁড়িয়ে থাকতে দেখে ছুটে গিয়ে ওটাকে ঠেলে নিয়ে চললো। এ মুহূর্তে তাকে দেখলে কেউ বলবে না সে ঐ গাড়িখানার লোক নয়।

বনহুর যখন ঠেলাগাড়ীখানাকে ঠেলে নিয়ে এগিয়ে চলেছে তখন তার গাড়িখানার পাশ কেটে চলে যায় পুলিশ ভ্যানখানা। একটুখানি দেখতে পায় বনহুর, পুলিশ ভ্যানের সম্মুখের আসনে বসে চারদিকে চঞ্চল দৃষ্টি নিক্ষেপ করছে সেই মহাজন।

একটু হাসে বনহুর।

অল্পক্ষণে বিপদ কেটে যায়।

ঠেলাগাড়ীখানা একপাশে রেখে একটা বাসে উঠে পড়ে বনহুর।

ফিরে আসে বনহুর শ্রমিক কলোনীতে।

কলোনীতে পৌঁছে যে দৃশ্য তার নজরে পড়লো তা সে সহ্য করতে পারলো না।

বৃদ্ধ সর্দার শ্রমিকটিকে একজন রাজকর্মচারী নির্মমভাবে প্রহার করছে আর বলছে—কেন কাজে যাওনি? বলো কেন আজ কাজে যাওনি?

বৃদ্ধ বলছে—আমরা আর কাজ করবো না।

সঙ্গে সঙ্গে আবার আঘাত পড়লো ওর পিঠে।

বৃদ্ধ আর্তনাদ করে উঠলো।

পুনরায় যেমনি রাজকর্মচারীটি বৃদ্ধের পিঠে আঘাত করতে যাবে, অমনি বনহুর ঝাঁপিয়ে পড়লো ওর উপর, একের পর এক ঘুষি চালাতে লাগলো।

কাহিল হয়ে পড়লো লোকটা।

দলবল তার কম ছিলো না, তারা এ দৃশ্য লক্ষ্য করে সবাই মিলে আক্রমণ করলো বনহুরকে।

বনহুর একাই সবাইকে নাজেহাল করে ফেললো। কিছুক্ষণ লড়াই করার পর সবাই পালালো প্রাণ নিয়ে।

শ্রমিক বৃদ্ধকে টেনে তুলে বুকে মাথায় হাত বুলিয়ে বললো বনহুর—আর কোনো ভয় নেই বাবা।

অন্যান্য শ্রমিক এতোক্ষণ ভয়ে কাঁপছিলো, না জানি আজ তাদের অদৃষ্টে কি আছে! মালিকের লোককে এভাবে অপদস্থ করা কম কথা নয়।

বনহুর সমস্ত শ্রমিক ডেকে জড়ো করলো এবং তাদের সবাইকে সান্ত্বনা দিয়ে বললো—তোমরা আজ থেকে কেউ ওখানে কাজ করতে যাবে না। পাথরকাটা কাজ ছাড়াও তোমরা অনেক কাজ পাবে। এই নাও টাকা, তোমরা প্রত্যেকে এই টাকা দিয়ে ব্যবসা করবে।

বনহুর সবাইকে কিছু কিছু টাকা দিয়ে দেয়।

শ্রমিকগণ আনন্দে ডগমগ হয়ে উঠে।

ফিরে যায় বনহুর তার গুহায়।

যাবার সময় নাসিমার জন্য একটা শাড়ী এবং জামা কিনে নেয়। আর কিনে নেয় প্রচুর খাবার। হঠাৎ যদি দু'একদিন গুহায় ফিরতে না পারে তাহলে নাসিমার যেন কোনো কষ্ট না হয়।

বনহুর গুহায় ফিরে এলে নাসিমা তার পাশে এসে দাঁড়ায়, একগাল হেসে বলে—আজ যে বড় খুশী খুশী লাগছে হাসান ভাই আপনাকে?

এই দেখো তোমার জন্য কি এনেছি! বনহুর পুঁটলি থেকে শাড়ী-জামা বের করে বলে—তোমার শাড়ীখানা একদম ছিঁড়ে গেছে কিনা, তাই আনলাম।

আর আপনার নিজের জন্য কি এনেছেন হাসান ভাই?

আমি তো একজন শ্রমিক, আমার আবার কি লাগবে? তবে হ্যাঁ, অনেক খাবার এনেছি। বড্ড ক্ষুধা পেয়েছেন নাসিমা, খেতে দাও। এই দেখো দুটো থালা আর গেলাস এনেছি।

এ যে দেখছি সংসার পেতে নিচ্ছেন?

নাসিমার কথায় আনমনা হয়ে যায় বনহুর, একটু হেসে বলে—সংসার কি জানি না নাসিমা, তবে বড় সখ হয় সংসার করতে।

কেন সংসার করেন না আপনি?

কে কথা নাই বা শুনলে নাসিমা! নাও, খেয়ে নাও।

আপনি খান।

খাবো।

যান, ঝরণা থেকে হাত-পা বেশ করে ধুয়ে আসুন।

তুমিও যাও নাসিমা, এক কাপড়ের জন্য কতদিন স্নান করোনি; আজ স্নান করে নতুন কাপড় পরে এসো।

নাসিমা জামা-কাপড় হাতে বেরিয়ে যায়।

বনহুর ততক্ষণে খাবারগুলো থালায় গুছিয়ে রাখে।

অল্পক্ষণ পরে ফিরে আসে নাসিমা।

নতুন কাপড় পরে একরাশ এলোচুল পিঠে ছড়িয়ে ভিজে কাপড় হাতে এসে দাঁড়ায় নাসিমা।

বনহুর পদশব্দে চোখ তুলে তাকায়।

অপূর্ব সুন্দর লাগছিলো ওকে।

বনহুর মুগ্ধদৃষ্টিতে তাকিয়ে থাকে কিছুক্ষণ, তারপর হেসে বলে—নাসিমা, শাড়ীখানা তোমায় সুন্দর মানিয়েছে!

নাসিমা একটু হেসে বলে, আপনি শাড়ী এনেছেন মানাবে না? বড় সুন্দর শাড়ীখানা! ওকি, এতোক্ষণও আপনি খেতে শুরু করেননি কেন?

তোমাকে ছেড়ে একা একা খাবো সে কেমন কথা! এসো আমরা দু'জনে মিলে খাই।

নাসিমা বলে—আমি ভিজে কাপড়খানা বাইরে বিছিয়ে দিয়ে আসি।

সর্বনাশ! ভিজে কাপড় বাইরে শুকাতে দিলে কেউ দেখে ফেলতে পারে, তারপর.....

না না, আমি ভিজে কাপড় বাইরে শুকাতে দেবো না, গুহার ভিতরেই মেলে দিচ্ছি।

হ্যাঁ, তাই দাও।

নাসিমা কাপড়খানা মেলে দিয়ে ফিরে এলো।

বনহুর আর নাসিমা মিলে খেতে শুরু করলো। আজ বনহুর অনেক খাবার এনেছিলো। নানারকম মিষ্টি আর ফলমূল।

খাওয়া শেষ হলে বললো বনহুর—নাসিমা।

বলুন?

এই নাও। পকেট থেকে নাসিমার মালাছড়া বের করে বাড়িয়ে ধরে বনহুর নাসিমার দিকে।

অবাক কণ্ঠে বলে নাসিমা—ওটা ফেরত এনেছেন হাসান ভাই?

দরকার পড়েনি।

টাকা আপনি কোথায় পেলেন?

সে এক অভিনব কাহিনী। এক সময় বলবো তোমাকে।

আমি এক্ষুণি শুনতে চাই...তবে কি আপনি শ্রমিকদের টাকা দেননি?

দিয়েছি। তবে শোন...বনহুর মালা সহ স্বর্ণকারের দোকানে প্রবেশ এবং শেষ অবধি সব কাহিনী সংক্ষেপে বললো।

নাসিমার দু'চোখে বিস্ময় ফুটে উঠেছে। গভীর চিন্তাযুক্ত কণ্ঠে বললো—এ কি ভয়ঙ্কর ব্যাপার ঘটেছিলো! সত্যি হাসান ভাই, আপনি বাইরে গেলে সব সময় আমার মনে আতঙ্ক জাগে, না জানি কখন কি বিপদ ঘটিয়ে বসবেন!

বনহুর নাসিমার কথা শুনে একটু হাসলো।

পরদিন বনহুর যখন শ্রমিক কলোনীতে গিয়ে পৌঁছলো তখন যে দৃশ্য সে লক্ষ্য করলো তা অবর্ণনীয়—কলোনীতে দাউ দাউ করে আগুন জ্বলছে।

কে কোথায় ছুটোছুটি করছে।

কে মাথায় করাঘাত করে রোদন করছে।

কোথায় কে কাকে প্রহার করছে ঠিক নেই।

চারদিকে এক মহাতাণ্ডব লীলা।

ওপাশে কয়েকটা মৃতদেহ পড়ে আছে।

কতগুলো অর্ধদগ্ধ, এখনও মৃত্যু ঘটেনি।

বনহুর তাকিয়ে দেখলো, সে যেন একেবারে স্তব্ধ হয়ে গেছে। একজন 'পানি পানি' বলে চীৎকার করছিলো, বনহুর তার পাশে এসে হাঁটু গেড়ে বসলো। পানি কোথায় পাবে সে এই ভীষণ অগ্নিকান্ডের মধ্যে! ওর বুকে হাত বুলিয়ে দিতে লাগলো।

ওদিকে তাকাতেই শিউরে উঠলো বনহুর। দেখলো একটি তরুণী জ্বলন্ত আগুনে ঝাঁপিয়ে পড়তে যাচ্ছে, কেউ তাকে রুখতে পারছে না। বনহুর মুহূর্ত বিলম্ব না করে এগিয়ে গেলো, দেখতে পেলো একটা ঘর দাউ দাউ করে জ্বলছে আর সেই ঘরের মধ্যে একটা শিশু হাউমাউ করে কাঁদছে।

বনহুর নিজের গায়ের জামাটা খুলে ফেলে আগুনের মধ্যে প্রবেশ করলো। তার চারদিকে ভীষণভাবে আগুন জ্বলছে। বনহুর শিশুটিকে এক ঝটকায় তুলে নিলো কোলে, তারপর অতিদ্রুত বেরিয়ে এলো অগ্নিকুন্ড থেকে।

তরুণী দু'হাত প্রসারিত করে এগিয়ে এলো।

বনহুর ওর কোলে তুলে দিলো শিশুটিকে।

তরুণী শিশুটিকে জীবন্ত অবস্থায় পেয়ে আনন্দে আপ্লুত হলো, চুমোয় চুমোয় ভরিয়ে দিলো শিশুর গন্ড।

বনহুর বিস্ময়ভরা চোখে এ দৃশ্য দেখতে লাগলো। মনে পড়লো তার নূর আর জাভেদের কথা। সেওতো সন্তানের পিতা!

এখানে যখন বনহুর এক শ্রমিকের শিশুকে বাঁচিয়ে নিলো। তখন কান্দাই জঙ্গলে জাভেদ খেলা করছিলো। হঠাৎ একটা বিরাট সাপ তাকে আক্রমণ করে।

ঠিক ঐ মুহূর্তে একটি কুকুর কোথা থেকে এসে ঝাঁপিয়ে পড়ে সাপটির উপর। শুরু হয় তুমুল যুদ্ধ।

এমন সময় নূরী দূর থেকে এ দৃশ্য লক্ষ্য করে বিস্মিত হয়। জাভেদ মাকে দেখতে পেয়ে ছুটে যায়।

নূরী ওকে বুকে টেনে নিয়ে আদর করে।

ওদিকে সাপ আর কুকুরটা তখন ভীষণ লড়াই করে চলেছে।

বেশিক্ষণ কুকুরটার সঙ্গে পেরে উঠে না বিরাটদেহী অজগরটা, অল্পক্ষণে নাজেহাল হয়ে পড়ে।

জাভেদ আর নূরী তখনও দাঁড়িয়ে দাঁড়িয়ে এ দৃশ্য লক্ষ্য করছিলো, এমন সময় নাসরিন তার কন্যা ফুলকে কোলে করে এসে দাঁড়ায়।

নূরী আংগুল দিয়ে দেখিয়ে দেয় অদূরে একটা গর্তের পাশে অজগর সাপ আর কুকুরের যুদ্ধটা।

নাসরিন চমকে উঠে—একি কান্ড!

নূরী বলে—জাভেদকে এই মুহূর্তে সাপটা খেয়ে ফেলতো।

সর্বনাশ!

হাঁ নাসরিন, খোদা ওকে খুব জোর বাঁচিয়েছে, ভাগ্যিস কুকুরটা কোত্থেকে এসে পড়েছিলো, নইলে জাভেদ রক্ষা পেতো না।

ওরা তাকিয়ে দেখলো সাপটা মরে গেছে। উল্টে পড়ে আছে ওর বিরাট দেহটা।

কুকুরটা পাশে দাঁড়িয়ে হাঁপাচ্ছে রীতিমত। সুন্দর বলিষ্ঠ কুকুরটি, নাসরিন বলে—বড় অদ্ভুত কান্ড! কুকুরটা এলো কোথা থেকে, সত্যি বড় সুন্দর!

এগিয়ে গেলো ওরা কুকুরটার পাশে কিন্তু কুকুরটা তখন বনের মধ্যে চলে গেলো।

নূরী আর নাসরিন কুকুরটাকে অনুসরণ করলো, দেখলো কুকুরটা সোজা চলে যাচ্ছে ওদিকে।

নূরী ডাকলো—আয়...আয়...

একবার ঘাড় ফিরিয়ে দেখলো কুকুরটা কিন্তু ফিরে এলো না।

নাসরিন বললো—আশ্চর্য!

সত্যি বড় আশ্চর্য, বড় অদ্ভুত ব্যাপার। নূরী জাভেদকে বললো—বাবু, বলতো সাপটা তোমাকে কিভাবে আক্রমণ করেছিলো?

জাভেদ এখন বেশ কথা বলতে শিখেছে, সে মায়ের কোল থেকে নেমে পড়ে দেখালো সে কোথায় খেলা করছিলো আর কিভাবে সাপটা এসে তাকে আক্রমণ করতে যাচ্ছিলো। কুকুরটা যদি ঠিক সেই মুহূর্তে এসে না পড়তো তাহলে তাকে সাপটা খেয়ে ফেলতো।

জাভেদের কাছে সব শুনে অবাক বিস্ময়ে তাকিয়ে থাকে নূরী আর নাসরিন কুকুরটা যে পথে চলে গেছে সেই দিকে।

সুদূর ফাংহায় বনহুর তখন শ্রমিকদের সান্ত্বনা দিয়ে চলেছে—তোমাদের বাড়িঘর ওরা জ্বালিয়ে দিয়েছে তবু তোমরা ভেংগে পড়বে না, আমি তোমাদের বাড়িঘর করার জন্য প্রচুর টাকা দেবো এবং তোমরা যাতে সুখে-স্বচ্ছন্দে থাকতে পারো তার ব্যবস্থা করবো।

বনহুর যখন ভগ্নহৃদয় শ্রমিকদের মধ্যে সান্ত্বনাবাণী শোনাচ্ছে তখন তাকে চারপাশ থেকে পুলিশ ঘেরাও করে ফেলেছে।

বনহুর তাকিয়ে দেখলো তার চারপাশে অসংখ্য সশস্ত্র পুলিশ।

সোজা হয়ে দাঁড়ালো বনহুর।

মুখমন্ডল গম্ভীর কঠিন হয়ে উঠে বনহুরের।

পুলিশ বাহিনী বনহুরকে ঘেরাও করে গাড়িতে তুলে নিলো।

শ্রমিকগণ অসহায় চোখে তাকিয়ে রইলো, তারা কেউ কোনো প্রতিবাদ করতে সাহসী হলো না।

বনহুরকে নিয়ে সোজা ফাংহা পুলিশ অফিসে এসে পৌছলো পুলিশ বাহিনী। যে পুলিশ ইন্সপেক্টার বনহুরকে গ্রেপ্তার করে নিয়ে এলো, সে বললো—স্যার, এই সেই বিদ্রোহী শ্রমিক। এই শ্রমিকই আমাদের সব শ্রমিকের মধ্যে বিদ্রোহের বীজ বপন করেছে। যে শ্রমিকগণ কোনোদিন সরকারের বিরুদ্ধে কোনো রকম উচ্চবাক্য প্রয়োগ করেনি, সেই শ্রমিকগণ

এখন রুখে দাঁড়াতে শিখেছে। তারা একযোগে হরতাল করতে শুরু করেছে, কেউ কাজে যোগ দিচ্ছে না। সবকিছু অনাসৃষ্টির মূলে এ।

পুলিশ সুপার দাঁতমুখ খিঁচিয়ে বললো—একে মালিকের কাছে নিয়ে যাও, এর জন্য চরম শাস্তির ব্যবস্থা হবে।

বনহুরের সমস্ত শরীরে শিকল জড়ানো অবস্থায় মালিক সর্দার খাঁর কাছে নিয়ে যাওয়া হলো।

সর্দার খাঁ বনহুরকে দেখে ক্রুদ্ধ হয়ে উঠলো।

বনহুরও সর্দার খাঁর চেহারা দেখে সিংহের মত ফুলতে লাগলো। সর্দার খাঁ হলো ফাংহার অধিপতি। এই সর্দার খাঁর কথাতেই ফাংহাবাসী উঠে-বসে। ওর চেহারাটা যেন জীবন্ত শয়তানের মত।

বনহুরকে দেখে ক্রুদ্ধ বন্য শূকরের মত ঘোঁৎ ঘোঁৎ করে উঠলো সর্দার খাঁ। নেড়ে মাথা, বিশাল দেহ, এক জোড়া বিরাট গোঁফ। চোখ দুটো ক্ষুদ্র অথচ দু'চোখে যেন আগুন টিকরে বের হচ্ছে।

বনহুর তাকিয়ে দেখলো ওর আপাদমস্তক।

সর্দার খাঁও ওকে তীক্ষ্ণ নজরে দেখছিলো।

বনহুর অবাক হলো, শয়তান সর্দার খাঁর পাশে উপবিষ্টা এক অপূর্ব সুন্দরী তরুণী। প্রথম দর্শনেই পুরুষ মনকে চঞ্চল করে। বনহুর বিস্ময়ভরা চোখে তরুণীর দিকে তাকিয়ে দেখছিলো—শয়তানের পাশে নে যহুরী। বুঝতে পারলো, সর্দার খাঁর অর্ধাঙ্গিনী। তরুণীও বনহুরকে বিস্ময় নিয়ে দেখছিলো।

হুঁশ হলো বনহুরের সর্দার খাঁর কথায়—আমার দেশের শ্রমিকদের এভাবে বিগড়ে দিয়েছো কেন?

বনহুর বললো—তারা মানুষ! পশু নয় যে তোমাদের অত্যাচার ওরা নীরবে হজম করবে।

কি বললে? আমাকে আজ পর্যন্ত কেউ তুমি বলে সম্বোধন করতে সাহসী হয়নি আর তুমি আমাকে...অপমান করলে? আরও একটি দোষ আমি প্রথমেই তোমার মধ্যে লক্ষ্য করেছি, দরবারে প্রবেশের সময় তুমি আমাকে অভিবাদন জানাওনি।

বনহুর দৃঢ়কণ্ঠে বললো—তুমি মানুষ হলে আমি তোমাকে অভিবাদন জানাতাম।

গর্জে উঠলো সর্দার খাঁ—আমি মানুষ নই?

না।

তবে আমি কি?

পশু!

কি! কি বললে—আমি পশু?

তুমি যদি পশু না হতে তাহলে তোমারই দেশের মানুষদের প্রতি এমন অনাচার-অত্যাচার করতে পারতে না।

একে নিয়ে যাও, এই মুহূর্তে আমার সম্মুখ থেকে নিয়ে যাও। চাবুকের আঘাতে আঘাতে এর দেহের চামড়া ছিঁড়ে তুলে ফেলো গে।

ঠিক ঐ মুহূর্তে তার অর্ধাঙ্গিনী আসন ত্যাগ করে উঠে দাঁড়িয়ে গম্ভীর কণ্ঠে বললো—না, ও অন্যায় কিছু বলেনি, সত্যিই আপনি পশুর মত।

সুরাইয়া, তুমি আমাকে অপমান করছো?

অপমান নয়, সত্যি কথা। আমি নিজেও আপনার আচরণে ক্ষুব্ধ ছিলাম। আপনি নিরীহ শ্রমিকদের উপর যে অত্যাচার চালিয়েছেন তা অত্যন্ত ঘৃণ্য।

সুরাইয়া!

ওকে মুক্তি দিন।

না।

আমি হুকুম দিলাম ওকে মুক্তি দিন।

বনহুর অবাক হয়ে দেখলো শয়তান সর্দার খাঁর মুখ কালো হয়ে উঠেছে। সে ক্ষিপ্রগতিতে উঠে দাঁড়িয়ে পায়চারী শুরু করলো।

বনহুর তাকিয়ে দেখছে।

অন্য লোকজন এবং পুলিশ প্রহরীরা থ' মেরে দাঁড়িয়ে আছে।

সুরাইয়া বললো—এই মুহূর্তে ওকে মুক্তি দিন বলে দিচ্ছি।

না, কখনোই না। বললো সর্দার খাঁ।

সত্যি দেবেন না?

না।

আমি ওকে নিজ হাতে মুক্তি দিচ্ছি।

সুরাইয়া কথাটা বলে আসন ত্যাগ করে নেমে এলো নীচে। একজন পাহারাদারের হাত থেকে একগোছা চাবি নিয়ে বনহুরের শরীর থেকে মুক্ত করে দিলো শিকলগুলো, তারপর বললো—যাও তুমি।

কটমট করে তাকালো সর্দার খাঁ বনহুর আর সুরাইয়ার দিকে।

বনহুরকে নিয়ে বেরিয়ে এলো সুরাইয়া দরবারের বাইরে। সর্দার খাঁ এবং অন্য কেউ কোনো কথা বলতে সাহসী হলো না। সবাই রাগে ফুলছে অথচ কেউ কিছু কথা বলতে পারছে না।

বনহুর সহ সুরাইয়া দরবারকক্ষের বাইরে এসে দাঁড়ালো, বললো—তুমি চলে যাও। কেউ তোমাকে পাকড়াও করতে পারবে না।

বনহুর অবাক হয়ে গেছে।

সুরাইয়াকে অসংখ্য ধন্যবাদ জানালো সে অন্তরে অন্তরে। মুখে সে কোনো কথা বললো না।

পথে নেমে অনেক দূর চলে এসে সে ফিরে তাকালো, দেখলো সুরাইয়া দাঁড়িয়ে আছে সেই জায়গায়।

বনহুর ফিরে তাকাতেই সুরাইয়া হাত নেড়ে তাকে বিদায় সম্ভাষণ জানালো।

গভীর রাত।

ফাংহা শহর নিদ্রার কোলে গা এলিয়ে দিয়েছে। নির্জন পথে দু'একটা গাড়ির শব্দ শোনা যাচ্ছে।

সর্দার খাঁর প্রাসাদসম বাড়িখানা নীরব নিস্তব্ধ। সুরাইয়ার কক্ষে সুরাইয়া নিদ্রায় অচেতন।

হঠাৎ দরজা খুলে গেলো। সুরাইয়ার বিছানার পাশে এসে দাঁড়ালো ওর স্বামী সর্দার খাঁ। দু'চোখে তার আগুন টিকরে বের হচ্ছে। সর্দার খাঁ সুরাইয়ার নাকের উপর একটা রুমাল বুলিয়ে নিলো, তারপর হাতে তালি দিলো।

সঙ্গে সঙ্গে দু'জন জমকালো পোশাক পরা লোক এসে দাঁড়ালো তার পাশে।

সর্দার খাঁ ইংগিত করলো।

অমনি লোক দু'জন সুরাইয়ার সংজ্ঞাহীন দেহটা তুলে নিলো হাতের উপর। আলগোছে বেরিয়ে এলো ওরা বাইরে।

সিঁড়ি বেয়ে দু'জন নামতে শুরু করলো।

সর্দার খাঁ দাঁড়িয়ে রইলো সিঁড়ির মুখে।

সর্দার খাঁর বাড়ির ফটকের পাহারাদার দরজা খুলে ধরলো।

বাইরে গাড়ি নিয়ে অপেক্ষা করছে একজন ড্রাইভার।

লোক দু'জন সুরাইয়ার দেহটাকে পিছন আসনে শুইয়ে দিয়ে সম্মুখ আসনে উঠে বসলো।

ড্রাইভার গাড়ি ছাড়লো।

যে লোক দু'জন সুরাইয়ার দেহটাকে বহন করে এনে গাড়িতে তুলে নিজেরাও চেপে বসলো, তারা এবার সিগারেট ধরালো। সিগারেট পান করতে করতে গল্প শুরু করলো।

প্রথম ব্যক্তি বললো—সর্দার খাঁর হুকুম রাণীজীকে নদীতে ফেলে দিতে হবে। কেউ জানতে পারবে না রাণীজী গেলো কোথায়।

দ্বিতীয় ব্যক্তি বললো— তার চেয়ে ওকে খুন করে নদীতে ভাসিয়ে দিলে ভাল হতো। যদি বেঁচে যায় তখন?

প্রথম ব্যক্তি হেসে উঠে বললো—তোর কি মাথা খারাপ হয়েছে! রাণীজী এখন অজ্ঞান, তাকে অজ্ঞান অবস্থায় পানিতে ফেললে সঙ্গে সঙ্গে মরে যাবে।

ঠিক বলেছো ভায়া, অজ্ঞান অবস্থায় কেউ পানিতে পড়লে বাঁচতে পারে?

কিছুতেই না।

গাড়ি তখন ফাংহার হিপ্‌সী নদী অভিমুখে ছুটে চলেছে।

ড্রাইভারের শরীরে জমকালো পোশাক। মাথার পাগড়ীটার আঁচল দিয়ে মুখের নীচের অংশ ঢাকা। আপন মনে সে গাড়ি চালিয়ে চলেছে আর কান পেতে শুনছে ওদের কথাবার্তা।

গাড়িখানা একসময় পৌঁছে গেলো হিপ্‌সী নদীতীরে।

চারদিকে জমাট অন্ধকার।

একটা থমথমে ভাব বিরাজ করছে।

হিপ্‌সী নদীর নীল পানি যেন মিশে গেছে জমাট অন্ধকারে।

গাড়ি থামতেই লোক দুটো নেমে পড়লো।

গাড়ীর পিছন দরজা খুলে বের করে আনলো সুরাইয়ার সংজ্ঞাহীন দেহটা। ওরা দু'জন ধরাধরি করে নিয়ে চললো নদীর দিকে।

ওরা চলে যেতেই ড্রাইভার অন্ধকারে গাড়ি থেকে নেমে পড়লো এবং লোক দুটিকে অনুসরণ করলো।

ড্রাইভারের দেহে জমকালো পোশাক থাকায় তাকে ওরা দেখতে পেলো না।

একেবারে নদীতীরে গিয়ে দাঁড়ালো ওরা।

ওদের হাতের উপর কালকের সেই অপরূপ সুন্দরী রাণীজী সুরাইয়া।

ঝপ করে একটা শব্দ হলো।

তারপর ফিরে চললো ওরা দু'জন রিক্তহস্তে গাড়িখানার দিকে।

কিন্তু গাড়ির কাছে পৌছে ওরা অবাক হলো, ড্রাইভার গেলো কোথায়! অনেক খোঁজাখুজি করেও ড্রাইভারের সন্ধান পেলো না। শেষ অবধি গাড়িখানা ওরা ঠেলেই নিয়ে চললো।

ভোরের সময় ওরা গাড়ি নিয়ে যখন পৌছলো তখন সর্দার খাঁ খুশী হলো। এতো সহজে একটা জীবন্ত মানুষকে দুনিয়া থেকে সরিয়ে ফেলা কম কথা নয়!

সর্দার খাঁ দু'জনকে বিশ হাজার টাকা পুরস্কার দিলো।

পর্বতের গুহায় নাসিমা সমস্ত রাত অনিদ্রায় কাটিয়েছে, কারণ বনহুর রাতে ফিরে আসেনি। ওর কোনো অমঙ্গল আশঙ্কায় মন তার অস্থির হয়ে উঠেছিলো।

ভোরে একটু ঘুমিয়ে পড়েছে নাসিমা, সে স্বপ্ন দেখছিলো—তার বাবা-মা-ভাইবোনদের সঙ্গে বেশ মজা করে কোথাও যাচ্ছে। হঠাৎ একটা ঝড় এসে সবকিছু তছনছ করে দিলো। কে কোথায় বিচ্ছিন্ন হয়ে পড়লো। নাসিমা এক অন্ধকারময় গর্তে পড়ে চীৎকার করছে, বাঁচাও বাঁচাও..এমন সময় দেখতে পায় এক অপূর্ব সুন্দর পুরুষ তার দিকে হাত বাড়িয়ে দেয়, বলে—এসো, আমার হাত ধরে উঠে এসো নাসিমা। নাসিমা ওর বলিষ্ঠ হাতখানা মুঠায় চেপে ধরে উঠে আসে উপরে। নাসিমা কৃতজ্ঞতায় তাকে ধন্যবাদ জানাতে যায়, দেখতে পায় সেই সুন্দর সুপুরুষ তারই হাসান ভাই। হাসান ভাইয়ের বুকে মাথা রাখে নাসিমা, আবেগভরা কণ্ঠে বলে—হাসান ভাই, আমি তোমায় ভালবাসি। হাসান ভাই ওকে গভীর আবেগে নিবিড়ভাবে বুকে টেনে নিয়ে বলে, আমিও তোমায় ভালবাসি নাসিমা.....নাসিমার ঘুম ভেংগে যায় আচমকা। দেখতে পায় জমকালো পোশাক পরা অবস্থায় বনহুর গুহায় প্রবেশ করছে, তার কাঁধে ঝুলছে একটি সংজ্ঞাহীন নারীদেহ।

নাসিমা চমকে উঠে দাঁড়ায়, দু'চোখে তার বিস্ময় ঝরে পড়ছে।

বনহুর সুরাইয়ার সংজ্ঞাহীন দেহটা গুহার মেঝেতে শুইয়ে দিয়ে সোজা হয়ে দাঁড়ালো।

নাসিমার চোখেমুখে বিপুল উন্মাদনা।

বনহুর নাসিমাকে লক্ষ্য করে বললো—একে মৃত্যুর মুখ থেকে ফিরিয়ে এনেছি নাসিমা।

নাসিমা আরও সরে এলো, তীক্ষ্ণ দৃষ্টি মেলে তাকিয়ে দেখলো সুরাইয়ার মুখখানা, তারপর বললো—কে এই মেয়েটি?

সব পরে বলবো, আগে ওকে বাঁচানোর চেষ্টা করতে হবে। নাসিমা, আগুন জ্বেলে ফেলো।

নাসিমার চোখমুখ থেকে তখনও বিস্ময়ের রেখা মুছে যায়নি। সুরাইয়ার ভিজে জামাকাপড় এবং বনহুরের পোশাকও ভিজে, তবে তার জামাকাপড় কিছুটা শুকনো মনে হলো। নাসিমা কিছু শুকনো কাঠ এক জায়গায় জড়ো করে তাতে আগুন ধরিয়ে দিলো, তারপর বললো—ওর ভিজে জামাকাপড় পাল্টে দেওয়া দরকার।

হাঁ, ঠিক বলেছো কিন্তু শুকনো কাপড় কোথায় পাবে?

আপনি আমায় যে কাপড়খানা এনে দিয়েছেন, ওটা শুকনো আছে।

বেশ, তাই ওকে পরিয়ে দাও। আমি গুহার বাইরে যাচ্ছি।

বনহুর বেরিয়ে গেলো।

কাপড় পরিয়ে দিয়ে ভিজে কাপড়গুলো মেলে দেয় নাসিমা গুহার পাশে পাথরখন্ডগুলোর উপর। তারপর বনহুরকে বলে—হাসান ভাই, আসুন ওর কাপড় পাল্টে দেওয়া হয়েছে।

বনহুর ভিতরে আসে এবং নাসিমা ও সে নিজে সুরাইয়ার জ্ঞান ফেরানোর চেষ্টা করে। সেই ফাঁকে বনহুর সুরাইয়া সম্বন্ধে সব কথা বলে। কেমন করে তাকে সুরাইয়া মুক্তি দিয়েছিলো, কিভাবে সুরাইয়াকে তার স্বামী হত্যা করতে চেয়েছিলো এবং কি উপায়ে সে সুরাইয়াকে নদীগর্ভ থেকে উদ্ধার করতে সক্ষম হয়েছে, সমস্ত কথা সংক্ষেপে বলে বনহুর নাসিমার কাছে।

নাসিমা সব কথা শুনে যাচ্ছিলো। দু'চোখে তার কৃতজ্ঞতা ফুটে উঠে, সুরাইয়াই তার রক্ষক হাসান ভাইকে রক্ষা করেছে। তাই নাসিমা প্রাণ দিয়ে সুরাইয়ার সেবা করে চলে।

সেদিন বনহুর আর বাইরে গেলো না।

গুহায় পূর্বদিনের যে খাবার ছিলো সেই খাবার খেয়েই তারা কাটাবে স্থির করে নিলো। কিছু ফল ছিলো, তারই রস তৈরি করে রাখলো সুরাইয়ার জ্ঞান ফিরলে তাকে খাওয়াবে।

অনেক চেষ্টার পর একসময় সুরাইয়ার জ্ঞান ফিরে এলো। চোখ মেলে তাকালো সে ধীরে ধীরে। প্রথমেই নজর পড়লো তার বনহুরের মুখে। বনহুরকে লক্ষ্য করে সুরাইয়ার চোখ দুটো উজ্জ্বল দীপ্ত হয়ে উঠলো, ঠোঁট দু'খানা নড়ে উঠলো ওর। কিছু বলতে চেষ্টা করে সুরাইয়া, বনহুর বাধা দিয়ে বলে—চুপ করে শুয়ে থাকুন, একটু সুস্থ হলে সব বুঝতে পারবেন।

চোখ বন্ধ করে সুরাইয়া।

নাসিমা ওর মুখে ফলের রস ঢেলে দেয়।

বেশিক্ষণ বিলম্ব হয় না সুরাইয়া অনেকটা সুস্থ হয়ে উঠে।

বনহুরকে লক্ষ্য করে বলে সুরাইয়া—আমি এখানে কেন? বলো আমি এখানে কি করে এলাম, কে আমাকে এখানে এনেছে?

বনহুর গম্ভীর শান্ত গলায় বললো—আমি আপনাকে এনেছি।

তুমি! তুমি আমাকে এখানে এনেছো? বেঈমান!

আপনি ভুল করছেন। বেঈমান আমি নই রাণীজী, বেঈমান আপনার স্বামী!

আমার স্বামী বেঈমান, এ কথা তোমাকে কে বললো।

তার প্রমাণ আপনি নিজে।

এসব তুমি কি বলছো!

আপনার পরিধেয় বসনের দিকে তাকিয়ে দেখুন।

সুরাইয়া নিজের শরীরের দিকে তাকিয়ে অবাক কণ্ঠে বললো—এ জামাকাপড় তো আমার নয়!

ঠিক বলেছেন, কারণ আপনার জামাকাপড় সব নদীর পানিতে ভিজে একাকার হয়ে গেছে। তাই ঐ মেয়েটি আপনার জামাকাপড় পাল্টে নিজের জামাকাপড় আপনার শরীরে পরিয়ে দিয়েছে।

সুরাইয়া তাকালো নাসিমার দিকে।

অবশ্য বনহুর আর সুরাইয়ার, মধ্যে খাঁটি উর্দু ভাষায় কথাবার্তা হচ্ছিলো।

ফাংহা পাকিস্তানেরই একটি অংশ, তাই ফাংহার ভাষা খাঁটি উর্দু ছিলো।

বনহুর আবার বললো—নাসিমার চেষ্টায় আপনি সংজ্ঞালাভ করেছেন।

সুরাইয়ার মুখমন্ডলে এক গভীর বিস্ময় ফুটে উঠে। সে প্রশ্নভরা ব্যাকুল দৃষ্টি তুলে ধরে বনহুরের মুখে।

বনহুর বুঝতে পারে, সুরাইয়া এ ব্যাপারে সম্পূর্ণ অজ্ঞ। কাজেই সে বলে—আপনার স্বামী নদীগর্ভে নিক্ষেপ করে আপনাকে হত্যা করার চেষ্টা করেছিলো।

মিথ্যা কথা!

মোটেই মিথ্যা নয়।

সুরাইয়া শুয়েছিলো, এবার সে উঠে বসলো—আমার স্বামী আমাকে খুব ভালবাসে, কাজেই সে আমাকে হত্যা করার চেষ্টা কিছুতেই করতে পারে না।

বনহুর বললো—এর প্রমাণ আমি দেবো। আমি যা বলবো সেভাবে কাজ করতে হবে আপনাকে।

সুরাইয়া নিশ্চুপ রইলো।

বনহুর বলে চললো—আপনাকে আমি আপনার স্বামীর পাশে নিয়ে যাবো কিন্তু সে আপনাকে চিনতে পারবে না। ছদ্মবেশে আপনি যাবেন সেখানে এবং প্রমাণ পাবেন সব কিছুর। একটু থেমে বললো বনহুর—আপনার মহৎ হৃদয়ের জন্য আমি আপনাকে শ্রদ্ধা জানাচ্ছি। রাণীজী, আপনি সে মুহূর্তে আমাকে মুক্তি দিয়ে আপনার স্বামীর কাছে অপরাধী হয়েছেন, আর সেজন্যই আপনার স্বামী আপনাকে হত্যা করেছে বা করতে চেয়েছিলো।

সুরাইয়ার মুখ অত্যন্ত গম্ভীর থমথমে লাগছিলো। স্থির দৃষ্টি মেলে তাকিয়ে ছিলো সে বনহুরের মুখের দিকে।

বনহুর বললো—যে গাড়িতে আপনাকে সংজ্ঞাহীন অবস্থায় নদীতীরে নিয়ে যাওয়া হয়, সে গাড়ির ড্রাইভারের বেশে আমি ছিলাম, কারণ আমি পূর্ব হতেই জানতাম, সর্দার খাঁ ঐ রাতে আপনাকে ঘুমন্ত অবস্থায় নদীগর্ভে নিক্ষেপ করে হত্যা করবে।

শ্রমিক, তোমার কথা যদি সত্য হয় তাহলে আমি তোমাকে পুরস্কার দেবো। তুমি আমার জীবন রক্ষা করেছো, এ যে আমার পরম সৌভাগ্য। যা চাইবে তাই আমি দেবো তোমাকে।

বেশ, তাই হবে। নাসিমা, একে দেখো, আমি কিছুক্ষণের জন্য বাইরে যাচ্ছি।

নাসিমা বললো—আচ্ছা।

বনহুর বেরিয়ে গেলো।

সুরাইয়া নাসিমাকে লক্ষ্য করে বললো—তুমি বড় সৌভাগ্যবতী নারী।

নাসিমা উর্দু ভাল বলতে না পারলেও বুঝতে তার কষ্ট হয় না। সেও ভাংগা ভাংগা উর্দুতে বললো—কি করে আপনি বুঝলেন আমি সৌভাগ্যবতী নারী?

সুরাইয়া বললো—তোমার স্বামী শ্রমিক হলেও সে সুন্দর সুপুরুষ। এটাই তোমার ভাগ্য-------

নাসিমার গন্ড রাঙা হয়ে উঠে, বলে—আমার স্বামী সে নয়।

তবে কে সে?

আমার বড় ভাই।

তোমার বড় ভাই!

হাঁ।

সুরাইয়ার মুখমন্ডল খুশীতে দীপ্ত হয়ে উঠে, বলে—তোমার ভাইটিকে আমার খুব ভাল লেগেছে। ওর কথাগুলো ভারী মিষ্টি লেগেছে আমার।

নাসিমার মুখে খুশীর আভাস ফুটে উঠে।

সুরাইয়া বলে—তোমরা ভাই-বোন শহর ছেড়ে এখানে থাকো কেন?

নাসিমা বলে—আমাদের কেউ নেই কিনা, তাই আমরা এখানে থাকি।

আমি যদি তোমাদের থাকার জায়গা দেই?

আমি জানি না, আমার ভাইকে বলবেন।

তোমার নাম কি?

আমার নাম নাসিমা।

ভারী মিষ্টি সুন্দর নাম তোমার। এখানে এই নির্জন পর্বতগুহায় খুব কষ্ট হয়ে তোমাদের, না?

সহ্য হয়ে গেছে।

তোমরা পাথরের উপরে ঘুমাও কি করে?

নাসিমা এবার বলে—না ঘুমিয়ে কোনো উপায় নেই, তাই ঘুমাই।

তোমার ভাইটিও বুঝি পাথরে ঘুমায়?

হাঁ।

সত্যি তোমাদের বড় কষ্ট হয়!

আমাদের কষ্ট উপলব্ধি করার কেউ নেই।

আমি আছি নাসিমা। এখন থেকে তুমি আমার বোন।

খুশী হলাম। এখন কি আপনি সম্পূর্ণ সুস্থবোধ করছেন?

হাঁ।

আপনাকে বাঁচানোর জন্য আমার ভাইয়ের কত চেষ্টা। তিনি নিজে কাঁধে করে আপনাকে এখানে বয়ে এনেছেন।

বড় আনন্দ লাগছে আমার। সত্যি, তোমার ভাইটি বড় মহৎ!

সুরাইয়া আর নাসিমার মধ্যে বেশ ভাব জমে যায়।

অনেক গল্প হয় ওদের মধ্যে।

সুরাইয়া গল্প করে তার জীবনকাহিনী...আমি ছিলাম সিন্ধুর সওদাগর ফিরোজ খাঁর একমাত্র কন্যা। সর্দার খাঁ আমার বাবার সঙ্গে ব্যবসা করতো। সে আমাকে একদিন দেখে ফেলে। আমাকে দেখে সে একেবারে উন্মাদ হয়ে উঠে। আমাকে বিয়ে করার জন্য সর্দার খাঁ বাবার কাছে প্রস্তাব দেয়।

তারপর?

বাবা বন্ধুর প্রস্তাব উপেক্ষা করতে পারেন না, তিনি বন্ধুকে কথা দেন কিন্তু আমি এ বিয়েতে রাজী হই না, কারণ আমি জানতাম সর্দার খাঁর মত নরপশু আর কেউ নেই। যেমন তার কুৎসিত চেহারা তেমনি তার কুৎসিত মন। বাবা রাজী হলেও আমি রাজী হলাম না। কিন্তু বাবা নাছোড়বান্দা, বিয়ে হলোই। সর্দার খাঁ আমাকে পেয়ে স্বর্গ হাতে পেলো, নিয়ে এলো সে আমাকে ফাংহায়। ফাংহায় এসে কি করবো, অনেক কাঁদাকাটি করলাম কিন্তু কিছু হলো না। শেষ পর্যন্ত সর্দার খাঁর কাছে নিজেকে বিসর্জন দিলাম। সর্দার খাঁ আমাকে খুব সম্মান দিলো এবং আমার কথামত সে কাজ করতে লাগলো। স্বর্ণ আভরণে আমাকে সুসজ্জিত করলো। লাখ লাখ টাকা আমার পায়ের নীচে রেখে দিলো সে। আমি ধীরে ধীরে তার বাধ্য হয়ে পড়লাম, অবশ্য সেও আমার বাধ্য হয়ে পড়লো অনুগত দাসের মত। ক্রমে আমি ওকে নিজের অজ্ঞাতে ভালবেসে ফেললাম। জানতাম স্বামীই মেয়েদের সবকিছু, বিশেষ করে আমাদের ইসলাম ধর্মে। কিন্তু আমি জানতাম না আমার স্বামী আমাকে কোনোদিন এভাবে হত্যা করতে পারে। এ কথা আমি ভাবিনি কোনো সময়। থামলো সুরাইয়া।

নাসিমা বিস্ময়ভরা দৃষ্টি নিয়ে অবাক হয়ে শুনছিলো ওর কথাগুলো।

সন্ধ্যার পূর্বে ফিরে আসে বনহুর।

হাতে তার একটি প্যাকেট আর কিছু খাবার ও ফলমূল।

বনহুর খাবারগুলো নাসিমার হাতে দিয়ে বললো—তোমরা খেয়ে নাও।

নাসিমা খাবার ও ফলমূলগুলো নিয়ে সুরাইয়া ও বনহুরকে খেতে দিলো। নিজেও খেতে শুরু করলো।

বনহুর ফল খেতে ভালবাসে, তাই সে ফল নিয়ে বসলো।

বনহুর যখন আপন মনে ফল খাচ্ছিলো তখন নিস্পলক নয়নে তাকিয়ে দেখছিলো সুরাইয়া ওকে।

নাসিমা মৃদু হেসে বলে—বোন, খাচ্ছেন না কেন? খেয়ে নিন।

হুঁশ হলো সুরাইয়ার, লজ্জিতভাবে বললো—খাচ্ছি বোন।

সুরাইয়া খেতে শুরু করলো।

একসময় তাদের খাওয়া শেষ হলো।

বনহুর বললো—রাণীজী, এবার আপনাকে পুরুষ সাজতে হবে।

সুরাইয়া কিছু বুঝতে না পেরে ফ্যাল ফ্যাল করে তাকিয়ে রইলো।

বনহুর প্যাকেট খুলে বের করলো পুরুষের ড্রেস। তাতে এমন কি গোঁফ-দাড়িও রয়েছে।

বনহুর নিজের হাতে সুরাইয়াকে পুরুষের ড্রেসে সজ্জিত করে নিলো। গোঁফ-দাড়ি লাগিয়ে ওকে একেবারে পুরুষ সাজিয়ে ফেললো।

অবশ্য সুরাইয়া প্রথমে আপত্তি জানিয়েছিলো। পরে বনহুর যখন বুঝিয়ে বললো, এ ছাড়া আপনার স্বামীর গোপন রহস্য উদঘাটন করা আপনার পক্ষে কিছুতেই সম্ভব হবে না, তখন আর সে আপত্তি করলো না।

সুরাইয়াকে একটি নবীন যুবক বলে মনে হচ্ছিলো।

বনহুর নিজেও দাড়ি-গোঁফ লাগিয়ে নিলো।

একটি আয়নাও এনেছিলো বনহুর, সুরাইয়াকে দিয়ে বললো—দেখুন আপনি নিজকে চিনতে পারেন কিনা?

সুরাইয়া নিজের চোহারার দিকে তাকিয়ে অবাক হয়ে গেলো, নিজকে সে নিজেই চিনতে পারলো না।

বনহুর নিজেও এক সাধু বাবাজীর পোশাকে সজ্জিত হয়ে নিলো। তারপর তারা নাসিমার কাছে বিদায় নিয়ে বেরিয়ে পড়লো।

সোজা তারা উপস্থিত হলো সর্দার খাঁর দরবারে।

ফটকে বাধা পেলো সাধু বাবাজী আর তার শিষ্য যুবকটি।

সাধু বাবাজী যখন বললো—আমি সর্দার খাঁর মঙ্গল কামনা করে এসেছি, তার সম্মুখে আমাকে নিয়ে চলো, তখন পাহারাদার সাধু বাবাজী ও তার যুবক শিষ্যটিকে সঙ্গে করে সর্দার খাঁর নিকটে নিয়ে হাজির হলো।

সর্দার খাঁ তখন তার বিশ্রামকক্ষে বিশ্রাম করছিলো। পাহারাদারের মুখে যখন সে শুনতে পেলো এক সাধু বাবাজী ও এক শিষ্য তার মঙ্গলার্থে তার

বাসভবনে হাজির হয়েছেন তখন সে নিজের বিশ্রামকক্ষেই তাদের ডেকে পাঠালো।

সাধু বাবাজী ও তার শিষ্য সর্দার খাঁর কক্ষে প্রবেশ করে প্রথমে হকচকিয়ে যায়। একটি অর্ধ উলঙ্গ তরুণী বসে আছে তার পাশে। সর্দার খাঁর কাঁধে তার মাথাটা রেখে বিশ্রাম করছে সে।

সাধু বাবাজী ও তার শিষ্য কক্ষমধ্যে প্রবেশ করতেই সর্দার খাঁ তরুণীটিকে সরিয়ে দিয়ে সোজা হয়ে বসলো।

সাধু বাবাজী ও তার শিষ্যটিকে পাশের আসনে বসার জন্য নির্দেশ দিলো।

সাধু বাবাজী ও তার শিষ্য আসন গ্রহণ করলো।

সাধু বাবাজী মাঝে মাঝে তাকিয়ে দেখলো তার-শিষ্যের মুখখানা।

এবার বললো সর্দার খাঁ—সাধু বাবাজী বলুন, কেন আপনার আগমন?

সাধু বাবাজী মাটিতে চক দিয়ে কয়েকটা রেখা টেনে বললো—আপনি যে কাজ গোপনে সমাধা করেছেন তা অচিরে প্রকাশ পাবার সম্ভাবনা আছে এবং আপনারও বিপদ সন্নিকটে বলে মনে হচ্ছে।

মুহূর্তে সর্দার খাঁর মুখ কালো হয়ে উঠলো। নেড়ে মাথার উপরে বারকয়েক হাত বুলিয়ে নিয়ে বললো—সাধু বাবাজী, আপনি এ সব কি বলছেন?

হুঁ বড় ভয়ঙ্কর কথা, বড় ভয়ঙ্কর কথা। আপনার প্রিয়তমা পত্নী...

সর্দার খাঁ প্রায় চীৎকার করে উঠলো—চুপ করুন সাধু বাবাজী, চুপ করুন—ভয়ে বিবর্ণ হয়ে উঠলো তার মুখমন্ডল। এদিক সেদিক তাকিয়ে পাশের তরুণীকে লক্ষ্য করে বললো—প্রিয়া, তুমি অল্পক্ষণের জন্য একটু বাইরে যাও, একটু বাইরে যাও তুমি।

তরুণী বিরক্তভাবে উঠে দাঁড়ালো, তারপর সাধু বাবাজী ও তার শিষ্যের দিকে তাকিয়ে বেরিয়ে গেলো কক্ষ থেকে।

এবার সর্দার খাঁ প্রায় কাঁদকাঁদ হয়ে সাধু বাবাজীর পায়ের কাছে বসে পড়লো। দু'হাতে সাধু বাবাজীর পা জড়িয়ে ধরে বললো—আপনি এসব কথা কি করে জানলেন? কি করে জানলেন সাধু বাবাজী বলুন?

সবকিছু আমি যোগবলে জানতে পেরেছি। জানতে পেরেছি আপনি আপনার প্রিয়তমা পত্নীকে নদীগর্ভে নিক্ষেপ করে হত্যা করেছেন।

সাধু বাবাজী, এ কথা যেন বাইরের কেউ জানতে না পারে। বলুন বাবাজী, আপনি কি চান? যা চাইবেন তাই দেবো।

সাধু বাবাজী আবার মাটিতে আঁচড় কেটে বললো—আপনার প্রিয়তমা পত্নীকে হত্যা করে আপনি নিশ্চিন্ত হতে চেয়েছেন কিন্তু তা হবার উপায় নেই। আপনার স্ত্রীর প্রেতাত্মা সর্বক্ষণ আপনাকে অনুসরণ করে ফিরছে। ছায়ার মত সে আপনার পিছনে লেগে আছে, কাজেই বুঝতে পারছেন....

মড়ার মুখের মত ফ্যাকাশে মুখে বলে উঠে সর্দার খাঁ—এ কথা সত্য?

হাঁ, সত্য।

সাধু বাবাজী, বলুন কি করে আমি আমার পত্নীর প্রেতাত্মার হাত থেকে রেহাই পাবো?

সে অতি ভয়ঙ্কর ব্যাপার!

বলুন সাধু বাবাজী, উপায় বলুন?

আজ বলা সম্ভব নয়, কাল আবার আসবো এবং সব বলবো।

সেদিনের মত সাধু বাবাজী উঠে পড়লো।

শিষ্যও সাধু বাবাজীকে অনুসরণ করলো।

সর্দার খাঁ একগাদা টাকা হাতে গুঁজে দিলো সাধু বাবাজীর —এই টাকাগুলো আপনার সেলামি, কাল আবার দেবো কিন্তু এ কথা যেন বাইরে কেউ জানতে না পারে।

সাধু বাবাজী চলে যায়।

টাকাগুলো সে শিষ্যের হাতে দেয়।

একসময় তারা ফিরে আসে তাদের গুহায়।

নাসিমা উদ্বিগ্নতা নিয়ে প্রতীক্ষা করছিলো। বনহুর আর সুরাইয়া ফিরে আসায় খুশী হলো সে।

সুরাইয়া তার ছদ্মবেশ পরিবর্তন করে ফিরে এলো।

নাসিমা তখন বনহুর আর সুরাইয়াকে খেতে দিলো। সুরাইয়া কিন্তু খেতে বসে মুখ গম্ভীর করে রইলো। তার ললাটে ফুটে উঠেছে গভীর চিন্তারেখা।

বনহুর বললো—এবার আপনার ভুল ভেঙ্গে গেছে তো রাণীজী?

সুরাইয়া বললো—হাঁ, আমার ভুল ভেঙ্গে গেছে। আমি ভাবতে পারিনি আমার স্বামী আমাকে কোনোক্রমে হত্যা করতে পারে। তারপর দাঁতে দাঁত পিষে বললো সে—সর্দার খাঁর আসল রূপ ধরা পড়ে গেছে আমার কাছে। সে

যে এমন চরিত্রহীন জঘন্য আমি তা জানতাম না। ঘৃণায় ওর মুখমন্ডল কঠিন হয়ে উঠলো।

বনহুর বললো—এখানেই শেষ নয় রাণীজী। আপনার স্বামীর পাশে থেকে আপনাকে সব লক্ষ্য করতে হবে। শত শত জনগণের বুকের রক্ত শোষণ করে সে প্রচুর সম্পদ করেছে। আর আমি তাকে শোষণ করতে দেবো না। একটু থেমে আবার বললো বনহুর—সেদিন আপনি আমাকে মুক্তি দিয়ে আমাকে আপনার কাছে ঋণী করেছেন।

সুরাইয়া বললো—তোমাকে মুক্তি দিয়ে আমি নিজে গর্বিত, আনন্দিত হয়েছি। তুমি শ্রমিক, অথচ তোমার মধ্যে আমি যে প্রতিভাদীপ্ত প্রাণ দেখেছি তা সত্যিই বিস্ময়কর। একটা কথা আজও আমি জানি না, শ্রমিক, তোমার নাম কি? আমি তোমাকে কি বলে ডাকবো?

বনহুর একটু হেসে বললো—আমাকে আমার বোন নাসিমা হাসান ভাই বলে ডাকে। রাণীজী, আপনি আমাকে হাসান বলে ডাকবেন।

সুরাইয়া বনহুরের নামটা অস্ফুট কণ্ঠে উচ্চারণ করলো—হাসান!

সুরাইয়া নামটা এমনভাবে উচ্চারণ করলো যেন মনে হলো তার অন্তরে গেঁথে নিলো ঐ নামটাকে। একটু ভেবে বললো আবার সুরাইয়া—দেশের জনগণকে আমিও প্রাণ দিয়ে ভালবাসি। জনগণের প্রতি অন্যায়-অনাচার-জুলুম আমিও সহ্য করতে পারি না। হাসান, আমার স্বামীকেও আমি এ ব্যাপারে ক্ষমা করবো না। আমি তোমাকে সর্বতোভাবে সাহায্য করবো।

রাণীজী, আপনার সহায়তায় আমি ফাংহায় পূর্ণ শান্তি স্থাপনে সমর্থ হবো। প্রথমে আপনি আমার সঙ্গে চলুন, নিজের চোখে দেখুন সর্দার খাঁ কি করে ফাংহাবাসীদের উপর অকথ্য অত্যাচার চালিয়েছে।

বনহুরের কথায় সুরাইয়া খুশী মনে সায় দিলো। সে নিজে যাবে বলে কথা দিলো তাকে।

পরদিন বনহুর আর সুরাইয়া শ্রমিক কলোনীতে গিয়ে হাজির হলো। সুরাইয়া নিজের চোখে যে দৃশ্য দেখলো তা সত্যি হৃদয় বিদারক।

কলোনীর শ্রমিকগণ একেবারে নাজেহাল অবস্থায় রয়েছে। ঘরবাড়ি তাদের যা-ও সামান্য ছিলো তা-ও জ্বালিয়ে দিয়েছে, পোড়া ভিটার উপরে কোনো রকমে রাত কাটায় ওরা! ছিন্নভিন্ন বসন, হাঁড়ি-পাতিল এবং অন্য সরঞ্জাম বলতে কিছু নেই। সব আগুনে পুড়ে গেছে।

শ্রমিকদের স্ত্রী ও সন্তান-সন্ততি প্রায় উলঙ্গ, অর্দ্ধ উলঙ্গ অবস্থায় রয়েছে। বনহুর আর সুরাইয়া সম্পূর্ণ ছদ্মবেশে গিয়েছিলো, কাজেই তাদের কেউ চিনতে পারলো না।

বনহুর আর সুরাইয়া যখন শ্রমিক কলোনীতে শ্রমিকদের বেশে গিয়েছিলো তখন সর্দার খাঁর লোক এসেছে তাদের পাকড়াও করে নিয়ে যেতে, কারণ তাদের দ্বারা পাথর কাটার কাজ করানো হবে। ওরা বিদ্রোহ ঘোষণা করেছিলো, তার জন্য ওদের বাড়িঘর সব জ্বালিয়ে দেওয়া হয়েছে, অনেককে হত্যা করা হয়েছে। অনেক তরুণীকে ধরে নিয়ে যাওয়া হয়েছে। তবু ওরা ক্ষান্ত হয়নি। আজও এসেছে এদের উপর অকথ্য ব্যবহার করতে।

হঠাৎ একটা আর্তনাদে ফিরে তাকাতেই দেখতে পায় বনহুর আর সুরাইয়া, কতগুলো শ্রমিককে সর্দার খাঁর লোক ধরে বেদম প্রহার করছে।

একটা লোকের নাকেমুখে রক্ত বেরিয়ে পড়েছে। লোকটার জীবন যায় আর কি!

সুরাইয়া এ দৃশ্য সহ্য করতে পারলো না, দু'হাতে সে চোখ ঢেকে ফেললো।

বনহুর চাপা কণ্ঠে বললো—দেখুন রাণীজী, সব দেখুন। আপনার স্বামীর অনুচরগণের আচরণ দেখুন। এর প্রতিকার আপনাকেই করতে হবে। কিন্তু এই মুহূর্তে আমি এদের শায়েস্তা করবো...

ঠিক ঐ সময় একটি বৃদ্ধ শ্রমিককে হাত-পা বেঁধে চাবুক দিয়ে আঘাত করে চলেছে। বৃদ্ধ মরিয়া হয়ে কাঁদাকাটি করছে।

বনহুর এগিয়ে গেলো এবং দৃঢ় হাতে ধরে ফেললো প্রহরীর চাবুক সহ হাতখানা। দাঁতে দাঁত পিষে বললো—শয়তানির জায়গা পাওনি, না?

প্রহরী বিদ্যুৎ গতিতে ফিরে তাকালো এবং সঙ্গে সঙ্গে চাবুক সহ হাতখানাকে ছাড়িয়ে নেবার চেষ্টা করলো। কিন্তু বনহুরের বলিষ্ঠ হাতের মুঠি থেকে হাতখানা সহজে ছাড়িয়ে নিতে পারলো না।

বিস্ময়ভরা দৃষ্টি নিয়ে দেখছে সুরাইয়া।

ততক্ষণে আরও কয়েকজন লোক বনহুরকে ঘিরে ফেললো।

বনহুর ক্ষিপ্রগতিতে চাবুকটা টেনে নিয়ে এক একজনকে ভীষণভাবে আঘাতের পর আঘাত করে চললো।

কাউকে বা প্রচন্ড ঘুষি লাগালো।

বনহুরের কাছে অল্পক্ষণেই পরাজয় বরণ করলো ওরা, কে কোন্ দিকে পালালো ঠিক নেই।

সুরাইয়া হতবাক হয়ে গেছে যেন। সে বহু পুরুষ দেখেছে কিন্তু এমন বীর, শক্তিশালী পুরুষ সে দেখেনি।

বনহুর এগিয়ে এলো হাতের পিঠে কপালের ঘাম মুছতে মুছতে।

সুরাইয়া লজ্জানত চোখ দুটো তুলে ধরলো বনহুরের মুখে, কোনো কথা সে সহসা বলতে না পারলেও অন্তরে অন্তরে ধন্যবাদ জানালো তাকে।

বনহুরের কপালের এক জায়গায় একটু কেটে গিয়েছিলো।

সুরাইয়া নিজের আঁচলে বনহুরের কপাল থেকে রক্তবিন্দু মুছিয়ে দিলো সযত্নে।

বনহুর ওকে বারণ করলো না।

ওদিকে শয়তান প্রহরীদল সর্দার খাঁর কাছে গিয়ে নালিশ জানালো! শ্রমিকদের একজন তাদেরকে ভীষণভাবে অপমান করেছে—শুধু অপমান নয়, তাদের খুব করে পিটিয়ে ছেড়েছে। তার প্রমাণ রয়েছে তাদের সমস্ত দেহে।

সব শুনে সর্দার খাঁর রক্তে আগুন ধরে গেলো। সে ঐ মুহূর্তে হুকুম দিলো শ্রমিক কলোনীর সবাইকে পাকড়াও করে আনতে।

যখন শ্রমিক কলোনীতে পুলিশ ফোর্স ছুটলো তখন বনহুর শ্রমিক কলোনীর সবাইকে নিয়ে প্রস্তুত হয়ে গেছে, যুদ্ধ হবে তবু কেউ ধরা দেবে না।

শ্রমিকদের যার যা আছে তাই নিয়ে ওরা তৈরি হয়ে নিয়েছে। দা-কুঠার-শাবল-খন্তা-কোদাল এমন কি শ্রমিক মেয়েরা পর্যন্ত লাঠিসোটা যা পেয়েছে নিয়ে প্রস্তুত হয়ে আছে, মরবে তবু মাথা নোয়াবে না।

সুরাইয়া নিজেও অস্ত্র হাতে নিয়েছে।

স্বামীর বিরুদ্ধে সেও সংগ্রাম করবে। সে কিছুতেই এই অন্যায়-অনাচারকে সহ্য করবে না।

শ্রমিক বাহিনী যখন যুদ্ধের প্রস্তুতি নিয়ে রুখে আছে, ঐসময় কয়েকখানা পুলিশ ভ্যান এসে দাঁড়ালো শ্রমিক কলোনীর সামনে।

মাত্র কয়েক সেকেন্ড।

পুলিশ বাহিনী ভ্যান ত্যাগ করে লাফিয়ে পড়লো নীচে, তারপর ঘিরে ফেললো সমস্ত কলোনী। শুরু হলো তুমুল যুদ্ধ।

বনহুর নিজে শ্রমিকদের সম্মুখভাগে থেকে যুদ্ধ পরিচালনা করতে লাগলো।

শ্রমিকদের কাছে কোনো আগ্নেয় অস্ত্র ছিলো না। পুলিশ বাহিনী সবাই আগ্নেয় অস্ত্র নিয়ে এসেছিলো, তাই শ্রমিকদের অনেকে নিহত হলো।

বনহুর একা অনেকগুলো পুলিশ বাহিনী ও সর্দার খাঁর নিজস্ব বাহিনীকে হত্যা করতে সক্ষম হলো। বনহুরের নির্দেশে এবার শ্রমিকগণ আড়ালে আত্মগোপন করে গেরিলা যুদ্ধ শুরু করলো।

এমন নিপুণভাবে শ্রমিকগণ লড়াই শুরু করলো যার জন্য অল্পক্ষণেই পরাজয় বরণ করলো সর্দার খাঁর লোকজন।

বারবার অপমান হয়ে ক্ষুব্ধ হয়ে উঠলো পুলিশ বাহিনী। তারা যাকে পেলো পাকড়াও করে নিয়ে গেলো। অনেকগুলো শ্রমিক তরুণীকেও সর্দার খাঁর লোক ধরে নিয়ে গেলো সর্দার খাঁর দরবারে।

আবার শ্রমিক কলোনীতে শুরু হলো কান্নাকাটি।

বনহুর এ দৃশ্য সহ্য করতে পারলো না।

সুরাইয়ার চোখেও পানি এসে গেলো। সে শপথ গ্রহণ করলো যেমন করে হোক এর প্রতিকার সে করবে।

❑

আবার আজ সাধু বাবাজী ও তার শিষ্য এসে হাজির হলো সর্দার খাঁর দরবারে। সাধু বাবাজীর মাথায় ঝাঁকড়া চুল, একমুখ পাকা দাড়ি, দেহে গেরুয়া বসন, হাতে চিমটা, গলায় ও বাজুতে রুদ্রাক্ষর মালা। তরুণ শিষ্যের দেহেও গেরুয়া বসন, চুলগুলো ঝুটি করে মাথার উপর ভাগে বাঁধা। মুখে কাঁচা দাড়ি, ললাটে চন্দনের তিলক।

সর্দার খাঁ সাধু বাবাজীকে দেখেই সসম্মানে আসন ত্যাগ করে উঠে দাঁড়ালো এবং পদস্পর্শ করে কদমবুসি করলো।

সাধু বাবাজী ও তার শিষ্য আসন গ্রহণ করার পর আসন গ্রহণ করলো সর্দার খাঁ।

সাধু বাবাজী আজ দরবার চলাকালে গিয়ে হাজির হয়েছে সর্দার খাঁর কাছে।

এমন সময় কয়েকজন পাহারাদার দু'জন বৃদ্ধ শ্রমিককে নিয়ে হাজির হলো। তাদের হাত পিছমোড়া করে বাঁধা। শরীরের স্থানে স্থানে কেটে রক্ত গড়িয়ে পড়ছে। চুলগুলো কতক টেনে ছিঁড়ে ফেলা হয়েছে। ঠোঁটের পাশ কেটে রক্ত পড়ছে।

সাধু বাবাজী ও তার শিষ্য এদের চিনতে পারলো। এরা দু'জন শ্রমিক সর্দার। বড় নিরীহ এবং মহৎ ব্যক্তি এরা। শ্রমিকদের মঙ্গলই এদের কাম্য।

সর্দার খাঁ কঠিন কণ্ঠে গর্জন করে উঠলো—এই দুই শয়তান শ্রমিকদের দলপতি?

একজন প্রহরী জবাব দিলো—হাঁ মালিক, এ দু'জন শ্রমিকদের দলপতি। এ ছাড়াও আর একজন আছে যুবক শ্রমিক, সে বড় দুর্দান্ত।

কোথায় সে? বজ্রকণ্ঠে প্রশ্ন করলো সর্দার খাঁ।

অপর প্রহরী জবাব দিলো—তাকে পাকড়াও করা সম্ভব হয়নি।

হুঙ্কার ছাড়লো সর্দার খাঁ—তোমরা সবাই বড় অকেজো! তোমাদের এতোগুলো প্রহরী এবং পুলিশকে ধোঁকা দিয়ে সে সরে পড়লো আর তোমরা...এই দুই অপদার্থকে নিয়ে এসেছো আমার কাছে?

মালিক, সে বড় সুচতুর।

আর তোমরা সবাই বোকা-গর্ধভ!

মালিক!

যাও এদের বন্দী করে রাখো গে। যতক্ষণ সেই সুচতুর দুর্দান্ত যুবকটিকে পাকড়াও করে আনতে না পেরেছো ততক্ষণ এদের কোনো খাবার দিও না এবং দিনে ছয় ঘন্টা এদের উপর নির্যাতন চালাবে। যাও নিয়ে যাও।

একজন প্রহরী বললো—মালিক, এই দুই বৃদ্ধ ছাড়াও আরও পঁচিশ জন বিদ্রোহী শ্রমিককে আমরা পাকড়াও করে এনেছি।

তাদের সবাইকে বন্দী করে রাখো এবং এই দুই বৃদ্ধের সাজা অনুসারে তাদেরকেও সাজা দাও। বলে থামলো সর্দার খাঁ।

প্রথম প্রহরী বললো—মালিক, পাঁচজন তরুণীকেও বন্দী করে এনেছি।

এবার সর্দার খাঁর চোখ দুটোতে লালসাপূর্ণ ভাব ফুটে উঠলো। বাঁকা চোখে একবার সাধু বাবাজী ও তার শিষ্যের দিকে তাকিয়ে বললো—তাদের আমার সম্মুখে হাজির করো!

প্রহরীরা বৃদ্ধ শ্রমিক দু'জনকে নিয়ে বেরিয়ে গেলো।

সর্দার খাঁ বললো—এবার সাধু বাবাজী বলুন কি কারণে আপনার আগমন?

সাধু বাবাজী তার পাকা দাড়িতে হাত বুলিয়ে বললো—আজ বড় এক ভয়ঙ্কর সংবাদ জানাতে এসেছি।

দু'চোখ কপালে তুলে বললো সর্দার খাঁ—সাধু বাবাজী, আপনি সত্যিই ভয়ঙ্কর সংবাদ আমার জন্য বহন করে এনেছেন?

হাঁ সর্দার খাঁ, অচিরেই আপনার..

থামুন সাধু বাবাজী, আমি আর শুনতে চাই না। বলুন কি করে আমি এ বিপদ থেকে রক্ষা পেতে পারি।

সাধু বাবাজী চক দিয়ে মেঝেতে কয়েকটা আঁচড় কেটে বললো—আপনি এ বিপদ থেকে রক্ষা পাবেন না।

সাধু বাবাজী!

হাঁ, সর্দার খাঁ।

যত টাকা চান দেবো, আপনি আমাকে রক্ষার উপায় বলে দিন।

আমি কিছুতেই আপনাকে রক্ষা করতে পারছি না, কারণ আপনার প্রিয়তমা পত্নীর প্রেতাত্মা সর্বক্ষণ আপনাকে ঘিরে আছে।

তাহলে উপায়?

আপনি তার দৃষ্টি থেকে পরিত্রাণ পাবেন না।

পাবো না?

না।

তাহলে কি করবো সাধু বাবাজী?

আপনি সাধনা করুন।

সাধনা?

হাঁ, সাধনা করতে হবে আপনাকে।

কি করে সাধনা করবো?

সমস্ত অন্যায় কাজ থেকে বিরত থাকতে হবে আপনাকে।

সর্দার খাঁ ক্রুদ্ধ হয়ে উঠে—অন্যায় কাজ! আমি কোনো অন্যায় কাজ করি না।

হাঁ, আপনি কোন অন্যায় কাজ করেন না সত্য কিন্তু আমার গণনায় আমি দেখতে পাচ্ছি আপনি প্রতি মুহূর্তে অন্যায় কাজ করে চলেছেন।

মিথ্যা কথা। আপনার গণনা ভুল।

আপনার স্ত্রীকে আপনি হত্যা করেছেন, এটা অন্যায় নয়?

এবার সর্দার খাঁর মুখে দুশ্চিন্তার ছায়া পড়লো।

সাধু বাবাজী বললো আবার—আপনি যদি আপনার স্ত্রীর প্রেতাত্মার কবল থেকে রক্ষা পেতে চান তাহলে আমার এই শিষ্যটিকে সদাসর্বদা আপনার পাশে রাখবেন এবং অন্যায় কাজ থেকে বিরত থাকবেন।

তাহলে আমি রক্ষা পাবো?

হাঁ পেতে পারেন।

বেশ, তাই হবে। আপনার শিষ্যটিকে আমি সসম্মানে আমার বাসভবনে স্থান দিলাম।

সাধু বাবাজী শিষ্যটিকে লক্ষ্য করে বললো—কি হে, রাজী আছো তো?

শিষ্য মাথা নেড়ে সম্মতি জানালো।

সাধু বাবাজী বললো—সর্দার খাঁ, আমার শিষ্য কিন্তু কথা বলতে পারে না, সে বোবা।

সাধু বাবাজী বিদায় গ্রহণ করলো।

শিষ্য রয়ে গেলো সর্দার খাঁর বাসভবনে।

দরবার শেষ হলো।

কয়েকজন প্রহরী কয়েকটা শ্রমিক তরুণীকে সঙ্গে করে হাজির হলো।

শিষ্য তাকিয়ে দেখলো তরুণীদল সবাই গরীব শ্রমিকদের স্ত্রী-কন্যা-বোন। এক একজনের দেহের বসন ছিন্ন-ভিন্ন, প্রায় অর্ধ উলঙ্গ সবাই।

সর্দার খাঁর মনে পাপ বাসনা মাথাচাঁড়া দিয়ে উঠলো। সে প্রহরীগণকে বললো—প্রহরীগণ, তোমরা এদের মধ্যে যে সবচেয়ে বেশি সুন্দরী তাকে আমার বিশ্রামাগারে পাঠিয়ে দাও। তারপর তাকালো সাধু বাবাজীর শিষ্যের দিকে—আপনি যান, বিশ্রাম করুন গে। অপর একজন কর্মচারীকে লক্ষ্য করে বললো—এঁকে নিয়ে যান, এঁর বিশ্রামকক্ষ দেখিয়ে দেন।

শিষ্যকে সঙ্গে করে কর্মচারী চলে গেলো।

সর্দার খাঁ চলে গেলো তার বিশ্রামাগারের দিকে। দু'চোখে তার লালসাপূর্ণ ভাব ফুটে উঠেছে। খুশীমনে সে এগিয়ে চলেছে, ভুলে গেছে সর্দার খাঁ সাধু বাবাজীর কথা।

বিশ্রামাগারে প্রবেশ করে সর্দার খাঁ তার টেবিলের সম্মুখে দাঁড়ায়। টেবিলে মূল্যবান বিলেতী মদের বোতল ও খালি গ্লাস থরে থরে সাজানো

রয়েছে। সর্দার খাঁ মদের বোতল তুলে নিলো হাতে-তারপর একটা গ্লাসে ঢাললো।

কয়েক গ্লাস গলধঃকরণ করে তাকালো সম্মুখে। দেখলো দু'জন প্রহরী একটি তরুণীকে সঙ্গে সরে দাঁড়িয়ে আছে দরজার পাশে।

সর্দার খাঁর চোখ দুটো জ্বলে উঠলো জ্বলজ্বল করে। মদের নেশায় চোখ দুটো তার জ্বলছে। টলতে টলতে এগিয়ে গেলো সে তরুণীটির পাশে। তরুণী তার ওড়না দিয়ে মুখখানাকে ঢেকে রেখেছে ভাল ভাবে।

সর্দার খাঁ তার প্রহরীকে বেরিয়ে যাবার জন্য ইংগিত করলো।

প্রহরী দু'জন বেরিয়ে গেলো বিশ্রাম কক্ষ থেকে।

সর্দার খাঁ দু'হাত প্রসারিত করে তরুণীকে জাপ্‌টে ধরলো। সঙ্গে সঙ্গে ঘোমটা সরিয়ে ফেললো সে ওর মুখ থেকে, মুহূর্তে ভূত দেখার মত আঁতকে উঠলো। অস্ফুট ভয়ার্তকণ্ঠে উচ্চারণ করলো, সুরাইয়া, তুমি বেঁচে আছো...

সুরাইয়াই একজন শ্রমিক কন্যা বেশে হাজির হয়েছিলো স্বামী সর্দার খাঁর সম্মুখে।

সর্দার খাঁ সুরাইয়াকে অত্যন্ত ভয় করে চলতো। তাকে গোপনে হত্যা করে সে যথেচ্ছাচারণে প্রবৃত্ত হয়েছিলো। হঠাৎ সেই মৃত পত্নীর আবির্ভাবে একেবারে হকচকিয়ে যায় সর্দার খাঁ।

সুরাইয়া যে জীবিত আছে সর্দার খাঁ এটা যেন কিছুতেই বিশ্বাস করতে পারছিলো না! সে তাকালো ওর দিকে, মুখমন্ডল ফ্যাকাশে হয়ে উঠেছে!

সুরাইয়া এবার কথা বললো—আমি বেঁচে আছি এবং তোমার সব কীর্তিই আমি লক্ষ্য করেছি। তুমি আমাকে হত্যা করে তোমার মনবাসনা পূর্ণ করতে চেয়েছো.....

সর্দার খাঁ সুরাইয়ার পায়ের কাছে বসে পড়ে বলে—তুমি আমাকে ক্ষমা করো সুরাইয়া, আমাকে ক্ষমা করো...

না, আমি তোমাকে কিছুতেই ক্ষমা করতে পারি না, কারণ তুমি আমাকে হত্যা করেছো?

সুরাইয়া!

না, তুমি আমার স্বামী নও।

আমাকে ক্ষমা করবে না তাহলে?

ক্ষমার যোগ্য তুমি নও।

এবার সর্দার খাঁর চোখ দুটো জ্বলে উঠলো। দাঁতে দাঁত পিষে বললো—আমিও তাহলে তোমাকে বাঁচতে দেবো না। এই মুহূর্তে তোমাকে হত্যা করবো। লোকে জানে, তুমি নিরুদ্দেশ হয়েছো। তুমি বেঁচে আছো একথা কেউ জানে না, এই দন্ডে তোমাকে হত্যা করে নদীগর্ভে নিক্ষেপ করবো। কেউ জানবে না। তোমাকে আমি সহস্তে হত্যা করলাম। সর্দার খাঁ সুরাইয়ার গলা টিপে ধরার জন্য দু'হাত প্রসারিত করে এগিয়ে যায়।

সুরাইয়া পিছু হটতে থাকে।

সর্দার খাঁর দু'চোখ দিয়ে যেন আগুন টিকরে বের হচ্ছে। নিশ্বাস যেন অগ্নি শিখা। দাঁতগুলো যেন নরখাদক রাক্ষসের দাঁত। সেকি ভয়ঙ্কর মূর্তি!

আর কয়েক মুহূর্ত তাহলেই সর্দার খাঁ এবার সত্যি সত্যি সুরাইয়াকে গলা টিপে হত্যা করে ফেলে।

ঠিক সেই সময় জমকালো পোশাক পরা এক ব্যক্তি প্রবেশ করে সেই কক্ষে, বজ্রকঠিন কণ্ঠে বলে—খবরদার, একচুল আর অগ্রসর হবেনা।

সর্দার খাঁ থমকে দাঁড়ালো।

বিস্ময়ভরা দৃষ্টি নিয়ে তাকালো সে জমকালো পোশাক পরা লোকটার দিকে। প্রথমে হকচকিয়ে গেলেও পরক্ষণে রুখে দাঁড়ালো, কঠিন গলায় বললো—কে তুমি?

আমি তোমার আজরাইল, জান নিতে এসেছি। বললো জমকালো পোশাক পরা লোকটা।

সুরাইয়াও কম অবাক হয়নি। সে ভাবছে, কে এই লোক যে তাকে এমনভাবে মৃত্যুর মুখ থেকে বাঁচালো।

সর্দার খাঁ একটা বিদ্রুপ পূর্ণ শব্দ করে বললো—আমার আজরাইল তুমি! তুমি ডাকাত.....কথাটা বলে হাতে তালি দেয় সর্দার খাঁ।

সঙ্গে সঙ্গে কক্ষের চারপাশের দরজা খুলে যায়।

কক্ষের দরজাগুলো দিয়ে কক্ষে প্রবেশ করে অগণিত সশস্ত্র প্রহরী। তারা কক্ষমধ্যে প্রবেশ করে ঘিরে ফেলে জমকালো পোশাক পরা লোকটাকে।

ক্ষণিকের জন্য স্থির হয়ে দাঁড়ায় জমকালো পোশাক পরা লোকটা, তার চোখে এক অপূর্ব দীপ্ত ভাব ফুটে উঠে। ঝাঁপিয়ে পড়ে সে একজন প্রহরীর উপর, তাকে ধরাশায়ী করেই অপর এক ব্যক্তিকে প্রচন্ড ঘুষি দিয়ে দূরে নিক্ষেপ করে। তারপর যেমন এসেছিলো তেমনি দ্রুত বেরিয়ে যায় সে বাইরে।

সর্দার খাঁ হুকুম দেয়—এই মুহূর্তে ঐ ডাকাতকে গ্রেপ্তার করে নিয়ে এসো।

সবাই ছুটলো বাইরে।

কিন্তু বাইরের অন্ধকারে কাউকেই পাওয়া গেলো না। বিফল মনোরম হয়ে ফিরে এলো প্রহরীরা।

সর্দার খাঁ আদেশ দিলো সুরাইয়াকে বন্দী করে ফেলতে।

প্রহরীগণ সুরাইয়াকে বন্দী করে ফেললো। নিয়ে গেলো তাকে অন্ধকার কারাকক্ষে। সর্দার খাঁ আবার শুরু করলো তার কুকর্ম।

❑

বনহুরকে একা ফিরে আসতে দেখে নাসিমা ব্যাকুল উদ্বিগ্ন কণ্ঠে জিজ্ঞাসা করলো—হাসান ভাই, আপনি একা কেনো? বোন সুরাইয়া কোথায়?

বনহুর গম্ভীর অথচ শান্ত গলায় বললো—সে তার স্বামীর বন্দীশালায় আটকা পড়েছে।

অবাক কণ্ঠে বললো নাসিমা—সর্দার খাঁ তাকে আটক করেছে!

হাঁ, নাসিমা।

তাহলে উপায়? শুনেছি তার স্বামী নাকি তাকে হত্যা করার চেষ্টা করেছিলো?

হত্যা করার চেষ্টা নয় তাকে শয়তান হত্যাই করেছিলো কিন্তু সে ভাগ্যক্রমে বেঁচে গেছে।

হাসান ভাই, আপনি তাকে উদ্ধার করুন। নাহলে ঐ শয়তান সর্দার খাঁ.....

তাকে হত্যা করবে।

হাঁ, হাসান ভাই।

বনহুর দেহ থেকে জামা খুলতে খুলতে বললো—শুধু সুরাইয়াই নয়, সর্দার খাঁর বন্দীশালায় বহু নিরীহ শ্রমিক আটকা পড়েছে। সর্দার খাঁ হুকুম দিয়েছে যতক্ষণ না শ্রমিকদের বিদ্রোহী যুবককে গ্রেপ্তার করা সম্ভব হয়েছে ততক্ষণ তাদের মুখে কোন খাদ্য যেন না পড়ে।

নাসিমা বলে উঠলো—শ্রমিকদের বিদ্রোহী যুবক কে? যাকে গ্রেপ্তার করতে না পারলে সর্দার খাঁ তার বন্দীশালায়বন্দীদের খেতে দেবে না?

বনহুর একটা পাথর খণ্ডে বসে পড়ে বললো—সেই বিদ্রোহী যুবক তোমার হাসান ভাই নাসিমা।

আপনি! আপনি বিদ্রোহী শ্রমিক.....

হাঁ, নাসিমা আমিই.....

তাহলে?

আমি সর্দার খাঁর কাছে ধরা দেবো।

আপনি ধরা দেবেন?

তা ছাড়া কোনো উপায় দেখছি না নাসিমা?

হাসান ভাই, আপনিই বলেছেন সর্দার খাঁ জল্লাদ। সে আপনাকে হাতের মুঠায় পেলে সঙ্গে সঙ্গে হত্যা করবে।

হয়তো করবে কিন্তু কোনো উপায় তো দেখছি না। আজ দু'দিন হলো সর্দার খাঁ শ্রমিক কলোনী থেকে সমস্ত শ্রমিকদের পাকড়াও করে নিয়ে গেছে। শুধু তাই নয়, বৃদ্ধ শ্রমিক দু'জনকেও পাষন্ড ধরে নিয়ে গেছে এবং তাদের কাউকেই সে খেতে দেয় নি। এ ছাড়াও তাদের উপর চালানো হচ্ছে অকথ্য অত্যাচার। কথাগুলো বলে থামলো বনহুর।

নাসিমা স্থিরদৃষ্টি মেলে তাকিয়েছিলো বনহুরের মুখের দিকে। চোখেমুখে তার দারুণ উৎকণ্ঠা আর দুশ্চিন্তার ছায়া।

বনহুর বললো—নাসিমা, ধরা আমাকে দিতেই হবে, না'হলে শত শত নিরীহ শ্রমিক না খেয়ে তিলতিল করে শুকিয়ে মরবে। না না, আমি পারবো না এসব সহ্য করতে।

হাসান ভাই! দু'হাতে মুখ ঢেকে ফুঁপিয়ে কেঁদে উঠে নাসিমা।

বনহুর ওর মাথায় হাত বুলিয়ে বলে—নাসিমা, জানি তোমার কষ্ট হবে। হয়তো ফিরে আর নাও আসতে পারি.....

হাসান ভাই, আমি আপনাকে একা যেতে দেবো না, আমাকেও আপনি সঙ্গে নিয়ে চলুন।

তা কি সম্ভব? আমি তোমার জন্য সব ব্যবস্থা করে যাবো নাসিমা। বাংলাদেশে ফিরে যেতে তোমার কোনো কষ্ট হবে না।

তা আমি চাইনা হাসান ভাই।

নাসিমা, তুমি বড্ড ছেলেমানুষ। একটি কথা মনে রেখো, তোমার হাসান ভাইকে যদি হত্যা না করে বন্দী করে রাখে তাহলে সে সব বাধা অতিক্রম করে ঠিক তোমার পাশে এসে হাজির হবে। তুমি আমাকে হাসিমুখে বিদায় দাও বোন। একি, তুমি কাঁদছো!

বনহুর নাসিমাকে গভীর স্নেহে কাছে টেনে নেয়।

নাসিমা বনহুরের বুকে মাথা রাখলো। সে কি এক অনাবিল অনুভূতি। নাসিমার সমস্ত দেহমনে শিহরণ জাগলো, সে নিজকে হারিয়ে ফেললো যেন।

বনহুর বললো—বোন, আমি জানি তুমি আমাকে অত্যন্ত ভালবাসো। তোমার ভালবাসার কোন প্রতিদান আমি তোমাকে দিতে পারিনি কোনোদিন, তবু তুমি আমাকে.....

চুপ করুন হাসান ভাই, চুপ করুন। আপনি আমাকে যা দিয়েছেন তা কোনোদিন ভুলবো না। হাসান ভাই, একটি কথা বলবো, রাখবেন?

বলো, রাখবো।

বাইরে আকাশে ভীষণ মেঘ করেছে; বিদ্যুৎ চমকাচ্ছে, বড্ড ভয় করছে আমার, আজ রাত আপনি কোথাও যাবেন না।

একটু হেসে বললো বনহুর– ও এই কথা। বেশ তুমি যদি ভয় পাও নিশ্চয়ই আমি যাবো না। কিন্তু কাল আমাকে যেতেই হবে।

নাসিমা কোনো কথা বলে না।

বনহুর বলে—সন্ধ্যার অন্ধকার জমাট বেঁধে আসছে, আলো জ্বালো নাসিমা।

নাসিমা লণ্ঠন জ্বাললো।

বাইরে তখন ভীষণভাবে মেঘ গর্জন শুরু করেছে। বিদ্যুৎ চমকাচ্ছে, ঝড় শুরু হবার পূর্ব লক্ষণ এটা।

নাসিমা লণ্ঠন জ্বেলে বনহুরের পাশে এসে বসলো, চোখে মুখে তার ভয়াতুর ভাব।

ঠিক ঐ মুহূর্তে কোথাও বাজ পড়লো।

নাসিমা ভয়-বিহবলভাবে ঝাঁপিয়ে পড়লো বনহুরের বুকে।

বনহুর ওকে সস্নেহে কাছে টেনে নিলো।

প্রচন্ড ঝড়ের বেগ আরও বাড়ছে।

ঝমঝম করে বৃষ্টি শুরু হলো।

রাত বাড়ছে।

বনহুর আর নাসিমা নির্জন গুহায় দুটি প্রাণী। গুহার মুখ না থাকায় ঝরের ঝাপটা গুহার মধ্যে প্রবেশ করছিলো।

কখন যে নাসিমা বনহুরের কোলে মাথা রেখে ঘুমিয়ে পড়েছে খেয়াল নেই। হঠাৎ ঘুম ভেংগে যায় নাসিমার, চোখ মেলে তাকাতেই এক আনন্দ অনুভূতি তাকে আপ্লুত করে ফেলে। বনহুরের কোলে তার মাথা, বনহুর গুহার দেয়ালে ঠেশ দিয়ে ঘুমিয়ে পড়েছে।

নাসিমা ইচ্ছা করেই চুপচাপ শুয়ে থাকে। বড় ভাল লাগে ওর। মনে হয় যুগ যুগ যদি সে এমনি করে ওর কোলে মাথা রেখে ঘুমাতে পারতো।

এক সময় ভোর হয়ে আসে।

ঘুম ভেংগে যায় বনহুরের।

ভোরের আলো গুহার মধ্যে এসে পড়েছে।

আকাশ পরিস্কার।

কোথাও মেঘের চিহ্ন নেই।

একটা ঠান্ডা বাতাস শরীরে কাঁপন লাগাচ্ছে। নাসিমা কখন আবার ঘুমিয়ে পড়েছিলো। ঠান্ডায় শরীরটা তার কুঁকড়ে গেছে। জড়ো সড়ো হয়ে আছে সে, বনহুর নাসিমার মাথাটা কোল থেকে নামিয়ে আঁচলটা ভাল করে ওর গায়ে ঢাকা দিয়ে উঠে দাঁড়ায়।

বেরিয়ে আসে বাইরে বনহুর।

ভোর হলেও এখনও সূর্য পূর্বাকাশ আলোকিত করে উঁকি দেয় নি। পর্বতের গায়ে এখনও বৃষ্টির জলের ছোঁয়া লেগে রয়েছে।

এক ঝাঁক শুভ্র বলাকা উড়ে চলেছে পর্বতের পাশ কেটে। বনহুর নিষ্পলক নয়নে খানিকক্ষণ তাকিয়ে রইলো তারপর নেমে পড়লো পর্বতের গা বেয়ে নীচে।

নাসিমা ঘুমিয়ে আছে নিশ্চিন্ত মনে।

বনহুর এগিয়ে চলেছে।

সর্দার খাঁর সম্মুখে হাজির হবে সে। বনহুর ঠিক সেই যুবক শ্রমিকের বেশে সজ্জিত হয়ে গিয়েছিলো যাতে তাকে ভুল না করে।

সর্দার খাঁর নিকটে হাজির হবার আগে বনহুর শ্রমিক কলোনীতে গিয়ে হাজির হলো। সেখানে এখনও বহু শ্রমিক নারী এবং শিশু রয়েছে। তারা আজ ক'দিন না খেয়ে রয়েছে। বাড়িঘর আশ্রয় কিছু নেই তাদের।

বনহুরকে দেখিবামাত্র তারা আনন্দিত হয়ে উঠলো। এতো দুঃখ-বেদনার মধ্যেও তারা আশার আলো দেখতে পেলো।

বনহুর এদের জন্য প্রচুর খাবার নিয়ে গিয়েছিলো। খাবারগুলো সে নিজের হাতে শ্রমিকদের মা-বোন-সন্তানদের মধ্যে বিতরণ করলো।

একজন বৃদ্ধা শ্রমিকমাতা বনহুরকে বললো—বাবা, তুমি যদি এই মুহূর্তে খাবার এনে না দিতে তাহলে আমরা সবাই মরে যেতাম। আমাদের ছেলেপুলে সবাই মরতো। বাবা তুমি আমাদের রক্ষাকারী.....

বৃদ্ধার কথায় বনহুরের চোখে পানি এসে যায়, বলে সে—খোদা তোমাদের রক্ষাকারী, আমি নই মা।

এমন সময় আর এক বৃদ্ধা এসে কেঁদে পড়ে—বাবা, আমার একমাত্র ছেলেকে ওরা ধরে নিয়ে গেছে। আমরা ওকে ছাড়া বাঁচতে পারি না। ওর বাবা অন্ধ, আমি বৃদ্ধা। বৌ আছে, তার চারটি ছেলেমেয়ে, সবাই ছোট ছোট। বলো বাবা আমরা কি করে বাঁচবো? সেই তো উপার্জ্জন করতো আমরা সবাই তাই খেয়ে বাঁচতাম।

আর এক বুড়ো এসে হাউমাউ করে কেঁদে উঠলো—আমাকে বাঁচাও বাবা, আমাকে বাঁচাও। আমার মেয়েকে ওরা ধরে নিয়ে গেছে। আমার মেয়ে কাজ করে এনে আমাকে খাওয়াতো, আমি আজ দু'দিন হলো না খেয়ে আছি।

বনহুরকে ঘিরে ধরলো শ্রমিকদের বৃদ্ধা মা, বৃদ্ধা বাবা এবং অসহায়া স্ত্রী-পুত্র-কন্যা, আত্মীয় স্বজন।

বনহুর সান্ত্বনা দিয়ে বললো—সবাই প্রতীক্ষা করো, আমি তাদের মুক্ত করে দেবো। তোমরা হয়তো শুননি আমাকে পাকড়াও করতে পারলে সর্দার খাঁ তোমাদের ছেলে, স্বামী এবং বৃদ্ধ দুটি সর্দারকে খেতে দেবে। যতক্ষণ না আমাকে সে পাকড়াও করতে পেরেছে ততক্ষণ সবাইকে অনাহারে কষ্ট দিচ্ছে। আর চালাচ্ছে অকথ্য অত্যাচার।

বনহুরের কথা শুনে সকলের মাথায় যেন বজ্রাঘাত হলো। সবাই কেঁদে পড়লো, না না তোমাকে আমরা বন্দী হতে দেবো না। আমাদের ছেলে, স্বামী সর্দার সবাই যাক, তবু তোমাকে আমরা সর্দার খাঁর নিকটে যেতে দেবো না। ও তোমাকে পেলে হত্যা করে ফেলবে।

বনহুরকে তারা প্রাণ দিয়ে ভালবাসে, তাই বৃদ্ধ, বৃদ্ধা ও নারী-শিশু সবাই মিলে বনহুরকে ঘিরে ধরে।

বনহুরকে অনেক বাধা দিয়েও তারা আটকে রাখতে পারে না, সে সোজা চলে যায় সর্দার খাঁর দরবারে।

সর্দার খাঁ তখন দরবার কক্ষে বসেছিল। তার সম্মুখে সেই বৃদ্ধ শ্রমিক সর্দার দু'জনকে নির্মমভাবে প্রহার করা হচ্ছিলো। চারপাশে ঘিরে আছে সশস্ত্র প্রহরী। অগ্নি মূর্তিধারণ করেছে সর্দার খাঁ।

সর্দার খাঁ গর্জন করে বলছে—জবাব দাও কে সেই যুবক শ্রমিক, কোথায় থাকে সে? কি তার নাম?

বলবো না! কঠিন দৃঢ়কণ্ঠে জবাব দিলো বৃদ্ধ শ্রমিক সর্দার।

সঙ্গে সঙ্গে কষাঘাত এসে পড়লো তার পিঠে।

যন্ত্রণায় বিকৃত করলো শ্রমিক সর্দার মুখখানা। আবার প্রশ্ন করলো সর্দার খাঁ—জবাব দাও, সেই যুবক কোথায়?

বলবো না! পুনরায় সেই বলিষ্ঠ কণ্ঠ—বৃদ্ধ শ্রমিক সর্দারের।

আবার আঘাতের পর আঘাত।

ঠিক ঐ মুহূর্তে বনহুর শ্রমিকের বেশে প্রবেশ করে সেই দরবারকক্ষে।

ঐ দন্ডে শয়তান সর্দার খাঁর প্রধান অনুচর বলে উঠে—খাঁ সাহেব, এই সেই শ্রমিক যুবক।

সঙ্গে সঙ্গে সর্দার খাঁ ফিরে তাকায়।

বনহুরের মুখে দৃষ্টি পড়তেই দু'চোখ তার অগ্নিবর্ণ হয়ে উঠে। এই সেই যুবক, যার প্রচন্ড আক্রমণে তার দুর্দান্ত প্রহরী ও ফাংহা-পুলিশ বাহিনী কম হয়রান হয়নি। তার বহু লোককে সে হত্যাও করেছে। যাকে পাকড়াও করার জন্য তার এতো প্রচেষ্টা সেই দুর্ধর্ষ শ্রমিক যুবক তারই দরবারে স্বয়ং হাজির, কম কথা নয়।

সর্দার খাঁর চোখেমুখে বিস্ময়।

বনহুর সর্দার খাঁর সম্মুখে এসে দাঁড়ালো।

বৃদ্ধ শ্রমিক সর্দার দু'জনকে তখন প্রহার থেকে ক্ষান্ত রাখা হয়েছিলো।

বৃদ্ধ শ্রমিক সর্দার দু'জন বনহুরকে দেখে একেবারে মুষড়ে পড়েছিলো। তারা চেয়েছিলো নিজেরা মরবে তবু তাদের প্রিয় শ্রমিক বন্ধুটিকে বিপদে ফেলবে না। কিন্তু একি হলো, যে ভয় তারা সর্বক্ষণ করতো সেই ভয়ই হলো তাদের কাল। শ্রমিক যুবক সর্দার খাঁর দরবারে নিজে এসে ধরা দিচ্ছে।

সর্দার খাঁ কিছু প্রশ্ন করার আগেই বললো বনহুর—আমি এসেছি, এবার সব বন্দীদের খেতে দেওয়া হোক।

সর্দার খাঁ তার প্রহরীদের ইংগিত করলো বনহুরকে গ্রেপ্তার করে ফেলতে।

সঙ্গে সঙ্গে সর্দার খাঁর প্রহরী বনহুরকে ঘিরে ফেললো।

বন্দী করে ফেললো তাকে।

বনহুর তাদের কোনো বাধা দিলো না।

এবার সর্দার খাঁ দাঁতে দাঁত পিষে বললো—সেবার রাণী সুরাইয়ার নেক নজরে পড়ে মুক্তি পেয়েছিলে। এবার কে তোমাকে মুক্তি দেয় দেখে নেবো। প্রহরীদের লক্ষ্য করে বলে—নিয়ে যাও একে, কারাকক্ষে বন্দী করে রাখো। কাল সকালে সমস্ত শ্রমিক বন্দীর সম্মুখে একে গুলী করে হত্যা করা হবে।

শ্রমিক বৃদ্ধ সর্দার দু'জনার মুখ কালো হয়ে উঠলো।

ততক্ষণে সর্দার খাঁর প্রহরীরা বনহুরকে গ্রেপ্তার করে বন্দীশালার দিকে নিয়ে চললো।

বনহুর শ্রমিকদের মুক্তির জন্য নিজকে তুলে দিলো এক চরম পরিণতির মুখে।

❑

শুষ্ক কঠিন পাথরের মেঝেতে আজ সুরাইয়ার স্থান। দুগ্ধ ফেননিভ শুভ্র বিছানায় সে চিরকাল ঘুমিয়েছে—আজ সে অসহায়া ,করুণ তার অবস্থা। দু'দিন দু'রাত তাকে খেতে দেওয়া হয়নি। অন্যান্য শ্রমিকের সঙ্গে তাকেও কঠিন শাস্তি দেওয়া হয়েছে এবং খাওয়া বন্ধ করে দেওয়া হয়েছে।

যতক্ষণ বিদ্রোহী শ্রমিক যুবকটিকে পাকড়াও করা সম্ভব না হবে ততক্ষণ তাদের মুখে পানিবিন্দু পর্যন্ত দেওয়া হবে না, সুরাইয়া এ খবর জানতো।

না খেয়ে মরতে রাজী আছে সুরাইয়া তবু তার প্রাণরক্ষাকারী সেই বিদ্রোহী শ্রমিক যুবককে গ্রেপ্তার হতে দিতে পারে না সে।

সুরাইয়া নামায পড়ে দোয়া করে, হে খোদা—তাকে তুমি রক্ষা করো। দু'হাত তুলে মোনাজাত করে সে।

ঠিক ঐ মুহূর্তে তার কারাকক্ষের দরজা খুলে যায়।

বিস্ময় দৃষ্টি নিয়ে তাকায় সুরাইয়া, কেননা আজ ক'দিন তাকে বন্দী করে রাখার পর কেউ আসেনি তার কারাকক্ষে। দরজাটাও কেউ খুলে দেখেনি সে কেমন আছে। আজ হঠাৎ দরজা খুলে যাওয়ায় চোখ তুলে তাকায়, অবাক হয়ে দেখে, দেখতে পায় দু'জন প্রহরী কিছু খাবার নিয়ে তার কারাকক্ষে প্রবেশ করছে।

সুরাইয়ার বুকটা ধক্ করে উঠে। সে জানে, যতক্ষণ না ওকে পাকড়াও করা সম্ভব হবে, ততক্ষণ কোনো বন্দীকে খেতে দেওয়া হবে না। তবে কি ও গ্রেপ্তার হয়েছে? প্রশ্ন জাগে সুরাইয়ার মনে।

প্রহরীদ্বয় খাবার এনে সুরাইয়ার সম্মুখে রাখে।

সুরাইয়া মুখ তুলে তাকালো, বললো—তোমরা খেতে দিচ্ছো কেন? তোমরা কি তাকে গ্রেপ্তার করেছো?

সুরাইয়ার প্রশ্নের জবাবে বললো, একজন প্রহরী—হাঁ, তাকে আমরা গ্রেপ্তার করেছি।

সুরাইয়া বিস্ময়ভরা কণ্ঠে বললো—মিথ্যা কথা, তাকে তোমরা কিছুতেই গ্রেপ্তার করতে পারবে না, আমি জানি।

প্রহরী বললো—সে নিজে এসে ধরা দিয়েছে, তাকে গ্রেপ্তার করতে হয়নি।

সুরাইয়া অস্ফুট কণ্ঠে বললো—সে নিজে এসে ধরা দিয়েছে?

হাঁ।

আশ্চর্য মানুষ সে।

হাঁ রাণীজী, বড় আশ্চর্য। আমরা দু'তিন শ' লোক তাকে গ্রেপ্তার করতে সক্ষম হই-নি অথচ সে নিজে সর্দার খাঁর দরবারে হাজির হয়ে নিজকে আমাদের হাতে তুলে দিলো।

দ্বিতীয় প্রহরী বললো—আরও আশ্চর্য, তাকে গ্রেপ্তারের সময় সে একটুও টু শব্দ করলো না। এমন কি তার মুখোভাবেও কোনো পরিবর্তন পরিলক্ষিত হয়নি।

সুরাইয়ার মুখখানা শান্ত গম্ভীর হয়ে উঠলো, বললো—বুঝতে পেরেছি বন্দীদের খেতে না দেওয়ায় সে নিজে এসে ধরা দিয়েছে। নিয়ে যাও তোমরা, ও খাবার আমি কিছুতেই খাবোনা।

সেকি রাণীজী, আপনি পুরো দু'দিন দু'রাত কিছু খাননি অথচ বলছেন খাবেন না, তা কেমন করে হয়। বললো—প্রথম প্রহরী।

দ্বিতীয় প্রহরী বললো—না খেয়ে মরে যাবেন রাণীজী।

মরতে দাও, আমি খাবোনা।

রাণীজী আমরা সবাই আপনাকে ভালবাসি রাণীজী। আপনি আমাদের মা।

মা!

হাঁ রাণীজী।

তাহলে আমি যা বলবো শুনবে তোমরা?

বলুন রাণীজী।

সেই বিদ্রোহী শ্রমিক কোথায়? কোথায় তাকে বন্দী করে রাখা হয়েছে? কি অবস্থায় সে আছে? বলো, এই সংবাদ আমি জানতে চাই?

রাণীজী, তাকে বন্দী করে রাখা হয়েছে। কাল সকালে সমস্ত বন্দী শ্রমিকের সম্মুখে তাকে গুলী করে হত্যা করা হবে।

তাকে গুলী করে হত্যা করা হবে?

হাঁ! সর্দার খাঁর হুকুম তাকে গুলি করে হত্যা করা হবে।

না না, তাকে হত্যা করতে দেবো না আমি।

রাণীজী, সে বড় দুর্দান্ত, বড় দুর্ধর্ষ, অনেক কষ্টে তাকে গ্রেপ্তার করা সম্ভব হয়েছে। তবু সে নিজে এসে ধরা দিয়েছে, না হলে তাকে গ্রেপ্তার করা কিছুতেই সম্ভব হয়ে উঠতো না।

দ্বিতীয় প্রহরী বললো—ওকে গ্রেপ্তার করা না হলে কোন বন্দীই খাবার পেতো না। বন্দীরা না খেয়ে মৃতের ন্যায় হয়ে পড়েছিলো। রাণীজী পানি পর্যন্ত তাদের খেতে দেওয়া হয়নি।

প্রথম প্রহরী বললো—রাণীজী, আপনিতো নিজেও কিছু খেতে পাননি কারণ সর্দার খাঁর হুকুম কাউকে যেন পানি পর্যন্ত না দেওয়া হয়।

আমি চাইনা, আজও আমি কিছু খেতে চাই না। নিয়ে যাও। নিয়ে যাও তোমরা এ খাবার।

সেকি রাণীজী?

আমি খাবোনা। নিয়ে যাও, নিয়ে যাও তোমরা।

রাণীজী আপনি না খেয়ে মরে যাবেন যে?

মরতে দাও। এমন বেঁচে থাকার চেয়ে মরা ভাল।

ওরা দু'জন খাবার নিয়ে বেরিয়ে গেলো।

সুরাইয়া দু'হাতে মুখ ঢেকে বালিকার মত কাঁদতে লাগলো, আপন মনে সে বলতে লাগলো—ওগো বন্ধু, কেনো তুমি আমাদের বাঁচানোর জন্য ঐ নরপশুর হাতে নিজকে সমর্পণ করলে? তুমি কি জানোনা ওর কবল থেকে আর তুমি রক্ষা পাবেনা। তুমি আমাকে মৃত্যুর মুখ থেকে বাঁচিয়ে ছিলে আবার তুমি আমাদের বাঁচাতে এসেছো নিজের জীবনকে বিসর্জন দিয়ে.....

সুরাইয়ার দু'চোখের পানিতে বুকের কাছে বস্ত্রাচঞ্চল সিক্ত হয়ে উঠলো। বনহুরের সুন্দর বলিষ্ঠ মুখ বার বার চোখের সামনে ভেসে উঠতে লাগলো।

ওদিকে প্রহরীদ্বয় সর্দার খাঁর নিকটে হাজির হলো।

সর্দার খাঁ তখন বন্দীকক্ষে প্রবেশ করে; বন্দীদের কঠোর শাস্তি দেওয়ার ব্যবস্থা করছিলো!

বনহুরের হাত দু'খানা শিকল দিয়ে বেঁধে দু'পাশে টেনে রাখা হয়েছিলো। দেহ জামা শূন্য করা হয়েছে। এখন তার শরীরে কশাঘাত করা হবে।

ঝকঝকে চাবুক হাতে দাঁড়িয়ে আছে ভীষণ চেহারার এক নিগ্রো প্রহরী। চোখ দুটোতে যেন আগুন ঝরে পড়ছে। শরীরের রং জমকালো, দাঁতগুলো সাদা ধপ ধপে এবং বেশ বড় বড়। ঠিক যেন একটি জীবন্ত যমদূত।

প্রহরী সর্দার খাঁর নির্দেশের অপেক্ষা করছে।

আরও কয়েকজন আছে তার আশে-পাশে, তারা সবাই সর্দার খাঁর অনুচর।

প্রহরীদ্বয় সর্দার খাঁকে কুর্নিশ জানিয়ে সোজা হয়ে দাঁড়ালো।

সর্দার খাঁ প্রশ্ন করলো—কি সংবাদ বলো?

প্রথম প্রহরী বললো—মালিক রাণীজী কিছু মুখে দিলেন না।

দ্বিতীয় প্রহরী বললো—আমরা অনেক অনুরোধ করেছি কিন্তু কিছু খেলেন না তিনি।

কেনো, কেনো খাবেনা? কেনো খেলোনা সে?

বলছেন যাকে গ্রেপ্তার করার পর খেতে দেওয়া হলো তাকে মুক্তি না দিলে তিনি কিছুতেই খাবেননা।

সঙ্গে সঙ্গে চোখ দুটো তার বনহুরেরই মুখে এসে স্থির হলো। ক্রুদ্ধ সিংহের মত হুঙ্কার ছেড়ে বললো—ওকে ছেড়ে দেবো আমি? হাঃ হাঃ হাঃ যাকে গ্রেপ্তার করার জন্য আমার এতো প্রচেষ্টা। মরে যেতে দাও, না খেয়ে রাণী সুরাইয়াকে মরে যেতে দাও।

বনহুর ফিরে তাকায় সর্দার খাঁর মুখের দিকে। সে বুঝতে পারে রাণী সুরাইয়াকেও শয়তান সর্দার খাঁ খেতে দেয়নি। তাকে বন্দী করার পর তবেই খেতে দেওয়া হয়েছিলো কিন্তু সে তা খায়নি।

অবাক হয়ে গেলো বনহুর, তাকে মুক্তি না দিয়ে সুরাইয়া খাবেনা। আজ দু'দিন দু'রাত কিছু খায়নি। এমন কি পানি পর্যন্ত তাদেরকে খেতে দেওয়া হয়নি জানে বনহুর। মনটা বড় খারাপ হয়ে গেলো তার। না খেয়ে কতক্ষণ মানুষ বাঁচতে পারে।

সর্দার খাঁর কথায় সম্বিৎ ফিরে পায় বনহুর। সর্দার খাঁ কর্কশ কণ্ঠে বলে—যুবক তুমি আমার স্ত্রীকে যাদু করেছো, না হলে সে তোমার প্রতি এতো আসক্ত কেনো?

বনহুর কোনো জবাব দেয় না।

পুনরায় প্রশ্ন করে সর্দার খাঁ—বলো কি করেছো তাকে?

তবু বনহুর নীরব।

সর্দার খাঁ আদেশ দেয়—লাগাও চাবুক।

অমনি সেই যমদূতের মত নিগ্রো প্রহরী তার হস্তস্থিত চাবুক দিয়ে সপাং করে বনহুরের দেহে আঘাত করলো।

বনহুর দাঁত দিয়ে নীচের ঠোঁটখানা কাঁমড়ে ধরলো কোন শব্দ তার মুখ দিয়ে বের হলো না।

সর্দার খাঁ আবার তাকে লক্ষ্য করে বললো—যদি আমার স্ত্রী তোমার কথা ভুলে না যায় তাহলে তোমাকে এর চেয়ে কঠিন শাস্তি দেওয়া হবে।

বনহুর কোন উত্তর দিলো না।

সর্দার খাঁ পুনরায় আঘাত করার জন্য ইঙ্গিত করলো।

সঙ্গে সঙ্গে আবার বনহুরের দেহে চাবুক এসে পড়লো।

চাবুকের আঘাতে রক্ত বেরিয়ে পড়লো তার সুন্দর বলিষ্ঠ দেহ থেকে।

সর্দার খাঁ বললো—যাও সুরাইয়াকে এখানে নিয়ে এসো। ওর সম্মুখে এর চামড়া চাবুকের আঘাতে ছিড়ে ফেলো।

প্রহরীদ্বয় চলে গেলো।

অল্পক্ষণ পর তারা ফিরে এলো সুরাইয়াকে সঙ্গে করে। সুরাইয়ার চুল এলায়িত। বস্ত্রাঞ্চল ভূলুণ্ঠিত, মুখমন্ডল শুষ্ক। দু'দিন দু'রাত সম্পূর্ণ অনাহারে ক্ষুধা পিপাসায় কাতর সে!

প্রহরীদ্বয় তাকে পাকড়াও করে নিয়ে এলো।

বন্দীশালায় প্রবেশ করেই বনহুরের মুখে নজর পড়লো তার। বনহুরের অবস্থা দেখে সে দু'হাতে চোখ ঢেকে ফেললো। দেহের কয়েক জায়গা কেটে রক্ত পড়ছে। দু'হাত দু'পাশে টানা দিয়ে বাঁধা।

সুরাইয়া ধীরে ধীরে চোখের হাত সরিয়ে নিলো তারপর স্বামী সর্দার খাঁর মুখে ক্রুদ্ধ দৃষ্টি নিক্ষেপ করে বললো—শয়তান পাষন্ড পশু একে তুমি এভাবে নির্যাতন করছো কেনো? কেনো তুমি একে শাস্তি দিচ্ছো?

সর্দার খাঁ হুঙ্কার ছেড়ে বললো—কেনো একে শাস্তি দিচ্ছি জানো না? আমার দেশের সমস্ত শ্রমিকদের এ বিদ্রোহী করে তুলেছে। এ কথা কি তুমি ভুলে গেছো?

ভুলিনি। ভুলিনি তুমি শ্রমিকদের উপর কি নির্মম অত্যাচার করছো। ভুলিনি তোমার কোন পাপ কর্মের কথা। সব আমি নিজের চোখে দেখেছি.....

না না আমি কোন পাপ কর্ম করিনি। যা ন্যায় তাই আমি করেছি। শ্রমিকদের দিয়ে কাজ করিয়ে নিয়েছি তার দাম দিয়েছি। শ্রমিকদের খেতে দিয়েছি, অসুখে ঔষধ দিয়েছি। ওদের মা-বোনদের জন্য কাপড়-চোপড় দিয়েছি।

মিথ্যে কথা। তুমি শ্রমিকদের উপর যে অত্যাচার অনাচার করেছো সব আমার জানা হয়ে গেছে। শ্রমিকদের মা-বোনদের ধরে এনে তুমি তাদের ইজ্জত নষ্ট করেছো.....

মিথ্যা। সব মিথ্যা, আমি সবাইকে মা-বোনের মতই মনে করেছি।

সুরাইয়া এবার দাঁতে দাঁত পিষে বললো—সাধু বাবাজীর শিষ্য কে ছিলো জানো? সে হলো—আমি।

তুমি, তুমি.....

হাঁ আমি সর্বক্ষণ তোমার পাশে থেকে সব দেখেছি, লক্ষ্য করেছি।

তুমি গোপনে...

গোপনে নয় সাক্ষাতে। পাশে থেকে সব দেখেছি। তুমি মানুষ নামে কুকুর.....

সর্দার খাঁ গর্জন করে উঠলো—কি এতো বড় সাহস তোমার। আমাকে তুমি কুকুর বললে? শোন সুরাইয়া আমি জানি তুমি এই যুবককে ভালবাসো এবং সে কারণে তুমি এর মুক্তির জন্য উন্মাদ হয়ে উঠেছো। কিন্তু মনে

রেখো এর মুক্তি নেই। একে তোমার সম্মুখে তিল তিল করে হত্যা করা হবে!

সর্দার খাঁ কথা গুলো বলে পুনরায় প্রহরীকে ইংগিত করলো বনহুরের দেহে আঘাত করতে।

সপাং করে চাবুক এসে পড়লো বনহুরের শরীরে। যন্ত্রণায় বনহুর মুখ খানা কঠিন করলো তবু কোন শব্দ সে উচ্চারণ করলো না।

সুরাইয়া দু'হাতে মুখ ঢেকে ফেললো।

সর্দার খাঁ পুনরায় বললো—বলো একে তুমি ভুলে যাবে? বলো জবাব দাও?

না ও আমার জীবন রক্ষা করেছে ওকে আমি কোন সময় ভুলতে পারবোনা। আমার জীবন দিয়ে ওকে আমি বাঁচাবো।

সর্দার খাঁ গর্জন করে উঠলো—তোমার জীবন দিয়েও তুমি একে বাঁচাতে পারবে না সুরাইয়া। তার প্রমাণ তুমি এক্ষুণি পাবে। প্রহরী এই মুহূর্তে তুমি একে ছোরা বিদ্ধ করে হত্যা করো।

প্রহরী হাতের চাবুক রেখে ছোরা তুলে নিলো হাতে।

সুতীক্ষ্ণ ছোরা খানা উজ্জ্বল আলোতে ঝলমল করে উঠলো।

বনহুর স্থির ভাবে দাঁড়িয়ে আছে। মরতে তার এতোটুকু ভয় নেই কিন্তু ভয় তার নাসিমার জন্য। বেচারী সেই নির্জন গুহায় একা একা তিল তিল করে শুকিয়ে মরবে।

সর্দার খাঁর দিকে কঠিন ভঙ্গীমায় তাকায় সুরাইয়া। দু'চোখে তার বিষ ছড়িয়ে পড়ে।

ওদিকে ছোরা হাতে ভীষণকায় প্রহরী পা পা করে এগিয়ে যাচ্ছে বনহুরের দিকে।

বনহুর নির্বাক নিস্পন্দ মুখো ভাব তার কঠিন অথচ দীপ্তময়। ঘাতক যতই অগ্রসর হচ্ছে ততই বনহুরের মুখ দৃঢ় হয়ে উঠছে। মৃত্যুর জন্য বনহুর প্রস্তুত হয়ে নিচ্ছে।

একেবারে নিকটে পৌঁছে গেছে ঘাতক।

দক্ষিণ হাতে তার সুতীক্ষ্ণ ছোরা। জমকালো চেহারা, যেন একটা পাথরের মূর্তি।

ছোরাখানা ঘাতক যেমন উদ্যত করে বনহুরের বুকে বসিয়ে দিতে যায় অমনি সুরাইয়া প্রহরীদের হাত থেকে নিজকে মুক্ত করে নিয়ে ঘাতকের সম্মুখে এসে দাঁড়ায়। সঙ্গে সঙ্গে ছোরাখানা বিদ্ধ হয় সুরাইয়ার বুকে।

মূলহীন বৃক্ষের মত দুলতে থাকে সুরাইয়ার দেহটা।

বনহুর অধর দংশন করে, হাত দু'খানা তার লৌহ শিকলে বাঁধা থাকায় কোন কিছুই করতে পারেনা সে।

ছিন্ন লতার মত বনহুরের পায়ের কাছে লুটিয়ে পড়ে সুরাইয়ার প্রাণহীন দেহটা। রক্তে সিক্ত হয়ে উঠে—কারাগার কক্ষের মেঝে।

সর্দার খাঁ অট্টহাসি হেসে উঠলো, তারপর বললো—কি পারলে সুরাইয়া নিজের জীবন দিয়ে ঐ বিদ্রোহী শ্রমিককে বাঁচাতে পারলে? ঘাতক এবার তুমি ওকে হত্যা করো।

ঘাতক ছোরাখানা সুরাইয়ার বুক থেকে একটানে তুলে নিলো। ফিনকী দিয়ে রক্ত ছুটলো। সে এক নির্মম করুণ দৃশ্য। দু'হাত দু'পাশে টান করে বাঁধা, বলিষ্ঠ কঠিন এক দেব মূর্তির পদ তলে যেন এক দেবী মূর্তির ছিন্ন দেহ।

ঘাতক ছোরাখানা তুলে নিয়ে যেমন বনহুরের বুকে বসিয়ে দিতে গেলো অমনি ঘাতকের পিঠে এসে বিদ্ধ হলো একটি গুলি। সঙ্গে সঙ্গে ঘাতক তীব্র আর্তনাদ করে হুমড়ি খেয়ে লুটিয়ে পড়লো সুরাইয়ার মৃত দেহের পাশে।

ক্ষিপ্তের ন্যায় সর্দার খাঁ ফিরে তাকালো দরজার দিকে। তার দল বল যারা সেই কক্ষে ছিলো তারাও ফিরে তাকিয়ে হক চকিয়ে গেলো। অবাক হয়ে দেখলো দরজার চৌকাঠে পা রেখে দাঁড়িয়ে আছে বৃদ্ধ শ্রমিক সর্দার। চোখে মুখে তার ভয়ঙ্কর হিংস্র ভাব ফুটে উঠেছে। দক্ষিণ হস্তে উদ্যত রাইফেল।

সর্দার খাঁ এবং তার দলবল মুহূর্তের জন্য কিংকর্তব্যবিমূঢ় হলো— তার পরক্ষণেই নিহত ঘাতকের হাত থেকে ছোরাখানা তুলে নিতে গেলো সর্দার খাঁ কিন্তু সে সুযোগ সর্দার খাঁ পেলেন না। বৃদ্ধ শ্রমিকের গুলি তার দক্ষিণ হাতে এসে বিদ্ধ হলো।

সর্দার খাঁর হাতখানা ঝুলে পড়লো, মুহূর্তে সে সোজা হয়ে দাঁড়ালো, হুকুম দিলো তার দলবলকে বৃদ্ধ শ্রমিককে পাকড়াও করো।

কিন্তু কেউ অগ্রসর হতে সাহসী হলোনা।

বৃদ্ধ শ্রমিকের রাইফেল পুনরায় গর্জে উঠলো, অমনি লুটিয়ে পড়লো সর্দার খাঁর প্রধান অনুচর আহম্মদ খাঁ। পরক্ষণেই আর একজন। তারপর আর একজন এমনি করে সর্দার খাঁর কয়েকজন অনুচরই ধরাশায়ী হলো।

সর্দার খাঁর ডান হাত ঝুলছে। বাম হাতে সে আবার তুলে নিলো ছোরাখানা।

ততক্ষণে বৃদ্ধ শ্রমিক আরও নিকটে সরে এসে দাঁড়িয়েছে। ছোরাখানা সর্দার খাঁ হাতে তুলে নিয়ে অগ্রসর হতেই বৃদ্ধ শ্রমিকের রাইফেল গর্জে উঠলো।

সঙ্গে সঙ্গে সর্দার খাঁ সরে দাঁড়ালো।

বৃদ্ধ শ্রমিকের গুলি গিয়ে বিদ্ধ হলো ওপাশের দেয়ালে।

সর্দার খাঁ মুহূর্ত বিলম্ব না করে মেঝের এক পাশে পা দিয়ে চাপ দিলো সঙ্গে সঙ্গে একটি সুরঙ্গ পথ বেরিয়ে এলো, সর্দার খাঁ সেই সুরঙ্গ পথে অদৃশ্য হলো।

বৃদ্ধ শ্রমিক সেই দন্ডে নীচে পড়ে থাকা একটা লোহার রড তুলে নিয়ে বনহুরের হাতের শিকলে আঘাত করলো। একটি হাত মুক্ত হলো বনহুরের।

বনহুরের একটি হাত মুক্ত হতেই সে নিজে অপর হাতখানা মুক্ত করে নেয়। তারপর বৃদ্ধ শ্রমিকের হাত থেকে দ্রুত রাইফেল খানা নিয়ে যে স্থানে সর্দার খাঁ পা দিয়ে চাপ দিয়েছিলো সেই জায়গায় পা দিয়ে চাপ দেয়। তৎক্ষণাৎ বেরিয়ে আসে একটি সুরঙ্গ পথ।:

বনহুর সেই পথে নীচে নেমে যায়।

এক সঙ্গে তিন চারটে করে সিড়ির ধাপ অতিক্রম করে বনহুর অগ্রসর হয়। দক্ষিণ হাতে তার উদ্যত রাইফেল। চোখে মুখে প্রতিহিংসার ছাপ ফুটে উঠেছে। সর্দার খাঁকে তার চাই।

বেশ কিছুদূর অগ্রসর হতেই নজরে পড়লো সর্দার খাঁ দ্রুত পালিয়ে যাচ্ছে।

বনহুর তার গতি আরও দ্রুত করে সর্দার খাঁর সম্মুখে এসে পথ রোধ করে দাঁড়ালো।

মুহূর্তের জন্য থমকে দাঁড়ালো সর্দার খাঁ। পরক্ষণেই সে ঝাঁপিয়ে পড়লো বনহুরের উপর।

বনহুর রাইফেল ছুড়ে ফেলে দিয়ে চালালো প্রচন্ড ঘুষি। সর্দার খাঁ ঘুরপাক খেয়ে পড়ে গেলো। কিন্তু পরেই উঠে সে আবার আক্রমণ করলো বনহুরকে।

বনহুর এবার সর্দার খাঁর গলার কাছে জামাটা এটে ধরে চোয়ালে লাগালো একটা ঘুষি। সঙ্গে সঙ্গে সর্দার খাঁর দাঁত ও নাক দিয়ে রক্ত বেরিয়ে এলো।

মাতালের মত টলতে লাগলো সর্দার খাঁ।

বার বার সে হাতের পিঠে নাকের মুখের রক্ত মুছে নিচ্ছে। অল্পক্ষণেই সর্দার খাঁ সামলে নিলো তারপর সে পালাতে গেলো।

বনহুর ওকে পালাবার সুযোগ দিলোনা। ধরে ফেললো এবং কঠিন কণ্ঠে বললো—কোথায় যাচ্ছো? তোমার কর্মের উপযুক্ত সাজা নিয়ে যাও।

সর্দার খাঁ স্থির হয়ে দাঁড়াবার চেষ্টা করলো কিন্তু সে পারছে না। তার দক্ষিণ হাত খানা শ্রমিক সর্দারের গুলির আঘাতে চূর্ণ বিচূর্ণ হয়ে গিয়েছিলো। অত্যন্ত রক্ত পাত হচ্ছে হাতখানা দিয়ে।

সর্দার খাঁর অবস্থা একেবারে শোচনীয় হয়ে উঠেছে।

বনহুর দাঁতে দাঁত পিষে বললো—শয়তান তুমি শুধু পাপ কাজই করোনি, তুমি তোমার প্রিয়তমা পত্নীকে একবার নয় দুবার হত্যা করেছো। তোমাকে হত্যা করে তোমার সব শাস্তি শেষ করে দিতে চাইনা। তোমাকে আমি জীবিত কবর দেবো, যেখানে বসে তুমি নিজের কর্মফলের কথা চিন্তা করতে সময় পাবে।

বনহুর সর্দার খাঁর গোপন কারাগারের একটি অন্ধকূপের সন্ধান জানতো। এবার সে সর্দার খাঁকে সেই কারাগারে নিয়ে আসে।

নির্জন কারাগারের মধ্যে অন্ধকূপ, সে এক ভয়ঙ্কর যন্ত্রণাময় স্থান। এখানে সর্দার খাঁ বহু জীবন বিনষ্ট করেছে। যে বন্দীদের প্রতি তার বেশি আক্রোশ তাকে এই অন্ধকূপে নিক্ষেপ করে হত্যা করে। এখানে সহজে মৃত্যু হয়না। অন্ধকূপের মধ্যে দিনের পর দিন ক্ষুধা পিপাসায় তিল তিল করে শুকিয়ে মরে যায়।

বনহুরকেও সাজা দেবার পর এই অন্ধকূপে নিক্ষেপ করার কথা ছিলো। সেই সাজা এবার বনহুর দিতে চলেছে সর্দার খাঁকে।

ভয় কাতর চোখে সর্দার খাঁ তাকালো বনহুরের দিকে।

বনহুর তখন সর্দার খাঁকে প্রচন্ড এক ধাক্কায় অনূকূপে নিক্ষেপ করলো।

একটা তীব্র আর্তনাদ ভেসে এলো অন্ধকূপের ভিতর থেকে।

ফিরে এলো বনহুর বৃদ্ধ শ্রমিক সর্দারের পাশে।

বৃদ্ধ শ্রমিক তখন সুরাইয়ার মাথাটা কোলে তুলে নিয়ে রোদন করছিলো।

বনহুর এসে বৃদ্ধ শ্রমিকের কাঁধে হাত রাখে।

বৃদ্ধ শ্রমিক চোখ তুলে তাকায়।

বনহুরের চোখ দু'টোও ঝাপসা হয়ে আসছিলো। সুরাইয়া নিজের জীবন বিসর্জন দিয়ে তার জীবন রক্ষা করেছে। সর্দার খাঁর ছোরা তার বুকে বিদ্ধ হলে এতোক্ষণ তার দেহটা লৌহ শিকলে ঝুলতো। বনহুর সুরাইয়ার মুখখানা তার শাড়ীর আঁচল দিয়ে ঢেকে দিয়ে বলে—একে ঘুমাতে দাও বাবা। একটু শান্তিতে ঘুমাতে দাও—

বৃদ্ধ শ্রমিক সুরাইয়ার মাথাটা কোল থেকে নামিয়ে রেখে উঠে দাঁড়িয়ে আতঙ্কিত কণ্ঠে বলে—সর্দার খাঁ সাহেব কোথায়? তিনি এসে পড়বেন, চলো পালিয়ে যাই।

বনহুর গম্ভীর শান্ত গলায় বললো—সর্দার খাঁ আর আসবেনা। তার অন্ধকূপে সে বিশ্রাম করছে। সর্দার বাবা এবার তোমরা নিশ্চিন্ত।

বৃদ্ধ শ্রমিক সর্দার বনহুরকে বুকে জড়িয়ে ধরলো।

তাদের আশে-পাশে বিক্ষিপ্তভাবে ছড়িয়ে আছে অনেক গুলো মৃতদেহ।

তাদের পায়ের কাছে সুরাইয়া যেন চির নিদ্রায় অচেতন।

গুহায় ফিরে এলো বনহুর।

সমস্ত জামা-কাপড় তার ছিন্ন ভিন্ন। জামার ছেঁড়া অংশ দিয়ে শরীরের স্থানে স্থানে দেখা যাচ্ছিলো, সেই জায়গা জায়গায় কেটে রক্ত জমাট বেঁধে আছে।

বনহুর গুহা মধ্যে প্রবেশ করতেই নাসিমা ব্যস্ত ভাবে ছুটে আসে। বনহুরের চেহারা দেখে সে একেবারে হতভম্ব হয়ে যায়। প্রথমেই সে দু'হাতে বনহুরের হাত দু'খানা ধরে ফেলে তারপর ব্যাকুল কণ্ঠে বলে—হাসান ভাই, একি হয়েছেন আপনি?

বনহুর গা থেকে ছিন্ন ভিন্ন জামাটা খুলে ফেলে বলে—ও কিছু না বোন।

একি হয়েছে? সমস্ত শরীরে এ কিসের দাগ? বলুন—বলুন হাসান ভাই?

চাবুকের আঘাত?

হাঁ!

কি করে এমন হলো?

নিজেকে সর্দার খাঁর কাছে সমর্পন করেছিলাম। তাই তারা আমার দেহের উপর নির্যাতন চালিয়েছিলো...—

উঃ কি নির্মম পাষন্ড ওরা। নাসিমা বনহুরের শরীরে তার কোমল হাতখানা বুলিয়ে দেয়।

বনহুর একটু হেসে বলে—এটা এমন কিছু হয়নি নাসিমা। দু'দিনেই সেরে যাবে।

নাসিমার মুখোভাব ব্যথা করুণ হয়ে উঠে। ফোঁটা ফোঁটা অশ্রু গড়িয়ে পড়ে তার চোখ থেকে। একটু পরে বলে নাসিমা—হাসান ভাই যাদের জন্য আপনি নিজকে এমনভাবে নির্যাতিত করলেন, সেই বন্দী শ্রমিকদের মুখে কি খাবার তুলে দিতে পেরেছিলেন?

হাঁ পেরেছিলাম। শুধু তাই নয় সমস্ত বন্দী শ্রমিকদের আমি মুক্ত করে তাদের কলোনীতে ফিরিয়ে এনেছি। এখন সবাই স্বাধীন মুক্ত আর তাদের উপর সর্দার খাঁ নির্যাতন চালাতে পারবে না.....

বনহুরের কথায় আনন্দ উচ্ছল হয়ে উঠে নাসিমা, বলে সে—সত্যি হাসান ভাই আপনার বাসনা পূর্ণ হয়েছে? আপনাদের দুঃস্থ শ্রমিক বন্ধুদের মুক্ত করতে সক্ষম হয়েছেন?

হাঁ বোন আমার বাসনা পূর্ণ হয়েছে।

কিন্তু সর্দার খাঁ যদি জানতে পারে তাহলে সে আবার আপনার উপর নির্যাতন চালাবেন।

সে আর কোন দিন আমাকে পাকড়াও করতে আসবে না নাসিমা। সর্দার খাঁ তার নিজের নির্জন কারাগারের অন্ধকূপে চির বিশ্রাম করছে।

সত্যি! সত্যি হাসান ভাই?

হাঁ নাসিমা।

নাসিমার মুখে একটা দীপ্ত খুশী ভরা ভাব ফুটে উঠলো। যত ভয় ছিলো তার সর্দার খাঁকে। এই শয়তান তার হাসান ভাইকে পৃথিবী থেকে সরিয়ে দেবার জন্য উন্মাদ হয়ে উঠেছিলো।

বললো নাসিমা—হাসান ভাই এবার তাহলে আমরা নিশ্চিন্ত?

হাঁ সম্পূর্ণ নিশ্চিন্ত। নাসিমা সর্দার খাঁর অত্যাচার থেকে ফাংহার নিরীহ শ্রমিকদের বাঁচানোর জন্য আমি শপথ গ্রহণ করেছিলাম—আমার শপথ রক্ষা

হয়েছে। কিন্তু সবচেয়ে বড় দুঃখ যার সহায়তায় আমি আমার শপথ রক্ষা করতে সমর্থ হলাম তাকে রক্ষা করতে পালাম না।

নাসিমার মনে বিরাট একটা প্রশ্ন জাগলো। ব্যাকুল কণ্ঠে বললো—হাসান ভাই, বোন সুরাইয়া কোথায়? সে কেমন আছে?

বনহুরের চোখে মুখে একটা ব্যথা করুন ভাব ফুটে উঠলো, অধর দংশন করলো সে কোন জবাব দিলো না নাসিমার প্রশ্নের। একটা উচু পাথরের উপরে বসে নিজের আংগুলগুলো দিয়ে চুলগুলো টানতে লাগলো।

নাসিমা বুঝতে পারলো এমন কিছু একটা ঘটেছে যা ভাষায় বর্ণনা করতে পারছে না বনহুর। ওর মুখোমন্ডলে একটা দারুন গাম্ভীর্যের ছাপ ফুটে উঠলো।

নাসিমা ব্যাকুল আঁখি মেলে তাকিয়ে আছে। এগিয়ে আসে সে বনহুরের আরও কাছে। ওর চুলে নিজের হাত রেখে বলে—বুঝতে পেরেছি সুরাইয়ার কোন অঘটন ঘটেছে।

এবার বনহুর বলে—সুরাইয়া নিজের জীবন দিয়ে আমাকে বাঁচিয়েছে নাসিমা। ও সে কি ভয়ঙ্কর নির্মম দৃশ্য।

সুরাইয়া বেঁচে নেই?

না।

তাকে কে হত্যা করলো হাসান ভাই?

তার স্বামী।

উঃ কি সাংঘাতিক।

সত্যি বড় নির্মম নাসিমা।

কি করে তার এ অবস্থা হলো হাসান ভাই?

একটু পানি দাও নাসিমা, পানি পান করে তোমার কাছে সব বলবো।

হাঁ তাই ভাল। নাসিমা তাড়াতাড়ি এক গেলাস পানি এনে বনহুরের সম্মুখে দাঁড়ায়।

বনহুর হাত বাড়ায় গেলাসটা নাসিমার হাত থেকে নেবার জন্য।

কিন্তু নাসিমা পানির গেলাস বনহুরের হাতে দেয়না। সে নিজেই গেলাসটা তুলে ধরে বনহুরের মুখে—খেয়ে নিন।

বনহুর পানি পান করে।

নাসিমা বলে— আপনি বড় ক্লান্ত বিশ্রাম করুন।

বিশ্রাম! একটু হাসলো বনহুর তার মনের পর্দায় ভেসে উঠলো মনিরার মুখ, সে বলতো তোমার জীবনে কি বিশ্রাম নেই? একটু বিশ্রাম করবেনা তুমি? বনহুর বলতো—বিশ্রাম আমার জন্য নয় মনিরা.....অস্ফুট কণ্ঠে বলে বনহুর—বিশ্রামের সময় কই নাসিমা? আর কতদিন তোমাকে এভাবে কষ্ট দেবো বলো?

হাসে নাসিমা—কষ্ট আমার? কি যে বলেন হাসান ভাই? কষ্ট আমার কিচ্ছু হচ্ছে না। যত কষ্ট দুঃখ বলো সে তো আপনি নিজের উপর চাপিয়ে নিয়েছেন।

এই যে নির্জন গুহায় একা একা কত খারাপ লাগে তোমার নাসিমা?

মোটেই না। একা একা বড় ভাল লাগে।

সত্যি বলছো নাসিমা?

হাঁ, হাসান ভাই।

আশ্চর্য মেয়ে তুমি।

আশ্চর্য মানুষের সঙ্গে থেকে আমিও.....

আশ্চর্য মেয়ে হয়ে গেছো এইতো?

হাসান ভাই এই নির্জন গুহা আমার কাছে প্রিয়। সারাদিন পর আপনি যখন আসেন তখন আমার সব ব্যথা ভুলে যাই। তাইতো আমি প্রতিক্ষা করি কখন ফিরবেন আপনি— —

নাসিমা!

হাঁ, সারাটা জীবন আমি এই নির্জন গুহায় একা কাটিয়ে দিতে পারবো যদি আপনি থাকেন আমার পাশে। আপনি হয়তো কিছু মনে করছেন হাসান ভাই কিন্তু আমার মনে কোন পাপ বাসনা নেই। আপনি আমায় যেমন ছোট বোনের মত স্নেহ করেন আমিও তেমনি আপনাকে বড় ভাই বলেই মনে করি তবু.....তবু আপনি আমার স্বপ্ন ধ্যান ধারণা সব কিছু— —

নাসিমা!

এবার বনহুরের কণ্ঠ গম্ভীর।

নাসিমা বনহুরের গম্ভীর কণ্ঠে চমকে চোখ তুলে তাকায়।

বনহুর বলে—নাসিমা আমাকে সম্পূর্ণ ভুলে যাও। কারণ ফাংহায় কাজ শেষ হয়েছে এবার আমি তোমাকে বাংলাদেশে পৌঁছে দিয়ে ফিরে যাবো আমার আস্তানায়! হাঁ, শোন সুরাইয়ার কাহিনী। তার স্বামী যখন আমার দু'হাত দু'পাশে বেঁধে চাবুকের আঘাতে আমাকে জর্জরিত করছিলো তখন

সুরাইয়া সেই জায়গায় এসে পড়ে এবং তার স্বামী সর্দার খাঁর কাজে বাধা দিতে চেষ্টা করে। কিন্তু সর্দার খাঁ তখন আমাকে ছোরাবিদ্ধ করে হত্যা করতে যায় ঐ মুহূর্তে সুরাইয়া ছুটে এসে ছোরার নীচে বুক পেতে দেয়। জানো নাসিমা সুরাইয়া কত বড় ভুল করেছে?

ভুল! না না সে ভুল করেনি হাসান ভাই! সে যদি নিজে বুক পেতে না দিতো তাহলে কি হতো বলোতো? একটা মহামূল্য প্রাণ প্রদীপ নিভে যেতো— —

অট্টহাসি হেসে উঠলো বনহুর।

নাসিমা অবাক হয়ে গেলো, সে বিস্ময় নিয়ে তাকিয়ে রইলো বনহুরের মুখের দিকে।

বনহুর হাসি থামিয়ে বললো—আর যে প্রাণ প্রদীপটা নিভে গেলো সেটি মহামূল্য নয়?

নাসিমা নীরব।

বনহুর বললো—নীরব থেকোনা জবাব দাও নাসিমা? একটু থেমে বললো বনহুর—আমাদের দেশে সবচেয়ে একটি বড় কুসংস্কার আছে যেটি হলো আমাদের নারী সমাজে মেয়েদেরকে সব সময় অবহেলার চোখে দেখা হয় এবং সে কারণে প্রতিটি মেয়ে মনে করে মেয়েদের জীবনের কোন দাম নেই। শুধু পুরুষদের জীবনই মহামূল্যবান—নাসিমা আমি মনে করি আমার জীবনের চেয়ে সুরাইয়ার জীবন কোন অংশে কম ছিলো না। তার জীবনেও ছিলো অনেক আশা-আকাঙ্খা। ছিলো বেঁচে থেকে ঘর সংসার করার বাসনা। কিন্তু সে তা হতে দিলোনা—নাসিমা, আমার কাছে নারী পুরুষ একই সমান। কাজেই তোমার জীবনের চেয়ে আমার জীবন মোটেই মূল্যবান নয়।

এবার নাসিমা কথা বললো—বেশ তাই হবে। এখন আপনি চুপ করে একটু বিশ্রাম করুন। আমি আপনার শরীরে ঔষধ লাগিয়ে দেই?

ঔষধ! ঔষধ কোথায় পেলে নাসিমা?

বেশ কিছুদিন আগে আপনি আমার জন্য একটা মলম এনে দিয়েছিলেন।

ও সেই ব্যথার ঔষধটা?

হাঁ।

বনহুর হাতের উপর মাথা রেখে শুয়ে পড়ে!

নাসিমা বলে—হাসান ভাই আপনি আমার কোলে মাথা রেখে ঘুমান।

কতক্ষণ তুমি বসে বসে কাটাবে নাসিমা?

যতক্ষণ আপনি ঘুমান।

তা হয়না, তুমি রবং— —

না না আপনি আমার কোলে মাথা রেখে ঘুমান।

বনহুর নাসিমার কথা ফেলতে পারেনা; সে ওর কোলে মাথা রেখে শুয়ে পড়ে।

নাসিমা ধীরে ধীরে বনহুরের চুলে হাত বুলিয়ে দেয়।

অল্পক্ষণেই ঘুমিয়ে পড়ে বনহুর।

নাসিমা বনহুরের ঘুমন্ত মুখের দিকে তাকিয়ে থাকে। নির্বাক নির্নিমেশ নয়নে।

হঠাৎ এক সময় ঘুম ভেংগে যায় বনহুরের। অবাক হয় নাসিমা তখনও তার মাথাটা কোলে করে বসে আছে। বনহুর চোখ মেলে বলে, একি তুমি এখনও বসে আছো নাসিমা?

নাসিমা কোন জবাব দেয় না।

বনহুর উঠে বসে বলে—নাসিমা তুমি বড্ড জেদী মেয়ে। কে বলেছিলো তোমাকে এমন করে জেগে বসে থাকতে?

আমার মন!

ও তোমার মন দেখছি বড় খেয়ালী। নাও এবার তুমি শুয়ে পড়ো দেখি।

কিন্তু ঘুম আমার আসবেনা!

কেনো?

জানিনা।

ও ভয় পাচ্ছো?

ভয়! হাসান ভাই আপনি থাকতে আমার কোন ভয় নেই।

তবে?

আপনার কত কষ্ট হচ্ছে।

কষ্ট! না ও কিছুনা নাসিমা।

সমস্ত দেহে আঘাতের ক্ষত অথচ বলছেন কষ্ট হচ্ছে না।

নাসিমা দেহের ক্ষতের চেয়ে আমার মনের ক্ষত অনেক বড়, অনেক কষ্টকর। যতক্ষণ না তোমাকে তোমার বাবার কাছে পৌঁছে দিতে সক্ষম হয়েছি ততক্ষণ আমার মন কষ্ট দূর হবে না। কারণ আজও সর্বক্ষণ তোমার

বাবার সেই কণ্ঠস্বর আমার কানের কাছে বাজছে। নাসিমা তোমার আব্বা বলেছিলেন, আমার মাকে আপনি রক্ষা করবেন। আমার মায়ের ইজ্জত আপনি রক্ষা করবেন—তার কথাগুলো আমি ভুলিনি ভুলবোনা—নাসিমা। একটু থেমে আবার বললো বনহুর—তুমি প্রস্তুত হয়ে নাও কাল সন্ধ্যায় আমরা রওয়ানা দেবো——

তা হয় না হাসান ভাই।

কেনো হয় না?

আপনি বড় অসুস্থ। আপনি না বললেও আমি বুঝতে পারছি এখন আপনার কোথাও যাওয়া উচিৎ নয়।

তুমি জানো না নাসিমা আমার শরীর বেশ সুস্থ আছে।

তবু আমার অনুরোধ আর দুটো দিন আপনি বিশ্রাম করবেন।

বেশ তোমার কথা আমি রাখলাম।

দু'দিনে অনেক সুস্থ হয়ে উঠলো বনহুর। তার শরীরের দাগগুলো ধীরে ধীরে মিশে এলো। রোজ নাসিমা নিজে বনহুরের শরীরে ঔষধ লাগিয়ে দিতো। সেবা যত্ন করতো সে সমস্ত মনপ্রাণ দিয়ে।

অন্যান্য দিনের মত আজও নাসিমা বনহুরের পাশে এসে দাঁড়ালো, হাতে তার ঔষধের শিশি।

বনহুর হেসে বললো—লক্ষ্মী বোনটি আজ আমাকে ক্ষমা করো, কারণ আমার শরীর এখন সম্পূর্ণ সুস্থ হয়ে উঠেছে।

নাসিমা গম্ভীর হয়ে বলে—আমি জানি আপনার শরীর কেমন হয়েছে। নিন জামা খুলুন হাসান ভাই।

তবু আমাকে.....

হাঁ জ্বালাবো।

নাসিমা তোমার এ সেবা যত্নের কথা আমি ভুলবো কি করে বলো? চিরদিন তোমার এ দানের কথা মনে থাকবে।

আপনি আমার জন্য কত করেছেন তার প্রতিদানে আমি কতটুকুই বা করলাম। জামা খুলুন।

বনহুর বাধ্য ছেলের মত নিজের শরীর থেকে জামাটা খুলে ফেললো।

নাসিমা শিশি থেকে ঔষধ নিয়ে ধীরে ধীরে বনহুরের শরীরে মালিশ করে দিলো।

বনহুর বললো—আজ রাতটা আমাদের এ গুহায় শেষ রাত নাসিমা।

হ্যাঁ।

কাল আমরা বাংলাদেশ অভিমুখে রওয়ানা দেবো।

জানি।

নাসিমা!

বলুন?

তোমাকে পুরুষ সাজতে হবে, পারবে তো?

পারবো।

পোশাক আমি এনে রেখেছি নাসিমা—কোন অসুবিধা হবে না।

আমি দেখেছি।

হেসে বলে বনহুর—আমি কিন্তু তোমাকে কথাটা বলতে সাহস পাচ্ছিলাম না।

কেনো?

হয়তো তুমি রাজি হবে না ভেবে বলতে...

সাহসী হননি কেমন?

হ্যাঁ।

নাসিমা যাবার আগে আর একবার শ্রমিক কলোনীতে যাবো। শ্রমিক বন্ধুদের সঙ্গে শেষ দেখা করতে.....

আমিও যাবো হাসান ভাই আপনার সঙ্গে।

আচ্ছা যেও।

❑

ফাংহার কাজ শেষ করে বনহুর নাসিমাসহ বাংলাদেশ অভিমুখে রওয়ানা দেয়। নাসিমাকে বনহুর সম্পূর্ণ পুরুষের ড্রেসে সজ্জিত করে নিয়েছে, তাকে দেখে কেউ নারী বলে মনে করবে না।

বনহুর আর নাসিমা পাশাপাশি দুটো আসনে বসে আছে। প্লেনখানা তখন ফাংহা ত্যাগ করে কোয়েটার উপর দিয়ে সাপশা বন্দর অভিমুখে উড়ে চলেছে।

নাসিমার মুখোভাব খুব গম্ভীর।

কয়েক ঘন্টার মধ্যেই তারা সাপশা বন্দরে পৌঁছে যাচ্ছে। তারপর সাপশা থেকে সোজা বোম্বে। বোম্বে থেকে বাংলাদেশ। তাকে বাংলাদেশে

পৌঁছে দিয়েই ফিরে যাবে হাসান ভাই তার গন্তব্যস্থানে। আর কোন দিন ওর দেখা পাবে না। তাদের মধ্যে যে একটা সম্পর্ক গড়ে উঠেছে তাও বিচ্ছিন্ন হয়ে যাবে।

বনহুর আপন মনে একটা পত্রিকায় দৃষ্টি বুলিয়ে চলেছিলো। হঠাৎ তার নজর চলে গেলো ও পাশের একটি লোকের উপর। লোকটার মনোভাব মোটেই ভাল নয় বুঝতে পারে বনহুর। নিশ্চয়ই সে কোন কু'মতলব নিয়ে এই বিমানে উঠেছে।

বনহুর যা ভাবছে অবশ্য তা ভুল নয়।

লোকটা ফাংহার বিমান দস্যু হীরুসেন। সে এই বিমানখানাকে সাপশা না অবতরণ করতে দিয়ে খংরুতে অবতরণ করাবে এবং যার কাছে যা আছে কেড়ে নিয়ে সে উধাও হবে। হীরুসেন তার দু'জন সঙ্গীকে ইংগিত করলো কিছু।

বনহুর লক্ষ্য করছে।

নাসিমা কিন্তু আনমনে তাকিয়ে আছে বাইরের আকাশের দিকে।

হীরুসেনের দুই সঙ্গী উঠে দাঁড়ালো।

হীরুসেন অগ্রসর হচ্ছে প্লেনের সম্মুখ ভাগের দিকে, তার সঙ্গীদ্বয় তার পিছনে কিছুদূর এগিয়ে থমকে দাঁড়িয়ে পড়লো। সঙ্গীদ্বয় পকেটে হাত রেখে দাঁড়িয়েছে।

বনহুর পত্রিকাখানা ভাঁজ করে পাশে রাখলো।

হীরুসেন তখন বিমান চালকের পিছনে গিয়ে দাঁড়িয়েছে।

হীরুসেনের সঙ্গীদ্বয় প্রস্তুত হয়ে আছে যে মুহূর্তে তারা হীরুসেনের ইংগিত পাবে সেই মুহূর্তে তারা রিভলভার বের করে যাত্রীদের উপর লক্ষ্য স্থির করবে যাতে কোন যাত্রী নড়াচড়া করতে না পারে।

বনহুর পত্রিকাখানা রেখে বাথরুমে প্রবেশ করলো।

হীরুসেন ততক্ষণে বিমান চালকের পিঠে রিভলভার চেপে ধরেছে।

সঙ্গে সঙ্গে হীরুসেন তার সঙ্গীদ্বয়কে প্রস্তুত হয়ে দাঁড়াবার জন্য ইংগিত করলো।

সঙ্গীদ্বয় প্যান্টের পকেট থেকে রিভলভার বের করে যাত্রীদের দিকে উঁচু করে ধরলো এবং কঠিন কণ্ঠে বললো—খবরদার আপনারা কেউ নড়বেন না। একটু নড়লেই আমরা গুলি চালাবো।

যাত্রীরা এমন একটা অবস্থার জন্য মোটেই প্রস্তুত ছিলো না। তারা হক চকিয়ে যায়, সবাই এ ওর মুখ চাওয়া চাওয়ী করে।

নাসিমার নজরও এসে পড়ে এই দুই দস্যুর উপর। সে পাশে তাকিয়ে দেখে বনহুর নেই। মুখমন্ডলে তার চিন্তার ছাপ ফুটে উঠে। তাকায় এদিক ওদিক। হঠাৎ সে গেলো কোথায়।

বনহুর অতি লঘু পদক্ষেপে উঠে বাথরুমে প্রবেশ করেছিলো তাই নাসিমা বুঝতেই পারেনি সে গেলো কোথায়। কেমন যেন একটা ভীত ভাব তাকে আচ্ছন্ন করে ফেলে।

ততক্ষণে হীরুসেন গম্ভীর দৃঢ় গলায় বিমান চালককে লক্ষ্য করে বলে উঠে—বিমান সাপশায় অবতরণ করবে না। বিমান অবতরণ করবে খংরুতে। আমি বিমানের ওয়্যারলেস মেসিন নষ্ট করে দিয়েছি কাজেই কোন রকম চালাকী চলবে না।

পাইলট নিরুপায়।

তার পাঁজরে রিভলভারের আগা ঠেকে রয়েছে। সে একটি টু শব্দ করতে সক্ষম হলো না।

যাত্রীরাও নীরব।

সকলের মুখে একটা ভীতি ভাব ফুটে উঠেছে।

বনহুর বাথ রুমের দরজায় দাঁড়িয়ে একটি সিগারেটে অগ্নি সংযোগ করে। মুখমন্ডলে তেমন কোন চিন্তার ছাপ নেই। কয়েক মুখ ধুয়া ছুড়ে দিয়ে সিগারেটটা বিমানের মেঝেতে নিক্ষেপ করে জুতো দিয়ে পিষে নিভিয়ে ফেলে। ধীরে ধীরে এগিয়ে আসে সে বিমান চালকের পিছনে দাঁড়ানো হীরুসেনের পাশে।

তখন বিমানের মধ্যে এমন একটা পরিবেশ সৃষ্টি হয়েছিলো যার জন্য কেউ বনহুরকে খেয়াল করেনি। এমন কি হীরুসেনের সঙ্গীদ্বয়ও তখন বিমান যাত্রীদের দিকে তীক্ষ্ণ নজর রেখেছিলো কারণ কেউ যেন একটু নড়া চড়া করতে না পারে।

বনহুর হীরুসেনের পিছনে এসে দাঁড়িয়েছে।

মুখভাব তার কঠিন।

হাত দু'খানা তার শূন্য, কোন অস্ত্র নেই বনহুরের হাতে।

নাসিমার দৃষ্টি কিন্তু সকলের অলক্ষ্যে বনহুরের দিকে চলে যায়। সে যে ওকেই অন্বেষণ করে ফিরছিলো। মুহূর্তে ফ্যাকাশে হয়ে উঠে নাসিমার মুখ।

বনহুর নিরস্ত্র আর দস্যু হস্তে উদ্যত রিভলভার। শুধু দস্যু হস্তেই নয় তার দু'জন সাথীর হাতেও আগ্নেয় অস্ত্র। নাসিমার ভয় পাবার কথাই বটে।

হঠাৎ ফিরে তাকায় হীরুসেন। সঙ্গে সঙ্গে বনহুর ওর দক্ষিণ হাত থেকে এক ঝটকায় রিভলভার খানা কেড়ে নিয়ে ওর বুকে চেপে ধরে। তারপর হীরুসেনের সঙ্গীদ্বয়কে লক্ষ্য করে বলে—খবরদার কেউ এগুবে না। তোমরা রিভলভার ফেলে দাও।

সঙ্গীদ্বয় হতবাক কিংকর্তব্যবিমূঢ় হয়ে গেছে। তারা ভাবতেও পারেনি এমন একটা কিছু হবে বা ঘটবে। তারা জানে তাদের দলপতি হীরুসেনের মত দক্ষ দস্যু আর বুঝি কোথাও নেই।

বনহুর পুনরায় কঠিন ভাষায় হীরুসেনের সঙ্গীদ্বয়কে লক্ষ্য করে বলে—যদি তোমাদের দলপতির মৃত্যু না চাও তবে তোমরা যার যার অস্ত্র বিমানের বাইরে নিক্ষেপ করো।

হীরুসেনের বুকে তখন বনহুরের হস্তস্থিত রিভলভারের আগা দেবে বসে আছে। হীরুসেনের মুখ কালো হয়ে উঠেছে। সে নিজেও কেমন নির্বাক হয়ে গেছে। কারণ সে বহুদিন যাবত বিমান দস্যুতা করে আসছে কিন্তু এমন অবস্থায় সে কোন দিন পড়েনি।

বনহুরের দ্বীপ্ত সুন্দর বলিষ্ঠ চেহারা এতোক্ষণে যেন সকলের দৃষ্টি আকর্ষণ করেছে। তারা সবাই মনে প্রাণে সেই দয়াময় খোদাকে স্মরণ করছে।

বনহুর পাইলটকে নির্দেশ দিলেন বিমানের গতি বাড়িয়ে দিতে এবং সাপশা বন্দরের সঙ্গে যোগাযোগ করতে।

পাইলট বনহুরের নির্দেশ মত কাজ করে চললো।

বনহুর যখন পাইলটকে নির্দেশ দিচ্ছিলো তখন হীরুসেনের সঙ্গীদ্বয় বিমান থেকে লাফিয়ে পড়ার জন্য প্রস্তুত হচ্ছিলো।

বনহুর যাত্রীদের আদেশ দিলো ওদের ধরে ফেলতে।

সঙ্গে সঙ্গে হীরুসেনের সঙ্গীদ্বয়কে পুরুষ যাত্রীগণ আটক করে ফেললো।

বনহুর সেই সময় একটু অন্যমনস্ক হয়ে পড়ে। অমনি হীরুসেন প্রচন্ড এক থাবায় বনহুরের হাত থেকে রিভলভার খানা ফেলে দেয়। এবং সে নিজে প্যারাসুট নিয়ে নীচে লাফিয়ে পড়তে যায়।

বনহুর পিছন থেকে ওর জামার কলারের অংশ চেপে ধরে।

সঙ্গে সঙ্গে আহত ব্যাঘ্রের মত ফিরে দাঁড়ায় হীরুসেন এবং আক্রমণ করে বনহুরকে।

এবার শুরু হয় ধস্তাধস্তি।

বিমান তখন সাপশার আকাশে এসে পড়েছে। আর কয়েক মিনিটের মধ্যেই তাদের বিমানখানা সাপশা বিমান বন্দরে অবতরণ করবে।

পাইলট বিমানের বিপদের কথা সাপশা বিমান পুলিশ বাহিনীকে জানায়। বিমানখানা বন্দরে পৌঁছবার পূর্বেই সাপশা পুলিশ বাহিনী বিমান বন্দরের প্লাট ফরম ঘিরে দাঁড়ায়।

বিমানখানা যখন একেবারে সাপশা বিমান বন্দরের আকাশে এসে পড়ে তখন হীরুসেন রীতিমত হাঁপিয়ে পড়েছে। বনহুর প্রচন্ড এক ঘুষিতে ধরাশায়ী করে ফেলে।

বিমানের মেঝেতে হীরুসেন চীৎ হয়ে পড়ে যায়।

বনহুর ওর বুকে দক্ষিণ পা তুলে দিয়ে দাঁড়ায়। একটু নড়তে পারেনা হীরুসেন।

তার অনুচরদ্বয় তখন যাত্রীদের কাছে বন্দী হয়ে পড়েছে। কারো মুখে কোন কথা বের হচ্ছেনা।

নাসিমার দু'চোখে বিস্ময়, সে অবাক হয়ে তাকিয়ে আছে বনহুরের দিকে।

বিমানখানা অল্পক্ষণের মধ্যেই সাপশা বিমান বন্দরে অবতরণ করে। একদল পুলিশ বাহিনী বিমান বন্দরে অপেক্ষা করছিলো। বিমান অবতরণ করার সঙ্গে সঙ্গেই পুলিশ বাহিনী বিমানখানাকে চারপাশ থেকে ঘিরে ফেলে।

দস্যু হীরুসেন ও তার অনুচরদ্বয় বন্দী হয়।

সাপশার পুলিশ প্রধান বনহুরকে অভিনন্দন জানান। তার কৃতিত্বের কথা যাত্রীদের মুখে শুনে সবাই অবাক হয়ে যায়। কেমন কৌশলে এই তিন জন বিমান দস্যুকে বনহুর বন্দী করতে সক্ষম হয়েছে।

পুলিশ প্রধান বনহুরকে দশ হাজার টাকা পুরস্কার দিতে চাইলেন। কারণ এই বিমান দস্যু হীরুসেনকে গ্রেপ্তারের জন্য পুলিশ মহল দশ হাজার টাকা পুরস্কার ঘোষণ করেছিলেন।

বনহুর হেসে বললো—এ টাকা আপনারা সাপশার দুঃস্থ জনগণের মধ্যে বিতরণ করে দেবেন।

এমন মহৎ হৃদয় ব্যক্তি পুলিশ প্রধান এই প্রথম দেখলেন। দশ হাজার টাকা হাতে পেয়ে যে গ্রহণ না করে সে কেমন মানুষ।

এক সময় সাপশা বন্দর থেকে বিদায় নিলো বনহুরের বিমানখানা।

ওদিকে তখন দস্যু হীরুসেন ও তার সঙ্গীদ্বয়কে বন্দী করে পুলিশ ভ্যানে তুলে নেওয়া হয়েছে।

❑

নাসিমাকে তার পিতার কাছে পৌঁছে দিয়ে ফিরে আসে বনহুর ফাংহায়। ফাংহায় অনেক দিন কাটিয়ে গিয়েছে, তাই কেমন যেন একটা মায়া বসে গেছে তার। ফাংহায় এসে আবার সে শ্রমিক কলোনীতে যায়, দেখা করে শ্রমিকদের সকলের সঙ্গে।

ফাংহায় শ্রমিকগণ বনহুরকে ঘিরে ধরে আনন্দ প্রকাশ করে। কারণ এখন তাদের উপর পূর্বের সেই অকথ্য নির্যাতন নেই। তারা কাজ করে, তার ন্যায্য দাম পায়।

বনহুরকে ওরা নানা ভাবে আদর-যত্ন করে।

নানা রকম খাবার তৈরি করে খাওয়ায়। শ্রমিক সর্দার জানতো বনহুর ফল ভালবাসে তাই প্রচুর ফল এনেছিলো, বনহুর ইচ্ছামত ফল খায়।

খুশী হয় শ্রমিকগণ।

আজ এত আনন্দের মধ্যে বার বার মনে পড়ে বনহুরের সেই একটি মুখ, নাসিমা আজ তার জন্য ফাংহা পর্বতের গুহায় প্রতীক্ষা করছে না। কেন যেন বনহুরের মনটা হাহাকার করে উঠে ওর জন্য। একটি বার ঐ গুহায় যাবার জন্য সে অস্থির হয়ে উঠে।

শ্রমিক কলোনী থেকে বিদায় নিয়ে বনহুর সেই নির্জন গুহায় এসে দাঁড়ায়। সমস্ত গুহাটা খাঁ খাঁ করছে, কেমন যেন একটা গভীর ব্যথা ভরা নিস্তব্ধতা বিরাজ করছে সেখানে। বনহুরের চোখের সম্মুখে ভেসে উঠে নাসিমার মুখ খানা। সেই কণ্ঠস্বর শুনতে পায়।

বনহুরের চোখে পানি এসে যায়, ভাবে বনহুর ওর কথা এতো মনে পড়ছে কেনো। তার জীবনে বহু নারী সে দেখেছে, তাকে ভালও বেসেছে অনেকে কিন্তু এমন করে কারো কথা তার হৃদয়ে আলোড়ন সৃষ্টি করে নি। নাসিমাকে সে প্রথম থেকেই বোনের মত দেখে এসেছে, বোনের মত

ভালবেসেছে, তাই বুঝি একটা পবিত্র ভালবাসা তার মনকে অস্থির করে তুলছে।

বেশিক্ষণ বনহুর এ গুহায় অপেক্ষা করতে পারে না। এবার সে ফিরে চলে তার সঙ্গী সাথী রহমান, কাওসার, রামসিং আর হারুন যেখানে সেই লাহোরে।

রহমান আর রামসিং সর্দারের জন্য অক্ষেপা করছিল। কাওসার হারুন এরা ফিরে গিয়েছে কান্দাই। অবশ্য রহমানই এদের পাঠিয়ে দিয়েছে কারণ সর্দার করে ফিরবে তাদের জানা ছিলোনা। কান্দাই আস্তানায় তাদের জন্য সবাই গভীর চিন্তায় অস্থির ছিলো। এ জন্যই রহমান তাদের পাঠিয়ে দিয়েছে। আজ হঠাৎ সর্দারকে সুস্থ ভাবে ফিরে আসতে দেখে রহমান ও রামসিং আনন্দে অধীর হয়ে উঠলো।

রহমান আর রামসিং অত্যন্ত চিন্তিত হয়ে পড়েছিলো, কারণ সর্দারের এক সপ্তাহ কিংবা দু' সপ্তাহের মধ্যে ফিরে আসার কথা ছিলো।

যখন সপ্তাহের পর সপ্তাহ কেটে চললো, ফিরে এলো না বনহুর তখন চিন্তিত না হয়ে কোন উপায় ছিলো না। ওরা যে সন্ধান নেবে তারও কোন ঠিকানা ছিলো না। কাজেই বাধ্য হয়ে তারা প্রতীক্ষা করছিলো সর্দারের। তারা জানতো তাদের সর্দার নিশ্চয়ই একদিন ফিরে আসবেনই।

সেই আস্তানা।

যেখানে একদিন বনহুর নাসিমাকে এনে রেখেছিলো প্রথম এক সময়।

এখানে পৌঁছেও বনহুর নাসিমার অভাব অনুভব করতে লাগলো। মনটা বড় ভাল লাগছে না তার।

রহমান আর রামসিং বনহুরকে পেয়ে অত্যন্ত খুশী হলো। তারা নানা ভাবে জানার চেষ্টা করলো সর্দার এতোদিন কোথায় ছিলেন, কি করলেন।

বনহুর বিশ্রাম করতে করতে সব কথা সংক্ষেপে রহমান ও রামসিংকে বললো।

সব শুনে বললো রহমান—সর্দার আমাদের কাজ এবার শেষ হয়েছে, আমরা আস্তানায় ফিরে যেতে চাই?

বনহুর জবাব দিলো —হাঁ আমিও তাই ভাবছি। কিন্তু একটা কাজ এখনও আমার বাকী আছে রহমান।

বলুন সর্দার!

শাম্মীর হাতের অংগুরী কোথায় আছে, আমাকে সেটা খুঁজে বের করতে হবে।

রহমান মুখ গম্ভীর করে বললো—সর্দার অমন কত অংগুরী কোথায় হারিয়ে যায় কে তা খুঁজে পায়। একটা সামান্য.....

রহমান তুমি জানো না—এ অংগুরী সামান্য নয়। আমার আম্মার দেওয়া সেই অংগুরী আমি শাম্মীকে উপহার দিয়েছিলাম তার ভালবাসার প্রতিদানে। রহমান আমি জানি না এ অংগুরী কোথায় আছে কিন্তু আমাকে খুঁজে বের করতেই হবে।

সর্দার আমার মনে হয় শাম্মীকে যে হত্যা দিয়েছিলো সেই এ অংগুরী কোথাও গোপন করে রেখেছে।

তোমার সন্দেহ মিথ্যা নয় রহমান। যতক্ষণ না আমি সেই অংগুরী উদ্ধার করতে সক্ষম হয়েছি, ততক্ষণ আমি নিশ্চিন্ত নই।

❑

গভীর রাত।

বনহুরের ঘুম ছুটে যায়।

কে যেন তার শিয়রে দাঁড়িয়ে। নিশ্বাসের শব্দ কানে আসছে তার।

বনহুর চোখ মেলে তাকালো, অন্ধকারে ছায়ার মত কেউ যেন নজরে পড়লো তার। বনহুর ভেবে পায়না, কে তার শিয়রে এসে দাঁড়াতে পারে।

বনহুর উঠে বসবে কিনা ভাবছে, এমন সময় ছায়ামূর্তি ফিস ফিস করে চাপা কণ্ঠে বললো.....এসো আর দেরী করোনা...আর দেরী করোনা...এসো আমার সঙ্গে..

বনহুরের মনে হলো কথাগুলো যেন বহুদূর থেকে ভেসে আসছে। তবে কি কোন অশরীরী আত্মা, বনহুর ভয় পায়না সে আরও ভাল ভাবে তাকালো, বললো সে—কে? কে তুমি?

একটা হাসির শব্দ। নারী কণ্ঠে কে যেন খিল খিল করে হেসে উঠলো।

বনহুরের মুখে বিস্ময় ফুটে উঠে।

ধীরে ধীরে উঠে বসে সে।

ছায়ামূর্তি একটু সরে দাঁড়ায়।

বনহুর বলে—হাসলে যে? বলো কে তুমি?

আবার সেই হাসির শব্দ। হাসি থেমে গেলো— ছায়ামূর্তি বললো...আমাকে চিনতে পারছোনা?

বনহুর বললো—না।

এরি মধ্যে আমাকে ভুলে গেছো।

কে তুমি? বলো বলো কে তুমি? আমি আলো জ্বালবো—বলো?

না, তুমি আলো জ্বালতে পারবেনা।

এইতো আমি আলো জ্বালতে উঠলাম।

পারবেনা। পারবেনা তুমি আলো জ্বালতে.....আবার সেই হাসির শব্দ।

বনহুর উঠে দাঁড়ায়, ধরতে যায় সে ছায়ামূর্তিকে—কে তুমি বলবেনা? আমি তোমাকে ধরে ফেলবো।

সেই মুহূর্তে ছায়ামূর্তি সরে দাঁড়ায়।

বনহুর পড়তে গিয়ে দরজা ধরে ফেলে।

বাইরে থেকে ভেসে আসে রহমানের কণ্ঠস্বর... সর্দার... সর্দার... সর্দার.. দরজা খুলুন...

বনহুর দরজা খুলে ফেলে।

রহমান মশাল হাতে কক্ষে প্রবেশ করে বলে—সর্দার আপনি কার সঙ্গে কথা বলছিলেন?

বনহুর ফ্যাল ফ্যাল করে তাকালো কক্ষটার মধ্যে চারপাশে। কেউ যেন এই মাত্র ছিলো তাকে সে দেখতে পাচ্ছেনা। বনহুর বললো—রহমান, কে আমার ঘরে এসেছিলো। আমি স্পষ্ট তাকে দেখেছি—

সর্দার আপনি কি বলছেন?

হাঁ কেউ এসেছিলো আমার ঘরে।

এটা তো সেই পোড়ো বাড়ি নয়। দরজা ভালভাবে বন্ধ ছিলো—কেউ আপনার ঘরে ঢুকতে পারবে না সর্দার। তাছাড়া এটা মজবুত পাকা বাড়ি।

আমি দেখেছি রহমান কেউ এসেছিলো। .....

সর্দার!

হাঁ রহমান।

সর্দার আপনি স্বপ্ন দেখেছেন।

না আমি জেগে ছিলাম।

কি করে বন্ধ কক্ষে কেউ প্রবেশ করবে?

জানি না কিন্তু আমি নিজের চোখে দেখেছি। নিজের কানে নিশ্বাসের শব্দ শুনতে পেয়েছি। শুনেছি তার কথাগুলো—শুনেছি তার হাসির শব্দ.....

সর্দার মেয়ে না পুরুষ?

নারী কণ্ঠের হাসি আমি শুনেছি। নারী আমাকে ডেকেছে।

সর্দার এ বাড়ি ছেড়ে আমরা চলে যাই।

না না তা হয়না! আমি দেখতে চাই কে সে। কোথায় আমাকে নিয়ে যেতে চায়?

রহমান এবং রামসিং ভীষণ চিন্তিত হয়। এমন কান্ড তো জীবনে ঘটেনি নাই।

তবু তারা ফিরে যায় নিজ নিজ কক্ষে।

রহমান যখন বনহুরের দরজায় ধাক্কা দিয়ে ডাকছিলো তখন রামসিংও এসে দাঁড়িয়েছিলো সেখানে। রামসিং এর মুখেও একটা চিন্তার ছাপ পড়ে।

পরদিন রাতে বনহুর কিছুতেই ঘুমাতে পারেনি। পূর্বদিনের সেই ঘটনা তাকে যেন আচ্ছন্ন করে রেখেছে। শুয়ে শুয়ে একটির পর একটি সিগারেট পান করে চলছে সে।

কক্ষ মধ্যে একটি মোমবাতি জ্বলছে।

বনহুর নীরবে ধুমপান করছে আর ভাবছে গত রাতের কথা। কে সে? আর কিই বা তার উদ্দেশ্য? আর কেনোই বা সে এসেছিলো তার কাছে। সে যে স্বপ্ন দেখেনি সেটা সম্পূর্ণ সত্য। বনহুর আজ ঘুমাবেনা, সে দেখতে চায় আজও সে আসে কিনা। আর কোন্ পথেই বা আসবে তাও দেখবে বনহুর।

ঘন্টার পর ঘন্টা কেটে চলেছে।

বিশ্ব বিখ্যাত দস্যু আজ মোহ গ্রস্থের মত উদাসীন। একটা অশরীরী ছায়ামূর্তি তাকে উদভ্রান্ত করে তুলেছে।

লাহোরে কোন এক গীর্জা থেকে রাত চারটা বাজার ঘন্টা ধ্বনি শোনা যায়।

বনহুর চীৎ হয়ে গভীর ভাবে চিন্তা করতে থাকে।

কতক্ষণ যে কেটে গেছে খেয়াল নাই।

বনহুরের একটু তন্দ্রা এসেছে।

হঠাৎ তার শিয়রে কারো উপস্থিতি অনুভব করে সে। সেই নিশ্বাসের শব্দ, সেই কাপড়ের খস খস আওয়াজ, বনহুর রুদ্ধ নিশ্বাসে প্রতিক্ষা করছে , কথা সে বলে কিনা। তাকিয়ে দেখলো একটি নারীমূর্তি স্থির হয়ে দাঁড়িয়ে আছে।

বনহুর হাত বাড়ালো ওর দিকে, সঙ্গে সঙ্গে বললো কে? কে তুমি? চোখে মুখে তার দারুন উৎকণ্ঠা।

পরবর্তী বই

অশরীরী আত্মা

অশরীরী আত্মা- ৬২

❑

একটা ছায়ামূর্তির আকর্ষণে বনহুর যেন মন্ত্রমুগ্ধের মত এগিয়ে চলেছে। ছায়ামূর্তি যেন তাকে হাতছানি দিয়ে ডাকছে। বনহুর একমনে গাড়ি চালিয়ে যাচ্ছে। কোথায় যাচ্ছে, কেন যাচ্ছে সে নিজেই জানে না।

একটা উচ্চ প্রাচীরের পাশে এসে ছায়ামূর্তি থামলো।

বনহুরও গাড়ি রেখে নেমে পড়লো।

ছায়ামূর্তি প্রাচীরের দিকে এগুতে শুরু করলো। বনহুর ওকে অনুসরণ করলো। ছায়ামূর্তি ধীরে ধীরে এগুচ্ছে। জ্যোছনার আলোতে ছায়ামূর্তির শুভ্র বসন অদ্ভুত লাগছে।

বনহুর তন্দ্রাচ্ছন্নের মত ছায়ামূর্তির পাশে এসে দাঁড়ালো। বললো—কে..... কে তুমি?

ছায়ামূর্তি নীরব।

বনহুর জ্যোছনার আলোতে ভালো করে তাকালো। ছায়ামূর্তির মুখখানা সে লক্ষ্য করলো কিন্তু ছায়ামূর্তির মুখখানা বিপরীত দিকে থাকায় তাকে স্পষ্ট দেখতে পাচ্ছে না।

ছায়ামূর্তি এগুচ্ছে।

বনহুর থামলে ছায়ামূর্তিও থেমে পড়ে।

বনহুর আবার বললো—আমার প্রশ্নের জবাব দাও। বলো কে তুমি?

ছায়ামূর্তি নীরবে এগিয়ে যাচ্ছে, কোনো কথা বলছে না।

বনহুর তাকে অনুসরণ করে চলেছে।

প্রাচীরের পাশ কেটে এগুচ্ছে ছায়ামূর্তি।

নিঝুম রাত।

সমস্ত লাহোর নগরী ঘুমে অচেতন।

আকাশে অসংখ্য তারার প্রদীপ জ্বলছে।

বনহুরের মনে এক অভূতপূর্ব অনুভূতি। সে জানে না কে ঐ ছায়ামূর্তি। শুভ্রবসনা। এলায়িত কেশরাশি কাঁধের উপর ছড়িয়ে আছে। মৃদু মৃদু বাতাস বইছে। ছায়ামূর্তির শুভ্রবসন বাতাসে উড়ছে। বনহুর বিস্ময় বিমুগ্ধ, মন্ত্রমুগ্ধের মূর্তির মত এগুচ্ছে সে।

হঠাৎ পিছনে শোনা যায় একটা কণ্ঠস্বর—সর্দার!

সঙ্গে সঙ্গে ছায়ামূর্তি মিশে যায়, অদৃশ্য হয়ে যায় যেন সে বাতাসের মধ্যে।

বনহুর স্থবিরের মত দাঁড়িয়ে পড়ে।

পাশে এসে দাঁড়ায় রহমান—সর্দার, এ আপনি কোথায় এসেছেন?

বনহুর জ্যোছনার আলোতে ফিরে তাকায় রহমানের মুখের দিকে, ক্রুদ্ধকণ্ঠে বলে—সব তুমি নষ্ট করে দিলে রহমান।

এ আপনি কি বলছেন সর্দার? আমি নষ্ট করলাম?

দেখলে না তোমার আগমনে সে অদৃশ্য হয়ে গেলো?

কে! কার কথা বলছেন সর্দার?

সেই শুভ্রবসনা ছায়ামূর্তি।

কই, কোথায়, আমি তো কাউকে দেখতে পাইনি সর্দার!

তুমি কি অন্ধ হয়ে গেছো! দেখোনি আমার সম্মুখে কে একজন এগিয়ে যাচ্ছিলো।

না সর্দার, আমি কাউকে দেখিনি। সর্দার, ফিরে চলুন। ফিরে চলুন সর্দার, ওটা প্রেত আত্মা.....

প্রেত আত্মা.....হাঃ হাঃ হাঃ প্রেত আত্মা। কার প্রেত আত্মা, কিসের প্রেত আত্মা! বলো রহমান কার প্রেত আত্মা!

জানি না।

তবে যে তুমি বলছো প্রেত আত্মা। প্রেত আত্মা আমি মানি না।

সর্দার, আপনি এখন সুস্থ নন.....

আবার বনহুর অট্টহাসিতে ভেংগে পড়ে—হাঃ হাঃ হাঃ।

সর্দার চলুন, চলুন আপনি।

না, তুমি যাও।

এ কি বলছেন?

হাঁ, আমি জানি কে সে। আর কেনইবা সে আমাকে এখানে এনেছে।

সব স্বপ্ন সর্দার।

না না, স্বপ্ন নয়। তুমি চলে যাও রহমান।

না, আমি আপনাকে একা এখানে রেখে যাবো না। যেতে পারি না সর্দার।

যাবে না?

না।

তাহলে সে আর আসবে না।

কে আসবে না সর্দার?

সেই শুভ্রবসনা।

সর্দার, কোনো শত্রু হতে পারে। আপনাকে বিপদে ফেলার জন্য।.....

না না, নিশ্চয়ই কোনো মহৎ উদ্দেশ্য আছে ঐ শুভ্রবসনার, না হলে সে কখনই আমাকে এমনভাবে এখানে নিয়ে আসতো না। রহমান, তুমি চলে যাও, আমি দেখতে চাই কে সে, আর কেনই বা আমাকে এখানে এনেছে।

আপনি একা, এ অবস্থায়....

আবার বনহুর অট্টহাসিতে ফেটে পড়ে, তারপর হাসি থামিয়ে বলে—আমি কচি ছেলে নই। যাও রহমান, আমি এর শেষ দেখতে চাই.....

বেশ, আমি যাচ্ছি।

হাঁ যাও।

রহমান মাথা নীচু করে বিষন্ন মনে চলে যায়। যাবার সময় একবার তাকায় সে তার সর্দারের মুখের দিকে।

জ্যোছনার আলোতে বনহুরের চোখ দুটো যেন স্বপ্নময় মনে হচ্ছে। প্রশস্ত ললাটে বিন্দু বিন্দু ঘাম ফুটে উঠেছে। চুলগুলো এলোমেলো। তার ঠোঁট দু'খানাকে বড় শুকনো মনে হলো রহমানের কাছে। নীরবে চলে গেলো সে।

বনহুর তন্ময় হয়ে তাকিয়ে আছে রহমানের চলে যাওয়া পথের দিকে, ভাবছে, সত্যি রহমানকে সে তাড়িয়ে দিলো। ওকে এভাবে চলে যেতে বলা তার কি উচিত হয়েছে? সত্যিই যদি এটা কোনো ভূতুড়ে ব্যাপার হয়? আপন মনেই হাসলো বনহুর। মানবদেহী নর-খাদককেই সে ভয় করেনি, এটাতো একটা ভূতুড়ে কাণ্ড বলেই মনে হচ্ছে তার। রহমান বলেছে প্রেত আত্মা, হয়তো কোন অশরীরীই হবে।

হঠাৎ বনহুরের কানে একটা সুন্দর সুমিষ্ট কণ্ঠ ভেসে এলো, যেন বহুদূর থেকে কেউ তাকে ডাকছে..... এসো.... অমন দাঁড়িয়ে রইলে কেন.....

বনহুর ফিরে তাকাতেই আবার সেই শুভ্রবসনা নারীমূর্তি দেখতে পায়। তার কাছ থেকে ছায়ামূর্তিটি বেশি দূর নয়, তবু তার কণ্ঠস্বর যেন বহুদূর থেকে ভেসে আসছে বলে মনে হলো। এ স্বর যেন তার পরিচিত। কিন্তু কোথায় শুনেছে, কবে শুনেছে, খেয়াল করতে পারে না বনহুর।

নিশ্চল পাথরের মূর্তির মত দাঁড়িয়ে থাকে বনহুর।

শুভ্রবসনা খিল খিল করে হেসে উঠে, আবার সেই কণ্ঠ.....তুমি আমায় বিশ্বাস করতে পারছো না? ওগো বন্ধু..... এসো..... এসো, আমি কে, জানো?

বনহুর অস্ফুট কণ্ঠে বললো—না।

.....তুমি এত মনভোলা, এরই মধ্যে আমাকে ভুলে গেছো?

বনহুর শুনতে পাচ্ছে, মনে হচ্ছে কথাগুলো যেন কোন পাতালপুরী থেকে ভেসে আসছে। কোনো জলতরঙ্গের তলা থেকে শোনা যাচ্ছে এ কণ্ঠস্বর। কিন্তু ঐ তো ওখানে দাঁড়িয়ে, ঐ শুভ্রবসনা নারীই তো কথা বলছে।

ছায়ামূর্তি বললো..... আমি তোমার অনেক পরিচিত..... তোমার বান্ধবী.....

বান্ধবী? বনহুর কথাটা উচ্চারণ করলো।

ছায়ামূর্তি বললো—এখনও তুমি আমায় চিনতে পারছো না?

বনহুর ভাল করে তাকালো জ্যোছনার আলোতে, দেখতে পেলো একটা মুখ, বিবর্ণ ফ্যাকাশে করুণ নিষ্প্রভ মুখ। বনহুর বিস্ময়ভরা কণ্ঠে বললো—শাম্মী তুমি?

..... হাঁ, এবার আমায় চিনতে পেরেছো? এসো তবে আমার সঙ্গে....

বনহুর বললো— কোথায়?

..... যেখানে আমি থাকি।.....

তুমি বেঁচে আছো শাম্মী?

..... এসো, সব বলবো.....

তোমার যে মৃত্যু হয়েছে?

..... সব জানতে পারবে, এসো....এগুতে লাগলো ছায়ামূর্তি। বনহুর ওর পিছনে পিছনে চললো।

কিছুদূর এসে থমকে দাঁড়িয়ে পড়লো ছায়ামূর্তি।

বনহুর অবাক হয়ে দেখলো এ সেই দেয়াল, যে দেয়াল ডিংগিয়ে একদিন সে মিঃ প্রিন্সের শোবার ঘরে প্রবেশ করেছিলো।

ছায়ামূর্তি আংগুল দিয়ে এক জায়গায় দেখিয়ে দিলো।

বনহুর দেখলো ছায়ামূর্তি অদৃশ্য হয়ে গেছে। কিছুক্ষণ হতবাক হয়ে দাঁড়িয়ে রইলো, তারপর ঐ জায়গায় এসে দাঁড়ালো, যে জায়গায় ছায়ামূর্তি

আংগুল দিয়ে দেখিয়ে দিয়েছিলো। বনহুর দেয়ালের এক জায়গায় একটা সুইচের মত দেখতে পেলো। মুহূর্ত বিলম্ব না করে সে ঐ সুইচে চাপ দিলো, সঙ্গে সঙ্গে দেয়ালের একটা অংশ ফাঁক হয়ে গেলো—দেখলো একটা ছোট তাক, তাকের উপরে একটা ঝকঝকে সুন্দর বাক্স। বাক্সটা বনহুর হাতে তুলে নিলো এবং খুলে ফেললো দ্রুতহস্তে।

বনহুর বাক্স খুলে ফেলতেই দেখলো তার মধ্যে রয়েছে একটা আংটি। বনহুর আংটি হাতে তুলে নিয়েই অস্ফুট কণ্ঠে বলে উঠলো—এ যে সেই আংটি, শাম্মীর মৃতদেহের হাত থেকে যা উধাও হয়েছিলো।

বনহুর আংটিটা হাতে নিয়ে তাকালো সম্মুখে, আবার সেই ছায়ামূর্তি অদূরে দাঁড়িয়ে আছে। বনহুরকে হাতছানি দিয়ে ডাকছে।

বনহুর তন্দ্রাচ্ছন্নের মত আংটি হাতে এগিয়ে চললো।

ছায়ামূর্তি এগিয়ে যাচ্ছে।

বনহুর ওকে অনুসরণ করলো।

বেশ কিছুদূর গিয়ে একটা গর্তের কাছে এসে দাঁড়ালো শাম্মী।

বনহুর তার কাছ থেকে কয়েক হাত দূরে দাঁড়িয়ে পড়লো। শাম্মী বললো..... আমি এখানেই থাকি.....

বনহুর অবাক কণ্ঠে বললো—এই অন্ধকারময় পচা গর্তে তুমি থাকো?

.....হাঁ.....

না না, তুমি এখানে থেকো না শাম্মী। চলো আমি তোমায় নিয়ে যাবো। আমার কাছে থাকবে তুমি..... বনহুর ওকে হাত বাড়িয়ে ধরতে গেলো। কিন্তু একি, কেউ তো নেই সেখানে।

বনহুরের মনটা হঠাৎ কেমন যেন শিউরে উঠলো, সত্যিই কি শাম্মীর অশরীরী আত্মা তাকে এতক্ষণ হাতছানি দিয়ে ডাকছিলো!

বনহুর গাড়িতে উঠে বসে, ফিরে আসে সে রহমান ও রামসিং এর কাছে।

সর্দারকে ফিরে আসতে দেখে খুশী হয় রহমান ও রামসিং। তারা সর্দারকে কুর্ণিশ জানায়।

বনহুর বলে—রহমান, এই দেখো আমি সেই আংটি উদ্ধার করতে সক্ষম হয়েছি।

রহমান অবাক হয়ে বলে—সর্দার, ঐ আংটি আপনি কোথায় পেলেন? ওটা তো শাম্মীর হাতেই ছিলো?

হাঁ, শাম্মীই আমাকে পথ দেখিয়ে নিয়ে গিয়েছিলো, যেখানে ছিলো তার আংটিটা।

শাম্মী!

হাঁ!

সর্দার, শাম্মী বেঁচে আছে?

না।

তবে যে আপনি বলছেন শাম্মী আপনাকে পথ দেখিয়ে নিয়ে গিয়েছিলো?

শাম্মীর অশরীরী আত্মা.....

সর্দার! অস্ফুট কণ্ঠে বলে উঠলো রামসিং।

হাঁ, শাম্মীর অশরীরী আত্মাই আমাকে পথ দেখিয়ে নিয়ে গেছে।

রহমান বলে উঠে—আমি বলেছিলাম সর্দার ঐ ছায়ামূর্তি অন্য কিছু নয়, শাম্মীর অশরীরী আত্মা।

হাঁ, তোমার কথাই সত্য রহমান।

❑

বনহুর শয্যায় অর্ধশায়িত অবস্থায় গভীরভাবে কিছু চিন্তা করছিলো। এমন সময় রহমান এসে দাঁড়ালো। সসম্মানে কুর্ণিশ জানিয়ে বললো—সর্দার!

বনহুরের কিন্তু খেয়াল নেই কোনোদিকে, সে তন্ময় হয়ে কি যেন ভাবছে।

আজ ক'দিন থেকে রহমান লক্ষ্য করছে বনহুর সব সময় কেমন যেন আনমনা হয়ে থাকে। কি যেন গভীরভাবে চিন্তা করে সে।

এ নিয়ে রহমান আর রামসিংয়ের মধ্যে বেশ আলোচনা হয়েছে। এখানে আর অপেক্ষা করা মোটেই উচিত হবে না। যেমন করে হোক সর্দার সহ দেশে ফিরে যেতে হবে।

রহমান, এই কথা নিয়েই এ মুহূর্তে সর্দারের কাছে হাজির হয়েছে।

রহমানের কণ্ঠস্বর বনহুরের কানে পৌঁছেনি, সে যেমন বসেছিলো তেমনি বসে রইলো। বনহুরের দৃষ্টি সম্মুখের মুক্ত জানালা দিয়ে চলে গেছে অনেক দূরে, সীমাহীন ঐ আকাশে।

রহমান আবার ডাকলো—সর্দার!

এবার বনহুর চমকে উঠলো, চিন্তাজাল তার বিচ্ছিন্ন হয়ে গেলো। ফিরে তাকালো সে রহমানের দিকে।

রহমান বললো—সর্দার, এবার দেশে চলুন। কান্দাই আস্তানা থেকে কায়েস জানিয়েছে আপনার দেশে ফেরা একান্ত দরকার।

বনহুর ভ্রুকুঞ্চিত করে বললো—কেন?

অনেক দিন আপনি আস্তানা ছাড়া, তাই সবাই আপনার জন্য উন্মুখ হয়ে উঠেছে। বিশেষ করে বৌরাণী আর নূরী.....

জানি ওরা সবাই আমার জন্য উদ্বিগ্ন হয়ে উঠেছে, কিন্তু.....

আর কোনো কিন্তু নয় সর্দার, এবার ফিরে চলুন। আপনার বৃদ্ধা আম্মা সাহেবা কতদিন আপনাকে না দেখে.....

আমি জানি! আমি জানি রহমান। সত্যি আমার মা আমার জন্য কেঁদে কেঁদে পাগলিনী হয়ে গেছেন। কতদিন আমি মা-হারা....বনহুরের কণ্ঠ বাষ্পরুদ্ধ হয়ে আসে।

এমন সময় রামসিং এসে দাঁড়ায়। তারও মুখোভাব গম্ভীর থমথমে। বলে রামসিং—সর্দার, মায়ের আশীর্বাদ ছাড়া সন্তানের কাছে সবই যে বৃথা। চলুন সর্দার, মায়ের আশীর্বাদ গ্রহণ করুন।

হাঁ, ঠিক বলেছো রামসিং, মায়ের আশীর্বাদ আমার জীবনের সবচেয়ে বড় সম্পদ। যাবো, কান্দাই ফিরে যাবো। আমার মা, আমার মনিরা, নূরী, আমার নূর, জাভেদ আর আমার দেশবাসী, সবাই কে কেমন আছে কতদিন জানি না। তোমরা প্রস্তুত হয়ে নাও।

বনহুরের কথায় রামসিং এবং রহমানের মুখে খুশীর আভাস ছড়িয়ে পড়লো। প্রধান অনুচরদ্বয় আনন্দদীপ্ত মনে বেরিয়ে গেলো সেখান থেকে।

❑

বনহুর ফিরে এলো কান্দাই তার আস্তানায়। রহমান আর রামসিংয়ের প্রচেষ্টা সার্থক হলো। সর্দার ফিরে আসায় আস্তানায় আনন্দের বন্যা বয়ে চললো। শুধু বনহুরের অনুচরদের মধ্যেই এই আনন্দোচ্ছ্বাস প্রকাশ পেলো না, এ আনন্দের উচ্ছলতা সমস্ত কান্দাই জঙ্গলে আলোড়ন সৃষ্টি করলো।

জঙ্গলের গাছগুলো পর্যন্ত যেন সজীব হয়ে উঠেছে। পশুপাখীগুলোও যেন আনন্দে মেতে উঠেছে। ঝর্ণাগুলো আজ কল কল রবে বয়ে চলেছে।

তাজের তো খুশী আর ধরছে না। বনহুর যখন তাজের পিঠে হাত চাপড়ে আদর করলো তখন সে সম্মুখের পা দিয়ে বারবার মাটিতে আঘাত করতে লাগলো। আর চিঁ হিঁ চিঁ হিঁ শব্দ করে চললো। ওর মনের আনন্দোচ্ছ্বাস প্রকাশ পেলো ওর আচরণে।

এক সময় বনহুর প্রবেশ করলো তার বিশ্রামকক্ষে। নূরী একছড়া ফুলের মালা নিয়ে অপেক্ষা করছিলো, বনহুর কক্ষে প্রবেশ করতেই মালাছড়া পরিয়ে দিলো তার গলায়।

বনহুর ওকে টেনে নিলো কাছে। বাহুবন্ধনে আবদ্ধ করে বললো—আমার শুভেচ্ছা গ্রহণ করো নূরী। জানতাম তুমি আমার উপর অভিমান বা রাগ করবে না।

নূরী স্বামীর বুকে মুখ গুঁজে বললো—জানি তোমার উপর রাগ বা অভিমান করে কোন লাভ হবে না। বলো কেমন ছিলে?

বনহুর নূরীসহ খাটে বসে পড়লো।

নূরী বনহুরের জামার বোতাম খুলে দিতে দিতে বললো—কই, বললে নাতো বাংলাদেশে কেমন ছিলে?

বনহুর কেমন যেন আনমনা হয়ে পড়লো, একটা দীর্ঘশ্বাস ছেড়ে বললো সে—ভালো ছিলাম না নূরী।

কোনো অসুখ-বিসুখ হয়েছিলো তোমার?

না।

তবে? তবে কি অন্য কোনো বিপদ...

হ্যাঁ। কিন্তু আমার নিজের নয়, বাংলাদেশের মানুষের।

তাই বলো।

তুমি তো জানো অপরের ব্যথা-বেদনা বিপদ-আপদ সব যে আমার...

হুর তুমি চিরকাল এমনি পরের ব্যথা-বেদনা আর বিপদকে নিজের করে নেবে?

আমি যে জন্মেছি পরের জন্যে তা কি তুমি জানোনা নূরী?

জানি।

তবে কেন বারবার এ প্রশ্ন করো? যাক, এবার বলো তুমি কেমন ছিলে?

ও কথা তুমি আমাকে জিজ্ঞেস করো না হুর।

কেন?

আমি জবাব দিতে পারবো না।

বনহুর বিছানায় চীৎ হয়ে শুয়ে পড়ে গম্ভীর কণ্ঠে বললো—ভেবেছিলাম তুমি আমার উপর রাগ বা অভিমান করোনি, কিন্তু.....

নূরী ওর মুখে হাতচাপা দিয়ে বলে—চুপ করো হুর! তুমি চুপ করো। জানোনা তুমি ছাড়া আমি কেমন থাকি? বাষ্পরুদ্ধ হয়ে আসে নূরীর কণ্ঠ । চোখ দুটো অশ্রুসজল হয়ে উঠে।

বনহুর পাশ ফিরে ওকে কাছে টেনে নিয়ে বলে—একি চোখে পানি এনে ফেললে? না না, আজ চোখে পানি নয়। আনন্দ—শুধু আনন্দ নূরী। কতদিন আমি প্রাণ খুলে আনন্দ করিনি। কতদিন আমি প্রাণ খুলে হাসিনি। সর্বক্ষণ আমাকে একটা মায়াজাল আচ্ছন্ন করে তুলেছিলো। আমি যেন হারিয়ে গিয়েছিলাম কোনো রূপকথার রাজ্যে।

এসব তুমি কি বলছো হুর?

হাঁ, তুমি শুনলে অবাক হবে নূরী। কিন্তু আজ আমি সে সব কথা বলতে রাজী নই।

তোমাকে বলতে হবে।

আজ নয়, পরে সব বলবো! আজ শুধু.....বনহুর নূরীকে বাহুবন্ধনে আবদ্ধ করে।

ঐ মুহূর্তে জাভেদ কক্ষে প্রবেশ করলো।

নূরী তাড়াতাড়ি বনহুরের বাহুবন্ধন থেকে নিজেকে মুক্ত করে নিয়ে বললো—এখনও তোমার দুষ্টামি গেলোনা হুর।

ততক্ষণে জাভেদ বনহুর আর নূরীর পাশে এসে দাঁড়িয়েছে। জাভেদের হাতে তীরধনুক। বনহুরকে দেখে কিন্তু জাভেদ বিস্ময় ভরা দৃষ্টি নিয়ে তাকায়।

নূরী জাভেদকে কাছে টেনে নিয়ে বলে—ওকে চিনতে পারছোনা জাভেদ?

অনেকদিন বনহুরকে দেখেনি জাভেদ, তাই কেমন যেন ভুলে গেছে ওকে। অবাক হয়ে দেখলো সে বনহুরকে তাকিয়ে তাকিয়ে।

নূরী বনহুরকে লক্ষ্য করে বললো—জাভেদ শিকারে গিয়েছিলো, দেখছোনা ওর হাতে তীরধনুক।

বনহুর জাভেদকে এবার তুলে নিলো কোলে, তারপর ওর গালে চুমু দিয়ে বললো—আমাকে ভুলে গেছো? আমি তোমার আব্বু।

সঙ্গে সঙ্গে জাভেদের চোখ দুটো আনন্দে দীপ্ত হয়ে উঠলো। সে মায়ের মুখে শুনেছে তার আব্বু বাংলাদেশে গেছে।

কতদিন সে বিরক্ত করেছে তার মাকে, তখন ছোট থাকলেও এখন বেশ বড় হয়েছে—তার কত প্রশ্ন, কত কথা!

জাভেদ শিশু হলে কি হবে, সে সম্পূর্ণ তার পিতার স্বভাব পেয়েছে। এখন থেকেই তীরধনুক নিয়ে বনে বনে ঘুরে বেড়ায়। বাঘের বাচ্চার সঙ্গে লড়াই করে।

বনহুরের কথায় জাভেদ তার ছোট্ট বাহু দুটি দিয়ে পিতার গলা জড়িয়ে ধরে বলে—আব্বু, তুমি শিকারে যাবে না?

হাঁ, যাবো।

আমি মস্ত বড় বাঘ মারবো।

আচ্ছা মেরো। আমি তোমাকে সাহায্য করবো।

সত্যি বলছো আব্বু?

হাঁ, আমি তোমাকে.....

নূরী স্বামীর মুখে হাতচাপা দিয়ে বলে—থাক থাক, ছেলেকে আর অত বড় শিকারী বানাতে হবে না।

ঠিক ঐ মুহূর্তে নাসরিন এসে হাজির হয়। তার কোলে ছোট্ট ফুটফুটে একটা মেয়ে।

বনহুর হেসে বলে—বাঃ চমৎকার মেয়ে! নাসরিন, এটা কে?

নূরী বলে উঠে—নতুন মানুষ।

নাসরিনের গন্ড রক্তাভ হয়ে উঠে।

বনহুর এগিয়ে এসে নাসরিনের কন্যার গালে মৃদু চাপ দিয়ে বলে—ভারী সুন্দর!

বনহুরের কথা মিথ্যা নয়, নাসরিনের কন্যাটি অদ্ভুত সুন্দর হয়েছে। নাক, মুখ, চোখে অপূর্ব এক দীপ্তময় ভাব।

বনহুর বললো—ওর নাম কি রেখেছো নাসরিন?

নাসরিন কিছু বলার পূর্বেই কক্ষে প্রবেশ করে রহমান, কুর্ণিশ জানিয়ে নম্রকণ্ঠে বলে—সর্দার, আমার ইচ্ছা ওর নাম আপনি রাখবেন।

হাসলো বনহুর।

নূরী বললো—হাঁ, তুমিই ওর একটা নাম রাখো হুর।

বনহুর শিশু কন্যার মুখের দিকে তাকিয়ে একটু ভেবে নিয়ে বললো—ফুল্লরা রাখলাম ওর নাম।

রহমান বললো—ভারী সুন্দর নাম সর্দার।

নূরী হাততালি দিয়ে আনন্দ প্রকাশ করে।

❑

হঠাৎ ঘুম ভেংগে গেলো মনিরার। কেউ যেন তার ঘরে প্রবেশ করে তার খাটের দিকে এগিয়ে আসছে বলে মনে হলো। রুদ্ধ নিঃশ্বাসে প্রতীক্ষা করছে, ভারী জুতোর শব্দ, ক্রমেই যেন আরও নিকটে মনে হচ্ছে। মনিরা চীৎকার করবে না চুপ করে থাকবে। এমন গভীর রাতে নিঃশব্দে কে তার বিছানার দিকে এগুচ্ছে ভেবে পায় না।

কক্ষ অন্ধকার।

মনিরা কক্ষে আলো জ্বেলে ঘুমাতে পারে না। ডিমলাইটটিও সে নিবিয়ে ঘুমায়। অন্ধকারে ভাবে ওর কথা। ওর কথা ভাবতে বড় ভাল লাগে মনিরার। যতক্ষণ আলো থাকে ততক্ষণ যেন ওকে নিবিড় করে ভাবতে পারে না। তাই অন্ধকার ভালবাসে সে। কিন্তু এমন একটা মুহূর্তের জন্য মোটেই প্রস্তুত ছিলো না মনিরা।

শীতের রাতেও ঘেমে উঠলো মনিরার দেহ। লেপ মুড়ি দিয়ে জড়োসড়ো হয়ে পড়ে রইলো।

পাশের ঘরে মামীমা আর নূর ঘুমাচ্ছে। সমস্ত চৌধুরীবাড়ি নিস্তব্ধ।

মনিরা দেখলো তার বিছানার পাশে এসে স্থির হয়ে দাঁড়ালো একটা ছায়ামূর্তি। তারপর বিছানায় তার পাশে বসলো।

সঙ্গে সঙ্গে মনিরা অস্ফুট কণ্ঠে বলে উঠলো—কে...কে তুমি?

মনিরার মুখে হাতচাপা দিয়ে শান্ত গম্ভীর কণ্ঠে বললো—আমি।

তুমি! অন্ধকারে মনিরার চোখ দুটো খুশীতে উজ্জ্বল হয়ে উঠলো।

বনহুর মনিরার পাশে ঘনিষ্ঠ হয়ে বসে বললো—ভয় পেয়ে গেছো মনিরা, না?

আজও তোমার সেই অভ্যাস গেলো না? চোরের মত চুপি চুপি না এলে কি নয়?

এতেই যে আমার আনন্দ মনিরা। অন্ধকারের আড়ালে তুমি আর আমি.....

বাংলাদেশ জয় করে বড় কাব্যিক হয়েছো দেখছি। বাংলাদেশ স্বাধীন হবার পরও তোমার সংগ্রাম কি শেষ হয়েছিলো না?

সত্যি আমার সংগ্রাম শেষ হয়নি এখনও মনিরা। বাংলাদেশ স্বাধীন হয়েছে কিন্তু বাংলাদেশের মানুষের মন স্বাধীন স্বচ্ছ হয়নি।

তার মানে?

মানে এখনও সেখানে শোষণ চলছে। চলছে দুর্নীতি অত্যাচার খুন খারাবি রাহাজানি।

তবে বেশিদিন বাংলাদেশে এই অনাচার আর চলবে না। লক্ষ লক্ষ শহীদের রক্ত কোনো দিন বৃথা যেতে পারে না। জানো মনিরা, বাংলাদেশ শত্রুমুক্ত করতে কত অমূল্য প্রাণ বিসর্জন দিতে হয়েছে।

জানি, সব আমি শুনেছি। আরও শুনেছি কত নারী তার ইজ্জত বিসর্জন দিয়েছে।

হাঁ মনিরা। খান সেনারা বাংলাদেশের বুকে যে ইতিহাস রচনা করেছে তা পৃথিবীর ইতিহাসে নেই। কত নিরীহ মানুষকে ওরা হত্যা করেছে, কত মা-বোনের ইজ্জত ওরা লুটে নিয়েছে, কত মাকে ওরা সন্তানহারা করেছে.....

চুপ করো, চুপ করো.....আমি সব শুনেছি। রহমান আমাকে সব বলেছে।

যাক ওসব কথা, এখন বলো মনিরা তুমি কেমন আছো? মা কেমন আছে? নূর কেমন আছে? কতদিন তোমাদের ছেড়ে গিয়েছিলাম।

ওরা সবাই ভালো আছে তো?

আছে।

তুমি?

দেখতেই পাচ্ছো।

বড় রোগা হয়ে গেছো মনিরা। আমার জন্য বড্ড ভাবো।

আগে ভাবতাম এখন আর ভাবি না। জানি কোনোদিন তোমাকে ধরে রাখতে পারবো না।

লক্ষ্মীটি, মিথ্যা অভিমান করছো। এবার থেকে আর কোথাও যাবো না।

অমন কতবার বলেছো কিন্তু কথা রাখতে পেরেছো?

সে কথা মিথ্যা নয় মনিরা—তবে এবার থেকে চেষ্টা করবো সব সময় তোমাদের পাশে থাকতে। আর কোনো মান-অভিমান নয়..... বনহুর মনিরাকে বাহুবন্ধনে আবদ্ধ করে।

স্বামীর বুকে মাথা রাখে মনিরা। কতদিন পর আজ সে স্বামীকে একান্ত নিবিড় করে পেয়েছে। মনিরার চোখ দিয়ে ফোঁটা ফোঁটা অশ্রু গড়িয়ে পড়ে।

❑

একটা তীব্র আর্তনাদের শব্দ।

ঘুম ভেঙ্গে গেলো মনিরার। চোখ মেলতেই দেখলো বনহুর তার পূর্বেই জেগে বিছানায় উঠে বসেছে। চোখেমুখে তার একটা উদ্বিগ্নতার ছাপ। কান পেতে শুনছিলো বনহুর শব্দটা।

ভয়ে ফ্যাকাশে হয়ে উঠে মনিরার মুখ, চাপাকণ্ঠে বললো—আজ আবার কে খুন হলো?

বনহুর অবাক কণ্ঠে বললো—খুন!

হাঁ, প্রতি অমাবস্যা রাতে কান্দাই শহরে একটা করে মানুষ খুন হচ্ছে।

বনহুর তীক্ষ্ণ দৃষ্টি নিক্ষেপ করলো মনিরার মুখে।

মনিরা বললো—তুমি শোনোনি এ কথা?

না! সব খুলে বলো মনিরা, কারণ আমি কিছু বুঝতে পারছি না।

দু'মাস ধরে এক বিস্ময়কর হত্যাকান্ড এই কান্দাই শহরের বুকে ঘটে চলেছে। প্রতি অমাবস্যা রাতে শহরের যে কোনো জায়গায় একটা খুন হবেই। যে মৃতদেহগুলো পাওয়া গেছে, শুনেছি প্রতিটি মৃতের চোখ দুটো উপড়ে ফেলা হয়েছে এবং বুকের বামপাশে একটা ক্ষতচিহ্ন।

বনহুর অস্ফুট কণ্ঠে বললো—মৃতের চোখ দুটো উপড়ে ফেলা হয় আর বুকের বামপাশে ক্ষত চিহ্ন?

হাঁ। আরও শুনেছি চিহ্নটা কোনো হিংস্র জন্তুর নখের আঁচড়।

বনহুরের মুখে চিন্তার ছাপ ফুটে উঠলো। কি যেন ভাবছে সে গভীরভাবে।

ততক্ষণে আর্তনাদের শব্দ থেমে গেছে। নিস্তব্ধ জমাট অন্ধকারে ভেসে আসছে ঝিঁ ঝিঁ পোকার অবিশ্রান্ত আওয়াজ।

বনহুর উঠে দাঁড়ালো—দেখি আমি কোথায় এ হত্যাকান্ড ঘটলো। টেবিল থেকে নিজের রিভলভারখানা তুলে নিয়ে পকেটে রাখলো।

মনিরা খাট থেকে নেমে দু'হাতে জড়িয়ে ধরলো বনহুরকে—না না যেতে দেবো না। ঐ ভয়ঙ্কর জন্তুটা তোমাকে হত্যা করে ফেলবে। তোমাকে যেতে দেবো না।

মনিরা, আমি এক্ষুণি ফিরে আসবো। বনহুর তার বলিষ্ঠ হাতে মনিরার হাত দু'খানা মুক্ত করে নিয়ে পিছনের জানালা দিয়ে বেরিয়ে পাইপ বেয়ে নেমে গেলো।

মনিরা কিংকর্তব্যবিমূঢ়ের মত তাকিয়ে রইলো উন্মুক্ত জানালা দিয়ে বাইরের জমাট অন্ধকারের দিকে।

বনহুর তর তর করে নেমে এলো নীচে। যে দিক থেকে শব্দটা এসেছিলো সেই দিক লক্ষ্য করে অতি সন্তর্পণে এগিয়ে চললো। প্যান্টের পকেট থেকে রিভলভারখানা বের করে হাতে নিলো সে।

সম্মুখে বাগান পেরিয়ে প্রশস্ত রাজপথ। অদূরে লাইটপোষ্টগুলো সজাগ প্রহরীর মত দাঁড়িয়ে আছে।

বনহুর বাগান পেরিয়ে বড় রাস্তার পাশে একটা পাইন গাছের আড়ালে এসে দাঁড়ালো। লাইটপোষ্টের আলোতে যতদূর দেখা যায় তীক্ষ্ণ দৃষ্টিতে দেখলো বনহুর। না, কোথাও কিছু নজরে পড়ছে না। শুধু জনহীন রাজপথ খাঁ খাঁ করছে।

বনহুর আরো এগুলো।

চারদিকে সতর্ক দৃষ্টি।

দক্ষিণ হাতে গুলীভরা রিভলভার।

শীতের হাওয়া বইছে।

লাইটপোষ্টের আলোগুলোকে কেমন যেন নিষ্প্রভ লাগছিলো।

হঠাৎ থমকে দাঁড়িয়ে পড়লো বনহুর। সে দেখতে পেলো রাস্তার ওপাশে জমাট অন্ধকারে দুটো চোখ যেন জ্বলজ্বল করে জ্বলছে। দেহটা মোটেই নজরে পড়লো না, তবে মনে হলো কোনো একটা লোমশ দেহ ওখানে দাঁড়িয়ে তাকে দেখছে।

বনহুর রিভলভার তুলে ধরে সঙ্গে সঙ্গে গুলী ছুড়লো, একটি দু'টি তিনটি। কিন্তু কোনো আর্তনাদ বা চীৎকার শোনা গেলো না।

আবার সেই নিস্তব্ধতা।

বনহুর এগুলো। যেখানে দুটো চোখ জ্বলজ্বল করে জ্বলছিলো সেখানে এসে দাঁড়ালো সে, দৃষ্টি ফেললো চারদিকে। হঠাৎ নজর চলে গেলো অদূরে লাইটপেষ্টোর আলোতে। দেখলো এক বীভৎস নৃশংস দৃশ্য—একটা অর্ধ উলঙ্গ নারীদেহ পড়ে আছে।

বনহুর মুহূর্ত বিলম্ব না করে এগিয়ে গেলো মৃতদেহটার পাশে। বিস্ময়ে হতবাক হয়ে দেখলো নারী দেহটার বুকের বামপাশ থেকে হু হু করে রক্ত বেরিয়ে আসছে। সমস্ত মুখখানা রক্তাক্ত। চোখের মণি দুটো টেনে তুলে নেওয়া হয়েছে।

বনহুর হাঁটু গেড়ে লাশটার পাশে এসে পড়লো, এপাশ ওপাশ করে দেখছে ঠিক ঐ মুহূর্তে একটা শব্দহীন গাড়ি এসে থেমে পড়লো সেখানে।

বনহুর মনোযোগ সহকারে লাশ পরীক্ষা করে দেখছিলো, কাজেই তার খেয়াল ছিলো না কোনোদিকে।

গাড়িখানা পুলিশ ভ্যান।

গাড়ি থেমে পড়তেই দশ-বারোজন পুলিশ বনহুরের চারপাশ ঘিরে দাঁড়ালো। প্রত্যেকের হাতেই রাইফেল।

বনহুর ফিরে তাকাতেই চোখ দুটো তার জ্বলে উঠলো, মুখমন্ডল কঠিন হয়ে উঠলো। ধীরে ধীরে উঠে দাঁড়ালো বনহুর। একবার সে প্রত্যেকটা পুলিশের মুখে দৃষ্টি বুলিয়ে নিলো।

বনহুর দেখলো তার পরিচিত পুলিশ অফিসার কেউ নেই তাদের মধ্যে। এবার বনহুর নিজেকে প্রস্তুত করে নিলো, তারপর বললো—আমি এই পথে যাচ্ছিলাম হঠাৎ দেখি একটা মৃতদেহ। তাই ভাবছিলাম.....

বনহুরের শরীরে ছিলো জমকালো পোশাক, মাথায় পাগড়ী; কোমরের বেল্টে ছোরা, দক্ষিণ হাতে রিভলভার। তাকে সন্দেহ করা স্বাভাবিক।

একজন পুলিশ অফিসার বলে উঠলেন—আমরা জানি তুমি কে, এবং তুমিই এসব হত্যা করে চলেছো।

বনহুর বললো—না, বিশ্বাস করুন আমি এ হত্যা সম্বন্ধে কিছু জানি না। আমি একজন পথিক।

পুলিশ অফিসারটা আরও দু'পা সরে এলেন। সবাই মিলে তখন ঘিরে আছে বনহুরকে। পুলিশ অফিসার পকেট থেকে একটা ফটো বের করে মেলে ধরলেন বনহুরের সামনে—বলো এটা কার ফটো?

বনহুর তাকালো পুলিশ অফিসারটার হাতের ফটোখানার দিকে। অদূরস্থ লাইটপোষ্টের আলোতে সে স্পষ্ট দেখতে পেলো ঐ ফটোখানা তার নিজের ছবি।

পুলিশ অফিসারটা তীক্ষ্ণ কঠিন কণ্ঠে বললো—এবার বুঝতে পেরেছো পরিচয় না দিলেও আমরা জানি তুমি কে। একটু থেমে বললো আবার সে—আমরা পূর্ব হতেই সন্দেহ করেছিলাম এ হত্যালীলা দস্যু বনহুরের কাজ ছাড়া কারও নয়।

বনহুর এখন বুঝতে পারলো সে কান্দাই না থাকলেও তাকে এই হত্যাকান্ডের নায়ক বলে পুলিশ মনে সন্দেহ করে চলেছে এবং সে কারণেই নতুন আমদানী পুলিশ মহল তার ছবি সংগ্রহ করে তাকে অনুসন্ধান করে ফিরছে। আজ ওদের প্রচেষ্টা সার্থক হয়েছে, ওদের সন্দেহ সত্যে পরিণত হয়েছে।

পুলিশ অফিসারটা বনহুরকে ভাবতে দেখে বললো—কি ভাবছো, তোমার হত্যালীলা আজ থেকে সাঙ্গ হলো।

বনহুর কোনো জবাব দিলো না, সে জানে তার কোনো কথাই ওরা এখন বিশ্বাস করবে না।

পুলিশ অফিসারটা বলে উঠলেন—এবার নিজের কর্মফলের জন্য প্রস্তুত হও বনহুর। পুলিশদের ইংগিত করলেন বনহুরের হাতে হাত কড়া পরিয়ে দিতে।

ইতিপূর্বে বনহুর রিভলভারখানা প্যান্টের পকেটে ভরে নিয়েছিলো। হাত দু'খানা তার মুক্ত ছিলো।

পুলিশ অফিসারের ইংগিতে পুলিশদের মধ্য হতে একজন হাতকড়া নিয়ে এগিয়ে এলো বনহুরের পাশে।

অন্যান্য পুলিশ উদ্যত রাইফেল বাগিয়ে ধরে তার চারপাশে দাঁড়িয়ে আছে। পাশে রাস্তায় মৃতদেহটা পড়ে আছে। লাইটপোষ্টের আলোতে মৃতদেহটার চাপ চাপ তাজা রক্ত টক্ টক্ করছে।

বনহুর একবার দেখে নিলো মৃতদেহটাকে। তারপর হাত দু'খানা বাড়িয়ে দিলো।

পুলিশ যেমনি তার হাতে হাতকড়া পরাতে গেলো অমনি প্রচন্ড এক ধাক্কায় পুলিশটাকে ছুড়ে দিলো পুলিশ অফিসারটার গায়ে, তারপর এক লাফে পুলিশবুহ্য ভেদ করে বেরিয়ে এলো বাইরে।

পুলিশটির ধাক্কা খেয়ে পড়ে গেলো পুলিশ অফিসারটি। পুলিশরা এমন একটা অবস্থার জন্যে মোটেই প্রস্তুত ছিলো না। প্রথমে কেউ গুলী ছুড়তে সাহসী হলো না, হঠাৎ যদি তাদের নিজেদের কারও গায়ে গুলী বিদ্ধ হয়।

পুলিশ অফিসারটাকে দু'জন পুলিশ ধরাধরি করে টেনে তুলে দাঁড় করিয়ে দিলো।

ততক্ষণে পুলিশটাও হাতকড়া হাতে উঠে দাঁড়িয়েছে।

পুলিশ অফিসার তার দলবলকে লক্ষ্য করে চীৎকার করে উঠলো—গুলী চালাও! গুলী চালাও...

সঙ্গে সঙ্গে পুলিশ বাহিনীর রাইফেল গর্জে উঠলো।

ঠিক ঐ মুহূর্তে অদূরে শোনা গেলো তাজের খুরের শব্দ খট্...খট্...খট্...খট্

মনিরা উন্মুক্ত জানালায় দাঁড়িয়ে অন্ধকারের দিকে তাকিয়ে ছিলো। প্রতীক্ষা করছিলো তার স্বামী আবার ফিরে আসবে। বিলম্ব দেখে উদ্বিগ্ন হয়ে উঠছিলো সে। অজানা অমঙ্গল আশঙ্কায় বুকটা তার দূর দূর করে কাঁপছিলো। হঠাৎ নিস্তব্ধ অন্ধকার ভেদ করে যখন গুলীর শব্দ ভেসে এলো তার কানে তখন মনিরা চিৎকার করে কেঁদে উঠলো।

পাশের ঘর থেকে ছুটে এলো নূর। মাকে এত রাতে পিছন জানালার অন্ধকারে তাকিয়ে কাঁদতে দেখে অবাক কণ্ঠে বললো—কি হয়েছে আম্মি? অমন করে এখানে দাঁড়িয়ে কাঁদছো কেন?

না না, কিছু না...কিছু না...মনিরা আঁচলে চোখ ঢেকে আরও জোরে কেঁদে উঠে।

ঐ সময় মনিরা আর নূরের কানে ভেসে আসে ঘোড়ার খুরের শব্দ খট্...খট্...খট্

মুহূর্তে মনিরা মুখ থেকে আঁচল সরিয়ে কান পেতে সোজা হয়ে দাঁড়ায়। চোখ দুটো যেন খুশীতে উজ্জ্বল হয়ে উঠে।

নূর মায়ের মুখোভাব লক্ষ্য করে অবাক হয়। সে বলে উঠে—আম্মি, তোমার কি হয়েছে? বলোনা আম্মি?

ওর গায়ে গুলী লাগেনি রে!

কার গায়ে? কার গায়ে গুলী লাগেনি আম্মি?

এতক্ষণে হুশ হলো মনিরার। একি তার গোপন কথা ফাঁস হতে চলেছে। নূর কি মনে করছে তাকে। নূর তো এসব কিছু জানে না। বলে উঠে মনিরা—হঠাৎ আমি কেমন যেন সজ্ঞাহারা হয়ে পড়েছিলাম ওদিকে গুলীর শব্দ শুনে, বুঝলি না বাবা...

তুমি এত অবুঝ আম্মি! চলো, ঘুমাবে চলো।

মনিরা ফিরে আসে তার নিজের বিছানায়।

নূর ওপাশের জানালাটা ভালভাবে বন্ধ করে ফিরে আসে মায়ের বিছানার পাশে, বলে—আম্মি, তুমি ঘুমাও, আমি তোমার পাশে বসছি।

না বাবা, তোমাকে বসতে হবে না। যাও ঘুমাও, যাও।

তুমি তো ভয় পাবে না?

না।

বেশ, আমি যাচ্ছি। নূর মাঝের দরজা দিয়ে চলে যায় পাশের ঘরে।

❑

নূর হন্তদন্ড হয়ে ছুটো এলো মায়ের ঘরে; হাতে তার একটা পত্রিকা। ব্যস্তকণ্ঠে বললো—আম্মি—আম্মি, এই দেখো...

মনিরা কোনো কাজ করছিলো, পুত্রের দিকে ফিরে তাকাতেই নূর পত্রিকার এক জায়গায় আংগুল দিয়ে দেখিয়ে বলে—কাল তুমি যে গুলীর শব্দ শুনেছিলে সেটা পুলিশ বাহিনীর গুলীর শব্দ। এই দেখো দস্যু বনহুর কাল গ্রেপ্তার হয়েও হয়নি। পুলিশ পাকড়াও করেছিলো আর কি, কিন্তু সামান্যের জন্য সে পালাতে সক্ষম হয়েছে।

মনিরা তখন পত্রিকাখানা হাতে নিয়ে মনোযোগ সহকারে পড়ছিলো।

নূর বলেই চলেছে—আমি প্রথমেই সন্দেহ করেছিলাম এ হত্যালীলা স্বয়ং দস্যু বনহুরের কাজ।

চুপ কর্ হতভাগা, নিজে না জেনে না দেখে কিছু বলবি না!

আম্মি, তুমি সব সময় দস্যু বনহুরকে নির্দোষ প্রমাণ করতে চাও কিন্তু পত্রিকার সংবাদ তো আর মিথ্যা হতে পারে না?

মনিরা পুত্রের কথার কোনো জবাব দেয় না। মুখখানা তার গম্ভীর ভাবাপন্ন হয়ে পড়ে।

নূর বলে—আম্মি, পত্রিকা পড়ে সব বুঝলে তো? দস্যু বনহুর কত সাংঘাতিক নরঘাতক।

দুশ্চিন্তায় মনিরার মনটা ভরে উঠে। তখনও তার কানের কাছে যেন সেই গুলীর শব্দের প্রতিধ্বনি হচ্ছে, শুনতে পাচ্ছে ঘোড়ার খুরের আওয়াজ।

মনিরা বেরিয়ে গেলো সেখান থেকে, পুত্রের কথার কোনো জবাব দিলো না।

❑

পরদিন।

পুলিশ অফিসে সেদিন মহা হুলস্থুল পড়ে গেছে। দস্যু বনহুরকে পাকড়াও করেও করতে সক্ষম হয়নি, এটাই শোর হাঙ্গামার একমাত্র কারণ। সমস্ত শহরে একটা আতঙ্কের ছাপ বিদ্যমান।

বেশ কিছুদিন পুলিশমহল বনহুরের ব্যাপারে নিশ্চিন্ত ছিলো, আবার তাদের মধ্যে ভীষণ একটা চাঞ্চল্য দেখা দিলো। সবাই হন্তদন্ত হয়ে শহরময় ছুটাছুটি শুরু করে দিয়েছে।

গত রাতের ব্যাপারে পুলিশ আরও ব্যতিব্যস্ত হয়ে পড়েছে। তাদের আরাম বিরাম সব উবে গেছে যেন। বিশেষ করে পুলিশমহল সঠিকভাবে জানতে পেরেছে যে, এই রহস্যময় হত্যাকান্ড স্বয়ং দস্যু বনহুর দ্বারাই সংঘটিত হয়ে চলেছে। লাশ মর্গে পাঠানোর পর ডাক্তারী রিপোর্টে যদিও জানা গেছে এসব হত্যা কোনো অস্ত্রের দ্বারা সংঘটিত হয়নি। এ হত্যাকান্ডে যা ব্যবহার করা হয় তা কোনো জন্তুর নখ বা দাঁত হবে তাতে কোনো সন্দেহ নেই।

পুলিশমহলের মনে এতদিন একটা সন্দেহের দোলা নাড়া দিলেও আজ তারা নিশ্চিন্ত হয়েছে যে দস্যু বনহুরই এ হত্যাকান্ডের মূল। তাই পুলিশমহলের চিন্তা আর উদ্বিগ্নতা খুব বেড়ে গেছে।

পুলিশ অফিসে বসে কয়েকজন পুলিশ অফিসার ব্যস্ততার সঙ্গে কি সব আলোচনা করে চলেছেন।

গত রাতের লাশটা মর্গে পাঠিয়ে দেওয়া হয়েছে, এখনও তার কোনো রিপোর্ট আসেনি। সবাই বেশ আতঙ্ক আর উদ্বিগ্নতার সঙ্গে কথাবার্তা বলছিলেন। চোখেমুখে তাঁদের দুশ্চিন্তার ছাপ।

মিঃ জাফরীকে টেলিগ্রাফ করা হয়েছে। আজকেই তিনি হিন্দল থেকে এসে পড়বেন। দস্যু বনহুর সম্পর্কে মিঃ জাফরীর যতখানি অভিজ্ঞতা রয়েছে ততখানি অন্য কোনো পুলিশ অফিসারের নেই।

দস্যু বনহুরকে গ্রেপ্তারের ব্যাপারে মিঃ জাফরী বহুদিন কান্দাই শহরে ছিলেন। কিছুদিন হলো তিনি হিন্দল বদলী হয়ে গেছেন।

পুলিশমহলে যখন দস্যু বনহুর নিয়ে জোর আলোচনা চলছে তখন দস্যু বনহুর তার আস্তানায় রহমানের সঙ্গে গত রাতের ব্যাপার নিয়ে আলাপ করছে।

এ হত্যাকান্ড অত্যন্ত রহস্যময় বলে মনে হচ্ছে সর্দার। নিশ্চয়ই কোনো জন্তু দ্বারা এ হত্যাকান্ড সংঘটিত হয়ে চলেছে। কথাগুলো বলে থামলো রহমান।

বনহুর একটা পাথরে বসে আর একটা পাথরে ঠেশ দিয়ে সিগারেট টানছিলো। তার চোখেমুখে চিন্তার ছাপ ফুটে উঠেছে। রহমানের কথায় বনহুর একমুখ ধোয়া ছেড়ে বললো—না, এ হত্যা জন্তু দ্বারা সংঘটিত হচ্ছে না। নিশ্চয়ই এর পিছনে কোনো ব্যক্তির রহস্যময় হাত খেলা করছে। তোমার হয়তো মনে আছে রহমান, বেশ কিছুদিন আগে কান্দাই শহরে এমনি একটা হত্যারহস্য কান্দাইবাসীর মনে আতঙ্কের সৃষ্টি করেছিলো।

হাঁ সর্দার, বেশ মনে আছে, সেই হত্যারহস্য আপনি উদঘাটন করেছিলেন। এক নর-শয়তান মানুষ হত্যা করে তাদের রক্ত নিয়ে বিদেশে চালান দিতো।

হাঁ, আমি তাকে সমুচিত শাস্তি দিয়েছিলাম। আমার মনে হয় এমনি কোনো দুষ্ট বৈজ্ঞানিক তার কোনো সাধনা চরিতার্থে এ হত্যাকান্ড করে চলেছে। রহমান, তুমি এবং কায়েস ছদ্মবেশে কান্দাই শহরে যাও। সন্ধান করো কে এই হত্যালীলা শুরু করেছে। একটু থেমে বললো—আমি যাবো রাত্রির অন্ধকারে, সমস্ত শহর তন্ন তন্ন করে দেখবো। তোমরা দিনের বেলায় ছদ্মবেশে কাজ করবে।

সর্দার, আমরাই এর সন্ধান এনে দেবো। অযথা আপনি হয়রান হবেন না, কারণ আপনার শরীর...

রহমান, সব সময় আমার প্রতি তোমার এ দুর্বলতা কেন? কে বললো আমার শরীর ভাল না?

এমন সময় নূরী এসে দাঁড়ালো, বললো—আমি বলছি তোমার শরীর মোটেই ভাল না।

কি করে বুঝলে?

প্রায়ই তুমি বিষণ্ন মনে কি যেন ভাবো।

অট্টহাসিতে ফেটে পড়লো বনহুর, তারপর হাসি থামিয়ে বললো—বিষণ্ন মনে কিছু ভাবলেই বুঝি শরীর খারাপ হয়? যতসব বাজে কথা।

নূরীর অভিমান হলো, রাগত কণ্ঠে বললো—বেশ, আমি আর তোমার সঙ্গে কথা বলবো না।

কেন?

আমার সব বাজে কথা।

সব কথা নয়, মানে আমার শরীর নিয়ে তুমি প্রায়ই বাজে কথা বলো। আমি তো বেশ আছি, মোটেই আমার শরীর খারাপ নয়।

তাহলে কি ভাবো অমন করে?

বনহুর একটু হেসে বললো—পরে বলবো।

বেশ, যাচ্ছি। তোমাদের আলোচনার মধ্যে আমি থাকতে চাইনা।

হাঁ, তুমি এখন যাও নূরী, অনেক জরুরী কথা আছে।

নূরী অভিমানে মুখ ভার করে চলে গেলো।

বনহুর পুনরায় একটা সিগারেটে অগ্নিসংযোগ করলো। কয়েকমুখ ধোঁয়া ছেড়ে বললো—এখনও ওর ছেলেমানুষী গেলো না।

রহমান গম্ভীর গলায় বলে—সর্দার, নূরী যা বলে তা মোটেই ছেলেমানুষি নয়। কারণ আপনি কোনোদিন নিজের দিকে খেয়াল করেন না। শুধু তাই নয়, আপনি নূরীর দিকে বা সন্তানের দিকেও লক্ষ্য দেন না।

রহমান, এ কথা তোমার মুখে শোভা পায় না। যাক ও সব কথা—এখন কাজের কথায় আসা যাক। আজ কান্দাই এরোড্রামে যেতে হবে, মিঃ জাফরী আসছেন।

মিঃ জাফরী!

হাঁ। দস্যু বনহুরকে গ্রেপ্তারের জন্য তাঁকে হিন্দল থেকে আনা হচ্ছে!

সর্দার!

তাজকে প্রস্তুত করতে বলো, আমি মিঃ জাফরীর সঙ্গে দেখা করতে যাবো।

আপনি মিঃ জাফরীর সঙ্গে দেখা করতে যাবেন।

হাঁ, কারণ মিঃ জাফরীর সঙ্গে অনেকদিন সাক্ষাৎ ঘটেনি। বনহুর এবার তার পাথরাসন ত্যাগ করে উঠে দাঁড়ালো।

রহমান কুর্ণিশ জানিয়ে বেরিয়ে গেলো।

বনহুর এগিয়ে চললো তার বিশ্রামকক্ষের দিকে।

একটু পূর্বে নূরী অভিমান করে চলে এসেছে।

অবশ্য তার অভিমান করার কারণ আছে অনেক। বনহুর বাংলাদেশ থেকে আসার পর নূরী ওকে এক মুহূর্তও নিবিড় করে পায়নি। যতক্ষণ বনহুর অনুচরদের নিয়ে কাটায় ততক্ষণ তার জন্য প্রতীক্ষা করে নূরী। যখন সে আসে তার পাশে তখন কেমন যেন আনমনা লাগে। কি যেন ভাবে ও আপন মনে।

নূরী আগের মত একান্ত করে যেন ওকে আর পায় না। এ কারণেই নূরীর এত অভিমান।

বনহুর তার বিশ্রামকক্ষে প্রবেশ করতেই জাভেদ ছুটে এসে জড়িয়ে ধরে তার পিতাকে—আব্বু! আব্বু....

বনহুর ওকে তুলে নেয় কোলে—বলো আব্বু?

এতদিন তুমি কোথায় ছিলে? বনহুরের গলা জড়িয়ে ধরে প্রশ্ন করে জাভেদ।

জাভেদের কচি গালে চুমু দিয়ে বলে বনহুর—কেন, তোমার বুঝি খুব খারাপ লেগেছিলো?

তোমাকে না দেখলে খারাপ লাগবেনা? আম্মি বলতো তুমি যুদ্ধ করতে গেছো।

হাঁ আব্বু, যুদ্ধই বটে।

কোথায় সে যুদ্ধ আব্বু।

বাংলাদেশে।

তুমি বাংলাদেশে গিয়েছিলে?

হাঁ।

বাংলাদেশ কেমন আব্বু?

চমৎকার সুন্দর একটা দেশ। সেখানে চারদিকে শুধু সবুজ আর সবুজ। তুমি বড় হয়ে যেও, কেমন?

অদূরে নূরী কিছু করছিলো, অভিমানভরা গলায় বলে উঠে—থাক, তুমি গেছো সেই ভাল। ওকে আর যেতে হবে না।

বনহুর হেসে বলে—শুনছো, জাভেদ তোমার আম্মি কি বলে? তোমাকে বাংলাদেশে যেতে দেবে না।

জাভেদ মুখ গম্ভীর করে বলে উঠলো—আমি যাবো। আম্মি যেতে না দিলে আমি পালিয়ে যাবো।

বনহুর এবার অট্টহাসি হেসে উঠলো—শুনলে তো তোমার ছেলের কথা!

নূরী রাগতভাবে বনহুরের দিকে তাকিয়ে বললো—শুনেছি। যেমন বাপ তার তেমন ছেলে হবে এতে আর কি।

বনহুরের কোল থেকে জাভেদকে নীচে নামিয়ে দিয়ে বলে সে—যাও জাভেদ, বাইরে খেলবে যাও।

জাভেদ মায়ের কথায় কোনো জবাব না দিয়ে বেরিয়ে গেলো।

বনহুর এবার নূরীর হাতখানা খপ্ করে ধরে ফেলে টেনে নিলো কাছে। ওকে বাহুবন্ধনে আবদ্ধ করে বললো—নূরী, আর তোমাকে ছেড়ে দেবো না।

আঃ ছাড়ো...ছাড়ো বলছি...

উঁ, হু ছাড়বো না। বনহুর ওকে আরও নিবিড় করে বাহুবন্ধনে আবদ্ধ করে।

ঐ মুহূর্তে বাইরে রহমানের ব্যস্তকণ্ঠ শোনা যায়—সর্দার, সর্দার.....

বনহুর নূরীকে মুক্ত করে দিয়ে বেরিয়ে আসে—কি সংবাদ রহমান?

রহমানের চোখেমুখে দারুণ উৎকণ্ঠার ছাপ, ব্যস্তকণ্ঠে বলে উঠে—সর্দার, জম্বু থেকে বিপদ সংকেত এসেছে। একদল জংলী নাকি জম্বু আস্তানা আক্রমণ করেছে।

বনহুরের মুখমন্ডল মুহূর্তে কঠিন হয়ে উঠে, বলে সে—জম্বু আস্তানা জংলীরা আক্রমণ করেছে?

হাঁ সর্দার।

চলো।

বনহুর আর রহমান ওয়্যারলেস কক্ষের দিকে এগিয়ে চললো।

ওয়্যারলেস কক্ষে প্রবেশ করে দেখলো জম্বু আস্তানার সংকেত আলো জ্বলছে আর নিভছে। বনহুর ওয়্যারলেস রিসিভার তুলে নিলো হাতে। সঙ্গে সঙ্গে চোখ দুটো তার অগ্নিরূপ ধারণ করলো।

ওয়্যারলেসে মাত্র কয়েকটা কথা হলো বনহুর ও জম্বু আস্তানার প্রধান অনুচরের মধ্যে।

রহমান পাশে দাঁড়িয়ে সব শুনছিলো।

রহমান ছাড়া আর কোনো অনুচর ছিলো না সেখানে। বনহুর কথা শেষ করে ফিরে তাকালো রহমানের দিকে, মুখমন্ডল তার গম্ভীর কঠিন হয়ে উঠেছে।

বনহুর বললো—এই মুহূর্তে আমি জম্বু রওনা দেবো রহমান, প্রস্তুত হয়ে নাও।

বনহুর কথাটা বলে বেরিয়ে গেলো ওয়্যারলেস কক্ষ থেকে।

রহমান নিজে প্রস্তুত হয়ে নেবার আয়োজনে বেরিয়ে গেলো।

সমস্ত আস্তানায় বিপদ সংকেত ধ্বনি হতে শুরু করলো। বনহুরের অনুচরদের মধ্যে একটা চঞ্চলতা পরিলক্ষিত হলো।

রহমান যখন ব্যস্তসমস্ত হয়ে তার অস্ত্রশস্ত্র ঠিক করে নিচ্ছিলো তখন নাসরিন তার শিশুকন্যা ফুল্লরাকে নিয়ে হাজির হলো তার সম্মুখে।

স্বামীকে লক্ষ্য করে বললো নাসরিন—আবার চললে?

হাঁ।

কিন্তু কোথায় যাচ্ছো তা তো বললে না?

জম্বুতে যাচ্ছি। জম্বু আস্তানায় জংলীরা হানা দিয়েছে।

জম্বু জঙ্গলের জংলী, সে তো অতি ভয়ঙ্কর?

হাঁ, খুব ভয়ঙ্কর। ওরা জানোয়ারের চেয়েও ভয়ঙ্কর।

আমার কিন্তু বড় ভয় করছে।

দস্যুকন্যা আর দস্যু-স্ত্রী হয়ে এ কথা মুখে আনতে পারলে নাসরিন?

জানি না ভাগ্যে কি আছে। এক বিপদ না কাটতেই আবার এক বিপদ।

বিপদ কোথায়—এ তো কাজ।

কাজ?

হাঁ, কাজ ছাড়া কি বলবে? আস্তানা শত্রু আক্রমণ করেছে, আমরা রক্ষা করতে যাচ্ছি।

যেমন সর্দার তেমনি তার সহচর—বিপদকে কাজ বলে মাথা পেতে গ্রহণ করে।

নাসরিন, এসব কথা তোমার মুখে শোভা পায় না। শোভা পায় না নূরীর মুখে, কারণ তোমরা বীর নারী। দরকার হলে তোমরা আমাদের সাহায্যে এগিয়ে আসবে। দেখো, আমার মা-মনি ফুল্লরা বড় হলে আমি ওকে সঙ্গে করে যুদ্ধে যাবো। সংগ্রাম শিখাবো—অন্যায়ের বিরুদ্ধে সে সংগ্রাম করবে। কথাটা বলে রহমান তার শিশুকন্যার চিবুকে মৃদু চাপ দেয়।

ফুল্লরা পিতার কথাগুলো যেন অন্তর দিয়ে উপলব্ধি করেছে, তাই সে হেসে উঠে ফিক করে।

নাসরিন অভিমানভরা কণ্ঠে বলে—হবে না? যেমন বাপ তেমন তার মেয়ে। কেমন হাত-পা ছুড়ে হাসছে দেখো।

রহমানের ততক্ষণে পিঠে রাইফেল বাঁধা হয়ে গেছে। সুতীক্ষ্ণ ধার ছোরাখানা তুলে নিয়ে খাপে রাখতে রাখতে বললো—ফুল্লরা আমাদের সঙ্গে যাবে বলে অমন করছে।

নাসরিন বললো—নিয়ে যাও ওকে।

একটু বড় হলে তোমাকে আর বলতে হতো না। আমার সঙ্গে ও এমনিই চলে যেতো।

যাও, তোমার এত নেকামি আর করতে হবে না।

রহমান নাসরিনের নাকটা ধরে একটু চাপ দিয়ে বলে—বেশ যাচ্ছি। যদি ফিরে না আসি তবে খুব খুশি হবে, তাই না?

হঠাৎ নাসরিনের মুখখানা গম্ভীর থমথমে হয়ে উঠলো, একটা অজানা আশঙ্কা তার হৃদয়ে নাড়া দিলো, বললো—যাবে যাও কিন্তু এমন কুলক্ষুণে কথা বলো কেন? সত্যি তোমার যদি কোনো বিপদ ঘটে, আমি আত্মহত্যা করবো।

হাসলো রহমান, তারপর বললো—তোমরা নারীজাত এত দুর্বল! হঠাৎ যদি কোনো বিপদ আসে তাতে নিজের প্রতি অন্যায় করবে, বলো? ফুল্লরা আছে, ওকে মানুষ করার দায়িত্ব তোমার।

চুপ করো, আমি তোমার কোনো কথা শুনতে চাই না।

বেশ, চলি তাহলে?

এসো।

বেরিয়ে যায় রহমান।

আস্তানার ফটকে এগুতেই নজরে পড়ে বনহুরের গলায় ওড়না দিয়ে ধরে আছে নূরী, দু'চোখে তার ফোঁটা ফোঁটা অশ্রু ঝরে পড়ছে।

বনহুরের শান্ত কণ্ঠস্বর ভেসে এলো রহমানের কানে—ছিঃ লক্ষ্মীটি, বাধা দিও না।

নূরীর বাষ্পরুদ্ধ কণ্ঠস্বর...আমাকেও সঙ্গে নিয়ে চলো।

বনহুরের গলা...তা হয় না। জম্বুর জংলীরা অতি ভয়ঙ্কর। ওখানে তুমি যেতে চেয়ো না নূরী।

কোথায় তুমি স্বেচ্ছায় আমাকে নিয়ে গেছো বলো?

ছেড়ে দাও, দেরী হয়ে যাচ্ছে।

নূরী পূর্বের মত ওড়না এঁটে ধরে বলে—না, আমি তোমাকে যেতে দেবো না।

এত করে বোঝালাম তবু ছেলেমানুষি করবে?

রহমান অদূরে দাঁড়িয়ে হাসলো, একটু পূর্বে নাসরিনের কথাগুলো তার কানের কাছে প্রতিধ্বনিত হতে লাগলো। একটু কেশে বললো—সর্দার!

এবার নূরী বনহুরের কণ্ঠ থেকে তার ওড়নাখানা সরিয়ে নিয়ে একপাশে মুখভার করে দাঁড়িয়ে রইলো।

বনহুর বললো—চলো রহমান।

আস্তানার বাইরে বেরিয়ে এলো রহমান আর বনহুর।

বাইরে কয়েকজন অনুচর তাজ আর দুলকীকে নিয়ে অপেক্ষা করছিলো।

বনহুর এসে তাজের লাগাম ধরলো।

রহমান দুলকীর।

অন্য সময় বনহুর তাজের কোনো লাগাম ব্যবহার করে না। যখন কোনো যুদ্ধ বা সংগ্রামে তাজকে সে ব্যবহার করে তখন তাজের লাগাম ব্যবহার করে সে।

তাজের পিঠে চেপে বসতেই তাজ সম্মুখের পা উঁচু করে চিঁহিঁ চিঁহিঁ শব্দ করে উঠে।

দুলকীও তাজের মত সম্মুখের পা দু'খানা তুলে শব্দ করে তারপর দুটি অশ্ব একসঙ্গে ছুটতে শুরু করে।

তীরবেগে ছুটে চলেছে তাজ আর দুলকী।

❑

বনহুরের জম্বু আস্তানার তিন পাশে ছিলো সীমাহীন জলরাশি আর একপাশে ছিলো জম্বু পর্বত এবং জঙ্গল।

ঠিক পর্বতের পাদমূলে একটা গুহায় এ আস্তানা। আশেপাশে আরও কয়েকটা ছোটবড় গুহা রয়েছে যেখানে প্রচুর অস্ত্র গোলাবারুদ এবং ধনরত্ন রাখা হয়েছে।

জম্বুর অদূরে ঝিন্দরাজ্য। বনহুর এই ঝিন্দরাজ্য এবং জম্বুর এলাকা নিয়ে তার দস্যুতা চালাতো। ঝিন্দের রাণী প্রতিষ্ঠিত হবার পর থেকে বনহুর এই ঝিন্দরাজ্যে হানা দেয়নি, তবে তার সতর্ক দৃষ্টি ছিলো ঝিন্দের উপর।

ঝিন্দ রক্ষার দায়িত্বভার জম্বু আস্তানার সর্দার সেলিম খাঁ গ্রহণ করার পর থেকে বনহুর কতকটা আশ্বস্ত ছিলো।

হঠাৎ জংলীদের আক্রমণ সংবাদে বনহুর বেশ উদ্বিগ্ন হয়ে পড়ে। মুহূর্ত বিলম্ব করতে সে চায়নি। ভুলে গেছে কান্দাইয়ের সেই অদ্ভুত নরহত্যার কথা।

বনজঙ্গল প্রান্তর পেরিয়ে বনহুর আর রহমান এগিয়ে চলেছে।

বেলা প্রায় শেষ হয়ে আসছে।

সূর্যের আলো ক্রমেই নিস্প্রভ মনে হচ্ছে। একটা বড় গাছ দেখে বনহুর তাজকে থামিয়ে সোজা হয়ে বসলো।

রহমানও তার দুলকীর লাগাম টেনে থামিয়ে ফেললো।

বনহুর বললো—রহমান, সন্ধ্যার পূর্বে জম্বু আস্তানায় পৌঁছানো কিছুতেই সম্ভব নয়।

হাঁ সর্দার, আমিও তাই মনে করছিলাম।

সন্ধ্যার পূর্বে পৌঁছতে পারলে.....

হাঁ, সন্ধ্যার পূর্বে পৌঁছতে পারলে ভাল হতো।

কিন্তু তা হলো না। রাতের অন্ধকারে জঙ্গলপথ নিরাপদ নয়, তবু আমাদের যেতে হবে, কারণ সেলিম খাঁ বিপদগ্রস্ত জানিয়েছে। জংলীরা জঙ্গলপথ ঘেরাও করে রেখেছে নিশ্চয়ই.....

সেটা বুঝতে পারছি, কিন্তু.....

সর্দার, আজ রাতটা না নয়.....

তা হয় না রহমান, যেমন করে হোক জম্বু আস্তানায় পৌঁছতে হবেই। আমার মনে হচ্ছে ওরা রাতের অন্ধকারে আক্রমণ চালাবে। আর বিলম্ব করা সমীচীন মনে করছি না।

সর্দার!

জানি বিপদ আছে। বিপদের সঙ্গে পাল্লা দিতেই তো যাচ্ছি।

চলুন সর্দার।

আবার চলতে শুরু করলো ওরা।

অস্তগামী সূর্য তখন পশ্চিম আকাশে রক্ত ছড়াচ্ছে। মাথার উপরে সীমাহীন আকাশ। অজানা পাখিগুলো ফিরে চলেছে নিজ নিজ বাসায়।

বনহুরের সুন্দর মুখমন্ডলে বেলাশেষের আলোকরশ্মি অদ্ভুত এক ভাবের সৃষ্টি করেছে। কঠিন এক শপথের চিহ্ন ফুটে উঠেছে তার চোখ দু'টিতে।

জম্বু জঙ্গলের নিকটবর্তী হতেই নজরে পড়লো অসংখ্য মশালের আলো। বনহুর আর রহমান তাদের অশ্বের বলগা টেনে ধরে অশ্ব থামিয়ে ফেললো।

রহমান বললো—সর্দার, দেখছেন জংলীরা কেমন সতর্কতার সঙ্গে সজাগ রয়েছে।

হাঁ, তাইতো দেখছি।

নিশ্চয়ই ওরা আমাদের অশ্বপদশব্দ শুনতে পেরেছে।

ঐ দেখো রহমান, মশালের আলোগুলো যেন একত্রিত হচ্ছে।

হাঁ সর্দার, ওরা একত্রিত হচ্ছে এবং আমাদের পথ রোধ করে দাঁড়াচ্ছে।

জংলীরা বুঝতে পেরেছে কেউ তাদের উপর আক্রমণ চালাতে আসছে। আলোগুলো দ্রুত এক জায়গায় সরে আসছে।

গহন জঙ্গলের মধ্যে পাশাপাশি দু'টি অশ্বপৃষ্ঠে বনহুর আর রহমান। ওরা লক্ষ্য করছে জংলীরা কি করে। অন্ধকারে বনহুরের চোখ দুটো যেন তিহিংসার আগুনে জ্বলছে। জংলীরা শুধু এবার নয়, কয়েকবার জম্বু আস্তানায় আক্রমণ চালিয়ে বহু ক্ষতি সাধন করেছে। একবার দু'জন অনুচরকে ওরা ধরে নিয়ে গিয়ে হত্যা করেছিলো। বনহুর লড়াই করে কয়েকজন জংলীকে হত্যা করেছিলো। তবু তার মনের রাগ মেটেনি। তার যে দু'জন অনুচরকে জংলীরা ধরে নিয়ে গিয়েছিলো, তারা বনহুরের খুব বিশ্বস্ত অনুচর ছিলো। বনহুর তার প্রতিটি অনুচরকে প্রাণের চেয়ে বেশি ভালবাসে! এ কারণেই তার অনুচরগণও তাকে গভীরভাবে শ্রদ্ধা করে, ভালবাসে। জীবন দিয়েও তার আদেশ পালনে দ্বিধা করে না।

আজ আবার যখন বনহুর শুনলো তার জম্বু আস্তানায় জংলীরা হানা দিয়েছে তখন তার ধমনির রক্তে আগুন ধরে গিয়েছিলো। ঐ দন্ডে সে প্রস্তুতি নিয়ে রওয়ানা দিয়েছে জংলীদের বিরুদ্ধে সংগ্রাম করতে।

বনহুর অল্প সময়ে ভেবে নিলো এখন তার কি করতে হবে। বললো বনহুর—রহমান, বিলম্ব করোনা, জংলীরা এদিকেই আসছে বলে মনে হয়।

হাঁ, তাই মনে হচ্ছে। ঐ দেখুন সর্দার আলোগুলো একত্রিত হয়ে এদিকে ছুটে আসছে।

হাঁ, তুমি বিলম্ব করোনা, শীঘ্র দুলকীসহ কোনো ঝোপের আড়ালে লুকিয়ে পড়ো। সুযোগ বুঝে গুলী ছুড়বে। আমি নিজেও দক্ষিণ দিকের ঝোপের মধ্যে রইলাম।

রহমান বনহুরের আদেশমত উত্তর দিকের জঙ্গলের মধ্যে একটা বড় ঝোপের আড়ালে চলে গেলো।

বনহুর তারপর তাজকে নিয়ে আড়ালে চলে যায়।

ওদিকে অসংখ্য মশাল তীরবেগে ছুটে আসছে বনজঙ্গল ভেদ করে, যেন এগিয়ে আসছে অসংখ্য তারার মালা।

বনহুর আর রহমান রুদ্রমূর্তি নিয়ে প্রতীক্ষা করছে, রাইফেল বাগিয়ে ধরে আছে তারা।

অসংখ্য মশালের আলো তীরবেগে ছুটে আসছে।

মাঝে মাঝে জংলীদের কণ্ঠে অদ্ভুত শব্দ শোনা যাচ্ছে। কিছু সময়ের মধ্যেই মশালগুলো অতি নিকটে এসে পড়লো, বিস্ময় বিস্ফারিত চোখে দেখলো বনহুর অগণিত জংলী মশাল হাতে এগিয়ে আসছে। তাদের মধ্যে হাত-পা বাধা অবস্থায় তার জম্বু আস্তানার সর্দার সেলিম খাঁ। শরীরে তার আঘাতের চিহ্ন। রক্তে রাঙা দেখাচ্ছে তার দেহটা।

বনহুর ইচ্ছা থাকলেও গুলী ছুড়লো না। রহমানও প্রতীক্ষা করছিলো, সর্দারের দিক থেকে সাড়া পেলেই সে গুলী ছুড়বে কিন্তু গুলীর কোনো শব্দ না হওয়ায় রহমানও রাইফেল হাতে চুপ রইলো।

জংলীগণ সেলিম খাঁকে নিয়ে মহা হৈ-চৈ করে এগিয়ে চললো।

বনহুর বুঝতে পারলো তারা যা মনে করেছে তাই হয়েছে, তাদের জম্বু আস্তানায় হামলা চালিয়ে জংলীরা সেলিম খাঁ এবং ধনরত্ন সব লুট করে নিয়ে এসেছে। বেশ কিছু সংখ্যক জংলীর কাঁধে বিরাট বিরাট পুটলি লক্ষ্য করলো সে। ঐ সব পুঁটলির মধ্যে যে তাদের জম্বু আস্তানারই ধনসম্পদ আছে তাতে কোনো সন্দেহ নেই। আরও কয়েকজন অনুচরকেও হাত-পা-মুখ বাঁধা অবস্থায় কাঁধে করে বয়ে আনতে দেখলো সে।

রহমান নিশ্চুপ রয়েছে, কি করবে সে ভেবে পাচ্ছে না। সর্দার কোনো গুলী ছোড়েনি বলে সেও গুলী ছোড়া থেকে ক্ষান্ত রয়েছে। অসীম ধৈর্য সহকারে ঝোপের আড়াল থেকে লক্ষ্য করছে সবকিছু।

জংলীরা মহা আনন্দে চলে গেলো।

ওরা চলে যাবার পর আড়াল থেকে বেরিয়ে এলো বনহুর, রহমানও বেরিয়ে এলো।

বনহুর বললো—রহমান, গুলী না ছুড়ে বুদ্ধিমানের কাজ করেছো।

সর্দার, আমি আপনার গুলীর প্রতীক্ষায় ছিলাম, বুঝতে পারলাম আপনি গুলী ছোড়েননি, কাজেই এ ক্ষেত্রে গুলী ছোড়া সমীচীন হবে না।

হাঁ, ঠিক করেছো রহমান, কারণ যা হবার তা হয়ে গেছে। জম্বু আস্তানা ওরা দখল করে, সেমিল খাঁ এবং অন্য অনুচরদের আটক করে ফেলেছে। ধনরত্ন সব লুটে নিয়ে এসেছে।

সর্দার, এখন আমাদের কি কর্তব্য বলে দিন?

এ মুহূর্তে ওদের উপর আক্রমণ চালালে ওরা সেলিম খাঁ এবং অন্যদের হত্যা করে ফেলতে পারে, কাজেই ধৈর্য সহকারে ওদের অনুসরণ করো।

ওরা সংখ্যায় অনেক সর্দার।

হোক তবু আমাদের যুদ্ধ করতে হবে—কিন্তু সুযোগ বুঝে— হঠাৎ নয়। এতে হয়তো হিতে বিপরীত হতে পারে। তারপর বনহুর আপন মনেই বলে—ভেবেছিলাম জম্বু আস্তানা ওরা দখল করার পূর্বেই এসে যাবো তা হলো না। এখন অশ্বের গতি কমিয়ে অতি সাবধানে মশালের আলো লক্ষ্য করে এগিয়ে চলো।

বনহুর অন্ধকারে অগ্রসর হলো।

রহমান তাকে অনুসরণ করলো।

গহন বন।

চারদিকে জমাট অন্ধকার।

সাধারণ চোখে নিজের শরীরটাও বুঝি নজরে পড়ছে না। বনহুর আর রহমানের চোখ ছিলো বাঘের চোখের মত তীব্র। ছোটবেলা হতেই অন্ধকারে বনজঙ্গলে তাদের কারবার, কাজেই এ অন্ধকার তাদের পথে কোনো অসুবিধা করতে পারলো না।

তাজ এবং দুলকীও প্রভুর মনোভাব বুঝতে পেরেছে, তারাও ঠিকমত কাজ করে চললো।

দূরে মশালের আলো এগিয়ে যাচ্ছে।

জংলীরা আনন্দধ্বনি করছে আর এগুচ্ছে। ওরা ভাবতেও পারেনি তাদের পিছনে যমদূতের মত দু'জন লোক মৃত্যুবাণ হাতে এগিয়ে আসছে।

তাজ এবং দুলকী ধীরে ধীরে চললেও তাদের চলার গতি জংলীদের চেয়ে কম ছিলো না। বেশ সতর্কতার সঙ্গে এগিয়ে চলেছে ওরা।

হঠাৎ মনে হলো মশালের আলোগুলো যেন থেমে পড়েছে। আলোগুলো ধীরে ধীরে এক জায়গায় গোল হয়ে চক্রাকারের মত স্থির হয়ে দাঁড়ালো।

বনহুর তার অশ্ব থামিয়ে ফেলতেই রহমান দুলকীর লাগাম টেনে তাকে থামিয়ে বনহুরের অশ্বের পাশে এসে দাঁড়ালো।

বনহুর বললো—ওরা ঐ খানেই আজ রাতের মত আশ্রয় গ্রহণ করবে বলে মনে হচ্ছে।

হাঁ সর্দার, আমারও তাই মনে হচ্ছে। কারণ এরা মনে করেছে জয় যখন তাদের হয়েছে তখন সব বিপদ কেটে গেছে। এবার ওরা নিশ্চিত মনে বিশ্রাম নেবে।

এই মুহূর্ত আমরা বিফলে যেতে দেবো না রহমান।

চলতে চলতে উভয়ের মধ্যে কথাবার্তা হচ্ছিলো।

গহন জঙ্গলের মধ্য দিয়ে আকাশ দেখা যাচ্ছে না, তবু গাছপালার ফাঁকে দু'একটা তারা উঁকিঝুকি মারছিলো। রহমান মাঝে মাঝে তাকিয়ে দেখে নিচ্ছিলো তারাগুলোকে। মনে হচ্ছিলো ওরা তাকে ভরসা দিচ্ছে, ভয় নেই, তোমরা জয়ী হবে।

কোনো জীবজন্তু আক্রমণ করতে পারে সেজন্যও তাদের সতর্কতা অবলম্বন করতে হচ্ছে।

অল্প পথ কিন্তু বেশ সময় লাগলো তাদের জঙ্গলপথে মশালের আলো লক্ষ্য করে এগুতে। প্রায় মশালের আলোগুলোর কাছাকাছি এসে পড়েছে তারা।

বনহুর আর রহমান এখন স্পষ্ট দেখতে পাচ্ছে জংলীরা কি করছে। ওরা দেখলো, জম্বু আস্তানার সর্দার সেলিম খাঁ ও অন্য বন্দীদেরকে এক একটা গাছের গুঁড়ির সঙ্গে মজবুত করে বাঁধছে।

বনহুর বললো—রহমান, এই তো সুযোগ। ওরা বন্দীদের বেঁধে রেখে সরে যাবে বিশ্রাম করতে, ঠিক ঐ মুহূর্তে আমরা আক্রমণ চালাবো। তবে সাবধান! একটা গুলী যেন আমাদের লক্ষ্যভ্রষ্ট না হয়। অথবা আমাদের কোনো অনুচরের গায়ে গিয়ে না লাগে।

হাঁ সর্দার, এ কথা আমারও মনে হয়েছে। হঠাৎ একটা গুলী লক্ষ্যভ্রষ্ট হলে আমাদের লোক মারা পড়বে। ঐ দেখুন ওরা সেলিম খাঁ ও তার সঙ্গীদের বেঁধে কেমন একপাশে গিয়ে মশালগুলো নিভিয়ে ফেলার চেষ্টা করছে।

রহমান, মোটেই বিলম্ব করো না। মশাল নিভিয়ে ফেললে ওদের কাবু করা কঠিন হবে। তাছাড়া অন্ধকারে কাউকে লক্ষ্য করা যাবে না। মশাল

হাতে রয়েছে, এই সুযোগে এক একজনকে ধরাশায়ী করতে হবে। কিন্তু সাবধান, ওদের হাতে আছে তীর-ধনুক, ওরাও তীর ছুড়বে। যদি একটা তীর এসে বিদ্ধ হয় তাহলে মৃত্যু সুনিশ্চিত। এক জায়গায় স্থির হয়ে কখনও গুলী চালাবে না।

আচ্ছা সর্দার, আপনার আদেশমতই কাজ করবো।

সঙ্গে সঙ্গে বনহুরের রাইফেল গর্জে উঠলো।

রহমানও মুহূর্ত বিলম্ব না করে গুলী ছুড়লো। জংলীদের দু'জন তীব্র আর্তনাদ করে প্রায় চার পাঁচ হাত লাফিলে উঠলো, তারপর হুমড়ি খেয়ে মাটিতে পড়লো।

বনহুরের রাইফেল মুহূর্মুহূ গর্জে উঠতে লাগলো।

রহমানও মশালধারী লক্ষ্য করে গুলী ছুড়ে চলেছে। একটা গুলীও ওদের লক্ষ্যভ্রষ্ট হচ্ছে না।

মশাল হাতে এক একজন জংলী ধরাশায়ী হতে লাগলো। কেউ তীর ছোড়ার সুযোগ পেলো না। ওদের হাতে মশাল থাকায় সুবিধা হলো। ওরা মশাল নিভিয়ে ফেলার বুদ্ধি পেলো না। যদি মশাল নিভিয়ে ফেলতো তাহলে হয়তো দু'চারজন অন্ধকারে আত্মগোপন করে বাঁচতে পারতো।

জংলীরা সংখ্যায় প্রচুর হলেও তারা কেউ প্রাণে বাঁচলো না, কারণ তাদের হাতের মশালের আলোই হলো তাদের কাল।

প্রায় ঘন্টা দুই অবিরত গুলী চালানোর পর সবগুলো জংলীকে নিহত করতে সক্ষম হলো বনহুর আর রহমান।

জংলীদের হাতের মশালের আলোগুলো মাটিতে ছিটকে পড়েও কতগুলো নিভে যায়নি। বনহুর আর রহমান অশ্ব নিয়ে এবার আড়াল থেকে বেরিয়ে এলো। নেমে পড়লো, তারপর এগিয়ে গেলো ধীরে ধীরে।

চারদিকে অসংখ্য জংলীর রক্তাক্ত দেহ ছড়িয়ে পড়ে আছে। বনহুর একটা জ্বলন্ত মশাল তুলে নিলো হাতে। ঘুরেফিরে দেখতে লাগলো।

বনহুর আর রহমানকে দেখে মৃতপ্রায় সেলিম খাঁ এবং তার সঙ্গীরা আনন্দে চীৎকার করে উঠলো। সেলিম খান ও তার সঙ্গীরা পূর্বেই বুঝতে পেরেছিলো নিশ্চয়ই তাদের সর্দার বনহুর এসে গেছে, তারই গুলীতে জংলীদের অবস্থা কাহিল হয়ে পড়েছে।

বনহুর আর রহমান এগিয়ে গিয়ে তার অনুচরদের বাঁধন খুলে দিতে লাগলো।

কোনো অসুবিধা হলো না, কারণ মশালের আলোতে সব স্পষ্ট দেখা যাচ্ছিলো।

অদূরে এক জায়গায় জম্বু আস্তানা থেকে নিয়ে আসা ধনসম্পদের পুটলিগুলো রাখা হয়েছিলো। জম্বু আস্তানার অনুচরগণ এবার পুটলিগুলো তুলে নিলো কাঁধে।

সেলিম খাঁ জড়িয়ে ধরলো বনহুরকে—সর্দার! কৃতজ্ঞতায় কণ্ঠ তার রুদ্ধ হয়ে এলো। একটু প্রকৃতিস্থ হয়ে বললো—আপনি ঠিক সময় না এসে পড়লে আমাদের মৃত্যু সুনিশ্চিত ছিলো।

আমি ঠিক সময় পৌঁছেও তোমাদের রক্ষা করতে পারতাম না যদি জংলীরা বুদ্ধিমান হতো। যাক, সবই তোমাদের ভাগ্য। এবার চলো রওনা দেওয়া যাক।

বনহুরের আদেশ পাওয়ার সঙ্গে সঙ্গে অনুচরগণ জম্বু থেকে লুট করে আনা ধনস্পদের পুটলিগুলো কাঁধে তুলে নিয়ে অগ্রসর হলো।

বনহুর তাজের বলগা ধরে হেঁটে চললো, মাঝখানে সেলিম খাঁ, অপর পাশে দুলকীর লাগাম ধরে রহমান।

পিছনে পিছনে চললো পুটলি কাঁধে অনুচরগণ।

এত সহজে জম্বু আস্তানার বিপদ মুক্ত হবে ভাবতে পারেনি তারা। এমন কি বনহুরও এমনভাবে জয়ী হবে আশা করেনি। ভেবেছিলো জংলীদের সঙ্গে তাকে চরমভাবে বোঝাপড়া করতে হবে।

এ পরম বিজয় সবাইকে আনন্দে আত্মহারা করে তুললো।

❑

বনহুর আর রহমান ভালভাবে কান্দাই আস্তানায় ফিরে আসায় বনহুরের অনুচরদের মধ্যে খুশীর বন্যা বয়ে গেলো। নূরী আর নাসরিনের আনন্দের সীমা নেই।

জয়মালা ওরা পরিয়ে দিলো সর্দার ও তার সহচরের গলায়।

কিন্তু বেশিক্ষণ নূরী বা তার অনুচরগণ বনহুরকে আটকে রাখতে পারলো না। যতক্ষণ কান্দাই শহরের সেই রহস্যময় হত্যাকান্ডের রহস্য উদঘাটন না হয়েছে ততক্ষণ তার শান্তি নেই।

আগামী অমাবস্যার জন্য প্রতীক্ষা করে বনহুর।

তার অনুচরদের ছড়িয়ে দিয়েছে সমস্ত কান্দাই শহরের আনাচে কানাচে। কেউবা ফেরিওয়ালা, কেউবা ড্রাইভার, কেউবা কুলি-মজুর, কেউবা ঝাড়ুদার হিসেবে অনুসন্ধান করে ফিরে কোথায় এবং কে এই হত্যা রহস্যের নায়ক।

বনহুর রাতের অন্ধকারে অনুসন্ধান করে চলেছে। কোনোদিন তাজের পিঠে, কোনোদিন গাড়ি নিয়ে, কোনোদিন পদব্রজে।

কিন্তু নিরাশ হয়ে পড়েছে, পরপর আরও দুটো হত্যাকান্ড ঘটে গেলো কান্দাই শহরে।

পুলিশমহলের ধারণা দস্যু বনহুর নতুন এক হত্যাকান্ডে মেতে উঠেছে। তাই তাকে পাকড়াও করার জন্য নানা কৌশল অবলম্বন করছে তারা। মিঃ জাফরী আরও কয়েকজন জাদরে পুলিশ অফিসার সহ কান্দাই এসে পৌঁছেছেন।

গভীরভাবে এ ব্যাপার নিয়ে তাঁরা আলোচনা চালিয়ে চলেছেন। সমস্ত শহরময় একটা চঞ্চলতা বিরাজ করছে।

আগামীকাল আবার অমাবস্যা।

না জানি শহরের কোন্ ব্যক্তি মৃত্যুর জন্য প্রতীক্ষা করছে।

মিঃ জাফরী তাঁর কয়েকজন দক্ষ পুলিশ গোয়েন্দা নিয়ে এক গোপন স্থানে কথাবার্তা বলছিলেন—কাল অমাবস্যা রাতে তাঁরা কিভাবে কাজ করবেন, এটাই ছিলো তাঁদের আলোচনার বিষয়।

মিঃ জাফরী গম্ভীরভাবে সোফায় হেলান দিয়ে বসে সিগারেট পান করছিলেন আর মাঝে মাঝে কথাবার্তা বলছিলেন।

মিঃ ফেরদৌস এবং মিঃ হারেস ও প্রখ্যাত গোয়েন্দা শঙ্কর রাও আজ উপস্থিত আছেন এ আলোচনা সভায়।

শঙ্কর রাও একবার বনহুরের কাছে নাকানি চুবানি খেয়েছিলেন, তাই তাঁর রাগ যেমন করে হোক বনহুরকে শায়েস্তা করা। কিন্তু বহুদিন চেষ্টা করেও বনহুরকে শায়েস্তা করা তাঁর হয়ে ওঠেনি।

আজ যখন সেই বনহুরকে নিয়ে আবার পুলিশমহলে সাড়া পড়ে গেছে তখন শঙ্কর রাওয়ের মনটা খুশীতে ভরে উঠেছে, কারণ অনেক দিন পর আবার তিনি বনহুর গ্রেপ্তারে আত্মনিয়োগ করতে সক্ষম হলেন।

আলোচনা চলছে। এবার কথা বললেন শঙ্কর রাও—এ হত্যাকান্ড কেন যে করছে তার প্রমাণ কিছু পাওয়া গেছে কি?

শঙ্কর রাওয়ের কথায় ডাক্তার জবাব দিলেন—উদ্দেশ্যবিহীন কেউ কোনো কাজ করে না কোনোদিন, বুঝলেন মিঃ রাও?

আপনি কি মনে করেন ডাক্তার রায়? বললেন মিঃ জাফরী।

একটু ভেবে নিয়ে বললেন ডাক্তার রায়—আমার মনে হয় দস্যু বনহুর নতুন এক অভিযানে আত্মনিয়োগ করেছে।

ভ্রুকুঞ্চিত করে বললেন মিঃ হারেস—অভিযান মানে?

মানে নতুন কোনো.....

ডাক্তার রায়ের কথার মাঝখানে হেসে বললেন মিঃ ফেরদৌস—সে নতুন কোনো অভিযান শুরু করেছে।

হাঁ, মিথ্যা নয় মিঃ ফেরদৌস।

মিঃ ফেরদৌস পুনরায় বলে উঠলেন—আপনি কি মনে করেন এটা দস্যু বনহুরেরই কাজ?

নিশ্চয়ই এটা স্বয়ং দস্যু বনহুরের কাজ। কারণ ইন্সপেক্টার মিঃ ইলিয়াস নিজে বনহুরকে গ্রেপ্তার করতে সেদিন সক্ষম না হলেও তাকে তিনি ভালভাবে দেখেছিলেন। কথাগুলো বলে ডাক্তার রায় তীক্ষ্ণ দৃষ্টি ফেললেন মিঃ ফেরদৌসের মুখে।

মিঃ জাফরী বললেন—হাঁ, ডাক্তার রায় যা বললেন ঠিক, কারণ আমি হিন্দল থেকে কান্দাই পৌছেই ইন্সপেক্টার মিঃ ইলিয়াস ও তাঁর সঙ্গীদের যারা সেদিন ঐ মুহূর্তে তাঁর সঙ্গে ছিলেন তাদের জিজ্ঞাসাবাদ করে যা জানতে পেরেছি তাতে এ হত্যাকান্ড স্বয়ং দস্যু বনহুর দ্বারাই সংঘটিত হয়েছে।

মিঃ ফেরদৌস বললেন—এমনও তো হতে পারে সেই আর্তনাদের শব্দ শুনে মিঃ ইলিয়াস তাঁর দলবল নিয়ে যেমন ছুটে হাজির হয়েছিলেন তেমনি দস্যু বনহুরও হয়তো বা ছুটে এসেছিলো?

হো হো করে হেসে উঠলেন মিঃ জাফরী, তারপর হাতের অর্ধদগ্ধ সিগারেটটা এ্যাসট্রের মধ্যে গুঁজে সোজা হয়ে বসে বললেন—দস্যু বনহুরের প্রতি আপনার বিশ্বাস দেখে আমি না হেসে পারলাম না মিঃ ফেরদৌস।

এবার শঙ্কর রাও বলে উঠলেন—মিঃ ফেরদৌস নতুন গোয়েন্দা অফিসার, তিনি দস্যু বনহুর সম্বন্ধে এমন মতামত পেশ করবেন, তাতে হাসবার কিছু নেই স্যার।

তা অবশ্য ঠিক, যিনি দস্যু বনহুরের সঙ্গে মোকাবেলা না করেছেন, তিনি তার সম্বন্ধে কোন ধারণাই করতে পারবেন না। মিঃ ফেরদৌস, আপনি দক্ষ গোয়েন্দা হতে পারেন কিন্তু.....

মিঃ জাফরীর মুখের কথা কেড়ে নিয়ে বলেন মিঃ ফেরদৌস—দস্যু বনহুরের ব্যাপারে সম্পূর্ণ অনভিজ্ঞ, এইতো বলতে চাচ্ছেন স্যার?

হ্যাঁ। আপনি কিছুদিন আমাদের সঙ্গে দস্যু বনহুরকে গ্রেপ্তার ব্যাপারে সহায়তা করুন, তাহলেই বুঝতে পারবেন দস্যু বনহুর কি জিনিস!

সত্যি স্যার, এ ক'দিনেই আমি যেন বেশ ঘাবড়ে উঠেছি। পুলিশমহল এত সতর্কতার সঙ্গে কাজ করে চলেছেন তবু দস্যু বনহুর তার কাজ ঠিকভাবেই করে চলেছে। হত্যারহস্য উদঘাটন তো দূরের কথা, হত্যাকান্ডের এতটুকু সূত্র পুলিশ আবিস্কার করতে সক্ষম হয়নি বা হলো না।

আপনার কথা মিথ্যা নয় মিঃ ফেরদৌস, কারণ আপনি যা বললেন সম্পূর্ণ সত্য। পুলিশমহল তো কিছুই সূত্র আবিস্কারে সক্ষম হয়নি। আমি এতগুলো লাশ পোষ্টমর্টেম করেও তেমন কোনো সিদ্ধান্তে উপনীত হতে পারিনি। কেন বা কি জন্য দস্যু বনহুর এ হত্যারহস্য চালিয়ে চলেছে তা এখনও সম্পূর্ণ অজ্ঞাত রয়েছে। কথাগুলো বলে থামলেন ডাঃ রায়।

মিঃ জাফরী কিছু বলতে যাচ্ছিলেন, এমন সময় সেখানে উপস্থিত হলেন মিঃ হারুন, তাঁর চোখেমুখে হতাশা আর ক্লান্তির ছাপ। তাঁর সঙ্গে আরও দু'জন তরুণ পুলিশ অফিসার সেই কক্ষে প্রবেশ করলেন।

মিঃ হারুন ধপ্ করে বসে পড়লো একটা চেয়ারে। তাঁর সঙ্গীদ্বয় ক্লান্তভাবে দাঁড়িয়ে রইলেন যেন রণক্লান্ত সৈনিক।

মিঃ জাফরী বললেন—আজও ব্যর্থ হলেন মিঃ হারুন?

হাঁ স্যার, কয়েকদিন একটানা পাহারা দিয়েও দস্যু বনহুরের টিকিটিও দেখতে পেলাম না।

একেবারে নিরাশ হয়ে পড়েছেন দেখছি মিঃ হারুন? দস্যু বনহুর গ্রেপ্তারে অসীম ধৈর্যের দরকার। এত সহজে হতাশ হলে চলবে না। কথাগুলো হাসতে হাসতে বললেন তরুণ গোয়েন্দা মিঃ ফেরদৌস।

মিঃ ফেরদৌসের কথায় বললেন শঙ্কর রাও—অসীম ধৈর্যের কোনো প্রয়োজন হবে না মিঃ ফেরদৌস! এবার আমাদের প্রচেষ্টা সার্থক হবে। কারণ কতদিন সে আর আত্মগোপন করে পালিয়ে থাকবে!

সত্যি, বেচারা দস্যু বনহুরটার জন্য আমার বড্ড মায়া হচ্ছে। বললো মিঃ ফেরদৌস।

মিঃ জাফরী বলে উঠলেন—এবার আপনারা কাজের কথায় আসুন। আগামীকাল অমাবস্যা। খুনী তার কাজ ঠিকভাবেই সমাধা করে যাবে তাতে কোনো সন্দেহ নেই। কাজেই কাল শহরে রাত দুটোর পর কেউ যেন বাইরে না থাকে এটা প্রচার করে দিতে হবে।

ডাক্তার রায় বললেন—যত সাবধানই আমরা হই না কেন দস্যু বনহুর তার সাধনা চালিয়ে যাবেই.....

মিঃ ফেরদৌস তীক্ষ্ণদৃষ্টি মেলে তাকালেন ডাক্তার রায়ের মুখের দিকে, বললেন—সাধনা!

হাঁ, সাধনাই বটে।

তাহলে কি দস্যু বনহুর কোনো সাধনা করে চলেছে বলে আপনার মনে হয়?

নিশ্চয়ই, নাহলে সে এমনভাবে নরহত্যায় মেতে উঠতো না।

মিঃ ফেরদৌস এবং ডাঃ রায়ের কথার মাঝখানে বলে উঠেন মিঃ জাফরী— দস্যু বনহুর যেন কাল তার সাধনার বলি খুঁজে না পায় সেজন্য আমাদের সতর্ক প্রচেষ্টা চালিয়ে যেতে হবে এবং কাল আমরা কেউ তাকে গ্রেপ্তার করতে সক্ষম হবো বলে আশা করি।

শঙ্কর রাও বললেন—আমার গোয়েন্দা বিভাগ এ ব্যাপারে অত্যন্ত সজাগ রয়েছেন।

মিঃ ফেরদৌস হেসে বললেন—আপনাকে একটু বেশি সজাগ থাকার জন্য অনুরোধ জানাচ্ছি মিঃ রাও, কারণ আপনি পুরোনো গোয়েন্দা কিনা।

মিঃ জাফরী এবার মিঃ হারুনকে লক্ষ্য করে বললেন—এক্ষুণি আপনি রেডিও অফিসে জানিয়ে দিন, কাল রাত দুটোর পর একটা প্রাণীও যেন শহরের পথে ঘোরাফেরা না করে, কারণ দেখা গেছে রাত দু'টার পরই এ হত্যাকান্ড সংঘটিত হয়।

মিঃ ফেরদৌস বললেন এবার—স্যার, রাত দুটোর পর তো খুনী তার কাজ শেষ করেই গেলো। তখন সাবধান হয়ে কোনো লাভ হবে না, বরং সন্ধ্যার পর থেকে সমস্ত রাত শহরে কার্ফু দিয়ে কড়াকড়ি আইন জারি করে দিলে ভাল হয়।

মিঃ ফেরদৌসের কথায় সবাই সায় দিলেন।

মিঃ জাফরীও সম্মতি জানিয়ে মিঃ হারুনকে এ সংবাদ ঘোষণার জন্য নির্দেশ দিলেন।

সেদিনের মত আলোচনা এ পর্যন্তই শেষ হলো।

পরদিন।

কান্দাই শহরে ঘরে ঘরে আতঙ্ক, আজ কার সন্তান, স্বামী কিংবা ভাই নিহত হবে কে জানে।

রেডিও বারবার ঘোষণা করছে, 'আজ সন্ধ্যার পর থেকে আগামীকাল সকাল পর্যন্ত কান্দাই শহরের সর্বত্র কার্ফু জারি থাকবে।' এ সংবাদ মানুষের মনে আরও ভীতিভাব জাগিয়ে তুলেছে। কেমন একটা থমথমে ভাব বিরাজ করছে শহরময়।

সন্ধ্যার পূর্বেই সমস্ত দোকানপাট, হোটেল, সিনেমা হল, ক্লাব জনশূন্য হয়ে পড়ে। রাজপথ নির্জন।

দু'একটা যানবাহন দ্রুত এদিক ওদিক চলে যাচ্ছে।

গাড়ির চালকের মুখে আতঙ্কের ছাপ। সন্ধ্যার আর বাকী নেই। তাড়াতাড়ি তাদের গন্তব্য স্থানে পৌঁছতে হবে।

কার্ফু চলাকালে ডাক্তার, ফায়ার ব্রিগেড এবং এয়ারপোর্টের গাড়ি চলতে পারে কিন্তু আজকের কার্ফুতে সে সবও নিষেধ। কোনো রকম যানবাহনই চলাচল নিষিদ্ধ।

সন্ধ্যার পর থেকেই কার্ফু জারি হলো।

সমস্ত শহর প্রাণহীন নিস্পন্দ হয়ে পড়লো।

রাজপথের লাইটপোষ্টের আলোকগুলোকে আজ কেমন যেন ভূতুড়ে মনে হচ্ছে। ক্রমেই কুয়াশাচ্ছন্ন হয়ে আসছে কান্দাইয়ের আকাশ।

শীতের রাত।

কোনো এক গীর্জার ঘড়িতে প্রতিধ্বনিত হলো রাত দশটা।

আজ শীতটা যেন আরও বেশি অনুভূত হচ্ছে।

কুয়াশা যত বাড়ছে লাইটপোষ্টের আলোগুলো ততই নিষ্প্রভ হয়ে আসছে।

এতক্ষণ বাড়ির জানালার ফাঁকে ইলেকট্রিক আলোকরশ্মির ঝিলিক দেখা যাচ্ছিলো, এখন তাও নজরে আসছে না।

বাড়িগুলো যেন এক একটা ঘুমন্ত পুরী বলে মনে হচ্ছে—কোনো মায়াবিনী রাক্ষসীর যাদুকাঠির স্পর্শে সব যেন ঘুমিয়ে পড়েছে।

কিন্তু বাড়িগুলো ঘুমন্ত পুরী বলে মনে হলেও আসলে কোনো বাড়ির লোকজন ঘুমোতে পারেনি। সবাই ঘরে ঘরে কুঁকড়ে বসে আছে। যেন কোনো একটা ভয়ঙ্কর কিছুর জন্য প্রতীক্ষা করছে তারা।

এতটুকু শব্দ হলেই চমকে উঠছে, না জানি কে কোন্ পথে ভিতরে প্রবেশ করলো। ছোট ছোট বাচ্চাগুলোও যেন মায়ের কোলে মুখ লুকিয়ে চুপ করে আছে। যদিও তারা কিছু বুঝতে পারছে না, তবু বড়দের আতঙ্কিত ভাব তাদের কচি মনেও একটা ভীতি ভাবের প্রভাব বিস্তার করেছে।

চৌধুরীবাড়ির একটা ঘরে এমনি আতঙ্কভরা ভার নিয়ে মনিরা আর মরিয়ম বেগম বসে আছেন। নূর বসে আছে মা এবং দাদীমার মাঝখানে। পাশের কক্ষে বৃদ্ধ সরকার সাহেব আর পুরোনা চাকর মকবুল।

অন্য চাকর বাকর, দারোয়ান সবাই নীচের তলায় হলঘরের পাশের ঘরটায় দরজায় খিল এঁটে বসে আছে। কারও চোখে ঘুম নেই।

আজ অমাবস্যা রাত।

সেই রহস্যময় ভয়ঙ্কর রাত।

যে রাতে একটা প্রাণ-প্রদীপ নিভে যায় নৃশংসভাবে, কেউ তা রোধ করতে পারে না।

সমস্ত শহরে যখন গভীর নিস্তব্ধতা বিরাজ করছে তখন দস্যু বনহুর তার তাজকে নিয়ে আস্তানার বাইরে এসে দাঁড়ালো।

রহমান এবং নূরী তার পাশে।

রহমান বললো—সর্দার।

জানি তোমরা ভয় পাচ্ছো।

নূরী বাষ্পরুদ্ধ কণ্ঠে বললো—সমস্ত শহরে কার্ফু। একটা প্রাণী নেই কোথাও। তুমি যাচ্ছো.....

হাসলো বনহুর—ফিরে যদি না আসি এই তো? আমিই যদি সেই রহস্যময় হত্যাযজ্ঞের শিকার হই.....

চুপ করো! অমন কথা মুখে এনো না।

তাহলে কেন ভয় পাচ্ছো, বলো?

এবার রহমান বললো—সর্দার, এ যেন যাদুমন্ত্রের মত। এত পাহারা তবু এ হত্যাকান্ড ঘটে চলেছে। কেউ সেই হত্যাকারীর সন্ধান পেলো না।

রহমান, তুমিও অবুঝ হলে! কেউ পেলো না বলেই তো আমার এত ভাবনা। যতক্ষণ আমি এ হত্যাকারীকে খুঁজে বের করতে সক্ষম না হয়েছি

ততক্ষণ আমার স্বস্তি নেই। নূরী, চলি.....বনহুর তাজের পিঠে চেপে বসলো।

তাজ এবার সম্মুখের পা দু'খানা উঁচু করে চিঁহি চিঁহি শব্দ করে ছুটতে শুরু করলো।

নূরী আঁচলে মুখ ঢেকে ফুপিয়ে কেঁদে উঠলো।

রহমান নূরীর কাঁধে হাত রেখে বললো—কেঁদো না নূরী। তোমার স্বামী যেন জয়ী হতে পারে, সেই প্রার্থনা করো।

❑

জমাট অন্ধকার ভেদ করে একটা তীব্র আর্তনাদের শব্দ কান্দাই শহরটাকে যেন কাপিয়ে তুললো। সে কি মর্মস্পর্শী করুণ চীৎকার।

তারপর সব নিস্তব্ধ।

চারদিক সূচীভেদ্য অন্ধকার।

ঘরে ঘরে ভীত আতঙ্কিত লোকজন আঁতকে উঠলো।

আর্তনাদের পর পরই শোনা গেলো অশ্বপদশব্দ খট্ খট্ খট্... দূর হতে আরও দূরে শব্দটা সরে যাচ্ছে।

নূর চাপাকণ্ঠে বলল– আম্মি, ঐ দেখো দস্যু বনহুর তার হত্যালীলা শেষ করে পালিয়ে যাচ্ছে।

মরিয়ম বেগম কিছু বলতে যাচ্ছিলেন, মনিরা বললো—চুপ করো মামীমা, ওকে বলতে দাও।

নূর মায়ের কথায় কান না দিয়ে বলে আবার—আম্মি, তোমরা বিশ্বাস করো না, আজ প্রমাণ পেলে? ঐ শোনা যাচ্ছে অশ্বপদশব্দ.....

মনিরা আনমনা হয়ে যায়, সে স্পষ্ট শুনতে পাচ্ছে তাজের খুঁড়ের শব্দ। ঐ শব্দ তার যে অতি পরিচিত।

পাশের ঘরে সরকার সাহেব এবং মকবুলও এ শব্দ শুনতে পাচ্ছে, তাদের মনেও সন্দেহের দোলা—তবে কি তাদের মনিবেরই এ কাজ?

আজ ক'দিন থেকে নূর সব সময় বলছে, এ হত্যালীলা দস্যু বনহুর ছাড়া কেউ করতে পারে না। নানাজনের মুখে সে ঐ একই কথা শুনে আসছে। সংবাদপত্রে সেই একই সংবাদ পড়ছে। অবিশ্বাসের কিছু নেই!

এদিকে যখন কান্দাই শহরের প্রতিটি ঘরে মহা আতঙ্ক বিরাজ করছে, তখন কান্দাইয়ের দক্ষিণ প্রান্তরে এক অদ্ভুত মানুষ একটা শব্দহীন গাড়ি চালিয়ে তীরবেগে পালিয়ে যাচ্ছে।

পিছনে ছুটছে তাজের পিঠে স্বয়ং দস্যু বনহুর। গাড়িখানাকে অনুসরণ করে এগুচ্ছে তাজ। বনহুরের দক্ষিণ হাতে রিভলভার, বাম হাতের মুঠায় তাজের লাগাম।

গাড়িখানা যখন লাইটপোষ্টের নীচে দিয়ে উল্কাবেগে চলে যাচ্ছিলো, তখন বনহুর লক্ষ্য করছে গাড়ির চালকের হাত দু'খানা স্বাভাবিক মানুষের হাত নয়। যদিও চালকের শরীরখানা স্পষ্ট দেখা যাচ্ছিলো না, তবুও বুঝা যাচ্ছিলো শরীরে তার লোম আছে।

বনহুর তাজকে দ্রুত চালনা করেও কিছুতেই গাড়িখানাকে রিভলভারের গুলীর আয়ত্তের মধ্যে আনতে পারছে না। পথ ছেড়ে প্রান্তর, তারপর উঁচুনীচু পাহাড়িয়া পথ।

বনহুর অবাক না হয়ে পারছে না, কারণ এ ধরনের গাড়ি সে এর পূর্বে কোনোদিন দেখেনি। তা ছাড়া এমন চালকও সে দেখেনি কোনোদিন। নিজেও সে দক্ষ ড্রাইভার কিন্তু একি, একটা জন্তু গাড়ী চালাচ্ছে, এমনও তার বুদ্ধি!

শেষ পর্যন্ত তাজকে পরাজয় বরণ করতে হলো, কারণ গাড়িখানা হাওয়ার বেগে দৃষ্টির অন্তরালে চলে গেলো।

অন্ধকার রাত না হলে বনহুর গাড়ির চাকার দাগ লক্ষ্য করে গাড়িখানাকে অনুসরণ করতে পারতো। কিংবা শব্দহীন গাড়ি না হলে শব্দ লক্ষ্য করে এগুতে পারতো। সব চেষ্টা ব্যর্থ হলো আজ তার।

ভোর হবার পূর্বে ফিরে এলো বনহুর তার আস্তানায়। অশ্বপদ শব্দ শোনামাত্র রহমান তার দলবল নিয়ে এগিয়ে এলো আস্তানার বাইরে।

নূরী, নাসরিন, বৃদ্ধা দাইমা পর্যন্ত আজ বেরিয়ে এলো তাজের খুঁড়ের শব্দ শুনে।

বনহুর তাজের পিঠ থেকে নামতেই দু'জন অনুচর তাজের লাগাম ধরে ফেললো।

বনহুর এগুতে লাগলো, চোখেমুখে তার ক্লান্তির ছাপ।

কেউ কোনো প্রশ্ন করার সাহসী হলো না। সবাই বনহুরকে অনুসরণ করে আস্তানার ভিতরে এগিয়ে চললো।

বনহুর বিশ্রামকক্ষে প্রবেশ না করে দরবার কক্ষের দিকে চললো। দরবারকক্ষে তার আসনের পাশে গিয়ে একটা পাথরখন্ডে ধপ্ করে বসে পড়ে বললো—পারলাম না হত্যাকারীকে গ্রেপ্তার করতে।

রহমান এবং নূরী ছাড়া অন্য কেউ দরবারকক্ষে প্রবেশ করেনি। বনহুরের একপাশে রহমান অপর পাশে নূরী দাঁড়িয়ে ছিলো। উভয়েরই চোখেমুখে উদ্বিগ্নতা। বনহুরের কথায় রহমান এবং নূরীর মধ্যে দৃষ্টি বিনিময় হলো।

বনহুর বললো—আশ্চর্য লোমশদেহী একটা জন্তু এই হত্যা রহস্যের নায়ক।

লোমশদেহী! দু'চোখে বিস্ময় নিয়ে বলে উঠলো নূরী।

হাঁ, শুধু তাই নয়, সেই লোমশদেহী জীবটা দক্ষ ড্রাইভার। তাজকে সে পরাজিত করেছে।

রহমান এবং নূরী বিস্ময়ে হতবাক হয়ে শুনছে।

বনহুর গতরাতের ঘটনাটা সব খুলে বললো। সে যেন এক বিস্ময়। কাল আমি যখন চৌধুরীবাড়ির সম্মুখে এসে পৌঁছেছি, ঠিক ঐ মুহূর্তে একটা আর্তচীৎকার, সঙ্গে সঙ্গে আমি চীৎকার লক্ষ্য করে এগিয়ে গেলাম। চারদিকে জমাট অন্ধকার, দেখলাম একটা গাড়ি তীরবেগে চলে যাচ্ছে। গাড়িখানা চলাকালে এতটুকু শব্দ হচ্ছে না। যদিও স্পষ্ট দেখা যাচ্ছিলো না কিছু, তবুও আমি সেই গাড়িখানাকে লক্ষ্য করে তাজকে চালাতে লাগলাম। যখন গাড়ীটা রাজপথ ধরে উল্কাবেগে ছুটছিলো তখন মাঝে মাঝে লাইটপোষ্টের আলো গাড়ির ভিতর প্রবেশ করছিলো। অস্পষ্ট দেখলাম দু'টি লোমশ বাহু গাড়ির হ্যান্ডেল চেপে ধরে আছে। দেহের কিছু অংশও নজরে পড়লো, আমার মনে হলো ওর দেহটাও লোমে ভরা।

রহমান বললো—নিশ্চয়ই ওটা দক্ষ গরিলা জাতীয় জীব হবে।

একটু ভেবে বললো বনহুর—কিন্তু গরিলার এত নিপুণতার সঙ্গে গাড়ি চালানোটা কেমন যেন সন্দেহজনক। আমি দেখতে চাই সত্যিই সে গরিলা বা বনমানুষ কিনা। আর জানতে চাই কি উদ্দেশ্যে সে এমন হত্যালীলা চালিয়ে চলেছে।

এখানে বনহুর যখন রহমান আর নূরীর সঙ্গে রাতের ঘটনা নিয়ে আলোচনা করছিলো, তখন কান্দাই পুলিশ অফিসের বারান্দায় গত রাতের লাশটা এনে শুইয়ে দেওয়া হয়েছে। একটা যুবকের মৃতদেহ। বুকের ক্ষতটা

ছাড়া মৃতদেহের শরীরে আর কোনো ক্ষত চিহ্ন নেই। এমন কি মৃতদেহের চোখ দুটো আজ উপড়ে তুলে নেওয়া হয়নি।

লাশটাকে ঘিরে দাঁড়িয়ে আছেন কয়েকজন জাঁদরেল পুলিশ অফিসার—মিঃ জাফরী, মিঃ ইলিয়াস, মিঃ শঙ্কর রাও এবং মিঃ হারুন ও কয়েকজন পুলিশ ইন্সপেক্টার। ডা ঃ রায়কে ফোন করা হয়েছে। তিনি এখনও ঘুম থেকে উঠেননি বলে তাঁর বাসা থেকে জানিয়েছে। মিঃ ফেরদৌসও এখনও এসে পৌঁছেননি।

মিঃ ফেরদৌস এবং ডাঃ রায়ের জন্য সবাই অপেক্ষা করছেন। লাশটা ডাঃ রায় পরীক্ষা করার পর মর্গে পাঠানো হবে।

মৃতদেহটা কোনো ভদ্র যুবকের তাতে কোনো সন্দেহ নেই। হাতঘড়িটা হাতে এখনও টিক্ টিক্ করে চলছে। দেহে মূল্যবান পোশাক পরিচ্ছদ। চোখেমুখে আভিজাত্যের ছাপ।

মিঃ জাফরী বেশে কিছুক্ষণ মৃত যুবকের মুখে লক্ষ্য করে বললেন—গতকাল সন্ধ্যার পর থেকে সমস্ত কান্দাই শহরে কার্ফু জারি থাকাকালেও এ যুবক কি করে পথে বেরিয়েছিলো?

স্যার, এ প্রশ্নই আমাদের সকলকে উদ্বিগ্ন করে তুলেছে, বললেন মিঃ হারুন।

মিঃ ইলিয়াস বললেন—আমার মনে হয় একে তার বাসা থেকে ধরে এনে পথের মাঝে হত্যা করা হয়েছে।

মিঃ রাও বললেন—একে পথের মাঝে ধরে এনে হত্যা করেছে, এটা আপনি কি করে বুঝলেন মিঃ ইলিয়াস?

আমি নিজে গিয়েছিলাম সেখানে যেখানে লাশটা পড়েছিলো। আমি জায়গাটা লক্ষ্য করে বুঝতে পারি যুবকটাকে সেই স্থানেই হত্যা করা হয়েছে, কারণ তখনও পথের বুকে চাপ চাপ রক্ত জমাট বেঁধে আছে। বলে থামলেন মিঃ ইলিয়াস। একটু থেমে পুনরায় বললেন—জানি না আপনারা লক্ষ্য করেছেন কিনা রক্তের পাশ কেটে একটা গাড়ির চাকা চলে গেছে।

আপনি কি করে বুঝলেন এই যুবকটা নিহত হবার পরই সেই গাড়ির চাকার দাগ পড়েছে? বললেন মিঃ জাফরী।

মিঃ ইলিয়াস বললেন—আপনারা লক্ষ্য না করলেও আমি লক্ষ্য করেছি গাড়ির চাকাটা ঠিক রক্তের পাশ কেটে যাবার সময় রাস্তায় টায়ারের দাগ পড়েছে।

এমন সময় ডাঃ রায় প্রবেশ করলেন সেখানে, তিনি মিঃ ইলিয়াসের কথাট শুনতে পেয়েছিলেন,. বললেন—আমি এক্ষুণি সেই স্থান থেকে আসছি। করাণ লাশ পরীক্ষা করার পূর্বে যেখানে হত্যাকান্ড সংঘটিত হয়েছে, ঐ স্থান আমি পরীক্ষা করে দেখা প্রয়োজন মনে করেছিলাম। সেজন্য আমি সেখানে যাই। যদিও আমি ঘুম থেকে উঠে জানতে পারি আপনারা আমার জন্য অপেক্ষা করছেন। আমি সেস্থান ভালভাবে পরীক্ষা করে একটা জিনিস লক্ষ্য করেছি যা আমাকে এ হত্যারহস্য ব্যাপারে অনেকখানি অগ্রসর হতে সাহায্য করেছে।

উপস্থিত সবাই ডাঃ রায়ের মুখে প্রশ্নভরা দৃষ্টিতে তাকিয়ে আছেন, কি বলতে চান তিনি।

ডাঃ রায় বলে চলেন—আমি চাপ চাপ রক্তের পাশে স্পষ্ট অশ্ব-পদচিহ্ন লক্ষ্য করেছি।

একসঙ্গে সকলেই মৃদু গুঞ্জনধ্বনি করে উঠলেন।

শঙ্কর রাও বলে উঠলেন—আমি পূর্বেই বলেছি এটা দস্যু বনহুরের কাজ।

ডাঃ রায় বললেন—আমি সঠিকভাবে বলতে চাই না যে, এটা দস্যু বনহুরেরই কাজ, কারণ মিঃ ইলিয়াস বললেন তিনি পথের বুকে গাড়ির টায়ারের ছাপে রক্তের চিহ্ন লক্ষ্য করেছেন।

মিঃ জাফরী বললেন—সূত্র পাওয়া যাচ্ছে অনেক কিন্তু হত্যার রহস্য কি তা আজও জানা যাচ্ছে না। ডাঃ রায়, আপনি লাশটা পরীক্ষা করে দেখুন। আজকের লাশ থেকে চোখ দুটো উপড়ে নেওয়া হয়নি।

ডাঃ রায় বিস্ময়ভরা চোখে তাকালেন লাশটার দিকে। ঝুঁকে পড়ে দেখলেন কিছুক্ষণ, তারপর সোজা হয়ে দাঁড়িয়ে বললেন—আজ খুনী তার কাজ শেষ করতে পারেনি, কারণ চোখ দুটোই ছিলো তার প্রয়োজন।

হাঁ, আমারও তাই মনে হয় ডাঃ রায়। বললেন মিঃ জাফরী।

শঙ্কর রাও বলে উঠলেন—দস্যু বনহুর এবার অর্থের মোহ ত্যাগ করে চোখের মোহে মেতে উঠেছে দেখছি।

আশ্চর্য বটে! বললেন মিঃ হারুন।

ডাঃ রায় লাশ পরীক্ষা শেষ করে লাশটাকে মর্গে নিয়ে যাওয়ার নির্দেশ দিলেন।

এবার সবাই অফিসরুমে প্রবেশ করলেন।

অফিসকক্ষে বসে মিঃ জাফরী সেদিনের লাশটা সম্বন্ধে তাঁর ডায়রীর খাতায় খসখস করে কিছুক্ষণ লিখলেন। ততক্ষণ অন্যান্য অফিসার চাপাস্বরে নানা রকম আলাপ-আলোচনা করছিলেন।

লেখা শেষ করে মিঃ জাফরী বললেন—কার্ফু যখন ব্যর্থ গেলো তখন এ হত্যালীলা বন্ধ করা কারও সাধ্য নেই।

হাসালেন ডাঃ রায়—কার্ফু দিয়ে হত্যাকারীর কাজ বন্ধ করা যাবে না মিঃ জাফরী। সাধনা সে এক ভিন্ন জিনিস। যত বাধাই থাকুক সাধক তার সাধনা চালিয়ে যাবেই। তবু সে যা তা বা যে সে মানুষ নয়, স্বয়ং দস্যু বনহুর।

শঙ্কর রাও বলে উঠলেন—একটু পূর্বে আপনি কিন্তু দস্যু বনহুর সম্বন্ধে সন্দেহ পোষণ করেছিলেন।

এখনও আমি সন্দেহ দোলায় দুলছি.....

কারণ? বললেন মিঃ ইলিয়াস।

কারণ দস্যু বনহুর হত্যা করতে পারে কিন্তু চোখ উঠিয়ে নিয়ে সে কি করবে?

শঙ্কর রাও বললেন—দস্যু বনহুর যে খামখেয়ালী সে কথা আপনারা সবাই জানেন। তার ইচ্ছা হলে হত্যা করে, ইচ্ছা হলে বাঁচিয়ে নেয়। ইচ্ছা হলে লুটে নেয়, আবার ইচ্ছা হলে বিলিয়ে দেয়.....

আপনি যা বললেন সত্য, দস্যু বনহুর খামখেয়ালী, তার ইচ্ছার উপর নির্ভর করে তার কার্যকলাপ। তাই বলে কেউ সঠিকভাবে বলতে পারে না যে, দস্যু বনহুরই এ হত্যাকান্ডের নায়ক। কথাগুলো বললেন কান্দাই পুলিশ সুপার মিঃ আহমদ আলী। তিনি প্রবীণ এবং অভিজ্ঞ ব্যক্তি, এতক্ষণ তিনি চুপচাপ সব কথা শুনে যাচ্ছিলেন।

মিঃ জাফরী বলে উঠলেন—মিঃ আলী, আপনি এ কথা বলতে পারলেন? কারণ আপনারই পুলিশ ইন্সপেক্টার মিঃ হুসাইন এবং মিঃ কাওসার স্বচক্ষে তাকে দেখেছেন এবং গ্রেপ্তার করতেও গিয়েছিলেন।

সব জানি কিন্তু তাকে হত্যা করতে কেউ দেখেছে বলে তাঁরা বলতে পারেননি। এমনও তো হতে পারে ঐ ব্যক্তি নিহত হবার পর দস্যু বনহুর সেখানে এসে পড়েছে যেমন আমাদের পুলিশ বাহিনী গিয়ে পৌঁছেন। কথাগুলো বলে থামলেন মিঃ আলী।

মিঃ জাফরী জবাব দিলেন আবার—তা হয় না মিঃ আলী, কারণ পুলিশ রিপোর্টে যেমন জানা গেছে তাতে দস্যু বনহুরই যে এ হত্যাকান্ডের অধিনায়ক তাতে কোনো ভুল নেই।

এমন সময় বাইরে গাড়ি থামার শব্দ হলো।

একটু পরে কক্ষে প্রবেশ করলেন মিঃ ফেরদৌস। মুখমন্ডল গম্ভীর এবং ভাবাপন্ন। কক্ষে প্রবেশ করেই হ্যাট খুলে সবাইকে লক্ষ্য করে অভিবাদন জানালেন।

মিঃ জাফরী বললেন—হ্যালো মিঃ ফেরদৌস, আপনি আজ বড্ড লেট করে ফেলেছেন।

বিলম্বের জন্য আমি দুঃখিত স্যার।

বসুন।

মিঃ ফেরদৌস একটা চেয়ারে বসে পড়ে মাথার হ্যাটটা খুলে রাখলেন সম্মুখের টেবিলে।

মিঃ জাফরী বললেন—লাশটা আজ আপনার দেখা উচিত ছিলো, কারণ অন্যান্য দিনের মত আজ লাশ থেকে চোখ উপড়ে নেওয়া হয়নি।

লাশ কি মর্গে পাঠানো হয়েছে?

হাঁ।

আমি সেখানেই গিয়ে দেখে আসবো।

তাই দেখে আসুন, তাহলে আজকের হত্যা ব্যাপারে আপনার অভিজ্ঞতা বাড়বে।

মিঃ ফেরদৌস উঠে পড়লেন এবং সবাইকে অভিবাদন জানিয়ে বেরিয়ে গেলেন।

মিঃ ফেরদৌস বেরিয়ে যেতেই মিঃ হারুন বলে উঠলেন—স্যার, মিঃ ফেরদৌসের কাজকর্ম, চলাফেরা কেমন যেন সন্দেহজনক বলে আমার মনে হয়।

একটু হেসে বললেন ডাঃ রায়—ভদ্রলোক অতি বুদ্ধিমান এবং কাজের লোক। তাঁর চালচলনে সন্দেহের কিছু থাকলেও তা তাঁর কাজের জন্যই পরিলক্ষিত হয়। আমি তাঁকে সমীহ করি।

মিঃ জাফরীও সায় দিলেন ডাঃ রায়ের কথায়।

❑

ডাঃ রায় তাঁর ল্যাবরেটরীতে প্রবেশ করতেই তাঁর দৃষ্টি পড়লো ল্যাবরেটরী ব্যালকনীতে কেউ পিছন ফিরে দাঁড়িয়ে আছে। সমস্ত শরীর তার

আলখেল্লায় ঢাকা, মাথায় সামনের দিকে ঝুকানো ফেল্ট ক্যাপ। আলখেল্লাধারী নিশ্চয় সিগারেট পান করছে, কারণ একরাশ ধোয়ার কুন্ডলি তার চারদিকে ছড়িয়ে পড়ছে।

ডাঃ রায়ের ভ্রু কুঞ্চিত হলো, তিনি ধীর পদক্ষেপে এগিয়ে চললেন।

কিন্তু বেশিদূর এগুতে হলো না ডাঃ রায়কে।

আলখেল্লাধারী ফিরে তাকালো।

বিস্ময়ভরা কণ্ঠে বললেন ডাঃ রায়—কে?

আলখেল্লাধারীর মুখমন্ডল ঢাকা থাকায় ডাক্তার রায় এ প্রশ্ন করলেন।

আলখেল্লাধারী এবার বললো—আমার নাম জানতে চাও?

ডাক্তার রায় নিজেকে সংযত করে নিয়ে বললেন—হাঁ, আমি জানতে চাই তুমি কে? এবং এত রাতে আমার ল্যাবরেটরীর ব্যালকনিতে কেন?

তোমার প্রথম প্রশ্নের জবাব আমি তোমার একজন মঙ্গলকামী বন্ধু, আর দ্বিতীয় প্রশ্নের জবাব হলো বিশেষ কোনো প্রয়োজনে আমি এখানে এসেছি। কথা বলতে বলতে এগুচ্ছিলো আলখেল্লাধারী।

ডাঃ রায়ের মুখে বিস্ময় ছড়িয়ে পড়েছে, তিনি আলখেল্লাধারীর পা থেকে মাথা পর্যন্ত তীক্ষ্ণ দৃষ্টিতে লক্ষ্য করে দেখছিলেন।

আলখেল্লাধারী একটু হেসে বললো—তোমার মঙ্গলকামী বন্ধু হলেও এর পূর্বে আমাকে তুমি দেখোনি, তাই আজ ভালভাবে লক্ষ্য করেও চিনতে পারবে না। এবার বলি কেন আমি এসেছি।

ডাঃ রায় প্রশ্নভরা দৃষ্টি তুলে তাকালেন আলখেল্লাধারীর মুখে। আলখেল্লাধারীর মুখ দেখা না গেলেও তার চোখ স্পষ্ট দেখা যাচ্ছিলো।

ডাঃ রায়কে লক্ষ্য করে বললো আলখেল্লাধারী—তুমি আমার শিকারগুলো রোজ কেটে তার হৃৎপিন্ড পরীক্ষা করে দেখো। কিন্তু কিছু বুঝতে পেরেছো— কেন আমি হত্যা করি প্রতি অমাবস্যায়?

তুমি—তুমিই এই রহস্যময় হত্যাকারী?

হাঁ।

তুমি কি দস্যু বনহুর?

না।

তাহলে কে তুমি?

আমি পূর্বেই বলেছি নাম আমি বলবো না, তবে যেদিন আমি সবার কাছে নিজকে বিকাশ করবো, সেদিন আমার সাধনা শেষ হবে।

সাধনা?

হাঁ, সাধনাই বটে।

মানুষ হত্যা করে তুমি সাধনা করছো?

আজ নতুন এ কথা শুনলে বলে মনে হচ্ছে। পৃথিবীর বুকে কত রকম সাধনা আছে তার কোনো সঠিক হিসেব নেই। যাক, এবার শোন কেন এসেছি।

বলো?

যা বলবো তাই করতে হবে। যদি না করো তাহলে আগামী অমাবস্যায় তোমাকে আমি আমার সাধনার শিকার হিসেবে ব্যবহার করবো। পুলিশমহল বা অন্য কেউ আমার কাজে বাধা দিতে পারবে না। কাজেই.....

কাজেই কি করতে হবে বলো?

তুমি পোষ্টমর্টেমের রিপোর্ট এমনভাবে তৈরি করবে যাতে পুলিশমহল এবং লোকসমাজ জানতে পারে এ হত্যাকান্ড কোনো জানোয়ার দ্বারা সংঘটিত হচ্ছে।

এতবড় মিথ্যা.....

হাঁ, তোমাকে মিথ্যা লিখতে হবে, মিথ্যা রিপোর্ট তৈরি করতে হবে।

কিন্তু...

জানি এতদিন সত্য রিপোর্ট তৈরি করেছো। এবার তোমাকে মিথ্যার আশ্রয় নিতে হবে প্রাণের বিনিময়ে। অবশ্য তুমি যা চাও তাই পাবে। আমাকে সাধনায় জয়ী হতে দাও...এই নাও। আলখেল্লাধারী তার দক্ষিণ হাতখানা বের করে এগিয়ে ধরলো ডাঃ রায়ের সম্মুখে।

ডাঃ রায়ের দু'চোখ ছানাবড়া হলো, দেখলেন আলখেল্লার মধ্য থেকে বেরিয়ে এসেছে একটা লোমশ হাত। হাতের মুঠায় একগাদা নোট। ডাঃ রায় ভয়কম্পিত হাতে টাকার গাদা তুলে নিলেন হাতে।

ঠিক ঐ মুহূর্তে ল্যাবরেটরীতে প্রবেশ করলেন মিঃ জাফরী, তিনি এতক্ষণ আড়াল থেকে সব শুনছিলেন এবং দেখছিলেন।

রিভলভার উঁচিয়ে ধরলেন মিঃ জাফরী—খবরদার! পালাতে চেষ্টা করো না, মরবে।

ডাঃ রায় এবং আলখেল্লাধারী একসঙ্গে ফিরে দাঁড়িয়ে চমকে উঠলো। পর মুহূর্তেই ডাঃ রায়ের মুখমন্ডল খুশীতে দীপ্ত হয়ে উঠলো। মিঃ জাফরীকে দেখে তিনি যেন দেহে প্রাণ ফিরে পেলেন।

কিন্তু মুহূর্তে এক কান্ড ঘটে গেলো—আলখেল্লাধারী ফিরে দাঁড়িয়েই চোখের নিমিষে প্রচন্ড এক ঝটকায় মিঃ জাফরীর হাত থেকে রিভলভার ফেলে দিয়ে লাফিয়ে পড়লো ব্যালকুনি থেকে নীচে।

এত দ্রুত ব্যাপারটা ঘটে গেলো যে, মিঃ জাফরী ক্ষণিকের জন্য কিংকর্তব্যবিমূঢ় হয়ে পড়লেন। পরক্ষণেই ছিটকে পড়া রিভলভার তুলে নিয়ে নীচে অন্ধকার লক্ষ্য করে গুলী ছুড়লেন।

ডাঃ রায়ও কেমন যেন হতভম্ব হয়ে পড়েছেন—একি! তিনি স্বপ্ন দেখছেন না সত্য।

মিঃ জাফরী ব্যালকুনি থেকে ফিরে এসে বললেন—ব্যর্থ হলাম ডাঃ রায়। রহস্যময় হত্যাকান্ডের নায়ককে এত কাছে পেয়েও গ্রেপ্তার করতে সক্ষম হলাম না।

ডাঃ রায় ধপ্ করে একটা সোফায় বসে পড়ে ফ্যালফ্যাল করে তাকাতে লাগলেন। তিনি যেন কিছু বুঝতে পারছেন না, এখনও তাঁর মুঠায় আলখেল্লাধারীর দেওয়া একতাড়া নোট।

মিঃ জাফরী নিজেকে সংযত করে নিয়ে বললেন আবার—হঠাৎ জরুরী প্রয়োজনে এসে পড়ি, উপরে উঠে আসতেই শুনতে পাই একটা অপরিচিত এবং চাপা কণ্ঠস্বর। তখন আড়ালে লুকিয়ে পড়ি। শুনতে চেষ্টা করি, কে—আর কি কথা হচ্ছে! কিন্তু...

ডাঃ রায় অবাক হয়েছিলেন। হঠাৎ মিঃ জাফরী অসময়ে কোথা থেকে এসে তাকে এভাবে বাঁচিয়ে নিলেন। নাহলে তাঁর ভাগ্যে যে কি ছিলো কে জানে। এবার তিনি ঢোক গিলে বললেন—স্যার, আপনি না এলে খুনী হয়তো আমাকে হত্যা করেই পালাতো।

মিঃ জাফরী বললেন—না, সে আপনাকে হত্যা করতো না, কারণ যে মিথ্যা রিপোর্ট আপনাকে সে তৈরি করতে বললো তা তৈরি না হলে লোকসমাজ এবং পুলিশমহল তাকে সদা অনুসন্ধান করে ফিরবে.....

কিন্তু আমার বিপদ যে আরও জমাট বেঁধে উঠলো স্যার?

বুঝেছি, আমি আড়াল থেকে সব শুনে ফেলেছি বলে খুনী আপনাকে সন্দেহ করবে, তাই ভয় পাচ্ছেন?

হাঁ, সে নিশ্চয়ই আবার আসবে, কারণ সে যে কারণে এসেছিলো তা সফল হলো না।

মিঃ জাফরী গম্ভীরভাবে বললেন—হুঁ, সত্যি এটা আপনার পক্ষে চিন্তার কারণ।

এখন কি করা যায় বলুন স্যার?

ভয় পেলে চলবে কেন ডাঃ রায়। বিপদের সঙ্গে বোঝাপড়া করাই তো বীর পুরুষের কাজ। এতে খুনীর অনেক কিছু প্রমাণ পাওয়া গেলো।

ডাঃ রায়ের ললাটে বিন্দু বিন্দু ঘাম ফুটে উঠেছে। চোখে-মুখে একটা ফ্যাকাশে ভাব।

মিঃ জাফরী বললেন—বড্ড ঘাবড়ে গেছেন ডাঃ রায়?

না, ঠিক ঘাবড়ে যাইনি তবে আশ্চর্য হয়েছি।

কারণ?

একটা লোমশ হাত কিন্তু ঠিক মানুষের মত।

আপনার কি মনে হয় হাতখানা মানুষের নয়?

মানুষের তো বটেই তবে সন্দেহ জাগছে।

সন্দেহ।

হাঁ, মানুষের হাত—কিন্তু এত লোমশ কেন? ডাঃ রায়ের চোখেমুখে এক বিস্ময়কর ভাব ফুটে উঠেছে।

ব্যাপারটা পরদিন পুলিশমহলে বেশ আলোড়ন সৃষ্টি করলো। সেই রহস্যময় হত্যাকান্ডের নায়ক স্বয়ং গতরাতে ডাঃ রায়ের বাসভবনে গিয়ে হাজির হয়েছিলো। মিঃ জাফরী এবং ডাঃ রায় তাকে প্রকাশ্য দেখেছেন কিন্তু তার শরীরে আলখেল্লা পরা থাকায় তাকে চিনতে পারেননি কে সে।

কথাটা সংবাদপত্রেও প্রকাশ পেলো বিরাট বিরাট অক্ষরে।

ডাক্তার রায় কিন্তু ভীত আতঙ্কিত হয়ে পড়েছেন। না জানি তাঁর ভাগ্যে কি আছে কে জানে। কবে কোথায় তাঁর প্রাণহীন দেহ পড়ে থাকবে, লোকে দেখবে ডাঃ রায়ের শেষ পরিণতি।

সমস্ত শহরে আতঙ্ক আরও বেড়ে গেলো।

পুলিশমহলের এত প্রচেষ্টা সব ব্যর্থ হতে চলেছে।

রহস্যময় হত্যাকান্ডের কোনো সমাধান হলো না।

কে এই হত্যাকারী আর কেনই বা সে হত্যা করে চলেছে, এর কোনো সঠিক সন্ধান কেউ পেলো না।

❑

সেদিন চৌধুরীবাড়ির সম্মুখে কয়েকটা ছেলে মিলে খেলা করছিলো। তাঁদের মধ্যে নূরও ছিলো।

এমন সময় একটা গাড়ি এসে থামলো।

নূর আনন্দধ্বনি করে উঠলো—আব্বু, আব্বু...

অন্য ছেলেরা সবাই তাকালো গাড়িখানার দিকে।

গাড়িখানা একটু এগিয়ে পুনরায় পিছু হটে এলো। ততক্ষণে নূর গাড়িখানার পাশে ছুটে এসে পড়েছে।

বনহুর গাড়ি থেকে নেমে পড়লো, নূরকে কোলের কাছে টেনে নিয়ে আদর করে বললো—কেমন আছো নূর?

অভিমানে নূরের মুখ গম্ভীর হয়ে উঠলো, বললো—তুমি কতদিন আসোনি, আমার মোটেই ভাল লাগে না আব্বু। তা ছাড়া বড্ড ভয় লাগে, তুমি জানো তো দস্যু বনহুর প্রতি অমাবস্যায় একটা করে মানুষ হত্যা করে?

কে বললো তোমাকে দস্যু বনহুর এই হত্যা করে?

কেন, সংবাদপত্রে জানতে পেরেছি। তা ছাড়া সবাই বলে। ঐ যে আমার বন্ধু ওরাও বলে।

নূরের বন্ধুরা সবাই কাছে এসে পড়েছে।

বনহুর ওদের দিকে তাকাতেই ওদের মধ্য থেকে একজন বলে উঠলো—সত্যিই এসব হত্যাকান্ড দস্যু বনহুর করে। আমার আব্বা বলেছেন।

অপর একজন বললো—আমার আব্বাও বলেন দস্যু বনহুর নাকি মানুষ হত্যা করে তার চোখ তুলে নেয়।

অন্য একজনও বললো—আমার আম্মাও বলেন, দস্যু বনহুর ছাড়া কেউ এমন করে মানুষ হত্যা করতে পারবে না।

বনহুরের সুন্দর মুখখানা কঠিন হয়ে উঠলো, কিন্তু পরক্ষণেই নিজকে সংযত করে নিয়ে বললো—দস্যু বনহুর হত্যা করে কাদের, যারা অন্যায় করে তাদের, বুঝলে? এখন যারা নিহত হচ্ছে তারা তো জনগণ। কোনো অন্যায় তারা করেনি তবু তাদের হত্যা করা হচ্ছে, কাজেই...কথা শেষ না করেই বনহুর নূরের মাথায় হাত বুলিয়ে বলে—তুমি খেলা শেষ করে এসো, কেমন?

আচ্ছা আব্বু। নূর পিতার হাত ছেড়ে দিয়ে সোজা হয়ে দাঁড়ায়।

বনহুর গাড়িতে চেপে বসে ষ্টার্ট দেয়।

দারোয়ান গেট খুলে দেয়।

আলগোছে বনহুরের গাড়িখানা এসে থামলে চৌধুরীবাড়ির গাড়ি বারান্দায়।

সরকার সাহেব বনহুরকে দেখে খুশীতে উজ্জ্বল হয়ে উঠলেন। তিনি দু'হাত বাড়িয়ে দেন বনহুরের দিকে।

বনহুর ছোট্ট শিশুর মত বৃদ্ধ সরকার সাহেবের বুকে ঝাঁপিয়ে পড়লো। বহুদিন পর পুত্রসমতুল্য মনিরকে সরকার সাহেব বুকে পেয়ে আনন্দে গদ গদ হয়ে উঠলেন। তারপর বললেন—কেমন আছো বাবা মনির?

ভালই ছিলাম সরকার চাচা। আপনি কেমন আছেন?

ভালই ছিলাম, তবে বুড়ো হয়েছি সব সময় অসুখ-বিসুখ লেগেই থাকে।

মা কেমন আছেন?

তিনি ভাল নেই। সব সময় তোমার জন্য তাঁর চিন্তা।

মা বড্ড অবুঝ, তাই না সরকার চাচা?

বাবা, তুমি বুঝবে না সন্তানের জন্য মা-বাপের কত ব্যথা, কত দুশ্চিন্তা।

অহেতুক তাঁরা সন্তানের জন্য ভাবেন।

সরকার সাহেব অন্তঃপুরের দিকে পা বাড়াতেই বনহুর চাচার হাত ধরে বললো—আপনি একটু বসুন সরকার চাচা।

সরকার সাহেব কিছু বুঝতে না পেরে দাঁড়িয়ে রইলেন থ' মেরে।

বনহুর পা টিপে টিপে অন্তঃপুরে প্রবেশ করলো। আচমকা সবাইকে তাক লাগিয়ে দেবে এই উদ্দেশ্য। বনহুর সিঁড়ি বেয়ে উপরে উঠে গেলো।

এমন সময় মনিরার কণ্ঠস্বর ভেসে আসে—হোসেন, হোসেন, এক গ্লাস পানি নিয়ে আয়...হোসেন তখন নীচের তলা থেকে বললো—আসছি আপামনি।

বনহুর সিঁড়ির উপরে একটু অপেক্ষা করতেই হোসেন এক গ্লাস পানি নিয়ে এগিয়ে এলো। সিঁড়ির উপরে মনির ভাইকে দেখে আনন্দে চীৎকার করতে গেলো।

বনহুর ঠোটে আংগুল চাপা দিয়ে বললো—চুপ! সঙ্গে সঙ্গে কয়েক ধাপ সিঁড়ি নেমে হোসেনের হাত থেকে পানির গেলাসটা নিয়ে বললো—তুই যা হোসেন, কাজ করগে.....

হোসেন তো অবাক, সে তাকিয়ে রইলো।

বনহুর পানির গ্লাস হাতে উঠে গেলো উপরে।

হোসেন একটু হেসে পুনরায় কাজে চলে গেলো।

বনহুর পানির গ্লাস হাতে মনিরার কক্ষে প্রবেশ করে দেখলো, মনিরা ওদিকে মুখ ফিরিয়ে সংবাদপত্র পড়ছে। গত অমাবস্যা রাতের রহস্যময় হত্যাকান্ডের সংবাদ মনোযোগ দিয়ে পড়ছিলো সে।

বনহুর পানির গ্লাস হাতে আলগোছে মনিরার পিছনে এসে দাঁড়ায়, পানির গ্লাসটা এগিয়ে ধরে।

মনিরা রাগতভাবে বলে—এত দেরী করলি কেন? আমার ডাক কানে যায়নি বুঝি?

কোনো জবাব পায় না।

মনিরা সংবাদপত্রে দৃষ্টি রেখেই পানির গ্লাসটা তুলে নিলো হাতে, তারপর পানিটা খেয়ে পুনরায় গ্লাসটা ফিরিয়ে দিয়ে বললো—যা, এবার কাজ করগে।

উঁ হুঁ, যাবো না.....গ্লাস হাতে নিয়ে বললো বনহুর।

চমকে ফিরে তাকালো মনিরা।

আনন্দে দীপ্ত হয়ে উঠলো ওর চোখ দুটো—তুমি?

বনহুর গ্লাসটা পাশের টেবিলে রেখে মনিরাকে টেনে নিলো কাছে—হোসেনকে খুব বকে দিলে, না?

এখনও তোমার দুষ্টামি গেলো না। ছাড়ো বলছি.....

না।

নূর এসে পড়বে।

আসুক।

মামীমা আসবেন।

এলোই বা.....

তুমি বড্ড.....

দুষ্ট, এইতো.....আরও নিবিড়ভাবে টেনে নেয় ওকে।

মনিরা স্বামীর বুকে মুখ গুঁজে বলে—তোমার নামে এত মিথ্যা গুজব আর যে আমি শুনতে পারি না।

বনহুর বুঝতে পারে সংবাদপত্রই শুধু নয়, কান্দাইয়ের প্রতিটি মানুষ তার নামে এই হত্যারহস্য নিয়ে নানা রকম গুজব ছড়িয়ে চলেছে। কোনো স্ত্রী স্বামীর নামে এতকিছু শুনে নীরবে হজম করতে পারে? বনহুর মনিরার মুখখানা তুলে ধরে বলে—গুজবে কান দিও না মনিরা। লোকের বলাতে আমার কিছু আসে যায় না। তাছাড়া ওরা যা বলে—সম্পূর্ণ মিথ্যা নয়।

তুমি—তুমি এই হত্যারহস্যের সঙ্গে জড়িত আছো?

হ্যাঁ, আমি হত্যা না করলেও এ হত্যারহস্যের সঙ্গে জড়িত আছি। সদাসর্বদা আমি সন্ধান করে ফিরছি কে এই হত্যাকারী এবং তার হত্যার উদ্দেশ্য কি।

এটা কি হত্যারহস্যের সঙ্গে জড়িত থাকা বলে?

হাঁ, কেন বলব না। আমিও তো এ হত্যারহস্যের মধ্যেই একজন। মনিরা, দোয়া করো আমি যেন এই হত্যাকারীকে সমুচিত শাস্তি দিতে পারি।

আমার কেমন যেন ভয় হচ্ছে...

নারীমন বড় দুর্বল মনিরা। তোমরা একটুতেই ঘাবড়ে যাও। জানো মনিরা, আমি অনেকদূর অগ্রসর হয়েছি এ ব্যাপারে। খুনীকে আবিস্কার করতে আর আমার বিলম্ব হবে না। তবে খুনীর হত্যারহস্য উদঘাটন না করা পর্যন্ত আমি তাকে কিছু বলবো না। হয়তো আরও দু'একটা প্রাণ বিনষ্ট হবে।

তুমি খুনীর সন্ধান পেয়েও তাকে আরও প্রাণ নষ্ট করার সুযোগ দেবে?

তা না হলে হত্যারহস্য উদঘাটিত হবে না, কাজেই...

কিন্তু তোমার তো কোনো বিপদ আসবে না?

মনিরা, ভয় পেয়ো না। হত্যাকারীর শেষ শিকার হিসেবে আমিই যাবো তার পাশে, হয় মৃত্যু নয় হত্যাকারীর সাধনার অবসান...

মনির!

চমকে উঠলে?

তুমি এতবড়—

বলো, থামলে কেন? ভীরু কাপুরুষ না নির্ভীক—বলো কোন্‌টা বলতে চাও তুমি?

কিছুই বলতে চাইনা। যা খুশী করো, কোনোদিন তুমি স্থির হবে না।

স্থির! স্থির হবো সেদিন যেদিন চিরনিদ্রায় অচেতন হয়ে পড়বো। আর তোমাকে বিরক্ত করতে আসবো না মনিরা তখন—

চুপ করো। ওসব শুনতে চাই না। বলো এতদিন পরে এলে কেন?

মনিরা কথাটার মোড় ফেরাতে চেষ্টা করে।

বনহুর মনিরার মনোভাব বুঝতে পেরে হেসে বলে—তুমি না চাইলেও একদিন তোমার মনির ক্লান্ত শ্রান্ত নিস্পন্দ অসাড় হয়ে পড়বে, এ কথা তুমি অস্বীকার করতে পারবে না মনিরা। থাক্ তুমি যা জিজ্ঞাসা করলে তার জবাব দিচ্ছি। হঠাৎ সেদিন তোমার এখান থেকে যখন আর্ত চীৎকার শুনে চলে গেলাম, তারপর কি হলো সব আজ তোমাকে বলবো—

তুমি না বললেও আমি আন্দাজে যা বুঝতে পেরেছি ব্যাপারটাও তাই ঘটেছিলো, কারণ সংবাদপত্রে পরদিন তোমাকে গ্রেপ্তার ব্যাপার নিয়ে পুলিশমহল যে সংবাদ পরিবেশন করেছিলো তা থেকে আমি সব বুঝে নিয়েছি।

তাহলে তো তুমি সবকিছুই জানো।

কিন্তু—

তা ছাড়াও আরও একটা—

বিপদে পড়েছিলে?

বিপদ নয়, একটা সমস্যা—জম্বু আস্তানায় জংলীরা আক্রমণ চালিয়ে জম্বু আস্তানার সর্দার সেলিম খান ও অন্যান্য অনুচরকে পাকড়াও করে নিয়ে গিয়েছিলো।

জম্বু আস্তানায় জংলীরা আক্রমণ চালিয়ে...

হাঁ।

তারপর?

তারপর জংলীদের সঙ্গে যুদ্ধ হলো।

তুমি কান্দাই থেকে তোমার অনুচরদের নিয়ে গিয়েছিলে?

না।

তবে?

আমি আর রহমান।

তোমরা দু'জন মিলে...

হাঁ, আমরা দু'জন মিলেই যুদ্ধ করেছি।

পরাজিত হয়েছো না জয়লাভ করেছো?

তোমার স্বামী পরাজয় বরণ করে ফিরে আসবে, এ কথা তুমি ভাবতে পারলে মনিরা? যেদিন পরাজিত হবো সেদিন আমার জীবনের সমাপ্তি—

এমন সময় মরিয়ম বেগমের আনন্দভরা কণ্ঠস্বর শোনা যায়— মনির, বাবা মনির এসেছিস—

বনহুর তাড়াতাড়ি মনিরার ঘর থেকে বেরিয়ে এসে মাকে জড়িয়ে ধরে—মা, মাগো...

কখন এলি বাবা?

এই তো একটু আগে। কেমন আছো মা?

ভাল। তুই কেমন ছিলি?

খুব ভাল।

তা তো দেখতেই পাচ্ছি। এত রোগা হয়ে গেছিস বাবা। এতোদিন কোথায় ছিলিরে?

বাংলাদেশে।

বাংলাদেশে? যেখানে বাঙালী আর অবাঙালী যুদ্ধ হলো সেই বাংলাদেশে?

হাঁ মা।

সংবাদপত্রে পড়েছি অনেক কথা, সব সত্যি নাকিরে?

সব সত্যি। সে এক বিস্ময়কর ইতিহাস।

চল্ বিশ্রাম করবি চল্, সব পরে শুনবো।

চলো মা, কতদিন তোমার হাতের রান্না খাইনি।

মরিয়ম বেগমের দু'চোখ অশ্রু ছলছল হয়ে উঠে। সত্যি কতদিন তিনি মনিরকে নিজের হাতে পরিবেশন করে খাওয়াননি। মরিয়ম বেগম পুত্রসহ নিজের কক্ষে গেলেন।

মনিরা ততক্ষণে মামীমার ঘরে এসে হাজির হয়েছে। মরিয়ম বেগম বললেন—তুমি ওর বিশ্রামের আয়োজন করো মা, আমি যাই খাবার আনিগে।

তুমি বরং ওর সঙ্গে কথা বলো মামীমা, আমি যাচ্ছি।

কিন্তু মরিয়ম বেগম ততক্ষণে বেরিয়ে গেছেন।

মনিরাও বেরিয়ে যাচ্ছিলো, বনহুর পেছন থেকে ওর আঁচল টেনে ধরে ফেলে।

মনিরা মৃদু হেসে স্বামীর দিকে ফিরে তাকায়।

বনহুর বলে—বেশিক্ষণ থাকছি না, তুমি যেও না মনিরা। যতক্ষণ থাকি তুমি আমার পাশে থাকো...

মনিরা বনহুরকে এমন করে কোনোদিন বলতে শোনেনি, আজ বনহুরের কণ্ঠে যেন কেমন একটা করুণ সুর। একটু হেসে বললো—তুমি বেশিক্ষণ থাকতে না চাইলেই ছাড়বো নাকি?

আজ তোমাকে ছাড়তেই হবে, কারণ.....

কোনো কারণ আমি শুনতে চাই না।

লক্ষ্মীটি.....

উহুঁ, আজ কোনো কথা তোমার শুনবো না। যেতে দেবো না তোমাকে.....

আজকের মত যেতে দাও, জরুরী একটা কাজ আছে।

তবে এলে কেন?

অনেকদিন তোমাদের দেখিনি কিনা, তাই—বনহুর মনিরাকে বাহুবন্ধনে আবদ্ধ করে।

মামীমা, এক্ষুণি এসে পড়বে। ছাড়ো বলছি.....

মা এখন রান্নাঘরে.....

মনিরা কিছুতেই স্বামীর বাহুবন্ধন থেকে নিজেকে মুক্ত করে নিতে পারলো না।

❑

গভীর রাত।

সমস্ত শরীর আলখেল্লায় ঢাকা একটা লোক গাড়ি ড্রাইভ করে চলেছে। পথঘাট নির্জন, তাই সে স্বচ্ছন্দে গাড়ি চালাচ্ছে। কেউ তাকে লক্ষ্য করছে না। গাড়ির পিছন আসনে কয়েকটা বাক্স। আলখেল্লার মধ্য থেকে যে দু'টি হাত গাড়ির হ্যান্ডেল ধরে আছে, সে দু'টি হাত সাধারণ মানুষের নয়, লোমশ দু'টি হাত।

মাঝে মাঝে আলখেল্লাধারী তার গাড়ির সম্মুখে ট্রান্সমিটার থেকে শর্টওয়েভ বেতারে চাপাকণ্ঠে সাংকেতিক ভাষায় কথা বলছে। যখন সে সাংকেতিক ভাষায় কথা বলছিলো তখন একটা নীলাভ আলো জ্বলছিলো গাড়ির হ্যান্ডেলের মধ্যে।

অদ্ভুত এ গাড়ি, চলাকালে কোনো শব্দ শোনা যাচ্ছে না।

গাড়িখানা ঘন্টায় পঁচাত্তর মাইল স্পীডে চলেছে। এক সময় গাড়িখানা শহরের নির্জন পথ ছেড়ে পাথরকাটা পথ ধরে চলতে শুরু করলো। উঁচুনীচু এবড়ো থেবড়ো পথ তবু গাড়িখানার গতি কমেনি। গাড়িখানা যেন লাফিয়ে লাফিয়ে চলছে।

আলখেল্লার মধ্যে গাড়ির চালকের চোখ দুটো যেন জ্বলছে। কখনও কখনও পিছন দিকে মুখ ফিরিয়ে দেখছিলো আলখেল্লাধারী। কেউ তার গাড়িখানাকে ফলো করছে কিনা এটাই তার লক্ষ্য।

বেশ কিছুক্ষণ চলার পর সবুজ ঘাসে ঢাকা প্রান্তর। এবার গাড়িখানা সেই প্রান্তর দিয়ে এগিয়ে চললো। মাঝে কোথাও কোথাও আগাছা ঝোপঝাড়।

গাড়ির সার্চলাইটের আলো যখন এসব আগাছা এবং ঝোপঝাড়ের উপর পড়ছিলো তখন মনে হচ্ছিলো যেন এক একটা দৈত্য। আরও কিছুক্ষণ চলার পর দেখা গেলো পর্বতমালা মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে।

একপাশে সবুজ ঘাসে ঢাকা বিস্তৃত প্রান্তর আর একপাশে পর্বতমালা। অপরূপ বৈচিত্রময় জায়গাটা। গাড়িখানা এখানে এসে থামলো। লোকালয় থেকে বহুদূর এই কান্দাই পর্বতমালা।

গাড়িখানা আবার চলতে শুরু করলো।

এবার পর্বতমালার পাদদেশ দিয়ে এগুচ্ছে। গাড়ির গতি পূর্বের চেয়ে মন্থর। অদূরে পর্বতের ভিতর দিয়ে একটা সুড়ঙ্গপথ।

গাড়িখানা এই সুড়ঙ্গ পথে প্রবেশ করলো।

আলখেল্লাধারী এখনও মাঝে মাঝে ট্রান্সমিটার থেকে বেতারে কথা বলছে।

সুড়ঙ্গপথ চলে গেছে পর্বতমালার গভীর তলদেশ দিয়ে কোন্ অজানা দেশে কে জানে।

সমস্ত রাত একটানা গাড়িখানা এগিয়ে চললো, ভোর হবার পূর্বে পর্বতমালার ওপাশে সুড়ঙ্গমুখে এসে পৌছলো গাড়িখানা।

আর একটা অদ্ভুত ধরনের গাড়ি সুড়ঙ্গমুখে অপেক্ষা করছিলো। গাড়িখানা নীলাভ রঙের। গাড়ির সম্মুখভাগ ঠিক একটা বোইং প্লেনের মত। গাড়ির চালকটাও ঠিক তেমনি অদ্ভুত। শরীরে নীলাভ আলখেল্লা, মুখে এবং কানে শব্দযন্ত্র মেশিন ধরা। কতকটা পাইলটের ড্রেসের মত লাগছে লোকটার দেহের ড্রেস।

গাড়িখানা পৌছতেই দুই ড্রাইভারের মধ্যে কোনো কিছু নিয়ে কথাবার্তা হলো। তারপর গাড়ি থেকে বাক্সগুলো এক একটা করে নামিয়ে ফেললো দু'জনে ধরাধরি করে।

একটা, দুটো, তিনটা, চারটা অদ্ভুত ধরনের বাক্স। বাক্সগুলো এক একটা ব্লাড ব্যাংকের মত দেখতে কিন্তু আকারে চারকোণা এবং বড়। ভিতরে কি আছে বোঝা না গেলেও লোক দু'জন অতি সাবধানে এই বাক্সগুলো নাড়াচাড়া করছিলো। তাতে মনে হচ্ছিলো বাক্সের মধ্যে অতি মূল্যবান কোনো সামগ্রী রয়েছে।

লোমশদেহী ড্রাইভারটা তার গাড়ি থেকে চারটা বাক্স এরোপ্লেন আকার গাড়িখানায় তুলে দিলো। তারপর সাংকেতিক ভাষায় কি সব কথাবার্তা হলো তাদের মধ্যে। একটা চেক দিলো ঐ অদ্ভুত গাড়ির ড্রাইভার লোমশদেহী ড্রাইভারটার হাতে।

উভয়ে করমর্দন করে উভয়কে বিদায় সম্ভাষণ জানালো।

তারপর অদ্ভুত গাড়িখানায় চেপে বসলো অদ্ভুত ড্রেস পরিহিত ড্রাইভারটা। গাড়িখানা এবার চলতে শুরু করলো, কিছুদূর এগুতেই গাড়ির দু'পাশে দুটো পাখা বেরিয়ে এলো। শূন্যে ভেসে উঠলো গাড়িখানা ঠিক প্লেনের মত, অমনি গাড়ির চাকাগুলো গাড়ির পেটের ভিতর প্রবেশ করলো।

একটা ঈগল পাখির মত উড়ে চললো এবার মোটরখানা।

লোমশদেহী ড্রাইভার তার গাড়ি নিয়ে ফিরে চললো সুড়ঙ্গপথে।

গাড়িখানা যখন সুড়ঙ্গপথ অতিক্রম করে বেরিয়ে এলো তখন গাড়িখানার খোলস বদলে গেছে। এখন গাড়িখানাকে দেখলে পূর্বের সেই অদ্ভুত গাড়ি বলে মনে হয় না। লোমশদেহী লোকটাও নেই গাড়ির সামনে। অন্য একটা ভদ্রলোক গাড়ি চালিয়ে নিয়ে এলো। এখন গাড়িখানা বেশ শব্দ করে চলেছে।

পর্বতমালা শেষ করে পাথুরিয়া পথ। তারপর সবুজ প্রান্তর। গাড়িখানা এক সময় কান্দাই জনমুখর রাজপথে উঠে এলো। মিশে গেলো অন্যান্য গাড়ির সঙ্গে।

অদ্ভুত মানুষের অদ্ভুত কান্ড, অদ্ভুত তার কার্যকলাপ, কিন্তু কে সে?

❑

শুধু পুলিশমহলই নয়, শহরের জনগণের মনেও দারুণ একটা উদ্বিগ্নতা। আজও এই রহস্যময় হত্যাকান্ডের কোনো সমাধান খুঁজে পাওয়া গেলো না।

মিঃ জাফরী এবং তাঁর দলবল সবাই সমস্ত শহর তন্ন তন্ন করে খানাতল্লাশি চালিয়েও এই হত্যা রহস্যের এতটুকুও 'ক্লু' আবিষ্কারে সক্ষম হননি।

ডাঃ রায় প্রৌঢ় অভিজ্ঞ ব্যক্তি। তিনিও এই হত্যারহস্য নিয়ে পলিশমহলের সঙ্গে সদা-সর্বদা সহযোগিতা করে চলেছেন। জনগণের মঙ্গলই তাঁর কামনা। কিন্তু সেই রাতের পর থেকে তিনি যেন কেমন ভাবাপন্ন হয়ে পড়েছেন, সর্বক্ষণ তাঁকে চিন্তাগ্রস্ত বলে মনে হয়।

মিঃ জাফরী এবং কান্দাই পুলিশ সুপার এই রাতের পর থেকে তাঁর বাড়িতে কড়া পুলিশ পাহারার ব্যবস্থা করেছেন যেন পুনরায় সেই লোমশদেহী তাঁর বাড়ি বা ল্যাবরেটরীতে হানা না দিতে পারে।

ডাঃ রায় তবু যেন নিশ্চিন্ত হতে পারছেন না, কারণ লোমশদেহী যা যা বলেছিলো তা তিনি পূরণ করতে পারেননি। কাজেই ভয় একটা তাঁর রয়েই গেছে। লোমশদেহীর শেষ কথাটা এখনও তাঁর কানের কাছে সর্বদা প্রতিধ্বনি জাগায়।

সেদিন হঠাৎ মিঃ জাফরীর অফিসে ডাঃ রায় গিয়ে হাজির।

মিঃ জাফরী ফোনে কার সঙ্গে যেন আলাপ করছিলেন, ডাঃ রায় কক্ষে প্রবেশ করতে তিনি রিসিভারের মুখে হাত রেখে বললেন—বসুন।

ডাঃ রায় আসন গ্রহণ করলেন।

মিঃ জাফরী তখনও কথা বলে চলেছেন—হ্যালো, হাঁ আর মাত্র কয়েকদিন আছে অমাবস্যার...আমাদের যতদূর সামর্থ্য আমরা এই হত্যাকান্ড বন্ধ করার চেষ্টা চালাচ্ছি....বলুন...খুনী ঠিক অমাবস্যা রাতে তার সাধনা চালায় কেন, তা কেমন করে বললো....তবে আমার মনে হয় এই হত্যাকান্ডের পিছনে গভীর এক রহস্য লুকিয়ে আছে...হ্যাঁ, ডাঃ রায় এ হত্যা রহস্যের কোনো 'ক্লু' এখনও পোষ্টমর্টেমে পাননি বলেই জানিয়েছেন। আচ্ছা, তাঁর সঙ্গে এ ব্যাপারে আলাপ করে আপনাকে জানাবো...থ্যাঙ্ক ইউ...রিসিভার রাখলেন মিঃ জাফরী।

ডাক্তার রায় একটা সিগারেটে অগ্নি সংযোগ করে বললেন—কে কথা বলছিলেন?

কান্দাই শহরের শ্রেষ্ঠ চিকিৎসক ডক্টর হিরন্ময়।

অস্ফুট কণ্ঠে বললেন ডাক্তার রায়—ডক্টর হিরন্ময়।

হাঁ। লোকটাকে আপনার কেমন মনে হয়?

অতি মহৎ লোক ডক্টর হিরন্ময় কিন্তু.....

বলুন থামলেন কেন?

কিন্তু লোকটা একেবারে অদ্ভুত। বাইরের জগতের সঙ্গে তাঁর কোনো সম্বন্ধ নেই। সারাটা দিন নিজের ল্যাবরেটরী নিয়ে মশগুল থাকেন।

আমি তাঁর সঙ্গে বেশিক্ষণ আলাপ করার সুযোগ পাইনি তবু তাঁকে যতটুকু জেনেছি তাতে আমার মনে হয় লোকটা মহৎ হলেও একটু আত্মগর্বিত। কথা কম বলেন।

হাঁ স্যার, ডক্টর হিরন্ময়ের এটা স্বভাব।

কিন্তু আজ তিনি ফোনে বেশ কথাবার্তা বলছিলেন। এই রহস্যময় হত্যা ব্যাপার নিয়ে তাঁর উদ্বিগ্নতার সীমা নেই দেখলাম।

স্যার, লোকটা অদ্ভুত, কখনও বেশ কথাবার্তা বলেন—আবার কখনও একেবারে গম্ভীর হয়ে পড়েন, যেন কোনো কথাই তিনি জানেন না। মাঝে মাঝে তিনি আমার ল্যাবরেটরীতে আসেন, বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন।

আচ্ছা ডাঃ রায়, আপনি তো জানেন এই ডক্টর হিরন্ময় কান্দাই শহরে কতদিন আছেন? মানে কতদিন তিনি এই ল্যাবরেটরী স্থাপন করেছেন?

আমি যতদূর জানি খুব বেশি দিন হলো না তিনি ল্যাবরেটরী স্থাপন করেন। কান্দাই শহরে আসার পূর্বে ডক্টর হিরন্ময় কোথায় ছিলেন কেউ জানেন না।

মিঃ জাফরীর ভ্রু কুঞ্চিত হলো, তিনি গভীরভাবে কিছু চিন্তা করতে লাগলেন।

ডাঃ রায়ও কিছুক্ষণ নীরব রইলেন।

কক্ষে একটা নিস্তব্ধতা বিরাজ করতে লাগলো। হঠাৎ মিঃ জাফরী বলে উঠলেন—ডাঃ রায়, আপনি কি এই মুহূর্তে আমার সঙ্গে ডক্টর হিরন্ময়ের ল্যাবরেটরীতে যেতে পারেন?

নিশ্চয়ই.....

তবে চলুন না লোকটার সঙ্গে ভালভাবে পরিচিত হয়ে আসি। অবশ্য শঙ্কর রাও এই মহৎ ব্যক্তির উপর কড়া নজর রেখেছেন...

মানে তাঁর কার্যকলাপ লক্ষ্য করছেন, এই তো?

হাঁ।

সন্দেহজনক কিছু কি.....

না, তাঁর চালচলন সন্দেহজনক বলে মনে হলেও তাঁর কার্যকলাপে তেমন কোনো সন্দেহজনক কিছু ধরা পড়েনি বলে তিনি জানিয়েছেন।

• ডাঃ রায় একটু হেসে বললেন—স্যার, বৈচিত্রময় পৃথিবীর বিচিত্র মানুষ, কাজেই মানুষের উপরের রূপ তার আসল রূপ নয়।

তাই তাদের চেনা মুস্কিল। কথাটা বলতে বলতে কক্ষে প্রবেশ করলেন মিঃ ফেরদৌস।

মিঃ জাফরী এবং ডাঃ রায় মিঃ ফেরদৌসের দিকে ফিরে তাকাতেই মিঃ ফেরদৌস হাত বাড়িয়ে উভয়ের হ্যান্ডসেক করলেন।

মিঃ জাফরী বললেন—বসুন মিঃ ফেরদৌস।

মিঃ ফেরদৌস আসন গ্রহণ করলেন।

ডাঃ রায় বললেন—আপনি এসে পড়ায় আমরা খুশী হয়েছি মিঃ ফেরদৌস।

কারণ?

মিঃ জাফরী বললেন—ডক্টর হিরন্ময়ের ওখানে যাবো, আপনিও আমাদের সঙ্গে থাকবেন।

ডক্টর হিরন্ময়ের ওখানে.....

হাঁ, তাঁকে আপনি চেনেন?

চিনি।

লোকটাকে আপনার কেমন মনে হয়?

রহস্যময় অদ্ভুত মানুষ।

তাই বলছিলাম তাঁর সঙ্গে কিছুক্ষণ আলাপ করে তাঁর হাবভাব জানতে চাই।

বেশ তো, চলুন!

মিঃ জাফরী, ডাক্তার রায় এবং মিঃ ফেরদৌস উঠে পড়লেন।

মিঃ জাফরী বললেন—আপনারা আমার গাড়িতেই চলুন।

তিনজন জাঁদরেল পুলিশ গোয়েন্দা ডক্টর হিরন্ময়ের বাড়ি অভিমুখে যাত্রা করলেন।

ডক্টর হিরন্ময়ের বাসভবনে পৌঁছে অবাক হলেন এই তিন গোয়েন্দা পুলিশ অফিসার। ডক্টর হিরন্ময় গাড়ি বারান্দায় পায়চারী করছিলেন। তিনি যেন পূর্ব হতেই জানতেন এঁরা আসবেন।

ওঁদের দেখেই সাদর সম্ভাষণ জানালেন ডক্টর হিরন্ময়—আসুন।

মিঃ জাফরী, ডাঃ রায় ও ফেরদৌসের মধ্যে একবার দৃষ্টি বিনিময় হলো, তাঁরা বেশ অপ্রস্তুত হয়ে পড়লেন যেন। ডক্টর হিরন্ময়কে অনুসরণ করলেন।

মস্তবড় হলঘর।

এতবড় ঘরখানায় মাত্র সামান্য আসবাবপত্র। কয়েকটা হাতলছাড়া লোহার চেয়ার। একটা টেবিল। টেবিলে কয়েকটা সংবাদপত্র ছড়িয়ে পড়ে আছে। একপাশে তিনটা আলমারী। আলমারী তিনখানা বইপুস্তকে ভর্তি। এ ছাড়া দেয়ালে দু'খানা বড় আকারের ছবি। একটা যীশুর, একটা ডক্টর হিরন্ময়ের নিজের।

হিরন্ময়ের ছবিখানা যেন জীবন্ত একটা প্রতিমূর্তি। ছবির চোখ দুটো যেন জ্বলজ্বল করছে।

কক্ষে প্রবেশ করে আরও অবাক হলেন তাঁরা। এত বড় এবং সুন্দর কক্ষটা কেমন যেন নিস্তব্ধ আর হিমশীতল।

ডক্টর হিরন্ময় একটু হেসে বললেন—একা মানুষ, বেশি আসবাব কি করবো, তাই সামান্য যা না হলেই নয়.....কথা শেষ না করেই বলেন—বসুন।

সবাই আসন গ্রহণ করেন।

ডক্টর হিরন্ময়ও আসন গ্রহণ করে বললেন—আমি জানতাম তিন মহাত্মার আগমন ঘটবে, তাই আমি আপনাদের জন্য প্রতীক্ষা করছিলাম।

মিঃ জাফরীর সঙ্গে পুনরায় ডাঃ রায় এবং মিঃ ফেরদৌসের দৃষ্টি বিনিময় হলো। তিন পুলিশ গোয়েন্দার চোখেমুখেই বিস্ময়ের ছাপ ফুটে উঠলো।

ডক্টর হিরন্ময় পূর্বের ন্যায় হাসিমুখেই বললেন—আমার কার্যকলাপ সন্দেহজনক বটে, কাজেই আপনাদের মনে সন্দেহ দানা বাঁধবে, এতে আর আশ্চর্যের কি আছে। এবার আপনারা আমাকে যা জিজ্ঞাসা করবেন করুন।

ডক্টর হিরন্ময়ের কথায় পুলিশ গোয়েন্দারা যেন ভ্যাবাচ্যাকা খেয়ে গেলেন। কি প্রশ্ন করবেন যেন খুঁজেই পাচ্ছেন না।

মিঃ ফেরদৌস বললেন—আমরা ঠিক আপনাকে সন্দেহ করে এখানে আসিনি। আপনি নিজেই কিন্তু আমাদের প্রতি সন্দেহ পোষণ করছেন। আমরা অন্য কারণেও তো আসতে পারি।

আপনারা যে কারণেই আসুন আমি আপনাদের নিকটে কয়েকটা কথা বলবো।

মিঃ ফেরদৌস বললেন— বলুন।

ডাঃ রায় সিগারেট কেস বের করে সকলের সম্মুখে বাড়িয়ে ধরলেন।

সবাই একটা করে সিগারেট তুলে নিলেন ডাঃ রায়ের সিগারেট কেস থেকে এবং ধন্যবাদ জানালেন।

ডক্টর হিরন্ময় সিগারেট হাতে নিয়ে উলটে-পালটে ভালভাবে পরীক্ষা করে ঠোঁটের ফাঁকে গুজলেন।

মিঃ ফেরদৌস প্রত্যেকের সিগারেটে অগ্নিসংযোগ করে নিজের সিগারেটে অগ্নিসংযোগ করলেন। পুলিশ গোয়েন্দাত্রয় উন্মুখ হয়ে রয়েছেন কি বলতে চান ডক্টর হিরন্ময়।

ডক্টর হিরন্ময় একমুখ ধোঁয়া ছেড়ে বললেন—দেখুন, আপনারা দক্ষ গোয়েন্দা, আমি একজন সামান্য বৈজ্ঞানিক। থামলেন ডক্টর হিরন্ময়। তাঁর চোখ দুটো যেন জ্বলছে বলে মনে হলো। একটা রহস্যপূর্ণ হাসির রেখা ফুটে উঠলো তাঁর মুখে।

পুলিশ গোয়েন্দাত্রয় সিগারেটের ধোঁয়ার ফাঁকে তীক্ষ্ণ নজরে তাকিয়ে আছেন ডক্টর হিরন্ময়ের মুখের দিকে।

ডক্টর হিরন্ময় তাঁর অর্ধদগ্ধ সিগারেটটা এ্যাসট্রের মধ্যে গুঁজে রেখে সোজা হয়ে বসলেন।

একরাশ শুভ্র দাঁড়ি গোঁফের ফাঁকে অপরিস্কৃত লালচে দাঁতগুলো কেমন যেন অদ্ভুত লাগছিলো। মাথাভরা একরাশ জটধরা চুল কিছুটা সাদা কালো মেশানো। কতদিন যে সে চুলে চিরুণী পড়েনি তা কেউ সঠিক করে বলতে পারবে না। শরীরে গলা থেকে পা পর্যন্ত ওভারকোট কিন্তু বহু দিনের পুরোন জীর্ণ, স্থানে স্থানে সেলাই খুলে ঝুলে পড়েছে। চোখে পাওয়ার ওয়ালা চশমা।

এই অদ্ভুত চেহারার লোকটাকে ঘিরে গোয়েন্দাত্রয়ের মনে নানা রকম প্রশ্ন উঁকিঝুকি মারছিলো। তাঁরা জানতে চান কি বলবেন ডক্টর হিরন্ময়।

এবার ডক্টর হিরন্ময় বলতে শুরু করলেন—জানি, আপনাদের মনে আমাকে নিয়ে প্রশ্নের অন্ত নেই। তা ছাড়া আপনারা অনেকদিন থেকেই গোপনে আমার কার্যকলাপ লক্ষ্য করে চলেছেন। এটা অবশ্য স্বাভাবিক।

থামলেন ভদ্রলোক।

মিঃ জাফরী এবং ডাঃ রায়ের মুখমন্ডল অত্যন্ত গম্ভীর মনে হচ্ছিলো। ডক্টর হিরন্ময়ের আচরণ এবং কথাবার্তা যেন এই গোয়েন্দাত্রয়ের একেবারে অন্তরের কথা। তাঁরা ভাবছেন লোকটা জ্যোতিষী নাকি। সব যেন আগে আগেই জেনে নিয়েছেন।

মিঃ ফেরদৌসের মুখ কিন্তু কোনো ভাবান্তরের লক্ষণ দেখা যাচ্ছে না। তিনি জিজ্ঞাসাপূর্ণ দৃষ্টিতে তাকিয়ে আছেন ডক্টর হিরন্ময়ের মুখের দিকে।

ডক্টর হিরন্ময় বলে চললেন—আজ কয়েকমাস হলো আমি কান্দাই শহরে এসেছি, তারপর থেকেই লক্ষ্য করছি শহরের বিভিন্ন অঞ্চলে এক রহস্যময় হত্যাকান্ড লেগেই আছে। শহরের মানুষের মনে একটা আতঙ্ক ছড়িয়ে আছে সর্বক্ষণের জন্য। কারণ কখন কার ভাগ্যে মৃত্যু আসবে কেউ জানে না। পুলিশমহল এই হত্যারহস্য উদ্ঘাটন নিয়ে নানাভাবে চেষ্টা চালিয়ে যাচ্ছেন কিন্তু তার সমাধান খুঁজে পাচ্ছেন না। হাঁ, আমি শুনেছি এ হত্যা নাকি একটা দস্যু দ্বারা সংঘটিত হচ্ছে।

হাঁ, আমাদেরও এই রকম একটা ধারণা আছে। বললেন মিঃ জাফরী।

কিন্তু সেটা সত্য নাও হতে পারে। একটা গল্প আজ আমি আপনাদের বলবো, আপনারা যদি ধৈর্যসহকারে শুনতে রাজী হন তবে বলছি।

নিশ্চয়ই শুনবো বলুন, বললেন মিঃ ফেরদৌস। ডাঃ রায় এতোক্ষণ গম্ভীরভাবে ডাঃ হিরন্ময়কে লক্ষ্য করছিলেন এবং তাঁর কথাগুলো মনোযোগ সহকারে শুনছিলেন। তিনি সায় দিয়ে বললেন—বলুন আপনার গল্প, আমরা শুনতে রাজী আছি।

ডক্টর হিরন্ময় এবার কোনো ভূমিকা না করেই শুরু করলেন—চল্লিশ বছর আগে আমি যখন যুবক ছিলাম তখন আমি কাংরু দ্বীপে যাই এবং সেই দ্বীপে বসবাস করতে থাকি। যৌবনকাল থেকেই আমার মধ্যে একটা গবেষণামূলক মনোভাব মাথাচাড়া দিয়ে উঠেছিলো। অতি কষ্টেও আমি নিজের মনোভাবকে দমন করতে পারিনি। আমার বাবা একজন দক্ষ শিক্ষক ছিলেন। কাজেই তিনি আমাকে লেখাপড়া শিক্ষা দিতে কার্পণ্য করেননি। লেখাপড়া শিখে আমি একজন প্রফেসার বা বড় চাকুরে হবো এই ছিলো বাবার ইচ্ছা, কিন্তু আমি বাবার ইচ্ছা পূরণ করতে পারিনি। কাংরু দ্বীপে গিয়ে আমার ইচ্ছামত গবেষণায় মন দিলাম।

একটু থামলেন ডক্টর হিরন্ময়। পকেট থেকে একটা মরচে ধরা সিগারেট কেস বের করে তিনি নিজে একটা সিগারেট ঠোঁটের ফাঁকে গুঁজলেন, ভদ্রোচিতভাবেও কাউকে তাঁর সিগারেট কেস থেকে সিগারেট নেবার জন্য অনুরোধ করলেন না। সিগারেট ঠোঁটে গুঁজে অগ্নিসংযোগ করে কয়েক টান দিয়ে পুনরায় আংগুলে চেপে ধরে বলতে শুরু করলেন—অল্পদিনেই একটা ল্যাবরেটরী করে চললো আমার গবেষণা। আমার কয়েকজন বন্ধুও জুটে গেলো। কাংরু দ্বীপটা ছোটখাটো ছিলো না। অনেক ভদ্র এবং সম্ভ্রান্ত লোকের বসবাস ছিলো এই দ্বীপে। দিন আমার বেশ কাটতে লাগলো, কাজও আমার চললো.....থামলেন ডক্টর হিরন্ময়।

মিঃ জাফরী ক্রমেই ধৈর্য হারিয়ে ফেলছেন, তিনি মুখখানা অত্যন্ত গম্ভীর করে নিয়েছেন।

ডাঃ রায় এবং ফেরদৌস মনোযোগ সহকারে শুনছিলেন।

ডক্টর হিরন্ময় বলে চলেছেন—হঠাৎ এক রাতে কাংরু দ্বীপে একটা লোক খুন হলো। সেদিন ছিলো পূর্ণিমা রাত। চারদিকে জ্যোৎস্না ঝলমল। কেমন করে যে এই হত্যাকান্ড ঘটলো কেউ বলতে পারলো না। হাঁ, প্রথম

একটা লোকের হত্যাকান্ড কাংরু দ্বীপের লোকের মনে তেমন কোনো ভয়ের সঞ্চার করলো না।

তারপর? প্রশ্ন করে বসলো মিঃ ফেরদৌস।

ডাঃ রায় একটু নড়ে বসলেন।

মিঃ জাফরী এতক্ষণে সজাগ হয়ে নতুন একটা সিগারেটে অগ্নিসংযোগ করলেন।

ডক্টর হিরন্ময় বললেন—দ্বিতীয় পূর্নিমায় পুনরায় আর একটা লোক নিহত হলো। এবার কাংরু দ্বীপের লোকের মনে আতঙ্ক জাগলো। মুখ কালো হলো সবার। দিন যায় রাত আসে, আমার এলো পূর্ণিমা। সমস্ত কাংরু দ্বীপের অধিবাসীর মনে একটা দারুণ ভীতিভাব মাথা চাড়া দিয়ে উঠলো। পুলিশমহলে সাড়া পড়লো। কাংরুর পথে-ঘাটে পুলিশ কড়া পাহারা চালালো। আমি এবং অন্যান্য বন্ধুও বেশ উদ্বিগ্ন হয়ে পড়লাম। পুলিশমহল আমাকে সন্দেহ করে বসলো—কারণ আমি একজন বৈজ্ঞানিক, হয়তো বা আমিই এ হত্যালীলা চালিয়ে চলেছি। আবার থামলেন ডক্টর হিরন্ময় তাঁরপর একটু হেসে বললেন—যেমন ধরুন আপনাদের মনেও আমাকে নিয়ে সন্দেহের দানা বেঁধে উঠেছে।

প্রায় সঙ্গে সঙ্গেই বলে উঠলেন মিঃ জাফরী—আপনাকে আমরা সন্দেহ করি একথা আপনাকে কে বলেছে...

ডক্টর হিরন্ময় এ কথার কোনো জবাব না দিয়ে বলতে লাগলেন—পুলিশ আমার পিছু নিলো। তবু হত্যাকান্ডের শেষ হলো না। প্রতি পূর্ণিমা রাতে হত্যাকান্ড ঘটেই চললো। পুলিশমহল যখন আমাকে দোষী বা হত্যাকারী মনে করে আমার পিছনে লাগলো, তখন আমি নিজেও আমার গবেষণা ত্যাগ করে সেই হত্যারহস্য উদঘাটনের জন্য গোপনে প্রচেষ্টা চালালাম। আমাকে সহযোগিতা করে চললো আমার কয়েকজন বিশ্বস্ত বন্ধু। কিন্তু আমি জানতাম না আমারই বিশ্বস্ত এক বন্ধু এই হত্যাকান্ডের নায়ক...

মিঃ জাফরী বলে উঠলেন—আপনারই এক বন্ধু!

হাঁ। অদ্ভুত সে মানুষ। সর্বদা আমার—পাশে পাশে থাকতো, এই হত্যাকান্ড নিয়ে নানারকম আলাপ আলোচনা করতো, অথচ...তাই আমার মনে হয় হত্যাকারী বেশি দূরে নেই—মনে করুন আপনাদেরই একজন এই রহস্যময় হত্যাকাণ্ডের নায়ক। কথাটা শেষ করে এবার ডক্টর হিরন্ময় তাঁর আংগুলের সিগারেটটা ঠোঁটের ফাঁকে গুজে তাতে অগ্নিসংযোগ করলেন।

ভ্রূ কুঞ্চিত হলো মিঃ জাফরীর, তিনি তীক্ষ্ণ দৃষ্টি মেলে তাকালেন ডক্টর হিরন্ময়ের মুখে।

ডাক্তার রায় তাকালেন মিঃ ফেরদৌসের দিকে।

এরপর কি প্রশ্ন করবেন তাঁরা ভেবে পেলেন না।

কিছুক্ষণ সবাই নীরব, নিস্তব্ধ রইলেন। তারপর ডক্টর হিরন্ময়ই বললেন—আমাকে যা জিজ্ঞাসা করবেন তার জবাব আমি দেবো কিন্তু আমার গবেষণার ব্যাপারে আমি কোনো কথা বলতে রাজী নই।

মিঃ ফেরদৌস বললেন—আপনি তাহলে একজন দক্ষ গোয়েন্দা কি বলেন?

হাঁ, দক্ষ গোয়েন্দা বটে কিন্তু আমি আপনাদের কোনো কাজে আসবো না, কারণ আমার সময় অতি কম। আচ্ছা, আজ তাহলে আসুন।

উঠতে বাধ্য হলেন জাঁদরেল পুলিশ গোয়েন্দাত্রয়। ডক্টর হিরন্ময় তাঁর কথা শেষ করে কক্ষের অপরদিকের আলমারীর পাশে গিয়ে দাঁড়ালেন।

বাইরে যখন তাঁরা বেরিয়ে এলেন তখন একটা শব্দ পেয়ে তাঁরা বুঝতে পারলেন এটা আলমারী খোলার শব্দ। ডক্টর হিরন্ময় আলমারীটা খুলেছেন।

মিঃ জাফরী, ডাঃ রায় এবং মিঃ ফেরদৌস ফিরে এলেন মিঃ জাফরীর অফিসরুমে। ডক্টর হিরন্ময় সম্বন্ধে তাঁরা যে অভিজ্ঞতা নিয়ে ফিরে এলেন তা অত্যন্ত জটিল। ডক্টর হিরন্ময়ের কাছে তাঁরা কি গল্প শুনতে গিয়েছিলেন? গল্পের মাধ্যমে যা তিনি বললেন সে অতি সত্য কথা। হতেও পারে, খুনী তাঁদেরই একজন।

কিন্তু কে সে?

❑

শঙ্কর রাও তাঁর বাসভবনে বসে গভীরভাবে কি যেন লিখছিলেন। টেবিলে অনেকগুলো কাগজপত্র ছড়ানো। উজ্জ্বল আলো জ্বলছে।

এমন সময় তাঁর পেছনে এসে দাঁড়ালো এক ছায়ামূর্তি। সমস্ত শরীর তার আলখেল্লায় ঢাকা, মুখে মুখোস। মুখোসের মধ্য দিয়ে দুটো ছিদ্রপথে জ্বলজ্বল করে জ্বলছে দুটো চোখ।

আলখেল্লার মধ্য থেকে বেরিয়ে এলো একটা লোমশ হাত। হাতে একটা রিভলভার।

শঙ্কর রাওয়ের সম্বিৎ ফিরে এলো, তিনি চমকে চোখ তুলে তাকাতেই আঁতকে উঠলেন, অস্ফুট কণ্ঠে বললেন—কে তুমি?

আলখেল্লার মধ্য হতে শোনা গেলো চাপা কণ্ঠ—আমি তোমার বন্ধু।

বন্ধু।

হাঁ।

তোমার হাতে রিভলভার কেন?

যদি চীৎকার করো তাই। শোনো শঙ্কর রাও, আমি কে জানতে চেয়ো না, তাহলে মৃত্যু।

তুমিই কি তাহলে ডাক্তার রায়ের ওখানে গিয়েছিলে?

হাঁ। কাল অমাবস্যা—আমার সাধনার জন্য একটা লোক আমার দরকার।

তা আমার কাছে কেন? ঢোক গিলে বললেন মিঃ শঙ্কর রাও।

আমার সাধনার শিকার হিসেবে আমি তোমাকেই মনোনীত করেছি।

আমাকে!

হাঁ, তোমাকে

আমি—আমি.....

কোনো কথাই তোমার শুনবো না। খবরদার। চীৎকার করবে না, উঠে এসো।

না না, আমি যাবো না।

তাহলে এই মুহূর্তে তোমার মৃত্যু ঘটবে। জানো আমার এ রিভলভার থেকে গুলী বের হলে কোনো শব্দ শোনা যাবে না। কাজেই উঠে পড়ো।

আলখেল্লাধারী তার রিভলভারখানা শঙ্কর রাওয়ের পিঠে চেপে ধরলো।

যন্ত্রচালিত পুতুলের মত শঙ্কর রাও উঠে দাঁড়ালেন। চারদিকে তাকালেন, কেউ নেই, এমন কি তাঁর বাড়ির কুকুরটাও কোথায় যেন উবে গেছে।

অসহায় অবস্থায় এগুতে লাগলেন।

তাঁর কক্ষ থেকে বেরিয়ে সিঁড়ির মুখে এসে দাঁড়ালেন। কেউ যদি এ সময়ে এসে পড়তো তাহলে হয়তো তাঁর জীবন রক্ষা পেতো। কিন্তু সমস্ত বাড়িখানা যেন ঘুমন্ত পুরীর মত ঘুমিয়ে পড়েছে।

আলখেল্লাধারীর চাপাকণ্ঠ—দাঁড়ালে কেন, চলো?

আবার চলতে শুরু করলেন শঙ্কর রাও। এখনও তাঁর পিঠে ঠান্ডা একটা স্পর্শ অনুভব করছেন তিনি।

গাড়ি বারান্দায় এসে দাঁড়ালেন ওরা।

শঙ্কর রাও দেখলেন, একটা নীল রঙের গাড়ি তাঁর গাড়ি বারান্দায় অপেক্ষা করছে।

আলখেল্লাধারী শঙ্কর রাওকে লক্ষ্য করে বললো—ড্রাইভ আসনের পাশে উঠে বসো।

শঙ্কর রাও তাই করলেন, না করে উপায় ছিলো না।

এবার আলখেল্লাধারী ড্রাইভ আসনে উঠে বসলো।

গাড়িখানা উল্কা বেগে ছুটে বেরিয়ে এলো গাড়ি-বারান্দা থেকে।

পরদিন শঙ্কর রাওয়ের উধাও হওয়ার ব্যাপারটা পুলিশমহলে এক চাঞ্চল্যের সৃষ্টি করলেন। সমস্ত শহরে কথাটা ছড়িয়ে পড়লো বিদ্যুৎগতিতে, এক মহা আতঙ্ক জাগলো কান্দাইয়ের মানুষের মনে।

কান্দাইর অলিতে গলিতে, এখানে-সেখানে সবার মুখে ঐ কথা-পুলিশ গোয়েন্দা শঙ্কর রাও নিখোঁজ হয়েছেন।

এত সাবধানতার মধ্যেও তিনি গেলেন কোথায়? সকলের মনে ঐ একই প্রশ্ন।

কাল অমাবস্যা।

পুলিশমহল ভীষণ ব্যতিব্যস্ত হয়ে পড়লেন। সমস্ত শহরে পুলিশ ফোর্স ছুটাছুটি শুরু করে দিয়েছে।

পুলিশ অফিসে আলোচনা চলছে।

মিঃ জাফরী বললেন—আপনারা যাই বলুন, আমার দৃঢ় বিশ্বাস এ হত্যারহস্যের মূল ডক্টর হিরন্ময়। তাঁর কথাবার্তা সব সন্দেহজনক। তাঁর কার্যকলাপও অত্যন্ত রহস্যময়...

মিঃ ইলিয়াস বললেন—তাঁর বাড়ি এবং ল্যাবরেটরীতে আচম্‌কা হানা দিয়ে অনুসন্ধান চালানো উচিত।

মিঃ হারুন তাঁর কথায় সায় দিয়ে বললেন—স্যার, আর এক মুহূর্তও বিলম্ব করা উচিত হবে না। নিশ্চয়ই ডক্টর হিরন্ময় শঙ্কর রাওকে উধাও করেছেন।

মিঃ হারুনের কথা শেষ হয় না, মিঃ ফেরদৌস সেই স্থানে উপস্থিত হন। তাঁর মুখমন্ডলে কোনো রকম উদ্বিগ্নতার ছাপ নেই। কক্ষে প্রবেশ করে তিনি বললেন—গুড্ মর্নিং।

মিঃ জাফরী বলে উঠলেন—আপনি কি এখনও শঙ্কর রাওয়ের নিখোঁজ সংবাদ শোনেননি?

মিঃ ফেরদৌস বিস্ময়ভরা কণ্ঠে বললেন—শঙ্কর রাও নিখোঁজ। বলেন কি স্যার।

হাঁ, এ সংবাদ সবাই জেনেছে অথচ আপনি.....

আমি জানিনি, কারণ আমি বাসায় ছিলাম না।

আপনি বাসায় ছিলেন না?

না।

তবে আপনি সমস্ত রাত কোথায় ছিলেন?

রহস্যময় হত্যাকারীর সন্ধানে।

কোনো সন্ধান পেলেন? জিজ্ঞাসা করলেন মিঃ জাফরী।

ঠিক ঐ মুহূর্তে সেখানে হাজির হলেন ডাঃ রায়। তিনি একটা শব্দ করলেন—মিঃ ফেরদৌস কেন, তাঁর মত সাতজন গোয়েন্দা সমস্ত বছর ধরে সন্ধান চালিয়েও এই হত্যারহস্যের সন্ধান পাবেন না জানি.....

মিঃ ফেরদৌস ফিরে তাকিয়ে একটু হেসে বললেন—কারণ?

ডাঃ রায় গম্ভীর কণ্ঠে বললেন—কারণ হত্যাকারী অত্যন্ত সতর্কতার সঙ্গে তার সাধনা চালিয়ে চলেছে। যার এতটুকু সূত্র আমরা আজও আবিস্কারে সক্ষম হইনি।

হঠাৎ ফেরদৌস হেসে উঠলেন, তারপর হাসি থামিয়ে বললেন—খুনী যতই সতর্কতার সঙ্গে তার সাধনা চালিয়ে যাক না কেন, কাল তার সাধনার সমাপ্তি.....

ডাঃ রায়ের চোখ দুটো বিস্ময়ে ছানাবড়া হয়ে উঠলো।

মিঃ জাফরীও অবাক কণ্ঠে বলে উঠলেন—এ যে আপনি ভবিষ্যদ্বাণী করছেন মিঃ ফেরদৌস?

হাঁ, ভবিষ্যদ্বাণীই বটে। বললেন মিঃ ফেরদৌস।

মিঃ জাফরী বললেন—কালকের জন্য অপেক্ষা করা যায় না মিঃ ফেরদৌস। আজই আমি ডক্টর হিরন্ময়ের বাসভবনে তল্লাশি চালাতে চাই।

স্যার, কোনো ফল হবে না, বরং কালকের জন্য তৈরি থাকুন। হাতঘড়ির দিকে তাকালেন মিঃ ফেরদৌস, তারপর বললেন—এখন চলি স্যার। একটু জরুরী কাজ আছে। গুড্ বাই...বেরিয়ে যান মিঃ ফেরদৌস।

মিঃ জাফরী বললেন—এই যুবক গোয়েন্দাটার আচরণ আশ্চর্যজনক। বড় খেয়ালী.....

ডাঃ রায় বললেন—খেয়ালীর খেয়াল নয় এই হত্যা রহস্যের রহস্য উদঘাটন করা। আমার মনে হয়—শঙ্কর রাও এই হত্যারহস্য উদঘাটনের জন্যই সবাইকে কিছু না জানিয়ে কোথাও উধাও হয়েছেন।

মিঃ জাফরী বললেন—শঙ্কর রাও আমাকে কিছু না জানিয়ে কোথাও যাবেন না, এটাই আমার বিশ্বাস।

ডাঃ রায় বললেন—স্যার, এসব আলোচনা পরে করলেই চলবে। এখন চলুন আমরা ডক্টর হিরন্ময়ের বাসভবনে তল্লাশি চালানোর জন্য যাত্রা করি। বিলম্বে বিফলতা আসতে পারে।

হাঁ, আপনি ঠিকই বলেছেন ডাঃ রায়, আর আমাদের বিলম্ব করা ঠিক হবে না। কথা শেষ করে মিঃ জাফরী পুলিশ সুপারকে ফোন করার জন্য রিসিভার হাতে তুলে নিলেন।

❑ •

বনহুর নূরীর মুখখানা তুল ধরে, নিষ্পলক চোখে তাকিয়ে থাকে সে ওর মুখের দিকে।

নূরী বলে—কি দেখছো অমন করে?

আজ তোমাকে বড় সুন্দর লাগছে নূরী। জোছনার আলোর মতই সুন্দর, তাইতো দেখছি।

আজ কি তুমি আমায় নতুন দেখছো হুর?

তুমি আমার কাছে চিরনতুন। নূরী?

বলো?

আজ অমাবস্যা রাত।

হাঁ।

কান্দাই হত্যারহস্যের আজ হয় পরিসমাপ্তি, নয় আমার জীবনের সমাপ্তি।

হুর।

অমন শিউরে উঠলে কেন নূরী?

না না, তোমাকে আমি যেতে দেবো না।

আবার সেই কথা? অবুঝ মেয়ের মত.....

নূরী বনহুরের জামার আস্তিন চেপে ধরে ওর বুকে মুখ গুঁজে বলে—এই অমাবস্যা রাত, আমার বড় ভয় করে। যদি তোমার কিছু হয়.....

মৃত্যু যখন একদিন হবেই তাতে ভয় করে লাভ কি নূরী? যদি জীবন দিয়েও পারি কতগুলো জীবন রক্ষা করতে তবু ভাল। আমাকে খুশী মনে বিদায় দাও নূরী।

নূরীর গন্ড বেয়ে গড়িয়ে পড়ে ফোঁটা ফোঁটা অশ্রু।

বনহুর আংগুল দিয়ে ওর চোখের গড়িয়ে পড়া পানি মুছে দিতে দিতে বলে—একটুতেই তোমরা চোখের পানি ফেলো, এটা আমার কাছে মোটেই ভাললাগে না। তুমি তো এমন ছিলে না নূরী?

ঐ মুহূর্তে জাভেদ এসে হাজির হলো, চোখেমুখে তার খুশীর উচ্ছ্বাস। পিতামাতাকে একত্রে দেখে অস্ফুট কণ্ঠে বলে উঠলো— সাবাস.....

এই শব্দটা সে তার আব্বুর কাছে শিখেছিলো, তাই যখন সে খুশী হতো তখন ঐ শব্দটা উচ্চারণ করতো।

বনহুর জাভেদকে টেনে নিলো কাছে।

নূরী তাড়াতাড়ি আঁচলে চোখের পানি মুছে ফেললো।

বনহুর বললো—জাভেদ, এতক্ষণ কোথায় ছিলো আব্বু?

বাঘ মারতে গিয়েছিলাম।

বাঘ?

হাঁ আব্বু। তুমিও চলো না আমার সঙ্গে, মস্তবড় বাঘ মারবো।

আচ্ছা যাবো, কিন্তু আজ একটা মানুষ বাঘকে মারতে হবে।

মানুষ বাঘ। অবাক হয়ে প্রশ্ন করে জাভেদ।

বনহুর বলে—হ্যাঁ, মানুষ বাঘ।

মানুষ বাঘ কেমন আব্বু।

আমার মত।

তোমার মত সুন্দর?

হাসে বনহুর।

জাভেদ পুনরায় বলে—মানুষ বাঘ কি খায়?

মানুষ খায়।

মানুষ বাঘ মানুষ খায়?

হাঁ।

সর্বনাশ.....

আমি তাকেই মারতে যাবো।

আমিও যাবো তোমার সঙ্গে।

না, আগে বড় হও।

তোমার মত এ—তো বড় হবো?

হাঁ।

এমন সময় রহমান এসে কুর্নিশ জানিয়ে দাঁড়ায়—সর্দার! সময় হয়ে গেছে।

হাঁ, চলো।

জাভেদকে আদর করে ফিরে তাকায় নূরীর দিকে। তারপর টেবিল থেকে রিভলভারটা নিয়ে প্যান্টের পকেটে রাখে।

নূরী জাভেদের হাত ধরে সরে দাঁড়ায়, দু'চোখে তার অশ্রু ছল-ছল করছে।

বনহুর বেরিয়ে আসে আস্তানা থেকে।

আস্তানার বাইরে অপেক্ষা করছে তাজ আর দুলকী।

রহমান আর বনহুর এসে দাঁড়ালো নিজ নিজ অশ্বের পাশে।

দু'জন অনুচর তাজ আর দুলকীর লাগাম ধরে ছিলো।

বনহুর আর রহমান নিজ নিজ অশ্বের লাগাম চেপে ধরতেই অনুচর দু'জন সরে দাঁড়ালো।

নূরী জাভেদের হাত ধরে দাঁড়িয়ে রইলো।

বনহুর তাজের পিঠে চেপে বসতেই রহমান চেপে বসলো তার দুলকীর পিঠে।

পশ্চিম আকাশে তখন অস্তগামী সূর্যের শেষ রশ্মি ম্লান হয়ে এসেছে।

যতক্ষণ দেখা গেলো ততক্ষণ নূরী আর জাভেদ দাঁড়িয়ে রইলো স্থির হয়ে।

ক্রমে সন্ধ্যার অন্ধকার গাঢ় হয়ে উঠলো।

ফিরে এলো নূরী জাভেদকে নিয়ে।

বিশ্রামকক্ষে প্রবেশ করে ডাকলো নূরী—বাপমনি।

আম্মি।

বড় হলে তুমিও আমাকে এমন করে ছেড়ে যাবে?

হাঁ, আম্মি।

বড় দুষ্ট হবে তুমি।

আব্বু বুঝি দুষ্ট?

তোমার আব্বু বড় দুষ্ট। দেখোনা সব সময় কেমন বাইরে বাইরে কাটায়?

আমিও যাবো। আব্বুর মত আমিও ঘোড়ায় চড়বো.....

মা আর পুত্রে যখন কথা হচ্ছে তখন বনহুর আর রহমান কান্দাই জঙ্গল পেরিয়ে এগিয়ে চলেছে। তাদের ঘোড়ার খুঁড়ের আওয়াজ নিস্তব্ধ বনভূমি প্রকম্পিত করে তুলেছে।

কান্দাই জঙ্গল পার হয়ে প্রশস্ত পথ।

পথের উপরে একটা গাড়ি অপেক্ষা করছিলো, গাড়ির ড্রাইভ আসনে বসে আছে ড্রাইভার।

ড্রাইভার অন্য কেউ নয়, বনহুরের শহরের আস্তানার একজন বিশ্বস্ত অনুচর।

বনহুর আর রহমান গাড়িখানার পাশে এসে ঘোড়া থেকে নেমে পড়লো।

সঙ্গে সঙ্গে তাজ আর দুলকী সরে দাঁড়ালো।

ড্রাইভার গাড়ি থেকে নেমে গাড়ির পেছনের দরজা খুলে ধরলো।

গাড়িতে উঠে বসলো বনহুর আর রহমান।

❑

অমাবস্যার রাত।

চারদিকে থমথমে অন্ধকার।

মিঃ জাফরী তাঁর দলবল নিয়ে প্রতীক্ষা করছেন। প্রত্যেকের হাতে আগ্নেয়াস্ত্র। বারবার মিঃ জাফরী হাতঘড়িটার দিকে তাকাচ্ছেন। একটা ফোন পাওয়ার অপেক্ষা করছেন তাঁরা।

কক্ষটার বাইরে জমাট অন্ধকারে একটা মোটর গাড়ি অপেক্ষা করছে। গাড়ির ড্রাইভ আসনে ড্রাইভার প্রস্তুত হয়ে বসে আছে। যে কোনো মুহূর্তে গাড়ি নিয়ে তাকে ছুটতে হবে।

আচমকা ফোন বেজে উঠলো।

সঙ্গে সঙ্গে কক্ষে যারা এতক্ষণ ব্যাকুল আগ্রহে প্রতীক্ষা করছিলেন তাঁরা সজাগ হয়ে দাঁড়ালেন।

মিঃ জাফরী রিসিভার হাতে তুলে নিলেন—হ্যালো, জাফরী স্পিকিং.....

ওপাশের কথাগুলো অপর কেউ বুঝতে পারলেন না।

মিঃ জাফরী রিসিভার রেখে ব্যস্তকণ্ঠে বললেন—চলুন এবার।

মিঃ জাফরীর নির্দেশে তাঁর দলের সবাই কক্ষ ত্যাগ করে গাড়ির পাশে এসে দাঁড়ালেন। মিঃ জাফরী নিজে গাড়িতে চেপে বসে অন্য সবাইকে উঠে বসার ইঙ্গিত করলেন।

নির্দেশ পালন করলেন তাঁর সঙ্গীরা।

সবাই গাড়িতে চেপে বসার সঙ্গে সঙ্গে গাড়ি বিদ্যুৎবেগে চলতে শুরু করলো। গোটা কান্দাই শহর কুয়াশাচ্ছন্ন, জমাটা অন্ধকারে ছেয়ে আছে। আলোবিহীন গাড়িখানা এই অন্ধকার ভেদ করে এগিয়ে যাচ্ছে।

এদিকে মিঃ জাফরীর দল যখন তাঁদের গাড়ি নিয়ে ছুটে চলেছেন তখন কান্দাই শহরের জনবিহীন এক স্থানে একটা পোড়োবাড়ির নিভৃত একটা কক্ষে পায়চারী করে চলেছে সেই লোমশদেহী ব্যক্তিটি। সম্মুখের টেবিলে কতগুলো ছোটবড় সিরিঞ্জ এবং ওষুধ ভর্তি শিশি। একপাশে একটা বড় ফ্লাক্স বক্স, তার গায়ে সাংকেতিক কয়েকটা শব্দ লেখা রয়েছে। একপাশে কতগুলো অপারেশন অস্ত্র।

কক্ষে গাঢ় লাল আলো জ্বলছে।

লোমশদেহী কারও অপেক্ষা করছে বলে মনে হলো কারণ, সে বারবার দেয়ারঘড়ির দিকে তাকাচ্ছে। রাত দুটো বাজতে আর মাত্র আধঘন্টা বাকী।

বাড়িখানা কান্দাই শহরের এক প্রান্তে। তাছাড়া পোড়োবাড়ি কাজেই নিস্তব্ধ নির্জন। বাড়ির বাইরে থেকে বাড়িখানাকে সম্পূর্ণ ভাঙ্গাচুরা জঙ্গলাকীর্ণ মনে হলেও তার ভিতরে কয়েকটা কক্ষ পরিচ্ছন্ন এবং বাসোপযোগী।

যে কক্ষে লোমশদেহী পায়চারী করছিলো, সেই কক্ষের পাশের কক্ষটা বসবার জন্য রাখা হয়েছে, কারণ কয়েকখানা চেয়ার ঐ কক্ষটার মধ্যে সাজানো রয়েছে।

কক্ষটার দরজায় মোটা জমকালো পর্দা ঝুলছে।

পর্দা ঠেলে কক্ষে প্রবেশ করলেন মিঃ ফেরদৌস। সমস্ত শরীর তাঁর ওভারকোটে ঢাকা। ওভারকোটের কলারটা কান অবধি উঠে গেছে। মাথায় ক্যাপ, হাতে গ্লাবস্।

বাইরের হিমশীতল বাতাসে তাঁর শরীরটা যেন জমে বরফ হয়ে যাবার উপক্রম হয়েছে।

কক্ষে প্রবেশ করে তাকালেন চারদিকে। তাঁর চোখেমুখে একটা বিস্ময়ভরা ভাব যদিও তাঁর চোখে চশমা ছিলো তবু তাঁর মুখ দেখে তা বোঝা যায়।

মাথার ক্যাপটা খুলে হাতে নিলেন মিঃ ফেরদৌস।

এমন সময় পাশের কক্ষ থেকে শোনা গেলো একটা পরিচিত কণ্ঠস্বর—মিঃ ফেরদৌস, এখানে আসো।

মিঃ ফেরদৌস একবার তাকিয়ে দেখে নিলেন কক্ষের মাঝের দরজাটা। সেখানেও কালো পর্দা ঝুলছে।

মিঃ ফেরদৌস এবার পা বাড়ালেন পর্দার দিকে। নিজের অজান্তেই পা দু'খানা তাঁর কেঁপে উঠলো। তবু তিনি এগিয়ে চললেন।

পর্দা সরিয়ে কক্ষে প্রবেশ করেই থমকে দাঁড়িয়ে পড়লেন মিঃ ফেরদৌস, চোখেমুখে ভীতিভাব ছড়িয়ে পড়লো। কোনো কথা তাঁর কণ্ঠ দিয়ে বের হলো না। পাথরের মূর্তির মত স্থির হয়ে দাঁড়িয়ে রইলেন তিনি।

লোমশদেহী তার লম্বা বাহু দু'টি প্রসারিত করে বললো—এসেছো বন্ধু? জানতাম তুমি আসবে। তাই আজ আমি আমার সাধনাগার ত্যাগ করে বাইরে যাইনি। এসো.....এগিয়ে আসে লোমশদেহী।

মিঃ ফেরদৌস ফ্যাকাশে মুখে দাঁড়িয়ে থাকেন। তিনি যেন সম্মুখে যমদূত দেখতে পেয়েছেন।

এগিয়ে আসছে লোমশদেহী।

মিঃ ফেরদৌস বলেন—তুমি...তুমিই হত্যাকারী।

হাঁ, আমিই সেই অমাবস্যা রাতের রহস্যময় হত্যাযজ্ঞের সাধক। আমাকে চিনতে কষ্ট হচ্ছে? আর একটু পরেই আমি তোমার চোখ দুটো উপড়ে নেবো আর তোমার বুক থেকে তাজা রক্ত শুষে নেবো, তখন তুমি চিরনিদ্রায় ঢলে পড়বে। ঐ যে ফ্লাক্স বক্স দেখছো ওটা আই ব্যাংক। ওর মধ্যে আছে তোমার ঐ চোখের মত শত শত চোখ।

মিঃ ফেরদৌস অস্ফুট কণ্ঠে বলে উঠেন—ওটা আই ব্যাংক? ওর মধ্যে আছে শত শত চোখ।

হাঁ।

অত চোখ তুমি কি করবে?

অট্টহাসিতে ফেটে পড়লো লোমশদেহী। হাসি থামিয়ে বললো—আমি তোমার বন্ধু, তাই আমার ডাকে তুমি এই হিমঝরা কুয়াশা রাতে এই নির্জন পোড়োবাড়িতে এসেছো। আজ আমাকে পথে বেরিয়ে শিকার খুঁজতে হলো না। এজন্য তোমাকে ধন্যবাদ বন্ধু। হাঁ, যা জানতে চেয়েছো বলবো। অজানা বাসনা নিয়ে তুমি মরবে তা আমি চাই না। তুমি প্রশ্ন করেছিলে অত চোখ দিয়ে আমি কি করবো? শোনো, আমাদের অনেক লোক আছে যারা বিভিন্ন দেশে কাজ করে চলেছে। কোনো কোনো দল রক্ত শোষণ করে বিদেশে পাঠাচ্ছে।

রক্ত শোষণ করে বিদেশে পাঠাচ্ছে।

হাঁ, বিভিন্ন দেশে আমাদের ঘাঁটি আছে। তবে সবাই রক্ত শোষণ করে নেয়, মানে তারা শুধু ব্লাড ব্যাংক ভর্তি করে চালান দেয়।

আর তুমি.....

আমি দুই-ই করে থাকি, কারণ আমি রক্ত এবং চক্ষু দুটোরই গবেষণা করি—আমার সাধনা অন্ধের দৃষ্টিদান.....

অন্ধের দৃষ্টিদান। মৃত ব্যক্তির চোখ নিয়ে তুমি অন্ধের চোখে বসাতে চাও?

মৃত নয়, জীবন্ত ব্যক্তির চোখ আমি তুলে নেই, তারপর তার বুক থেকে রক্ত শোষণ করে নেই। এই দেখো চোখ তুলে নেবার যন্ত্র, আর এটা বুক থেকে রক্ত শোষণ করে নেওয়ার যন্ত্র।

উঃ কি সাংঘাতিক তুমি।

মোটেই নয়, কারণ যারা সাধক তারা যতটুকু ক্ষতি করে তার বহুগুণ উপকার করে। তোমার চোখ তুলে নিয়ে আমাদের দেশের কোনো কৃতী অন্ধ ব্যক্তির চোখে বসিয়ে তার দৃষ্টিশক্তি ফিরিয়ে আনা হবে। এমনি করে তোমাদের অকেজো মানুষের চোখ আর রক্ত আমাদের দেশের বহু গুণসম্পন্ন ব্যক্তিদের জীবনীশক্তি ফিরিয়ে আনতে সক্ষম হবে।

তুমি তো শুধু অমাবস্যা রাতেই তোমার হত্যাকান্ড চালিয়ে যাও, কিন্তু এত চোখ তুমি কোথায় পাও?

আবার হাসলো লোমশদেহী, বললো—অমাবস্যা রাতে আমি যার রক্ত এবং চক্ষু আমার সাধনার কাজে সংগ্রহ করি তাকে শহরের পথে বিসর্জন দেই। কিন্তু তুমি জানো না প্রতিদিন আমার সাধনা চলে। অতি গোপনে, অতি সাবধানে প্রতিরাতে আমাকে দু'টি চোখ আর কয়েক পাউন্ড রক্ত সংগ্রহ করতে হয়।

এত চোখ আর এত রক্ত দিয়ে কি করো তুমি?

তিন মাস পর পর আমি আই ব্যাংক আর ব্লাড ব্যাংক ভর্তি করে আমাদের দেশে চালান পাঠাই.....

এসব চোখ নষ্ট হয়ে যায় না?

না। যেমন ব্লাড ব্যাংকে রক্ত নষ্ট হয় না, তেমনি আই ব্যাংকে চোখ নষ্ট হয় না! ব্লাড ব্যাংক আর আই ব্যাংকের বাক্স আছে। সেই বাক্সে ছ'মাস রক্ত এবং চোখ সজীব থাকবে।

কিন্তু এত লোক রোজ কোথায় পাও?

যেমন করে আজ আমি তোমাকে পেলাম...আর নয়, এবার তুমি প্রস্তুত হয়ে নাও বন্ধু।

আমাকে হত্যা করবে তুমি?

হাঃ হাঃ হাঃ, তোমাকে আজ আমার কত প্রয়োজন তুমি বুঝবে না। তুমি মরবে কিন্তু তোমার ঐ দুটো চোখ আর একটা অন্ধের দৃষ্টিশক্তি ফিরিয়ে দেবে। তুমি শেষ হয়ে যাবে কিন্তু তোমার রক্ত আর এক জোয়ানের শরীরে প্রবাহিত হবে...হাঃ হাঃ হাঃ...দু'হাতে দুটি অদ্ভুত অস্ত্র নিয়ে লোমশদেহী এগুতে থাকে।

মিঃ ফেরদৌসের মুখ ফ্যাকাশে হয়ে উঠেছে, পিছু হটতে থাকেন তিনি।

মৃত্যু তাঁর নিশ্চিত।

বাইরে সূচীভেদ্য অন্ধকার।

কুয়াশাচ্ছন্ন রাত। চারদিক নিস্তব্ধ নিঝুম।

মৃত্যুর যবনিকা ধীরে ধীরে এগিয়ে আসছে মিঃ ফেরদৌসের জীবনে।

আর কয়েক মিনিট। তাহলেই মিঃ ফেরদৌসের প্রাণহীন দেহটা পড়ে থাকবে কান্দাইয়ের কোনো এক রাজপথে।

মিঃ ফেরদৌস ঘেমে নেয়ে উঠেছেন, রীতিমত হাঁপাচ্ছেন তিনি।

লোমশদেহী একেবারে সম্মুখে এসে পড়লো বলে, তারপরই মৃত্যু। হঠাৎ মিঃ ফেরদৌস পকেট থেকে একটা বাঁশী বের করে তাতে ফুঁ দিলেন।

মুহূর্ত মাত্র।

সঙ্গে সঙ্গে কক্ষে প্রবেশ করলেন মিঃ জাফরী ও তাঁর দলবল। প্রত্যেকের হাতেই আগ্নেয়াস্ত্র। ঘিরে ফেললেন তাঁরা লোমশদেহীকে।

লোমশদেহী ভাবতেও পারেনি এমন হতে পারে। কক্ষের মাঝখানে থাকলেও তাকে ধরা কারও পক্ষেই সম্ভব ছিলো না, কিন্তু লোমশদেহী তার কৌশলের স্থান পার হয়ে এসেছে, যেখানে এখন সে দাঁড়িয়ে আছে, সেখান থেকে তার পালানো কিছুতেই সম্ভব নয়।

চারপাশ থেকে ঘিরে ধরলেন লোমশদেহীকে।

লোমশদেহী তার হাতের যন্ত্র দু'টি শরীরের মধ্যে কোথায় লুকিয়ে ফেললো এবং সঙ্গে সঙ্গে দরজার দিকে লাফ দিলো।

মিঃ ফেরদৌস দরজা আগলে দাঁড়ালেন।

মিঃ জাফরী গুলী ছুড়েছিলেন লোমশদেহীর পিঠ লক্ষ্য করে। কিন্তু আশ্চর্য, গুলী লোমশদেহীর কোনো ক্ষতি সাধন করতে সক্ষম হলো না।

মিঃ ফেরদৌস বললেন—ওর হাত দু'খানা শৃঙ্খলাবদ্ধ করুন।

মিঃ হারুন এবং মিঃ ইলিয়াস দ্রুতহস্তে লোমশদেহী হাতে হাতকড়া পরিয়ে দিলেন।

মিঃ জাফরী বললেন—এবার লোমশদেহীকে আমরা জানতে চাই।

মিঃ ফেরদৌস বললেন—মিঃ জাফরী, ডক্টর হিরন্ময়ের কথাই সত্য, কারণ এই রহস্যময় হত্যাযজ্ঞের নায়ক আমাদেরই একজন বিশিষ্ট বন্ধু। এই দেখুন—আসলে লোমশ দেহ ওর আসল দেহ নয়। পেছনে বোতাম আছে.....

মিঃ ফেরদৌস লোমশদেহীর পিছনের বোতাম খুলে ফেললেন, অমনি একটা লোমশ আলখেল্লা খুলে পড়লো মেঝেতে।

মিঃ ফেরদৌস ছাড়া সবাই বিস্ময়ে অস্ফুট শব্দ করে উঠলেন—আপনি!

মিঃ ফেরদৌস হেসে বললেন—আমি পূর্বেই বলেছি হত্যাকারী আমাদেরই একজন.....

পরবর্তী বই

বিদেশী ঘাটির সন্ধানে